বৈষ্ণব-সাহিত্য-সিরিজ

ললিতমাধব

[নাটক]

শ্রীল শ্রীযুক্ত পূজ্যপাদ রূপগোস্বামি-

প্রণীত ও টীকা সমেত

শ্রীসত্যেন্দ্রনাথ বসু কর্ত্তৃক অনূদিত

শাস্ত্রগ্রন্থ ও সাহিত্য-প্রচার-ব্রত

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত

বসুমতী-সাহিত্য-মন্দির হইতে

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

কলিকাতা, ১৬৬নং বহুবাজার ষ্ট্রীট, বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিন যন্ত্রে

শ্রীশশিভূষণ দত্ত মুদ্রিত

১৩৫৩

মূল্য ১৷৷৹ দেড় টাকা

ভূমিকা

ললিতমাধব নাটকের গ্রন্থকার শ্রীচৈতন্যদেবের প্রধান পার্ষদ এবং শ্রীবৃন্দাবনস্থ ছয় গোস্বামীর অন্যতম রসতত্ত্বজ্ঞগণের শিরোমণি শ্রীপাদ শ্রীরূপ গোস্বামী। শ্রীচৈতন্যদেবের প্রচারিত গৌড়ীয় বৈষ্ণব ধর্ম্মের বৈশিষ্ট্য ইহার রসতত্ত্বে। অখিলরসামৃতমূর্ত্তি শ্রীশ্রীরাধাকৃষ্ণের লীলাবিলাসের মহামাধুর্য্যময় নিগূঢ় তত্ত্বের অভিব্যক্তির জন্য শ্রীপাদ শ্রীরূপ গোস্বামী শ্রীভক্তিরসামৃতসিন্ধু ও শ্রীউজ্জ্বলনীলমণি নামে যে অপূর্ব্ব গ্রন্থদ্বয় বিরচন করেন, তাহারও বিশেষ উদাহরণের জন্য অপ্রাকৃত নিত্যলীলাময় শ্রীবিদগ্ধমাধব, শ্রীললিতমাধব ও শ্রীদানকেলী-কৌমুদী—এই তিনখানি নাটক তিনি প্রকাশ করেন। এই তিনখানি নাটকই যুগলভজননিষ্ঠ বৈষ্ণবগণের হৃদয়ের ধন। শ্রীবিদগ্ধমাধব নাটক ও ললিতমাধব নাটক রচনা এক সময়ে আরম্ভ হইলেও বিদগ্ধমাধব-নাটক-রচনা-সমাপ্তির পাঁচ বৎসর পরে ললিতমাধব নাটকের সমাপ্তি হয়। শ্রীবিদগ্ধমাধব নাটকখানিতে শ্রীশ্রীরাধাকৃষ্ণের মিলনলীলা প্রধানরূপে ও শ্রীললিতমাধব নাটকে শ্রীরাধাকৃষ্ণের বিরহলীলা প্রধানভাবে বর্ণিত হইয়াছে। বিদগ্ধ ও ললিত—নায়কের এই দুই প্রকারভেদ। ভক্তিরসামৃতসিন্ধুমতে চতুঃষষ্টিকলা ও বিলাসে যে নায়ক বিভূষিত, তিনি বিদগ্ধ, আর যিনি বিদগ্ধ, নবযুবা এবং কেলিবিষয়ে সুনিপুণ ও নিশ্চিন্ত, সেই নায়ককে ললিত নামে অভিহিত করা হয়। বিদগ্ধমাধবে ও ললিতমাধবে —মাধবের বা শ্রীকৃষ্ণের এই উভয়বিধ লীলা বর্ণিত হইয়াছে।

এই নাটকখানির রসবস্তু ও প্রকৃতি বুঝিতে হইলে সর্ব্বপ্রথমে গ্রন্থকারের চরিত্র ও জীবনকথা সম্বন্ধে কিঞ্চিৎ জ্ঞান থাকার প্রয়োজন—এই

জন্য আমরা নাটকখানির বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করিতে অগ্রসর হইবার পূর্ব্বে এই নাটকের গ্রন্থকার শ্রীপাদ শ্রীরূপ গোস্বামীর জীবনকথা অতি সংক্ষেপে আলোচনায় প্রবৃত্ত হইলাম।

গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী

শ্রীরূপের কনিষ্ঠভ্রাতা অনুপমের পুত্র সুবিখ্যাত শ্রীজীব গোস্বামী তাঁহার লঘুতোষণীর উপসংহারে যে বংশপরিচয় দিয়াছেন, তাহাতে দেখা যায় যে, কর্ণাটরাজ জগদ্‌গুরু সর্ব্বজ্ঞ এই বংশের প্রতিষ্ঠাতা। তাঁহার পুত্রের নাম অনিরুদ্ধ। অনিরুদ্ধের জ্যেষ্ঠপুত্র রূপেশ্বর—বৈমাত্রের কনিষ্ঠ ভ্রাতা হরিহর কর্ত্তৃক বিতাড়িত হইয়া কর্ণাট ত্যাগ করিয়া বঙ্গদেশে আগমন করেন। তাঁহার একমাত্র পুত্র পদ্মনাভ নৈহাটীতে বসতি-স্থাপন করেন। পদ্মনাভের পঞ্চপুত্রের মধ্যে মুকুন্দ সর্ব্বকনিষ্ঠ। এই মুকুন্দের একমাত্র পুত্র কুমারদেব। ইনি জ্ঞাতিবিরোধে নৈহাটী ত্যাগ করিয়া পূর্ব্ব-বঙ্গের বাক্‌লাচন্দ্রদ্বীপের হিন্দু রাজার রাজ্যে গিয়া বসতি করেন। শ্রীসনাতন, শ্রীরূপ ও শ্রীবল্লভ বা অনুপম কুমারদেবের এই তিন পুত্র। সম্ভবতঃ ১৩৯৪ শকাব্দে সনাতন, ১৩৯০ শকাব্দে শ্রীরূপ ও ১৪০৩ শকাব্দে শ্রীবল্লভ আবির্ভূত হন।

ভ্রাতৃত্রয় আরব্য ও পারস্য ভাষায় সুপণ্ডিত ছিলেন এবং গৌড়ের বাদশাহ হুসেন সাহার রাজসরকারের উচ্চপদে নিযুক্ত হন। সনাতন ও রূপ সংস্কৃত শাস্ত্রেও পরম পণ্ডিত ছিলেন। বাদশাহের অধীনে কার্য্য করিবার সময়ে তাঁহারা গৌড়ের উপকণ্ঠে রামকেলিগ্রামে বাস করিতেন। এই রামকেলি গ্রামে সনাতন ও রূপ বহু দেবমন্দির প্রতিষ্ঠা করিয়া দেবসেবার বন্দোবস্ত করিয়াছিলেন। রূপ-সনাতনের গৃহে বহু ব্রাহ্মণ-পণ্ডিত আহূত হইয়া শাস্ত্রবিচার করিতেন এবং ভ্রাতৃদ্বয়ের নিকট পারিতোষিক গ্রহণ করিতেন।

সংস্কৃত ভাষায় তাঁহারা সার্ব্বভৌম ভট্টাচার্য্য, সার্ব্বভৌমের ভ্রাতা বিদ্যা-বাচস্পতি প্রমুখ মনীষিগণের নিকট শিক্ষা গ্রহণ করিয়াছিলেন, সপ্তগ্রামের সুপ্রসিদ্ধ সৈয়দ ফকরউদ্দীনের নিকট তাঁহারা পারস্য ভাষায় শিক্ষালাভ করিয়াছিলেন। সনাতন ও রূপ উভয়েই পূর্ব্বসুকৃতিফলে শৈশব হইতেই ভগবদ্ভক্তিরসে সুরসিক ছিলেন। শ্রীরূপ স্বীয় জ্যেষ্ঠ ভ্রাতা সনাতনের নিতান্ত অনুগত শিষ্য ছিলেন। শ্রীরূপে শৈশব হইতেই কবিত্ব-শক্তির বিকাশ হইয়াছিল। পরবর্ত্তী কালে মাধুর্য্যরস-প্রবাহের গভীর স্পর্শে সে কবিত্বশক্তির অলৌকিক লীলাবিলাসে জগতে বিদগ্ধমাধব, ললিতমাধব, ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণির মত ভক্তিরসপূর্ণ গ্রন্থনিচয়ের আবির্ভাব ঘটিয়াছিল। শ্রীল সনাতন গোস্বামী গৌড়েশ্বর হুসেন সাহার খাস্ মন্ত্রী বা প্রধান মন্ত্রীর পদে কার্য্য করিতেন এবং দবীর খ'স্ নামে প্রসিদ্ধ ছিলেন। যুদ্ধ-বিগ্রহাদি ও রাজাশাসন কার্য্যে তিনি হুসেন সাহার দক্ষিণ হস্ত ছিলেন, এবং তাঁহার ভ্রাতা শ্রীরূপ রাজস্ববিভাগের উচ্চতমপদে অধিষ্ঠিত থাকিয়া সাকর-মল্লিক নামে পরিচিত ছিলেন। ইহাঁদের কনিষ্ঠ ভ্রাতা বল্লভ বাদশাহের টাকশালের ভারপ্রাপ্ত কর্ম্মচারী ছিলেন।

শ্রীরূপ গৌড়ে থাকিতেই হংসদূত ও উদ্ধবসন্দেশ নামক শ্রীকৃষ্ণলীলার দুইখানি অনুপম কাব্য রচনা করিয়াছিলেন। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন গোস্বামী শৈশবকাল হইতেই ভাগবতে পরমপণ্ডিত ছিলেন। সনাতন সুপ্রসিদ্ধ বিদ্যাবাচস্পতির নিকট উত্তরকালে শ্রীকৃষ্ণমন্ত্রে দীক্ষালাভ করেন। অনুমান হয়, সার্ব্বভৌম ভট্টাচার্য্য ও বিদ্যাবাচস্পতি উভয়েই শ্রীচৈতন্যদেবের আনুগত্যে ভক্তিরসের অধিকারী হইলে সনাতন গোস্বামী বিদ্যাবাচস্পতির নিকট দীক্ষা গ্রহণ করেন। শ্রীরূপ সনাতনের নিকট দীক্ষা গ্রহণ করেন, এবং চিরজীবন সনাতনের আদেশানুসারে পরিচালিত হন। সনাতনই তাঁহার পিতা, মাতা, ভ্রাতা ও অন্তরঙ্গ সখার স্থান অধিকার

করিয়াছিলেন। শ্রীকৃষ্ণৈকশরণ দুইটি ভ্রাতা যেন এক বৃন্তের দুইটি পুষ্প—একজনকে ছাড়িয়া অপরের জীবনের অস্তিত্ব কল্পনা করাই অসম্ভব।

বৈষ্ণবগ্রন্থে সনাতনের বিবাহের কোনও পরিচয় পাওয়া যায় না। কিন্তু প্রেমবিলাস গ্রন্থে শ্রীরূপের স্ত্রীর সম্বন্ধে একটি উপাখ্যান প্রদত্ত হইয়াছে। যশোদানন্দন তালুকদারের প্রকাশিত প্রেমবিলাসের ত্রয়োবিংশ বিলাসে দেখা যায় যে, এক দিন রূপ রাজকার্য্য শেষ করিয়া, অনেক রাত্রিতে গৃহে প্রত্যাগমন করিয়া, আহারাদি শেষ করিয়া শয়ন করিলে পর একটি বিষাক্ত কীট তাঁহাকে দংশন করে। তাহাতে তিনি অতিশয় ব্যস্ত হইয়া পত্নীকে আলো জ্বালিতে কহিলে, তাঁহার পত্নী নিকটে অন্য কোনও দ্রব্য না পাইয়া চকমকির দ্বারা শ্রীরূপের একটি মূল্যবান পোষাক পোড়াইয়া আলোক প্রজ্বালিত করেন। ইহাতে রূপ গোস্বামী একটু দুঃখিত হইয়া অনুযোগ করেন। যথা—

গোসাঞি কহে বহু মূল্যের পোষাক পুড়িল।
পত্নী কহে আমার কর্ত্তব্য কার্য্য কৈল॥
পতি-সেবা পতি-পূজা স্ত্রীলোকের সার।
তার কাছে ধন-সম্পদ হীরা মুক্তা ছার॥
রূপ কহে প্রিয়ে তোমার কর্ত্তব্য করিল।
আমার কর্ত্তব্য কেন আমি না দেখিল॥

এই উপাখ্যান সত্য হইলে, শ্রীরূপের অবশ্যই বিবাহ হইয়াছিল, এ কথা স্বীকার করিতে হইবে। বল্লভের যখন বিবাহ হইয়াছিল, তখন রূপের ও সনাতনের বিবাহ হওয়া খুবই সম্ভবপর। বিশেষতঃ তৎকালে অনাশ্রমী হইয়া থাকা নিতান্ত নিন্দনীয় বলিয়া বিবেচিত হইত। যখন তাঁহারা ব্রহ্মচর্য্য আশ্রমে অবস্থিত ছিলেন না, বিশেষতঃ সংসারযাত্রা নির্ব্বাহের জন্য যবনরাজের চাকুরী গ্রহণ করিয়াছিলেন, তখন তাঁহারা বিবাহিত ছিলেন

বলিয়াই ধরিয়া লইতে হইবে। প্রেমবিলাসের যে উপাখ্যানটি উপরে বর্ণিত হইয়াছে, তাহাতেই দেখা যায় যে, শ্রীরূপের হৃদয়ে ঐ ঘটনা হইতেই বৈরাগ্যের উদয় হয়। যাহা হউক, শ্রীরূপ কখনও নিজের জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন হইতে স্বতন্ত্র নহেন, তিনি জ্যেষ্ঠ ভ্রাতার সহিত পরামর্শ করিয়া জীবনের চরম উদ্দেশ্য সার্থক করিবার জন্য পুরীতে শ্রীচৈতন্যদেবের নিকট পত্র প্রেরণ করিয়া তাঁহার নিকট আত্মনিবেদন করেন। মহাপ্রভু পত্রের দ্বারা ভ্রাতৃদ্বয়কে সান্ত্বনা দান করিয়া কালের প্রতীক্ষা করিয়া থাকেন। অতঃপর ১৪৩৫ শকাব্দায় শ্রীবৃন্দাবনযাত্রার ছল করিয়া শ্রীচৈতন্যদেব গৌড়ে আগমন করেন। প্রতাপরুদ্র তাঁহাকে নিজ সৈন্যসামন্ত, পার্ষদ ও পরিবার পরিবেষ্টিত করিয়া পরমযত্নে পিছলদহ পার করিয়া দিলেন, তাহার পর পাণিহাটী পর্য্যন্ত জলপথে আসিয়া মহাপ্রভু স্থলপথে শ্রীনবদ্বীপে আসিয়া জননাকে দর্শন করিলেন। নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরে আসিয়া মহাপ্রভু সনাতনের গুরু বিদ্যাবাচস্পতির গৃহে এক দিন অবস্থান করিলেন এবং তাঁহার নিকট সনাতনের ও রূপের সকল কথা জানিয়া লইলেন। মহাপ্রভু নবদ্বীপের পথেও শ্রীবৃন্দাবনে যাত্রা করিতে পারিতেন, কিন্তু তাঁহার প্রিয়ভক্ত শ্রীরূপ সনাতনকে আত্মসাৎ করিবার জন্য তিনি অধিক পথ হইলেও গৌড়ের পথে শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। এখানে আসিবার সময়ে লক্ষ লক্ষ লোক তাঁহার অপূর্ব্ব আকর্ষণে আকৃষ্ট হইয়া তাঁহার সহিত রামকেলি গ্রাম পর্য্যন্ত আসিয়াছিল। এখানে গৌড়ের বাদশাহ হুসেন শাহা এক জন কপর্দ্দকহীন সন্ন্যাসীর সহিত এইরূপ লোকসংঘট্ট দেখিয়া বিস্মিত হন এবং এই সন্ন্যাসীর নিশ্চয়ই ঐশ্বরিক শক্তি আছে বলিয়া মনে করেন। শ্রীচৈতন্যদেব এই স্থানে অবস্থান করিবার সময় রাত্রিকালে নির্জ্জন সময়ে অতি গোপনে শ্রীরূপ ও সনাতন দুই ভ্রাতা আসিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করেন। শ্রীচৈতন্যদেব ঐ সময়ে স্পষ্টভাবে তাঁহাদিগকে জ্ঞাপন করেন যে,

করিয়াছিলেন। শ্রীকৃষ্ণৈকশরণ দুইটি ভ্রাতা যেন এক বৃন্তের দুইটি পুষ্প—একজনকে ছাড়িয়া অপরের জীবনের অস্তিত্ব কল্পনা করাই অসম্ভব।

বৈষ্ণবগ্রন্থে সনাতনের বিবাহের কোনও পরিচয় পাওয়া যায় না। কিন্তু প্রেমবিলাস গ্রন্থে শ্রীরূপের স্ত্রীর সম্বন্ধে একটি উপাখ্যান প্রদত্ত হইয়াছে। যশোদানন্দন তালুকদারের প্রকাশিত প্রেমবিলাসের ত্রয়োবিংশ বিলাসে দেখা যায় যে, এক দিন রূপ রাজকার্য্য শেষ করিয়া, অনেক রাত্রিতে গৃহে প্রত্যাগমন করিয়া, আহারাদি শেষ করিয়া শয়ন করিলে পর একটি বিষাক্ত কীট তাঁহাকে দংশন করে। তাহাতে তিনি অতিশয় ব্যস্ত হইয়া পত্নীকে আলো জ্বালিতে কহিলে, তাঁহার পত্নী নিকটে অন্য কোনও দ্রব্য না পাইয়া চকমকির দ্বারা শ্রীরূপের একটি মূল্যবান পোষাক পোড়াইয়া আলোক প্রজ্বালিত করেন। ইহাতে রূপ গোস্বামী একটু দুঃখিত হইয়া অনুযোগ করেন। যথা—

> গোসাঞি কহে বহু মূল্যের পোষাক পুড়িল।
> পত্নী কহে আমার কর্ত্তব্য কার্য্য কৈল॥
> পতি-সেবা পতি-পূজা স্ত্রীলোকের সার।
> তার কাছে ধন-সম্পদ হীরা মুক্তা ছার॥
> রূপ কহে প্রিয়ে তোমার কর্ত্তব্য করিল।
> আমার কর্ত্তব্য কেন আমি না দেখিল॥

এই উপাখ্যান সত্য হইলে, শ্রীরূপের অবশ্যই বিবাহ হইয়াছিল, এ কথা স্বীকার করিতে হইবে। বল্লভের যখন বিবাহ হইয়াছিল, তখন রূপের ও সনাতনের বিবাহ হওয়া খুবই সম্ভবপর। বিশেষতঃ তৎকালে অনাশ্রমী হইয়া থাকা নিতান্ত নিন্দনীয় বলিয়া বিবেচিত হইত। যখন তাঁহারা ব্রহ্মচর্য্য আশ্রমে অবস্থিত ছিলেন না, বিশেষতঃ সংসারযাত্রা নির্ব্বাহের জন্য যবনরাজের চাকুরী গ্রহণ করিয়াছিলেন, তখন তাঁহারা বিবাহিত ছিলেন

বলিয়াই ধরিয়া লইতে হইবে। প্রেমবিলাসের যে উপাখ্যানটি উপরে বর্ণিত হইয়াছে, তাহাতেই দেখা যায় যে, শ্রীরূপের হৃদয়ে ঐ ঘটনা হইতেই বৈরাগ্যের উদয় হয়। যাহা হউক, শ্রীরূপ কখনও নিজের জ্যেষ্ঠ ভ্রাতা সনাতন হইতে স্বতন্ত্র নহেন, তিনি জ্যেষ্ঠ ভ্রাতার সহিত পরামর্শ করিয়া জীবনের চরম উদ্দেশ্য সার্থক করিবার জন্য পুরীতে শ্রীচৈতন্যদেবের নিকট পত্র প্রেরণ করিয়া তাঁহার নিকট আত্মনিবেদন করেন। মহাপ্রভু পত্রের দ্বারা ভ্রাতৃদ্বয়কে সান্ত্বনা দান করিয়া কালের প্রতীক্ষা করিয়া থাকেন। অতঃপর ১৪৩৫ শকাব্দায় শ্রীবৃন্দাবনযাত্রার ছল করিয়া শ্রীচৈতন্যদেব গৌড়ে আগমন করেন। প্রতাপরুদ্র তাঁহাকে নিজ সৈন্যসামন্ত, পার্ষদ ও পরিবার পরিবেষ্টিত করিয়া পরমযত্নে পিছলদহ পার করিয়া দিলেন, তাহার পর পাণিহাটী পর্য্যন্ত জলপথে আসিয়া মহাপ্রভু স্থলপথে শ্রীনবদ্বীপে আসিয়া জননাকে দর্শন করিলেন। নবদ্বীপের সন্নিহিত বিদ্যানগরে আসিয়া মহাপ্রভু সনাতনের গুরু বিদ্যাবাচস্পতির গৃহে এক দিন অবস্থান করিলেন এবং তাঁহার নিকট সনাতনের ও রূপের সকল কথা জানিয়া লইলেন। মহাপ্রভু নবদ্বীপের পথেও শ্রীবৃন্দাবনে যাত্রা করিতে পারিতেন, কিন্তু তাঁহার প্রিয়ভক্ত শ্রীরূপ সনাতনকে আত্মসাৎ করিবার জন্য তিনি অধিক পথ হইলেও গৌড়ের পথে শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। এখানে আসিবার সময়ে লক্ষ লক্ষ লোক তাঁহার অপূর্ব্ব আকর্ষণে আকৃষ্ট হইয়া তাঁহার সহিত রামকেলি গ্রাম পর্য্যন্ত আসিয়াছিল। এখানে গৌড়ের বাদশাহ হুসেন শাহা এক • জন কপর্দ্দকহীন সন্ন্যাসীর সহিত এইরূপ লোকসংঘট্ট দেখিয়া বিস্মিত হন এবং এই সন্ন্যাসীর নিশ্চয়ই ঐশ্বরিক শক্তি আছে বলিয়া মনে করেন। শ্রীচৈতন্যদেব এই স্থানে অবস্থান করিবার সময় রাত্রিকালে নির্জ্জন সময়ে অতি গোপনে শ্রীরূপ ও সনাতন দুই ভ্রাতা আসিয়া তাঁহার চরণে শরণ গ্রহণ করেন। শ্রীচৈতন্যদেব ঐ সময়ে স্পষ্টভাবে তাঁহাদিগকে জ্ঞাপন করেন যে,

গৌড়ের নিকটে আসিবার তাঁহার কোনই প্রয়োজন ছিল না; কেবল তিনি এই ভ্রাতৃদ্বয়কে আত্মসাৎ করিবার জন্যই এই পথে আসিয়াছেন। শ্রীরূপ ও সনাতন শ্রীচৈতন্যদেবকে দেখিয়া তাঁহাদের জীবনের উদ্দেশ্য স্থির করিয়া ফেলিলেন,—তাঁহারা সংসার ত্যাগ করিয়া চিরজীবনের জন্য শ্রীচৈতন্যদেবের কার্য্যকেই নিজকার্য্য বলিয়া বরণ করিয়া লইবার সংকল্প করিলেন। তাঁহারা সময়ের প্রতীক্ষা করিতে লাগিলেন। কিন্তু রাজমন্ত্রী পরম বুদ্ধিমান সনাতন মহাপ্রভুকে বলিলেন—এই জনসংঘট্ট লইয়া শ্রীবৃন্দাবন যাত্রা করা কোনক্রমে সমীচীন নহে। শ্রীমচ্চৈতন্যদেব সনাতনের এই কথায় এই জনসমুদ্র লইয়া আর বৃন্দাবনের পথে অগ্রসর না হইয়া এই স্থল হইতেই শান্তিপুর হইয়া পুরীধামে প্রত্যাবর্ত্তন করিলেন।

ইহার কিছুদিন পরেই আপনাদিগের বিষয়-সম্পত্তির বন্দোবস্ত স্থির করিয়া শ্রীরূপ ১৩৩৬ শকাব্দায় গৌড়েশ্বরের কার্য্য পরিত্যাগ করিয়া কনিষ্ঠ ভ্রাতা বল্লভ বা অনুপমের সহিত রামকেলি পরিত্যাগ করেন। মহাপ্রভু শ্রীবৃন্দাবন গমন করিয়া তথা হইতে প্রয়াগে ফিরিয়া আসিয়াছেন,—দুই ভাই প্রয়াগধামে গমন করিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীসনাতন শ্রীরূপের ও শ্রীবল্লভের সহিত পরামর্শ করিয়া অগ্রে নির্ব্বিঘ্নে এই দুই ভাইয়ের প্রব্রজ্যার ব্যবস্থা করিয়াছিলেন। পরে ১৪৩৭ শকাব্দে তিনিও হুসেন শাহার কার্য্য পরিত্যাগ করিলে, হুসেন শাহা তাঁহাকে বন্দী করিয়া রাখেন। কারারক্ষীকে প্রচুর অর্থ উৎকোচদান করিয়া তিনিও পরে বনপথে যাত্রা করিয়া বারাণসীধামে শ্রীচৈতন্যদেবের সহিত মিলিত হন।

শ্রীরূপ ও শ্রীবল্লভ প্রয়াগে মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করিলে তিনি প্রয়াগে দশাশ্বমেধ ঘাটের নিকট এক নির্জ্জনকক্ষে অবস্থিতি করিয়া দশ দিন ধরিয়া শ্রীরূপ গোস্বামীকে ভক্তিশাস্ত্রের, রসশাস্ত্রের ও প্রেমধর্ম্মের নিগূঢ় তত্ত্ব শিক্ষা দান করেন। শ্রীল কবিকর্ণপুর তাঁহার সুবিখ্যাত শ্রীচৈতন্য-চন্দ্রোদয়

নাটকখানিতে শ্রীরূপের সম্বন্ধে যে চমৎকার শ্লোক কয়টি রচনা করিয়াছেন, তাহাতেই শ্রীরূপের প্রতি মহাপ্রভুর করুণার অতি সুস্পষ্ট পরিচয় প্রদত্ত হইয়াছে। সেই শ্লোক কয়েকটি এই :—

কালেন বৃন্দাবনকেলিবার্ত্তা লুপ্তেতি তাং খ্যাপয়িতুং বিশিষ্য।
কৃপামৃতেনাভিষিষেচ দেবস্তত্রৈব রূপঞ্চ সনাতনঞ্চ ॥

যঃ প্রাগেব প্রিয়গুণগণৈর্গাঢ়বদ্ধোঽপি মুক্তো
গেহাধ্যাসাদ্রস ইব পরো মূর্ত্ত এবাপ্যমূর্ত্তঃ।
প্রেমালাপৈর্দৃঢ়তরপরিষঙ্গরঙ্গৈঃ প্রয়াগে
তং শ্রীরূপং সমমনুপমেন জগ্রাহ দেবঃ ॥

প্রিয়স্বরূপে দয়িতস্বরূপে প্রেমস্বরূপে সহজাভিরূপে।
নিজানুরূপে প্রভুরেকরূপে ততান রূপে স্ববিলাসরূপে ॥

অর্থাৎ—"শ্রীবৃন্দাবনের শ্রীশ্রীরাধাকৃষ্ণের লীলাবিলাসের কথা কাল-ক্রমে বিলুপ্ত হওয়ায় শ্রীকৃষ্ণচৈতন্যদেব পুনর্ব্বার তাহা বিশেষরূপে প্রকাশিত করিবার নিমিত্ত শ্রীরূপ ও শ্রীসনাতনকে কৃপামৃতের দ্বারা অভিষিক্ত করিয়াছিলেন।"

"যিনি পূর্ব্ব হইতেই প্রিয়তম, সেই শ্রীগৌরাঙ্গদেবের গুণগণের দ্বারা দৃঢ়রূপ আবদ্ধ হইয়া সংসারাবেশ হইতে বিমুক্ত, এবং অমূর্ত্ত শৃঙ্গাররসই যেন মূর্ত্তিধারণ পূর্ব্বক যে শ্রীরূপের আকারে প্রকাশিত ভগবান শ্রীকৃষ্ণচৈতন্যদেব শ্রীবল্লভের সহিত সেই শ্রীরূপকে প্রেমালাপ ও গাঢ় আলিঙ্গন দ্বারা স্বীয় কৃপারূপ অমৃতে অভিষেক করিয়াছিলেন।

"যিনি স্বরূপ গোস্বামীর অতীব প্রিয়, যিনি শ্রীচৈতন্যদেবের পরম প্রিয়পাত্র—যিনি প্রেমরসের মূর্ত্তিমান স্বরূপ, যিনি মহাপ্রভুর অভিন্ন কলেবর ও বিভূতিস্বরূপ, সেই শ্রীরূপগোস্বামীতে তিনি স্বাভাবিক ও পরম মধুর স্বীয় প্রেম ও স্বীয় স্বরূপ বিস্তার করিয়াছিলেন।"

এতাদৃশ শ্রীরূপ স্বীয় জ্যেষ্ঠভ্রাতার সহিত শ্রীবৃন্দাবনে লুপ্ততীর্থ উদ্ধার ও ভক্তিশাস্ত্র প্রচার শ্রীচৈতন্যদেবের অবতারের এই দুই মুখ্য কার্য্যের নেতৃত্ব গ্রহণ করিলেন। এই সকল কার্য্যের শক্তি সংগ্রহ করিবার জন্য আর একবার ১৪৩৯ শকে নীলাচলে গমন করিয়া শ্রীরূপ সর্ব্বশক্তির মূলাশ্রয় শ্রীচৈতন্যদেবের সমীপে অবস্থান করেন। এই সময়ে শ্রীরূপ শ্রীকৃষ্ণলীলার একখানি নাটক লিখিবেন বলিয়া কড়চাকারে তাহার নান্দীশ্লোকাদি রচনা করিতেছিলেন। শ্রীরূপ যে কাব্য-নাটক-অলঙ্কারাদিতে পরম পণ্ডিত এবং রসশাস্ত্রে ও ভক্তিসিদ্ধান্তে সুপ্রবীণ, শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব তাহার নীলাচলের প্রিয়পার্ষদ স্বরূপদামোদর গোস্বামী, রামানন্দ রায়, বাসুদেব সার্ব্বভৌম এবং গদাধর পণ্ডিত ও হরিদাস ঠাকুরকে জ্ঞাত করাইবার জন্য এক অপূর্ব্ব কৌশল অবলম্বন করিলেন। তিনি রথাগ্রে নৃত্য করিবার সময়ে কাব্যপ্রকাশ হইতে একটি শ্লোক গান করিতেন; কেন যে মহাপ্রভু ঐ শ্লোক পড়িতেন, তাহার মর্ম্ম শ্রীস্বরূপদামোদর প্রমুখ দুই এক জন মর্ম্মী ভক্ত ভিন্ন অন্য কেহ অবগত ছিলেন না, কিন্তু শ্রীরূপ মহাপ্রভুর পঠিত ঐ শ্লোক শুনিয়া উহার মর্ম্মার্থ গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের সহিত ব্রজসীমন্তিনীগণের কুরুক্ষেত্রে মিলনের প্রসঙ্গ লইয়া কুরুক্ষেত্র-মিলনে যে শ্রীবৃন্দাবনের লীলামাধুরীর স্ফূর্ত্তি সম্ভবপর নহে, এইরূপ অর্থব্যঞ্জক একটি শ্লোক রচনা করিয়া তালপত্রে ঐ শ্লোকটি নিজের বসতিকুটীরের চালে গুঁজিয়া রাখিয়া সমুদ্রস্নান করিতে যান। মহাপ্রভু শ্রীস্বরূপ দামোদরের সহিত শ্রীরূপের বাসগৃহে আসিয়া ঐ শ্লোকটি পাইয়া আনন্দে মত্ত হইলেন, এবং সেই শ্লোক স্বরূপ দামোদরকে দেখাইয়া জিজ্ঞাসা করিলেন,—

"মোর অন্তরবার্ত্তা রূপ জানিল কেমনে ?"

শ্রীস্বরূপ গোস্বামী তদুত্তরে বলিলেন,—"তুমি নিশ্চয়ই ইঁহাকে কৃপা

করিয়াছ, না হইলে তোমার অন্তরের কথা শ্রীরূপ কি প্রকারে জানিতে পারিবে ?" তখন—

প্রভু কহে—ইঁহো আমায় প্রয়াগে মিলিলা।
যোগ্যপাত্র জানি ইহাঁয় মোর কৃপা হৈলা॥
তবে শক্তি সঞ্চারি আমি কৈল উপদেশ।
তুমিহ কহিও ইহার রসের বিশেষ॥ চৈঃ চঃ ৩।১

ইহার পূর্ব্ব হইতেই শ্রীরূপ শ্রীকৃষ্ণলীলা সম্বন্ধে একখানি নাটক লিখিবেন, এবং ঐ নাটকে ব্রজলীলা ও পুরলীলা উভয়ই থাকিবে, এইরূপ ভাবিয়া নাটকের নান্দীপ্রভৃতি রচনা করিতে আরম্ভ করিয়াছিলেন। কিন্তু শ্রীবৃন্দাবন হইতে পুরী আসিবার পথে উড়িষ্যার সত্যভামাপুর নামক একটি গ্রামে একরাত্রি অবস্থান করেন। তথায় তিনি রাত্রিকালে স্বপ্নে দেখিতে পাইলেন যে, এক দিব্যরূপা নারী আসিয়া তাঁহাকে বলিতেছেন—"আমার নাটক পৃথক করিয়া রচনা কর, এবং আমার কৃপায় ঐ নাটকখানি অপূর্ব্ব লক্ষণবিশিষ্ট হইবে।" শ্রীরূপ বিচার করিয়া স্থির করিলেন, সে শ্রীমতী সত্যভামাদেবীই ঐ প্রকার আদেশ করিলেন। নীলাচলে আসিলেও এক দিন শ্রীচৈতন্যদেব শ্রীরূপকে কহিলেন—

"কৃষ্ণকে বাহির নাহি করিহ ব্রজ হৈতে।
ব্রজ ছাড়ি কৃষ্ণ কভু না যায় কাঁহাতে॥"

তখন শ্রীরূপ স্থির করিলেন যে, তিনি ব্রজলীলা ও পুরলীলায় দুইখানি পৃথক্ নাটক রচনা করিবেন এবং পুরীধামে অবস্থান করিয়া "বিদগ্ধমাধব" নামে ব্রজলীলার ও "ললিতমাধব" নামে পুরলীলার নাটক রচনা আরম্ভ করিলেন। পুরীতে অবস্থান করিবার কালেই রসতত্ত্বজ্ঞ-চূড়ামণি শ্রীল স্বরূপ

দামোদর ও সুপ্রসিদ্ধ "শ্রীজগন্নাথবল্লভ" নাটকের গ্রন্থকার নাট্যকলা-বিশারদ রায় রামানন্দ, ভক্তপ্রবর শ্রীল হরিদাস ঠাকুর ও ভাগবতোত্তম শ্রীল গদাধর পণ্ডিত, পতিতপাবন প্রেমিক-চূড়ামণি শ্রীল নিত্যানন্দ, ভক্তি-শাস্ত্রে প্রবীণ শ্রীল অদ্বৈত আচার্য্য ও পণ্ডিতপ্রবর ভক্তিরসজ্ঞ শ্রীল সার্ব্ব-ভৌম ভট্টাচার্য্য প্রমুখ ভক্তগণকে সঙ্গে লইয়া শ্রীরূপের এই নাটক দুইখানির সারভাগের পরীক্ষা করেন। এই ভক্তবিদ্বৎসভার বিচারে নাটক দুইখানি অতি চমৎকার কবিত্বে ও রসমাধুর্য্যে পূর্ণ বলিয়া সকলেই স্থির করেন। এমন কি, সুযোগ্য সমালোচক শ্রীল রামানন্দ রায পর্য্যন্ত স্বীকার করিলেন যে—

"কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক লক্ষণ সব সিদ্ধান্তের সার ॥
প্রেম পরিপাটী এই অদ্ভুত বর্ণন।
শুনি চিত্ত-কর্ণের হয় আনন্দ ঘূর্ণন।
তোমার শক্তি-বিনু জীবে নহে এই বাণী,
তুমি শক্তি দিয়া কহাও হেন অনুমানি ॥"

মহাপ্রভু যে যোগ্যপাত্র দেখিয়া ও রূপের অসাধারণ গুণে পরিতুষ্ট হইয়া এবং ইঁহার অনুপম কবিত্বশক্তি দেখিয়া মুগ্ধ হইয়া রসপ্রচারের জন্য ইঁহাতে শক্তি সঞ্চার করিয়াছেন, ইহা অন্তরঙ্গ ভক্তমণ্ডলীর সমক্ষে নিঃসঙ্কোচে স্বীকার করিলেন এবং সমস্ত ভক্তমণ্ডলী এবং আচার্য্যগণকে শ্রীরূপকে আশীর্ব্বাদ করিতে বলিলেন। শ্রীরূপ এইরূপ অলৌকিকী ভাগবতী শক্তিতে শক্তিমান হইয়া ব্রজলীলার ও পুরলীলার মূলতত্ত্বের সাক্ষাদনুভূতি-লব্ধ শক্তির দ্বারা এই নাটক দুইখানি রচনা করেন। প্রসঙ্গতঃ আমরা এই স্থানেই ললিতমাধব নাটকের বৈশিষ্ট্য সম্বন্ধে যৎকিঞ্চিৎ আলোচনা করিয়া শ্রীরূপের সংক্ষিপ্ত জীবন-কথা শেষ করিতে প্রবৃত্ত হইলাম।

ললিতমাধব নাটকের বৈশিষ্ট্য

পুরলীলাকে শ্রীবৃন্দাবনলীলার মাধুর্য্যে পরিপূর্ণ করিবার চেষ্টা এই নাটকের বৈশিষ্ট্য। পুরলীলায় মহিষীগণ যে তত্ত্বতঃ শ্রীবৃন্দাবন-লীলার স্বয়ং ভগবান্ নন্দনন্দনের স্বকীয় শক্তি হইতে অভিন্ন, ইহাই এই নাটকে প্রতিপন্ন করিয়া প্রকাশ্যে ও আভাসে শ্রীবৃন্দাবনলীলার পরম চমৎকারিতারই পরিচয় প্রদান করিবার জন্য এই নাটকখানি রচিত হইয়াছে। পক্ষান্তরে, শ্রীবৃন্দাবনলীলা যে প্রচ্ছন্নভাবে শ্রীদ্বারকালীলায় অবস্থিত, ব্রজলীলার উপাসকগণের সেই সামান্য প্রতীতির উৎপাদন করা, এবং পুরলীলার উপাসকগণের চিত্তে পুরলীলার মধ্যে ব্রজলীলার অনুপম মাধুর্য্যবৈশিষ্ট্য সঞ্চারিত করিয়া দিবার মহদুদ্দেশ্যও এই নাটকে বিদ্যমান। যাঁহারা শ্রীরাধামাধবের পুরলীলার উপাসক—অতএব স্বকীয়াবাদী এবং যাঁহারা ভাগবতে বর্ণিত ব্রজলীলার পরকীয়া ভাবের উপাসক, এই উভয় সম্প্রদায়ের মধ্যে যে তত্ত্বতঃ কোনও ভেদ নাই এবং বিবাদেরও যে কোনও কারণ নাই, ইহা শ্রীরূপ গোস্বামী এই নাটকখানিতে অপূর্ব্ব কৌশলে প্রতিপাদন করিয়াছেন। ফলতঃ শ্রীবিদগ্ধমাধব ও ললিতমাধব এই দুইখানি নাটক লীলাসিদ্ধান্তের খনিবিশেষ, তন্মধ্যে সিদ্ধান্তাংশে ললিতমাধবের চমৎকারিত্ব আরও অধিক। এই সিদ্ধান্ত অব্যাহত রাখিবার জন্য পরম প্রতিভাশালী শ্রীরূপ গোস্বামী নাটকখানির আখ্যানভাগের যে অভিনবত্ব প্রকটিত করিয়াছেন, ললিতমাধবের পাঠকের পক্ষে সর্ব্বাগ্রে তাহাই উপলব্ধি হইয়া থাকে।

ললিতমাধব নাটক বিদগ্ধ-মাধব হইতে আয়তনে বৃহত্তর। বিদগ্ধ-মাধব সাতটি অঙ্কে সমাপ্ত ও ললিতমাধব দশ অঙ্কে পরিসমাপ্ত। পাত্র-পাত্রীর সংখ্যাও ললিতমাধবে অধিক। গোপীশ্বর মহাদেবের স্বপ্নাদেশে দীপান্বিতা

মহোৎসবে গোবর্দ্ধনের আরাধনার্থ রাধাকুণ্ডের তটবর্ত্তী শ্রীমাধব-মন্দির-প্রাঙ্গণে সমাগত বৈষ্ণবগণের তুষ্টিবিধানের জন্য এই নাটকখানির অভিনয় প্রবর্ত্তিত হইয়াছে। সুবিখ্যাত কলানিধিরূপী শ্রীকৃষ্ণের কথা লইয়া এই নাটকপ্রসঙ্গের আরম্ভ। গৌরী পিতা হিমাচলের কন্যাসৌভাগ্যে বিন্ধ্যপর্ব্বত দুঃখিত হইয়া অনুরূপ কন্যাসৌভাগ্যলাভের জন্য তপস্যার দ্বারা ব্রহ্মার প্রসন্নতা সম্পাদন করিয়া দুইটি কন্যালাভের বর প্রাপ্ত হন। ব্রহ্মার বরে এই কন্যাদ্বয়ের বর ধূর্জ্জটি-বিজয়ী হইবেন এবং অশেষ কল্যাণগুণ দ্বারা বিশ্বের বিস্ময় বর্দ্ধন করিবেন; এদিকে শ্রীরাধিকা ও চন্দ্রাবলী গোকুলের বৃষভানু ও চন্দ্রভানু এই গোপদ্বয়ের স্ত্রীদ্বয়ের গর্ভে আবির্ভূতা হইলে তাঁহাদের গর্ভ হইতে আকর্ষণ করিয়া ঐ গর্ভদ্বয়কে বিন্ধ্যপর্ব্বতের স্ত্রীর গর্ভে সংস্থাপন করা হয়। অতঃপর প্রসূতা হইলে কংসপরিচারিকা পুত্রহারিণী পূতনা বিন্ধ্যকন্যা শ্রীরাধাকে গোকুলে আনয়ন করেন। শ্রীরাধার নাম ছিল তারা। বিন্ধ্যাচলের কনিষ্ঠা কন্যা তারা অপহৃতা হইলে বিন্ধ্যাচলের পুরোহিত রাক্ষসনাশক মন্ত্র পাঠ করিলে শিশুহারিণী কংসানুচরী পূতনা বিত্রস্তা হইয়া ভয়ে পলায়ন করিতেছিল, তাহার হস্ত হইতে জ্যেষ্ঠা কন্যা বিদর্ভদেশ-গামিনী একটি নদীর স্রোতে পতিত হন। বিদর্ভাধিপতি রাজা ভীষ্মক চন্দ্রাবলীকে নদীস্রোতে প্রাপ্ত হইয়া তাহাকে নিজগৃহে আনয়ন করেন এবং তাহাকে প্রতিপালন করেন। চন্দ্রাবলীই পরে গোকুলে নীতা হইয়া চন্দ্রভানুর কন্যা ও করালার নাতিনীরূপে প্রসিদ্ধিলাভ করেন। পৌর্ণমাসী পূতনার ক্রোড় হইতে শ্রীরাধার সখী ললিতা, চন্দ্রার সখী মনোজ্ঞা, পদ্মা, ভদ্রা, শৈব্যা ও শ্যামাকে প্রাপ্ত হন। বিশাখার জন্ম গোকুলে নহে—বিশাখা যমুনাপ্রবাহে ভাসিয়া যাইতেছিলেন, জটিলা তাঁহাকে তুলিয়া আনেন। গোবর্দ্ধনাদি গোপগণের সহিত চন্দ্রাবলী প্রভৃতির বিবাহ কংস-বঞ্চনার্থ যোগমায়ার ছলনা, বাস্তবিক ঘটনা নহে। এই সকল কন্যা

গোপদিগের স্পর্শযোগ্যা নহে, উহারা সকলেই শ্রীকৃষ্ণানুরাগিণী। অতঃপর এই নাটকের তৃতীয় অঙ্কে দেখা যায় যে, শ্রীকৃষ্ণ মথুরায় গমন করিলে শ্রীরাধিকা প্রবল বিরহে যমুনাজলে তনুত্যাগের জন্য অবতীর্ণা হন, এবং ললিতাও তাঁহার সহিত যমুনায় প্রবেশ করেন। সূর্য্যনন্দিনী যমুনা শ্রীরাধাকে ও ললিতাকে সূর্য্যভবনে লইয়া যান। সূর্য্যদেব আরাধনায় তুষ্ট হইয়া সত্রাজিৎকে স্যমন্তকমণিসহ একটি কন্যা দান করেন। ইনিই শ্রীরাধিকা; কিন্তু দ্বারকায় সত্রাজিৎ-নন্দিনী সত্যভামা নামে প্রসিদ্ধা। রাজা ভীষ্মকের অপহৃতা কন্যাই গোকুলে চন্দ্রাবলী নামে প্রসিদ্ধা; শ্রীকৃষ্ণের মথুরাগমনের পর ভীষ্মক স্বীয় পুত্রের দ্বারা এই কন্যাকে আনয়ন করেন এবং পরে শ্রীকৃষ্ণের সহিত তাঁহার বিবাহ হয়, ইনিই রুক্মিণী নামে দ্বারকায় প্রসিদ্ধি লাভ করেন। প্রবল বিরহে ভৃগুপতনের দ্বারা পতিতা হইবার সময়ে ললিতাকে জাম্ববান প্রাপ্ত হন, ইনিই পরে জাম্ববতী নামে প্রসিদ্ধা হইয়াছিলেন এবং শ্রীকৃষ্ণহস্তে সমর্পিতা হন। ব্রজের কাত্যায়নী-ব্রতপরা কুমারীদিগকে কামাখ্যা দেবীর আদেশে নরকাসুর অপহরণ করিয়া লইয়া গিয়াছিল, শ্রীকৃষ্ণ নরকাসুরকে বধ করিয়া তাঁহাদিগকে উদ্ধার করিয়া আনেন, তাঁহারাই দ্বারকায় অষ্টোত্তরশতাধিক-ষোড়শসহস্র মহিষী। এইরূপে ব্রজের সমস্ত শক্তিকে দ্বারকার নববৃন্দাবনে আনয়ন করিয়া দ্বারকালীলার প্রবৃত্তিই ললিতমাধবের বৈশিষ্ট্য, এমন কি, নন্দ-যশোদাকেও অবশেষে দ্বারকায় আনয়ন করা হইয়াছে। এই নাটকের পঞ্চম অঙ্কে দেবর্ষি নারদের স্বগত উক্তির দ্বারা এই তত্ত্ব আরও বিশদরূপে ব্যক্ত করা হইয়াছে; যথা—

"নারদ।—(ক্ষণকাল চিন্তা করিয়া স্বগত) নিশ্চয়ই এই সকল পুররমণী ও ব্রজরমণী তত্ত্বাংশে সমান হইলেও দেহাদির দ্বারা ভিন্না। মধ্যে মায়া (যোগমায়া) কর্ত্তৃক ইঁহারা অভিন্না হন, সম্প্রতি ব্রজধামে সেই সকল

ব্রজরমণী প্রেমমূর্চ্ছিতা হইয়া আছেন, কিন্তু যোগমায়া কর্তৃক বিরহকালেও যাহাতে প্রিয়সঙ্গসুখ লাভ হইতে পারে, সেই জন্য সে স্থানকে অর্থাৎ ব্রজকে আচ্ছাদন করিয়া পুররমণীগণকে স্বীয় স্বীয় অভেদ অভিমানের আবেশের দ্বারা দীর্ঘস্বপ্নের ন্যায় হইয়াছে। যাহারা উদ্ধবাগমনে ও কুরুক্ষেত্র-যাত্রায় নিবৃত্তের ন্যায় হইয়াছিল, তাহারা সমানচরিত্রা হইলেও এই অষ্টোত্তর-একশত ষোড়শ সহস্র হইতে পৃথক্। যাহা হউক, এখন সে রহস্য-উদ্ঘাটনে প্রয়োজন নাই।"

কাহারও এই নাটকের তত্ত্ব বুঝিবার কোনও অসুবিধা হইলে, দেবর্ষি নারদের এই কথায় মূলতত্ত্ব একেবারে বিশদরূপে প্রকাশিত হইল। অতঃপর ললিতমাধবেও যে পুরলীলার আচরণে মূলতঃ ব্রজলীলাই বর্ণিত হইয়াছে, সে সম্বন্ধে সন্দেহের আর কোনও অবকাশ নাই।

কিন্তু এই নাটকের তৃতীয় অঙ্কে প্রধানভাবে ও অন্যান্য স্থানে যেরূপ সুতীব্রভাবে বিপ্রলম্ভ বা বিরহের বর্ণনা করা হইয়াছে, তাহা অন্য কুত্রাপি সুদুর্লভ। যুগলভজনশীল ভক্তগণের এই স্থান পাঠে ধৈর্য্য রক্ষা করা অসম্ভব। কথিত আছে, শ্রীরূপ গোস্বামী এই নাটকখানির রচনা সমাপ্ত করিয়া প্রিয়সুহৃৎ অভিন্নহৃদয় শ্রীমৎ রঘুনাথ দাস গোস্বামীকে এই নাটকখানি পড়িতে দেন। তিনি এই নাটকখানি পড়িতে পড়িতে বিরহদশার প্রাবল্যে উন্মত্তের ন্যায় হইয়া উঠেন—পুনঃ পুনঃ মূর্চ্ছিত হইতে থাকেন। অথচ, তাঁহার নিকট হইতে এই নাটকখানি ফিরাইয়া লওয়াও অসম্ভব—কারণ, তিনি দিবানিশি এই নাটকখানিকে একরূপ বুকে করিয়াই দিন কাটাইতে লাগিলেন। তখন শ্রীরূপ গোস্বামী দানকেলিকৌমুদী নামক একাঙ্কের একখানি ভাণিকা রচনা করিয়া দাস গোস্বামীকে তাহা পাঠ করিতে দিয়া শোধন করিবার জন্য ললিতমাধব নাটকখানিকে চাহিয়া

লইলেন। মর্ম্মী ভক্তপ্রবরের এই আচরণই এই নাটকখানির অপূর্ব্ব মহিমার প্রমাণ।

কিন্তু তথাপি শ্রীবৃন্দাবনের অনাবৃতলীলাই যে লীলাসমূহের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ, ললিতমাধব নাটকের শেষ শ্লোকেই তাহা সুব্যক্ত হইয়াছে। যথা :——

যা তে লীলাপদপরিমলোদ্গারি বন্যাপরীতা
ধন্যা ক্ষৌণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ।
তত্রাস্মাভিশ্চটুলপশুপীভাবমুগ্ধান্তরাভিঃ
সংবীতস্ত্বং কলয় বদনোল্লাসি বেণুবিহারম্॥

সমস্ত মাধুরীর সারভূতা মাধুর্য্য-রসময়ী মহামাধুরীতে পরিপূর্ণা—তোমার লীলাবিহারের মধুময় গন্ধ-বিস্তারকারিণী ভূমণ্ডলের মধ্যে যে ধন্যা শ্রীবৃন্দাবনভূমি বর্ত্তমান, সে স্থানে আমরা চটুলা গোপীগণের ভাবমুগ্ধ অন্তরে তোমার সহিত নিঃসঙ্কোচে যে ক্রীড়া করিয়া থাকি, তাহা অন্যত্র অসম্ভব, অতএব সেই স্থানে আমাদের দ্বারা পরিবেষ্টিত হইয়া হাস্যবদনে তুমি বংশীধ্বনি করিতে থাক।

ইহাই ললিতমাধব নাটকের তত্ত্ব-বৈশিষ্ট্য। কাব্যমাধুর্য্যে ও রসবস্তুর সন্নিবেশে এই নাটকখানির আর কোথাও তুলনা আছে বলিয়া মনে হয় না। সাহিত্যদর্পণে নাটকের যে লক্ষণাদি লেখা হইয়াছে, তাহা ভরতমুনির মতের সম্পূর্ণ অনুরূপ নহে এবং ততটা সুসঙ্গতও নহে। এইজন্য গ্রন্থকার অসীমশক্তিশালী রূপ গোস্বামী ভরতমুনির নাট্যশাস্ত্রের এবং রসসুধাকরের মতানুসারে একখানি সম্পূর্ণাঙ্গ নাটকের উদাহরণস্বরূপেই ললিত-মাধব নাটকখানি রচনা করিয়াছেন। এই নাটকখানি রচনা করিয়া তিনি নাট্যশাস্ত্রের সমস্ত লক্ষণাবলী বিশ্লেষণ করিয়া 'নাটকচন্দ্রিকা' নামক গ্রন্থখানি রচনা করেন। যাঁহারা নাটক-লক্ষণের ও নাটকীয় কলার

বিশ্লেষণ ও বিচার করিয়া ললিতমাধবের মাধুর্য্য হৃদয়ঙ্গম করিতে চাহেন, তাঁহাদের নাটকচন্দ্রিকা গ্রন্থখানির সহিত মিলাইয়া এই নাটকখানি পাঠ করা উচিত। আমরা এই স্থানে সেই সকল দুরূহ বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হওয়া সঙ্গত মনে করি না। বস্তুতঃ ললিতমাধবে যে কাব্যমাধুর্য্যের ও নাটকীয় কলার পরিচয় প্রদত্ত হইয়াছে, তাহা সুন্দরভাবে বিচার করিতে গেলে একখানি সুবৃহৎ স্বতন্ত্র গ্রন্থ লিখিতে হয়। সেইরূপ শক্তিমান ভক্ত লেখকের সে সম্বন্ধে লিখিবার প্রয়োজন কখনও হইবে কি না, তাহা এখনও বলিতে পারা যায় না। কিন্তু তথাপি একটি দৃষ্টান্তে ললিত-মাধবের অনুপম কাব্যমাধুরীর কিঞ্চিৎ পরিচয় প্রদানের চেষ্টা না করিলেও ভূমিকাটি অসম্পূর্ণ থাকিয়া যায়।

সকল মাধুর্য্যের সারভাগ নন্দনন্দন শ্রীকৃষ্ণে প্রকাশিত। এই নন্দনন্দন শ্রীকৃষ্ণ নিজে সর্ব্বপ্রকার মাধুর্য্যের খনি হইলেও, তিনি নিজে সর্ব্বজ্ঞ হইয়াও সে মাধুর্য্যের অনুভব করিতে সাধারণতঃ অসমর্থ। কিন্তু শ্রীরাধিকা অলৌকিক শক্তিবলে তাঁহার মাধুর্য্য আস্বাদন করিয়া যে অভূতপূর্ব্ব উন্মাদনায় অভিভূত হইয়া পড়েন, তাহা দেখিয়া শ্রীকৃষ্ণ নিজে বিস্মিত হইয়া থাকেন। তিনি নিজের এই অভূতপূর্ব্ব মাধুর্য্য আস্বাদন করিবার জন্য একান্ত আগ্রহান্বিত হইয়া উঠেন। নিত্যনবীন চিরমধুর শ্রীকৃষ্ণের এই ভাবটিকে শ্রীরূপ ললিতমাধব নাটকের অষ্টম অঙ্কে যেরূপে প্রকাশ করিয়া-ছেন, তাহা দেখিলেই তাঁহার সৌন্দর্য্যজ্ঞানের, রসজ্ঞানের ও কলাপারি-পাট্যের চূড়ান্ত নিদর্শন পাওয়া যায়।

সমস্ত সৌন্দর্য্য ও মাধুর্য্যের স্বাভাবিক প্রকাশভূমি শ্রীবৃন্দাবন। দেব-শিল্পী বিশ্বকর্ম্মা তাহারই অনুকরণ করিয়া দ্বারকায় অপূর্ব্ব নববৃন্দাবন নির্ম্মাণ করিয়াছেন। এই অপূর্ব্ব মাধুর্য্যনিলয়ে সাক্ষাৎ রসবস্তু দুই ভাগে বিভক্ত হইয়া শ্রীকৃষ্ণ ও শ্রীরাধারূপে বিরাজমান। তাঁহারা দুই জনে এই

নববৃন্দাবনের মাধুর্য্যের ও সৌন্দর্য্যের কমনীয়তায় মুগ্ধ হইয়া ভ্রমণ করিয়া বেড়াইতেছেন। শ্রীকৃষ্ণ এই সকল অনবদ্য মাধুর্য্যসার উপভোগ করিতে করিতে মণিকুট্টিমে নিজরূপ প্রতিবিম্বিত দেখিয়া বলিতেছেন :—

"কোঽয়ং মাধুর্য্যেণ মমাপি মনো হরন্ মণিকুড্যমবষ্টভ্য পুরো বিরাজতে ?"

(পুনর্নিভাল্য)

হন্ত! কথমত্রাহমেব প্রতিবিম্বিতোঽস্মি। (ইতি সৌৎসুক্যম্)

"অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী—
স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।
অয়মহমপি হন্ত! প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥"

অর্থাৎ—কে এই মাধুর্য্যের দ্বারা আমারও মনোহরণ করিয়া মণিভিত্তি অবলম্বন করিয়া সম্মুখে বিরাজ করিতেছে ? (পুনরায় ভাল করিয়া দেখিয়া) এ কি! আমিই যে মণিভিত্তিতে প্রতিবিম্বিত হইয়াছি!

(এই বলিয়া ঔৎসুক্য-সহকারে)

এই চমৎকারকারী অদৃষ্টপূর্ব্ব কোন্ মাধুর্য্যসার গরীয়ান হইয়া আমার অগ্রে প্রকাশ পাইতেছে ? অহো! আমিও ইহাঁকে দেখিয়া লুব্ধচিত্ত হইয়া সানন্দে শ্রীরাধিকার ন্যায় ইহাঁকে উপভোগ করিবার জন্য কামনা করিতেছি।

নিজমাধুর্য্যকে আস্বাদন করিবার জন্য নিজের এই লোভ—জগতের রস-শাস্ত্রে ইহার আর দ্বিতীয় দৃষ্টান্ত নাই। স্বয়ং রসস্বরূপের এই রসলীলার গভীরতা বুঝিবার সামর্থ্যও সাধারণ মানবের নাই। এই অভূতপূর্ব্ব অলৌকিক অনুভূতি শ্রীরূপের মত অপূর্ব্ব প্রতিভাশালী ভক্ত-চূড়ামণির

পক্ষেই সম্ভব—অপরে তাহার কি বুঝিবে? কিন্তু আমরা বাহ্যদৃষ্টিতে এইমাত্র বুঝি যে, ইহা সম্পূর্ণ অভিনব, সম্পূর্ণ অলৌকিক—ইহার আর কোথাও তুলনা নাই। শ্রীরূপের কাব্যমাধুরীর বিশ্লেষণ করিতে যে শক্তি ও যে প্রতিভার প্রয়োজন, তাহা কি আর কখনও জগতে দেখা দিবে? আমরা উদ্দেশ্যে গ্রন্থকারের শ্রীচরণকমলে প্রণত হইয়া শ্রীরূপের ভাগবতী কাব্য-মাধুরীর বিশ্লেষণের চেষ্টা হইতে বিরত হইলাম।

বিদগ্ধমাধব ১৫৮৯ সম্বতে বা ১৪৫৪ শকে সমাপ্ত হয়।* ললিতমাধব নাটক সমাপ্তির তারিখ ও স্থান—

নন্দেষু বেদেন্দুমিতে শকাব্দে শুক্রস্য মাসস্য তিথৌ চতুর্থ্যাম্।
দিনে দিনেশস্য হরিং প্রণম্য সমাপয়ম্ ভদ্রবনে প্রবন্ধম্॥

অর্থাৎ, ১৪৫৯ শকাব্দে জ্যৈষ্ঠমাসে চতুর্থী তিথিতে ভদ্রবনে ললিতমাধব নাটক সমাপ্ত হয়।

নাটক-সমাপ্তির দিন দেখিয়া স্পষ্টই বোধ হয় যে, পুরীধামে এই নাটকের মূল বিষয়ের আরম্ভ করিয়া কয়েক বৎসর ধরিয়া বিচার ও আলোচনার পর এই নাটক দুইখানি শেষ করা হয়।

যাহা হউক, নীলাচল হইতে প্রত্যাগমন করিয়া শ্রীরূপ "দানকেলি-কৌমুদী" নামক একখানি ক্ষুদ্র একাঙ্কের নাটক রচনা করেন। এই একাঙ্ক প্রহসন-মূলক নাটককে সংস্কৃত-নাট্যশাস্ত্রে ভাণিকা নামে অভিহিত করা হয়। অতঃপর শ্রীরূপের আর তিনখানি অপূর্ব্ব গ্রন্থ বিরচিত হয়। ভক্তিরসামৃতসিন্ধু, উজ্জ্বলনীলমণি ও শ্রীলঘুভাগবতামৃত—এই তিনখানি গ্রন্থের মধ্যে ভক্তিরসামৃতসিন্ধুতে শাখাপ্রশাখাক্রমে মুখ্য ভক্তিরসকে বিস্তৃতভাবে ব্যাখ্যা করা হইয়াছে। উহাতে ভক্তির স্বরূপ ও প্রকারভেদ

---

* নন্দসিন্ধুর বাণেন্দু সংখ্যে সম্বৎসরে গতে।
বিদগ্ধমাধবং নাম নাটকং গোকুলে কৃতম্॥

নিরূপণ-প্রসঙ্গে গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের অবলম্বিত ভক্তির বৈশিষ্ট্যের পরিচয়ও প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থ পূর্ব্ব-দক্ষিণাদিক্রমে চারিভাগে বিভক্ত—প্রত্যেক ভাগ কতকগুলি লহরীতে বিভক্ত। সামান্য, সাধন, ভাব ও প্রেমভেদে ভক্তি চারি প্রকার। তন্মধ্যে সাধন-ভক্তির ভেদ দুই প্রকার—বৈধী ও রাগানুগা। শাস্ত্রবিধি অনুসারে ভজনে প্রবৃত্তি হইতে বৈধী ভক্তির আরম্ভ। তৎপরে উহাই ক্রমশঃ চিত্তক্ষেত্রকে শ্রীভগবানের আবাসক্ষেত্রে পরিণত করিয়া প্রেমভক্তিতে পরিণত হয়। আর স্বাভাবিক আকর্ষণের তীব্রতায় ব্রজলোকের কাহারও ভাব অবলম্বন করিয়া শ্রীকৃষ্ণের সহিত সম্বন্ধ স্থাপনকেই রাগানুগা ভক্তির মূল ভিত্তি-রূপে গণ্য করা হইয়াছে। ভক্তিরসামৃতসিন্ধুতে মধুর রসের কথা অতি সংক্ষেপে বর্ণনা করা হইয়াছে। ১৪৬৩ শকে এই গ্রন্থ শেষ হইয়াছে।

শ্রীউজ্জ্বলনীলমণি গ্রন্থে মধুর রসের বা শৃঙ্গার রসের বিস্তৃত বিবরণ প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থখানি প্রকৃতপক্ষে ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরাংশ এবং গোপীভজনের রীতি ইহাতে বিস্তৃতভাবে প্রদর্শিত হইয়াছে। শ্রীভগবান্ প্রেমরসময়, তাঁহার ভজনা করিতে হইলে গোপীদের ন্যায় আদর লইয়া—গোপীদের ন্যায় সোহাগ লইয়া—গোপীদের ন্যায় মাধুর্য্য লইয়া তাঁহার সেবা করিতে হয়। এই গ্রন্থে গোপীদিগের অনুরাগের মাধুর্য্য, প্রণয়ের প্রিয় সম্ভাষণ, মানের সুধামাখা বঙ্কিম ভাব, বিরহের হৃদয়শোধী তীব্র উচ্ছ্বাস অতিমধুররূপে চিত্রিত হইয়াছে।

গণিতশাস্ত্রের যেরূপ মূলনিয়ম থাকে—এবং সেই নিয়মের বিস্তৃতি অঙ্কের মধ্যে পাওয়া যায়—সেইরূপ উজ্জ্বলনীলমণির ব্রজকান্তাগণের লক্ষণানুরূপ লীলাবিলাসের পরিচয়ও বিশেষভাবে বিদগ্ধমাধব ও ললিতমাধব গ্রন্থদ্বয়ে প্রদত্ত হইয়াছে। এই জন্য উজ্জ্বলনীলমণি অবলম্বন করিলেই এই

নাটক দুইখানি আস্বাদন করিবার প্রশস্ত বর্ত্মের সন্ধান পাওয়া যায়। লঘু-ভাগবতামৃত—শাস্ত্রসিদ্ধান্ত প্রদর্শনে এই গ্রন্থখানি অদ্বিতীয়। লঘুভাগবতামৃত গ্রন্থ শ্রীরূপের অগ্রজ শ্রীসনাতন গোস্বামীর বৃহদ্ভাগবতামৃতের সিদ্ধান্তের সার লইয়া লিখিত হইলেও ইহার একটি বৈশিষ্ট্য বিদ্যমান। স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্ব অবতারের বীজ। অসংখ্য অবতার তাঁহারই স্বাংশ এবং জীবগণ পরমাত্মার তটস্থ-শক্তিস্বরূপ এবং শ্রীভগবানের বিভিন্নাংশস্বরূপ। স্বয়ং ভগবান্ হইতে বহুল কার্য্য সাধনের জন্য অসংখ্য অবতার আবির্ভূত হন। শ্রীপাদ রূপ-বিরচিত শ্রীলঘুভাগবতামৃত গ্রন্থে এই অবতারগণের শ্রেণীবিভাগ করা হইয়াছে। এই শ্রেণীবিভাগ অতীব সুপ্রণালীনিবদ্ধ। এই গ্রন্থ পূর্ব্ব ও উত্তর এই দুই খণ্ডে বিভক্ত। পূর্ব্বখণ্ডে সর্ব্বপ্রথমে বিবিধ স্বরূপ নিরূপিত হইয়াছে। প্রথমে স্বয়ংরূপ ও তদেকাত্মরূপ। তদেকাত্মরূপ আবার বিবিধ :—বিলাস ও স্বাংশ। আবেশ ও প্রকাশ, অবতারতত্ত্ব, অবতারের লক্ষণ প্রভৃতি বিবিধ বিষয় শাস্ত্রসিদ্ধান্ত ও যুক্তি অবলম্বনে এই এই গ্রন্থে চূড়ান্তভাবে বর্ণিত হইয়াছে। শ্রীভগবানের অবতার প্রধানতঃ ত্রিবিধ :—পুরুষাবতার, গুণাবতার ও লীলাবতার। পুরুষাবতার তিনটি—প্রথম পুরুষ অবতার, দ্বিতীয় পুরুষ অবতার ও তৃতীয় পুরুষ অবতার। গুণাবতার তিনটি—ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র। অনন্তর ২৫টি লীলাবতারের, ১২টি মন্বন্তরাবতারের ও চারিটি যুগাবতারের বিবরণ প্রদত্ত হইয়াছে। লঘু-ভাগবতামৃতের উত্তরখণ্ডে শ্রীপাদ রূপ শাস্ত্র-প্রমাণ দ্বারা দেখাইয়াছেন যে, আরাধনার মধ্যে বিষ্ণুর আরাধনা শ্রেষ্ঠ, এবং তদপেক্ষা তাঁহার ভক্তের আরাধনা আরও শ্রেষ্ঠ। তাঁহার মার্কণ্ডেয়াদি ভক্তগণের মধ্যে প্রহ্লাদ শ্রেষ্ঠ, তদপেক্ষাও পাণ্ডবগণ শ্রেষ্ঠ। তাঁহাদের অপেক্ষাও যাদবগণ শ্রেষ্ঠ, যাদবগণের মধ্যে উদ্ধব শ্রেষ্ঠ, উদ্ধবের অপেক্ষাও ব্রজদেবীগণ শ্রেষ্ঠা এবং তন্মধ্যে শ্রীরাধিকা সর্ব্বশ্রেষ্ঠা ; কিন্তু গ্রন্থখানি এমন সুকৌশলে লিপিবদ্ধ যে,

ইহা অবতারতত্ত্বনিরূপণের সর্ব্বশ্রেষ্ঠ গ্রন্থ বা সমগ্র পুরাণ-শাস্ত্রের পরিভাষাগ্রন্থরূপে ব্যবহৃত হইতে পারে।

শ্রীরূপ গোস্বামী এই কয়েকখানি শ্রেষ্ঠগ্রন্থ ব্যতীত আরও অনেকগুলি ছোট ছোট গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকা, মথুরা-মাহাত্ম্য, স্তবমালাপ্রমুখ গ্রন্থাবলী ব্যতীত পদ্যাবলী নামে একখানি ক্ষুদ্র কবিতাসংগ্রহ গ্রন্থ সুবিখ্যাত।

শ্রীরূপ শ্রীবৃন্দাবনে গমন করিয়া যে শুদ্ধ গ্রন্থরচনা লইয়া ব্যস্ত ছিলেন, তাহা নহে; তিনি অতি প্রাচীন কালে প্রতিষ্ঠিত শ্রীগোবিন্দদেবের মূর্ত্তি উদ্ধার করিয়া তাঁহার সেবা প্রবর্ত্তন করেন। শ্রীরূপের কনিষ্ঠ ভ্রাতা শ্রীবল্লভের পুত্র শ্রীজীব উত্তরকালে প্রব্রজ্যা অবলম্বন করিয়া ইঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়া ইঁহার নিকট অবস্থান-পুরঃসর ভক্তিসাধনায় ও শাস্ত্রসিদ্ধান্তে অসাধারণ সুপরিপক্কতা লাভ করেন।

শ্রীবৃন্দাবনে গমন করিয়া শ্রীরূপ সনাতন যে আদর্শ ভক্তজীবন যাপন করেন, তাঁহার বৃত্তান্ত শ্রীচৈতন্যচরিতামৃত ও ভক্তিরত্নাকরে প্রদত্ত হইয়াছে। শ্রীরূপ গোস্বামী এক দিকে যেমন ডোরকৌপীন-তিলকধারী দীনাতিদীন বৈষ্ণব, তৃণের মত সুনীচ, তরু অপেক্ষাও সহিষ্ণু এবং নিজ মানের দিকে দৃষ্টিপাত না করিয়া অন্যের মানবর্দ্ধনে সতত প্রযত্নশীল, অপর দিকে তিনি ধর্ম্মের আদর্শরক্ষায় ও শাস্ত্রমর্য্যাদারক্ষায় তেমনই তেজস্বী ছিলেন। তাঁহার অলৌকিক গুণে তিনি শ্রীবৃন্দাবনের ভজনশীল বৈষ্ণব-মণ্ডলীর এতাদৃশ প্রিয় হইয়াছিলেন যে, শ্রীরাধাকৃষ্ণ গোস্বামী তাঁহার "সাধন-দীপিকা" গ্রন্থে লিখিয়াছেন—

রূপেতি নাম বদ ভো রসনে সদা ত্বং
রূপঞ্চ সংস্মর মনঃ করুণা-স্বরূপম্।
রূপং নমস্কুরু শিরঃ সদয়াবলোকম্।

শ্রীরূপের হস্তাক্ষর অতি সুন্দর ছিল। শ্রীচৈতন্যদেব তাঁহার হস্তাক্ষর দেখিয়া অতীব প্রীতিলাভ করিয়াছিলেন ; যথা—

"শ্রীরূপের অক্ষর যেন মুকুতার পাঁতি।
প্রীত হঞা করে প্রভু অক্ষরের স্তুতি ॥" চৈঃ চঃ ৽।১

আমরা পূর্ব্বেই বলিয়াছি, অগ্রজ ভ্রাতা সনাতনের সহিত শ্রীরূপের জীবন একসূত্রে গ্রথিত ছিল। দুই ভ্রাতায় পরামর্শ করিয়া ইহাঁরা ব্রজমণ্ডলের ৮০টি লুপ্ত তীর্থের উদ্ধার করেন এবং ব্রজমণ্ডলে গৌড়ীয় বৈষ্ণবগণের বিজয়বৈজয়ন্তী উড্ডীয়মান করেন। শ্রীবৃন্দাবনে বাঙ্গালীর কীর্ত্তিকথার যে ইতিহাস, ইহাঁদের জীবন হইতেই তাহার আরম্ভ। শেষবয়সে ইহাঁরা কি ভাবে জীবন যাপন করিতেন, পদকর্ত্তা রাধাবল্লভ দাসের একটি পদে তাহা সুন্দররূপে ব্যক্ত হইয়াছে। যথা—

"গৌরাঙ্গের যত গুণ কহে রূপ সনাতন
হা নাথ হা নাথ বলি ডাকে।
ব্রজপুরে ঘরে ঘরে মাধুকরী ভিক্ষা করে
এইরূপ কত দিন থাকে ॥

তাহা ছাড়ি কুঞ্জে কুঞ্জে ভিক্ষা করি পুঞ্জে পুঞ্জে
ফল মূল করয়ে ভক্ষণ।
উচ্চৈঃস্বরে আর্ত্তনাদে রাধাকৃষ্ণ বলি কান্দে
এইরূপে থাকে কত দিন ॥

কত দিন অন্তর্দ্ধনা ছাপ্পান্ন দণ্ড ভাবনা
চারি দণ্ড নিদ্রা বৃক্ষতলে।

স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে নাম-গানে সদা থাকে
অবসর নাহি এক তিলে ॥

কখন বনের শাক অলবণে করি পাক
মুখে দেন দুই এক গ্রাস।
ছাড়ি ভোগ বিলাস তরুতলে কৈল বাস
এক দুই তিন উপবাস ॥

সূক্ষ্ম বস্ত্র বাজে গায় ধূলায় লুটায় কায়
কণ্টকে বাজয়ে কভু পাশ।
এ রাধাবল্লভ দাস মনে বড় অভিলাষ
কবে হব তাঁর দাসের দাস ॥

১৪৭৬ শকের আষাঢ়ী পূর্ণিমায় বা মুড়িয়া পূর্ণিমায় শ্রীশ্রীসনাতন গোস্বামীর তিরোভাব হয়। শ্রীসনাতনের তিরোভাবের পর শ্রীরূপ সনাতনের প্রতিষ্ঠিত শ্রীমদনমোহনের মন্দিরে মহামহোৎসব শেষ করেন। ইহাই তাঁহার জীবনের শেষ কার্য্য। ইহার পরেই তিনি প্রিয়তম অভিন্নহৃদয় জ্যেষ্ঠ ভ্রাতার সহিত মিলিত হইবার কালপ্রতীক্ষা করিতে থাকেন। ইহার কিছুদিন পরেই শ্রাবণী শুক্লা দ্বাদশী তিথিতে শ্রীরূপ গোস্বামীর তিরোভাব হয়। শ্রীরূপের ভ্রাতুষ্পুত্র ও শিষ্য স্বনামখ্যাত শ্রীজীব গোস্বামী শ্রীরাধাদামোদরের মন্দিরের পশ্চাতে তাঁহার সুপবিত্র দেহ সমাহিত করেন। এখনও প্রতি বৎসর শ্রাবণদ্বাদশীতিথিতে শ্রীরাধা-দামোদরের মন্দিরে তাঁহার তিরোভাব উৎসব হইয়া থাকে।

বাঙ্গালী জাতির প্রকৃত গৌরব শ্রীরূপ-সনাতনের স্মৃতিকথা বাঙ্গালী মাত্রেরই হৃদয়পটে চিরদিন দেদীপ্যমান হইয়া যখন বিরাজ করিবে— আমাদের বিশ্বাস, তখনই আত্মবিস্মৃত বাঙ্গালী জাতির সুদিন ফিরিয়া

আসিবে। আমরা এই ভ্রাতৃদ্বয়ের পবিত্র চরণকমলে প্রণাম করিয়া শ্রীরূপের জীবনকথা অতি সংক্ষেপে স্পর্শমাত্র করিলাম। ত্রুটিবিচ্যুতির জন্য শ্রীরূপ-সনাতনের ভক্তগণ অনুগ্রহ করিয়া আমাদিগকে ক্ষমা করিবেন —ইহাই প্রার্থনা।

বিনীত—

শ্রীসত্যেন্দ্রনাথ বসু

ললিতমাধবনাটকম

প্রথমাঙ্কঃ

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ।

সুররিপুসুদৃশামুরোজকোকান্ মুখকমলানি চ খেদয়ন্নখণ্ডঃ।
চিরমখিলসুহৃচ্চকোরনন্দী দিশতু মুকুন্দযশঃশশী মুদং বঃ ॥১॥

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

অথ শ্রীনন্দনন্দনান্তঃপুরচরৈর্ভগবদ্ভক্তবরৈঃ শ্রীকৃষ্ণচৈতন্যকৃপাধরৈঃ শ্রীমদ্রূপগোস্বামিচরণৈর্মদেকশরণৈরুজ্জ্বলনীলমণৌ লক্ষিতং সমৃদ্ধিমদাখ্যসম্ভোগং স্ফুটং দর্শয়িতুং বিরচ্যমানস্য ললিতমাধবাখ্যস্য গ্রন্থস্য প্রথমপক্ষং ব্যাচক্ষে সুররিপুসুদৃশামিত্যাদি। মুকুন্দযশ এব শশী বো যুষ্মভ্যং মুদং দিশতু। অখণ্ড ইত্যনেন পূর্ণচন্দ্রস্যোপমানত্বং দর্শিতম্। চন্দ্রস্য সদাতনপূর্ণত্বাভাবাদস্য তৎ সত্ত্বাদ্ব্যতিরেকালঙ্কারো বা। কিং কুর্ব্বন্ সুররিপুসুদৃশামুরোজ এব কোকাস্তান্ মুখান্যেব কমলানি চ খেদয়ন্। অখিলাঃ সুহৃদ এব চকোরাস্তানন্দিতুং শীলং যস্য সঃ। আশীর্ব্বাদস্য প্রাথমিকত্বাত্তদ্রূপমঙ্গলং প্রথমং কৃতম্। সমস্তবস্তুবিষয়রূপকালঙ্কারোঽত্র

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রকে নমস্কার।

অসুরসুন্দরীদিগের স্তনরূপ চক্রবাককে ও তাহাদের মুখকমলকে যাহা ম্লান করে এবং যাহা সকল সুহৃদ্রূপ চকোরদিগকে আনন্দ দান

অপিচ।

অষ্টৌ প্রোক্ষ্য দিগঙ্গনা ঘনরসৈঃ পত্রাঙ্কুরাণাং শ্রিয়া
কুর্ব্বন্মঞ্জুলতাভরস্য চ সদা রামাবলীমণ্ডনম্।

বাচ্যঃ। অপ্রস্তুতপ্রসঙ্গা ব্যঙ্গ্যা। কংসাদি-সুররিপুবিশেষে নন্দাদি-সুহৃদ্বিশেষে চ বক্তব্যো সুররিপুমাত্রস্য সুহৃন্মাত্রস্য চ গ্রহণাৎ॥ ১॥

মুদিরঃ কামুকে মেঘে হর্ষণে চ নিগদ্যতে ইত্যভিধানাৎ। কামুকং হর্ষপ্রদং বা। কৃষ্ণনামানং যশোদাস্তনন্ধয়ম্। কৃষ্ণং শ্যামং মুদিরং মেঘং বা। দিশি দিশি গতা অঙ্গনাঃ শ্রীরাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ভদ্রা একত্রীকৃত্য তা ঘনরসৈরঙ্গাঙ্গীভূত-নিবিড়-শৃঙ্গারবিশেষৈঃ প্রোক্ষ্য নিষিচ্য তর্পয়িত্বা। কস্তূর্য্যা লিখিতপত্রভঙ্গানাং শোভয়া। মনোজ্ঞাতিশয়স্য সম্পত্ত্যা সুন্দরীশ্রেণ্যা মণ্ডনং কুর্ব্বন্ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। বৃত্ত্যর্থে ক্রমেরাত্মপদম্ চ পুনঃ। উজ্জ্বলাখ্যাবতীং চন্দ্রতোপ্যুজ্জ্বলা আকৃতির্যস্যাস্তাং চন্দ্রাবলীং ধারয়ন্। পক্ষান্তরে তু যঃ কৃষ্ণো মেঘো অষ্টৌ

করে, সেই মুকুন্দের অখণ্ড সম্পূর্ণ যশঃশশী নিত্যকাল তোমাদের আনন্দ-বিধান করুক্॥ ১॥

আরও

কৃষ্ণমেঘ যেমন অষ্ট দিগ্‌বধূদের ঘনরসে অভিষিঞ্চিত করে, এবং মঞ্জু-লতাবলীতে পত্রাঙ্কুর সমুদ্গত করাইয়া সদা উপবনসমূহকে (আরামাবলীকে) শ্রীমণ্ডিত করে, এবং স্বীয় পীনোন্নত বক্ষে ভানুচ্ছটার অতুলনীয় আভা এবং চন্দ্রের উজ্জ্বল কান্তি আবৃত করিয়া পরিভ্রমণ করে, সেইরূপ যে হর্ষপ্রদ কৃষ্ণ শ্রীরাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ও ভদ্রা নাম্নী অষ্ট নায়িকাকে আনন্দঘনরসে অভিষিক্ত করেন এবং পত্রলেখা রচনার দ্বারা রামাবলীকে (সুন্দরীগণকে) মঞ্জুলতায় বা

যঃ পীনে হৃদি ভানুজামতুলভাং চন্দ্রাকৃতিং চোজ্জ্বলাং
রুন্ধানঃ ক্রমতে তমত্র মুদিরং কৃষ্ণং নমস্কুর্ম্মহে ॥ ২ ॥

নান্দ্যন্তে সূত্রধারঃ ।—অলমতিবিস্তরেণ । সমন্তাদবলোক্য ।
হন্ত ভোঃ ।

সন্তত-বৃন্দাটবীনিকুঞ্জবেদি-নিবাসদীক্ষারসজ্ঞস্য স্ফুরদ্ভুজদণ্ড-পুণ্ডরীকমণ্ডলীমণ্ডিতব্রহ্মকুণ্ডতীরোপান্তস্থলী-মহাভৌমিকস্য ভগ-

---

দিশোঽঙ্গনা ইব ঘনরসৈর্মেঘপুষ্পৈঃ ঘনরস ইত্যমরাৎ জলৈঃ প্রোক্ষ্য পত্রাঙ্কুরাণাং পুনর্নবো যা লতাস্তাসামতিশয়স্য চ শ্রিয়া শোভয়া সদা আরানাবলীনামুপবনশ্রেণীনাং মণ্ডনং কুর্ব্বন্। যঃ পীনে হৃদি ভানুজাং সূর্য্যাজ্জাতাং অতুলাভামতুল্যাং কান্তিম্। চ পুনরুজ্জ্বলাং চন্দ্রস্যাকৃতিং রুন্ধানঃ আবৃণ্বন্ ক্রমতে তমিত্যাদি পূর্ব্ববদুন্নেয়ং নান্দী নমস্ক্রিয়ান্বিতা বস্তুনির্দ্দেশান্বিতা চ। বস্ত্বত্র ললিতাদিষু তত্রাপি রাধাচন্দ্রাবল্যোশ্চ কৃষ্ণস্যানুরাগস্তাসাং কৃষ্ণে চেতি জ্ঞেয়ম্ ॥ ২ ॥

নান্দ্যন্ত ইতি। নান্দী স্যান্মঙ্গলস্তুতিঃ। তদুক্তং নাটকলক্ষণে প্রস্তাব-

---

সৌন্দর্য্যে মণ্ডিত করেন, এবং অতুল্যদীপ্তি (বৃষ-)ভানু-তনয়া শ্রীরাধাকে এবং চন্দ্র অপেক্ষাও উজ্জ্বলকান্তি চন্দ্রাবলীকে স্বকায় পীনোন্নত বক্ষে ধারণ করেন, সেই জগদ্বিহারী কৃষ্ণকে আমরা নমস্কার করি ॥ ২ ॥

(নান্দী পাঠের পর)

সূত্রধার। অধিক বাহুল্যের প্রয়োজন নাই।

(চতুর্দ্দিকে অবলোকন করিয়া) ওহে নটগণ, শ্রবণ করো—

যিনি বৃন্দাবনের নিকুঞ্জ-বেদীতে নিরন্তর নিবাস করিবার দীক্ষা-রসের

বতো গোপীশ্বরতয়া প্রসিদ্ধস্য চন্দ্রার্দ্ধমৌলেঃ স্বপ্নাবির্ভূতমাদেশ-মাসাদ্য দীপাবলীকৌতুকারম্ভে গোবর্দ্ধনারাধনায় রাধাকুণ্ড-রোধসি মাধবী-মাধবমন্দিরস্য পূর্ব্বতঃ সঙ্গতানি বৈষ্ণব-বৃন্দানি স্বপ্রবন্ধেন ললিতমাধবনাম্না নাটকেনাহমুপস্থাতুং পর্য্যুৎসুকো-ঽস্মি ॥ ৩ ॥

নায়াস্ত মুখে নান্দী কার্য্যা সুখাবহা। আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশান্যতমা মতেতি। তত্রৈব। অর্থস্য প্রতিপাদ্যস্য তীর্থং প্রস্তাবনোচ্যতে ইতি। তস্যান্তে সূত্রধার আহেতি ক্রিয়াঽধ্যাহার্য্যা। এবং পরত্র আহেত্যাদি ক্রিয়াধ্যাহারেণৈবান্বয়ঃ কর্ত্তব্যঃ। সূত্রধারো নটোত্তমঃ। যথা তত্রৈব। সূত্রধারঃ স বিজ্ঞেয়ঃ কথা সূত্রার্থসূচক ইতি। নান্দ্যা অতিবিস্তরেণালং পর্য্যাপ্তম্। অলং ভূষণপর্য্যাপ্তিশক্তিবারণবাচকমিতি। সমন্তাৎ সর্ব্বতো দিশঃ হন্ত ভোঃ ইত্যাদি বিধত্ত কুরুত। হন্ত ভো নটাঃ শৃণুত। ভগবতশ্চন্দ্রার্দ্ধমৌলেঃ শিবস্য স্বপ্ন আবির্ভূতমাদেশমাজ্ঞামাসাদ্য ললিতমাধবনাম্না স্বপ্রবন্ধেন স্বরচিতেন নাটকেন সাধনেন সেবিতে তদভিনীয়েত্যর্থঃ ॥ ৩ ॥

মর্ম্ম অবগত আছেন, যিনি প্রফুল্ল ও উদ্ধনাল কমলমণ্ডলে মণ্ডিত ব্রহ্মকুণ্ডতীরের নিকটবর্ত্তী ভূমির অধিপতি, যিনি গোপীশ্বর বলিয়া প্রসিদ্ধ, যিনি ষড়ৈশ্বর্য্যশালী, সেই চন্দ্রশেখর মহেশ্বরের স্বপ্নাদেশ অনুসারে দীপাবলীর উৎসব আরম্ভে গোবর্দ্ধনের আরাধনার নিমিত্ত রাধাকুণ্ডের তীরে মাধবী-মাধব-মন্দিরের পূর্ব্বদিকে সমাগত বৈষ্ণববৃন্দকে আমি আমার স্বরচিত ললিতমাধব নামক নাটক দ্বারা প্রীত ও সেবা করিবার জন্য সমুৎসুক হইয়াছি ॥ ৩ ॥

তদভীষ্টদৈবতমভ্যর্থয়িষ্যে।

নিজপ্রণয়িতাং সুধামুদয়মাপ্নুবন্ যঃ ক্ষিতৌ
কিরত্যলমুরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ।
স লুঞ্চিততমস্ততির্মম শচীসুতাখ্যঃ শশী
বশীকৃতজগন্মনাঃ কিমপি শর্ম্ম বিন্যস্যতু ॥ ৪ ॥

আকাশে। কিং ব্রবীষি।

ভোঃ হন্ত কথমত্র মহাসাহসে কৃতাধ্যবসায়োঽসীতি।

ভোঃ সত্যমিদং বিদাংকরবাণি। তথাপি পরবানস্মি।
শ্রূয়তাম্॥ ৫

অভীষ্টদৈবতং শ্রীকৃষ্ণচৈতন্যনামানম্॥ ৪ ॥
আকাশ ইতি বাণী জায়তে ইতি। তথাপীতি। শ্রীমহাদেবাধীনোঽস্মি॥৫॥

অতএব আমি আমার অভীষ্ট দেবতার নিকট প্রার্থনা করি।

যিনি ক্ষিতিতলে উদিত হইয়া নিজ প্রেমসুধা প্রচুর পরিমাণে বিকীর্ণ করিতেছেন এবং সেজন্য যাঁহার দ্বিজকুলাধিরাজ নামে প্রসিদ্ধি হইয়াছে, যিনি সমস্ত তম নাশ করিতেছেন, সেই শচীনন্দন শশী আমার কোনও কল্যাণ বিধান করুন ॥ ৪ ॥

(আকাশে কাণ পাতিয়া)

কি বলিতেছ। ওহে, তুমি এমন মহাসাহসিক কর্ম্মে কেন উদ্যোগী হইয়াছ, জিজ্ঞাসা করিতেছ? হাঁ, ইহা সত্য দুঃসাহস, তাহা আমি জানি। তথাপি আমি পরাধীন অর্থাৎ মহাদেবের আজ্ঞাপ্রাপ্ত। শ্রবণ করুন ॥ ৫ ॥

ক্বেয়ং সভা গুণবতী বত মুগ্ধরূপঃ
কাহং জিতোঽস্মি গুরুণা গুরুগৌরবেণ।
আদ্যা মমাদ্য শরণং শরণং গতানাং
দত্তোৎসবস্য করুণা করুণার্ণবস্য॥

পুরস্তাদবলোক্য হন্ত ভোঃ কৃষ্ণপদারবিন্দ-ভৃঙ্গাঃ প্রসাদং বিদধত ভবদ্বিধানামেব কৃপাবলম্বনেনাত্র নিরাতঙ্কমুদ্যতোঽস্মি।

যতঃ।

শান্তশ্রিয়ঃ পরমভাগবতাঃ সমন্তাদ্বৈগুণ্যপুঞ্জমপি সদ্গুণতাং নয়ন্তি।
দোষাবলীমপরিতাপতয়া মৃদূনি জ্যোতীংষি বিষ্ণুপদভাঞ্জি বিভূষয়ন্তি॥৬॥

শান্তশ্রিয় ইত্যাদি। শান্তা পরানুদ্বেজিনী শ্রীস্কর্তনাদিসম্পত্তির্যেষাং তে নয়ন্তি প্রাপয়ন্তি। জ্যোতীংষি নক্ষত্রাণি কর্ত্তৄণি দোষাবলীং রাত্রিশ্রেণীং পক্ষে দোষশ্রেণীমপরিতাপকতয়া বিভূষয়ন্তি তামপরিতাপিকাং কুর্ব্বন্তীত্যর্থঃ।

কোথায় এই গুণবান্‌দিগের সভা আর কোথায় মূঢ়বুদ্ধি রূপ আমি কিন্তু প্রবল গুরু-আজ্ঞার নিকটে পরাজিত হইয়াছি। যিনি শরণাগতকে আনন্দ দান করেন, যিনি করুণার সাগর, সেই করুণাময়ের আদিভব শ্রেষ্ঠতম করুণাই অদ্য আমার একমাত্র আশ্রয় ও শরণ।

(সম্মুখে অবলোকন করিয়া)

ওহে কৃষ্ণের চরণকমলের মধুপগণ, আপনারা আমাকে প্রসাদ বিতরণ করুন। ভবাদৃশ মহৎ ব্যক্তিদের কৃপা অবলম্বন করিয়া আজ আমি এখানে এই মহৎ কর্ম্মে নির্ভয়ে প্রবৃত্ত হইতে উদ্যত হইয়াছি।

ইতি মূর্দ্ধন্যঞ্জলিমাধায় ।

বক্তুং পারমহংস্যপদ্ধতিমিহ ব্যক্তিং গতানাং হি যঃ
সিদ্ধানাং ভুবনে বভূব সনকাদীনাং তৃতীয়ঃ পুরা ।
সাঙ্গং ভক্তিরসং রহস্যমধুনা ভক্তেষু সঞ্চারয়-
ন্নেকঃ সোঽবততার বিশ্বগুরবে পূর্ণায় তস্মৈ নমঃ ॥ ৭ ॥

মৃদুত্বেন শান্তশ্রীবিষ্ণুপদভাক্তেন পরমভাগবতত্বং তেষাং ব্যঞ্জিতম্ । পক্ষে বিষ্ণুপদমাকাশম । বিয়দ্বিষ্ণুপদং বা ত্বিত্যমরকোষাৎ । দৃষ্টান্তনামালঙ্কারঃ । তল্লক্ষণম্—দৃষ্টান্তঃ পুনরেতেষাং সর্ব্বেষাং প্রতিবিম্বনমিতি ॥ ৬ ॥

বক্তুমিত্যাদি । তৃতীয়ঃ শ্রীসনাতনঃ । সনকাদীনাং তৃতীয়ত্বেন বিশ্বগুরুত্বম্ । সাঙ্গভক্তিরসসঞ্চারিত্বেনাস্য পূর্ণত্বং ব্যঞ্জিতম্ ॥৭ ॥

যেহেতু—

শান্তশ্রীসম্পন্ন (শান্তরসাস্পদ) পরম ভগবদ্‌ভক্ত জনগণ সর্ব্বতোভাবে দোষসমূহকেও সদ্‌গুণে পরিণত করিতে পারেন । যেমন উষ্ণতাবিহীন মৃদু কিরণশালী নক্ষত্রপুঞ্জ আকাশে (বিষ্ণুপদে) উদিত হইয়া রজনী সমূহকে (দোষাবলীকে) বিভূষিত করে ॥ ৬ ॥

(এই বলিয়া মাথায় অঞ্জলি স্থাপন করিয়া) যিনি পুরাকালে বা সৃষ্টির প্রারম্ভে ইহ-জগতে পরমহংসদিগের অনুষ্ঠিত ধর্ম্মপদ্ধতি প্রচার করিবার জন্য সনকাদি (সনক সনন্দ সনাতন সনৎকুমার চারি জন) সিদ্ধপুরুষ-দিগের মধ্যে তৃতীয় রূপে (সনাতন নামে) অবতীর্ণ হইয়াছিলেন, অধুনা তিনিই আবার সম্পূর্ণাঙ্গ ভক্তিরসের রহস্য ভক্তগণের মধ্যে সঞ্চার করিবার জন্য একাকী অবতীর্ণ হইয়াছেন, সেই পূর্ণ বিশ্বগুরু সনাতনকে (গ্রন্থকার রূপ গোস্বামীর জ্যেষ্ঠ সহোদর) আমি প্রণাম করি ॥ ৭ ॥

তদহং নিরবদ্যসঙ্গীতবিদ্যায়াং বিদ্যাধরীং মাননীয়াং
মে নটবৃন্দেশ্বরীং বৃদ্ধাং রঙ্গে সন্নিধাপয়িতুমিচ্ছামি ॥ ৮ ॥

প্রবিশ্য নটী। বচ্ছ, রঙ্গমঙ্গলসংবিহাণে সম্পদং অণ-হিণিইট্‌ঠ-
মণীসহ্মি ॥ ৯ ॥

সূত্রধারঃ। আর্য্যে কিমিত্যেবমুচ্যতে। পশ্য পশ্য।

চকাস্তি শরদুৎসবঃ স্ফুরতি বৈষ্ণবানাং সভা
চিরস্য গিরিরুদ্গিরত্যমলকীর্ত্তিধারাং হরেঃ।

মে মাননীয়াং বৃদ্ধাং মুখরাম্। রঙ্গে রঙ্গস্থলে। সন্নিধাপয়িতুং সঞ্চারয়িতুমিচ্ছামীত্যর্থঃ ॥ ৮ ॥

নটী মুখরাবেশধারিণী প্রবিশ্যাহ। বৎস, রঙ্গমঙ্গলসংবিধানে সাংপ্রতমনভি-নিবিষ্টমনাস্মি। বাসনান্তরেণ চিত্তাক্রান্তত্বাদিত্যুত্তরবাক্যানুসারেণ জ্ঞেয়ম্ ॥ ৯ ॥

চকাস্তীত্যাদি। চিরস্য চিরকালং ব্যাপ্য। মাধবনামা শ্রীকৃষ্ণমূর্ত্তিঃ।

এক্ষণে আমি অনিন্দনীয় সঙ্গীতবিদ্যায় বিদ্যাধরীতুল্যা আমার মাননীয়া বৃদ্ধা ও মুখরা নটবৃন্দেশ্বরীকে এই রঙ্গভূমিতে অবতারণ করিতে ইচ্ছা করিতেছি ॥ ৮ ॥

(নটীর প্রবেশ)

নটী। বৎস, সম্প্রতি আমি রঙ্গমঙ্গল সংবিধান করিবার জন্য আমার
মন অভিনির্বিষ্ট করিতে পারিতেছি না ॥ ৯ ॥

সূত্রধার। আর্য্যে, কেন এরূপ বলিতেছেন।

দেখুন, দেখুন—এই শারদোৎসব উজ্জ্বল দীপ্তিতে শোভা পাইতেছে, এই সময় আবার বৈষ্ণবদিগের সভা দেদীপ্যমান হইয়াছে, এবং এই গিরি শ্রীকৃষ্ণের অমল কীর্ত্তিধারা ক্রমাগত উদ্গিরণ করিতেছে, অন্য

কিমন্যদিহ মাধবো মধুরমূর্ত্তিরুদ্ভাসতে
তদেষ পরমোদয়স্তব বিশুদ্ধপুণ্যশ্রিয়ঃ ॥ ১০ ॥

নটী। বচ্ছ, মহানুভাঅ-জণব্বসণ-সংভূদা এসা মে আদঙ্ক-
সিঙ্খলা ণ কৃখু লোঅচরীয়া সাহারণী ॥ ১১ ॥

সূত্রধারঃ। আর্য্যে, নিয়মিতমনৈকান্তিকানি ভবন্তি মহানু-
ভাবানাং ব্যসনানি ॥ ১২ ॥

উদ্ভাসতে শোভতে তত্তস্মাত্তব বিশুদ্ধপুণ্যশ্রিয় এষ পরমোদয়ো বর্ত্ততে। সং-
সঙ্গস্তু বিশুদ্ধপুণ্যেনৈব ভবতীতি ধ্বনিতম্॥ ১০ ॥

নটী মুখরাহ। বৎস, মহানুভাবজনব্যাসনসম্ভূতা এষা মে আতঙ্কশৃঙ্খলা
ন খলু লোকচর্য্যা সাধারণী। ব্যসনং বিপত্তিঃ। ব্যসনং বিপদি ভ্রংশে
দোষে কামজ-কোপজে ইতি কোষাৎ॥ ১১ ॥

সূত্রধার আহ। নিয়তং নিশ্চিতম্। অনৈকান্তিকানি অনিত্যানি
ব্যসনানি বিপত্তয়ঃ॥ ১২ ॥

কথা আর কি বলিব, এখানে মধুরমূর্ত্তি মাধবও স্বয়ং উদ্ভাসিত
হইতেছেন, অতএব এই শুভক্ষণ আপনার বিশুদ্ধ পুণ্যশ্রীর পরম উদয়
বলিয়া জানিতে হইবে॥ ১০॥

নটী। বৎস, কোনও মহানুভাবসম্পন্ন ব্যক্তির বিপদের জন্যই আমার এই
আতঙ্ক-শৃঙ্খলা আমাকে বেষ্টন করিয়াছে, নতুবা ইহা সাধারণ লোকা-
চারের জন্য নহে॥ ১১ ॥

সূত্রধার। আর্য্যে, মহানুভাবদিগের বিপত্তি সর্ব্বদাই অনিত্য অর্থাৎ অল্প-
কালস্থায়ী হইয়া থাকে, ইহাই জগতের নিয়ম॥ ১২ ॥

তথাহি।

বিপিনং যদি বা দিগন্তরাণি ত্রিদিবং বা গমিতং রসাতলং বা।
স্বপদান্তিকমানয়ত্যবশ্যং ভগবান্ ভক্তজনং ন মোক্তুমিষ্টে॥ ১৩॥

বিপিনমিত্যাদি। তমোময়েন প্রাচীনকর্ম্মণা বিপিনং গমিতং পশুত্বং প্রাপিতম্। রজোময়েন দিগন্তরাণি গমিতং নরত্বং প্রাপিতম্। সত্ত্বময়েন ত্রিদিবং গমিতং দেবত্বং প্রাপিতম্। অতিগর্হ্যপ্রাচীনকর্ম্মণা রসাতলং গমিতং নারকিত্বং প্রাপিতম্। ভক্তজনং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি। ন মোক্তুং ন ত্যক্তুমীষ্টে। মুক্তিং দাতুং বা নেষ্টে ন বাঞ্ছতীতার্থঃ। কিন্তু নিজসেবকং করোতীত্যর্থঃ। অত্রাপ্যপ্রস্তুতপ্রশংসালঙ্কারঃ। শ্রীরাধিকাদি-ভক্তানাং চরিতে বক্তব্যে সামান্যভক্তানাং চরিতবর্ণনাৎ। অত্র সামান্য-ভক্তানাং চরিতং ব্যাখ্যাতম্। শ্রীরাধিকাদি ভক্তবৃন্দস্য বিপিনং খাণ্ডবাদি-বনং দিগন্তরাণি প্রাগ্জ্যোতিষপুরাদীনি ত্রিদিবং সূর্য্যমণ্ডলম্। রসাতলং জাম্ববদ্গৃহং বা গমিতং হরিমায়য়া প্রাপিতং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি তন্মোক্তুং নেষ্টে ইতি বিশেষো জ্ঞেয়ঃ॥ ১৩॥

যেহেতু—

ভক্তজন যদি বনে অথবা দিগন্তরে কিংবা আকাশে বা পাতালে গমন করেন, ভগবান্ তাঁহাকে অবশ্যই স্বকীয় চরণ-সকাশে আনয়ন করেন, কখনও তাঁহাকে পরিত্যাগ করেন না। (অথবা ভক্তজন যদি তমোময় অতীত কর্ম্মফলে বনে গমন করেন অর্থাৎ পশুত্ব প্রাপ্ত হন, অথবা রজোময় কর্ম্ম হেতু দিগন্তরে গমন করেন অর্থাৎ নরত্ব প্রাপ্ত হন, অথবা সত্ত্বময় কর্ম্ম করিয়া স্বর্গে গমন করেন অর্থাৎ দেবত্ব প্রাপ্ত হন, অথবা অতিগর্হিত কর্ম্ম-নিবন্ধন রসাতলে গমন করেন

নটী। পুত্ত, সচ্চং ভণাসি ; তহবি সিণেহাণং কৃখু বিবেঅহারিণী পইদিত্তি মুজ্ঝিম্হি ॥ ১৪ ॥

সূত্রধারঃ। আর্য্যে, কথয় কুত্র নিবদ্ধস্নেহাসি ?

নটী। পুত্ত, অত্থি চারণউলণন্দণো কোবি কলাণিহিনাম ॥ ১৫ ॥

নটীতি। পুত্র, সত্যং ভণসি, তথাপি স্নেহানাং খলু বিবেকহারিণী প্রবৃত্তিরিতি মুগ্ধাস্মি ॥ ১৪ ॥

নটীতি মুখরাগঃ। পুত্র, অস্তি চারণকুলনন্দনঃ কোহপি কলানিধির্নাম। চারণা অত্র নটাঃ পক্ষে আভীরাশ্চ। উপদেবে চারণঃ স্যাদাভীরে চ নটেহপি চেতি বিশ্বকোষাৎ। চারণকুলেত্যাদিকং ভারতীবৃত্ত্যঙ্গানাং মুখান্তর্গতবীথ্যঙ্গভূতমুদ্ঘাত্যকমিদম্। তল্লক্ষণং যথা। পদানীত্যগতার্থানি তদর্থগতয়ে নরাঃ। যোজয়ন্তি পদৈরন্যৈস্তদুদ্ঘাত্যকমুচ্যতে. ইতি। অত্র চারণকুলনন্দনপদং আভীরকুলনন্দনপদেন কলানিধিপদং শ্রীকৃষ্ণপদেন যোজিতম্। স তু কৃষ্ণোহপি চতুঃষষ্টিকলানাং নিধিরাশ্রয়ঃ ॥ ১৫ ॥

অর্থাৎ নরকে গমন করেন, তথাপি ভগবান্ আপনার ভক্তজনকে কখনও পরিত্যাগ করেন না, তাঁহাকে নিশ্চয়ই নিজ চরণ-সকাশে আনয়ন করেন) ॥ ১৩ ॥

নটী। পুত্র, তুমি সত্য কথাই বলিয়াছ, তথাপি স্নেহের মোহে মানুষের বিবেক বা বিচারবুদ্ধি আচ্ছন্ন হইয়া যায়, সেই স্নেহাতিশয্যতায় আমি মুগ্ধ হইয়াছি ॥ ১৪ ॥

সূত্রধার। আর্য্যে, বলুন তো আপনি কোথায় স্নেহে নিবদ্ধ হইয়াছেন।

নটী। পুত্র, চারণকুলনন্দন কলানিধি নামে কোনও এক ব্যক্তি আছেন।

সূত্রধারঃ। কস্তং ন জানীয়াৎ। যতঃ।

বরতাণ্ডববীথিপণ্ডিতো গুণশালী নবযৌবনোন্মুখঃ।
প্রথিতো ভুবি সঙ্গরাঙ্গনে রিপুভঙ্গোদ্ধুরধীঃ কলানিধিঃ ॥১৬॥

নটী। বিহিণো আণুউল্লেণ উবাত্থদা ণত্তিণী বুড্ঢিএ মএ সংভাবিদা।
তারা নাম লোওত্তরা কণ্ণআ তস্স দাতুং সঙ্কপ্পিদা ॥ ১৭ ॥

বীথিঃ শ্রেণী। বীথ্যালিরাবলিঃ পঙ্‌ক্তিঃ শ্রেণী লেখাস্ত রাজয় ইত্যমরঃ। সঙ্গরাঙ্গনং যুদ্ধস্থানম্ ॥ ১৬ ॥

নটীতি মুখরাহ। বিধেরানুকূল্যোনোপস্থিতা নপ্ত্রী বৃদ্ধয়া ময়া সম্ভাবিতা। তারা নাম লোকোত্তরা কন্যকা তস্মৈ দাতুং সঙ্কল্পিতা। নপ্ত্রী তু দুহিতুঃ সুতা। সম্ভাবিতা লব্ধা। তারাপদং রাধাপদেন যোজিতম্। তস্মৈ কলানিধয়ে ॥ ১৭ ॥

(অর্থাৎ গোপকুলের আনন্দদায়ক সকল কলায় কুশল কোনও লোক অর্থাৎ শ্রীকৃষ্ণ আছেন) ॥ ১৫ ॥

সূত্রধার। তাঁহাকে কে না জানে। যেহেতু—তিনি বহুবিধ উত্তম নৃত্যকলায় সুশিক্ষিত, তিনি গুণশালী, নবযৌবনোন্মুখ অর্থাৎ নবকিশোর, জগতে প্রসিদ্ধ, যুদ্ধক্ষেত্রে শত্রুবিজয়ে দৃঢ়বুদ্ধি, সকল কলায় পারদর্শী ॥ ১৬ ॥

নটী। বিধাতার অনুগ্রহে বৃদ্ধা আমি একটি নাতিনী লাভ করিয়াছি, তাহার নাম তারা (রাধা), সেই অলোকসামান্যা কন্যাকে আমি সেই কলানিধির হস্তে সম্প্রদান করিতে সঙ্কল্প করিয়াছি ॥ ১৭ ॥

সূত্রধারঃ। লোকে ধিক্কারভিয়া বিধিস্তথা সাধুবাদলোভেন।
মিথুনং মিথোঽনুরূপং ঘটয়তি দুর্ঘটমপি প্রসভম্ ॥ ১৮ ॥

নটী। ণং কৃখু অহিলসন্তেণ দেসাহিআরিণা কিরাদরাএণ ণচ্চণ-বিলোঅণ-ছলাদো কলাণিহিং আআরিঅ ইমস্স পরাভবো অজ্ঝবসায়দিত্তি ॥ ১৯ ॥

সূত্রধারঃ। আর্য্যে মাং জ্যোতির্বিদং বিদ্ধি। তদস্য বর্ত্তমান-লগ্নানু-সারেণ তত্ত্বং তে বর্ণয়ামীতি বিমৃশ্য সহর্ষম্। হস্ত মা তে চিন্তাভূৎ।

সূত্রেতি। প্রসভং বলাৎ। প্রসভং স্যাদ্বলাৎকার ইতি কোষাৎ ॥ ১৮ ॥

নটীতি। এতাং খলু অভিলষতা দেশাধিকারিণা কিরাতরাজেন নর্ত্তন-বিলোকনচ্ছলাৎ কলানিধিমাহূয় ইমস্য কৃষ্ণস্য পরাভবোঽধ্যবসীয়তে ॥ ১৯॥

সময় ইতি। তেন কলানিধিনা গুণবতি পূর্ণমনোরথনাম্নি সময়ে। নটতেত্যাত্মপুদ্দবাতা কতয়া সূত্রধারেণ যোজিতম্ ॥ ২০ ॥

সূত্রধার। এই বর-কন্যার মিলন অতি দুর্ঘট ; কিন্তু পাছে লোকে তাঁহাকে ধিক্কার দেয়, এই ভয়ে এবং লোকের কাছে প্রশংসা পাইবার লোভে বিধাতা পরস্পরের যোগ্য এই বর-কন্যার মিলন একরকম বলপূর্ব্বকই সংঘটন করিতেছেন ॥ ১৮ ॥

নটী। কিন্তু এই দেশের অধিকারী কিরাতদিগের রাজা (অর্থাৎ ব্যাধধর্ম্মী কংস) এই কন্যাকে লাভ করিবার অভিলাষ করিয়াছে, এবং সেই জন্য সে কলানিধির (শ্রীকৃষ্ণের) পরাভব ইচ্ছা করিয়া তাহাকে নৃত্য দেখাইবার ছলে কলানিধিকে স্বীয় রাজধানীতে আহ্বান করিয়াছে ॥ ১৯ ॥

সূত্রধার। আর্য্যে, আমাকে আপনি জ্যোতির্ব্বিদ বলিয়া জানিবেন। সেই

তথাহি ।—নটতা কিরাতরাজং নিহত্য রঙ্গস্থলে কলানিধিনা ।
সময়ে তেন বিধেয়ং গুণবতি তারাকরগ্রহণম্ ॥ ২০ ॥

(নেপথ্যে) হন্ত রাধামাধবয়োঃ পাণিবন্ধং কংসভূপতের্ভয়াদভি-
ব্যক্তামুদাহর্ত্তুমসমর্থো নটতা কিরাতরাজমিত্যপদেশেন বোধয়ন্
ধন্যঃ কোঽয়ং চিন্তাবিক্লবাং মামাশ্বাসয়তি ।

সূত্রধারঃ । (নেপথ্যাভিমুখমবলোক্য) পশ্য পশ্য ।
অম্বা সান্দীপনিমুনিপতেরত্র শিষ্যেতি সাধ্বী
যাতা লোকে পরিচয়মুষেবল্লবীবল্লভস্য ।

জন্য আমি আজ বর্ত্তমান লগ্ন অনুসারে আপনার নিকট যাহা হইবে, তাহা যথাযথ বর্ণনা করিতেছি, শ্রবণ করুন ।

(ক্ষণকাল চিন্তা করিয়া সহর্ষে) আপনি কোনও চিন্তা করিবেন না, যেহেতু—

কলানিধি রঙ্গভূমিতে নৃত্য করিতে করিতে কিরাতরাজকে হত্যা করিয়া যথাসময়ে শুভক্ষণে তারার পাণিগ্রহণ করিবেন ॥ ২০ ॥

(নেপথ্যে) কি আনন্দের ব্যাপার ! রাধা-মাধবের পাণিগ্রহণের কথা কংস-রাজার ভয়ে স্পষ্ট ভাষায় প্রকাশ করিতে অসমর্থ হইয়া "কলানিধি রঙ্গভূমিতে নৃত্য করিতে করিতে কিরাতরাজকে হত্যা করিয়া যথাসময়ে শুভক্ষণে তারার পাণিগ্রহণ করিবেন" এই কথা বলার ছলে তাহাই জানাইয়া দিয়া চিন্তায় কাতরা আমাকে পরম আশ্বাস দিলেন, এমন ধন্য ব্যক্তি ইনি কে ?

সূত্রধার । (নেপথ্যের দিকে দৃষ্টিপাত করিয়া) দেখুন, দেখুন,—

কাশশ্রেণী-ধবল-চিকুরা ব্যাহরন্তীহ গার্গীং
রঙ্গে ধন্যা প্রবিশতি পুরঃ সংভ্রমাৎ পৌর্ণমাসী ॥ ২১ ॥
তদেহি তূর্ণমুত্তরভূমিকাং গ্রহীতুং প্রযাব। ইতি নিষ্ক্রান্তৌ।
প্রস্তাবনা ॥ ২২ ॥
ততঃ প্রবিশতি যথানির্দ্দিষ্টা পৌর্ণমাসী।
পৌর্ণমাসী। হন্ত রাধামাধবয়োরিতি পঠিত্বা বৎসে গার্গি শ্রূয়তাম্।

নারদস্য শিষ্যেতি পরিচয়ং যাতা কাশপদেন কাশপুষ্পাণি লক্ষ্যান্তে। গার্গীং নান্দীমুখীম্। সংভ্রমাৎ সংভ্রমং প্রাপ্য ॥ ২১ ॥

প্রস্তাবনা প্রসঙ্গেন ভবেৎ কার্য্যস্য কীর্ত্তনম্। অর্থস্য প্রতিপাদ্যস্য তীর্থং প্রস্তাবনোচ্যতে ॥ ২২ ॥

মুখসন্ধেরুপক্ষেপনাম সন্ধ্যঙ্গমিদম্। উপক্ষেপলক্ষণম্।—উপক্ষেপস্তু

যিনি মুনিশ্রেষ্ঠ সান্দীপনির জননী, বীণাবাদনরসিক দেবর্ষি নারদের শিষ্যা, ভুবনে সাধ্বী বলিয়া সুবিখ্যাতা, যাঁহার কেশ কাশপুষ্পের তুল্য শুভ্র, সেই ধন্যা পৌর্ণমাসী গর্গদুহিতা নান্দীমুখীর সহিত কথা কহিতে কহিতে দ্রুতপদে রঙ্গভূমির দিকে অগ্রসর হইয়া আসিতেছেন ॥ ২১ ॥

অতএব এস, আমরা শীঘ্র ইহার পরবর্ত্তী অভিনয়ের উপযুক্ত বেশ গ্রহণ করিবার জন্য গমন করি।

[উভয়ের প্রস্থান।

ইতি প্রস্তাবনা ॥ ২২ ॥

(অনন্তর যথানির্দ্দিষ্ট স্থানে ও ব্যাপারে নিযুক্তা পৌর্ণমাসীর প্রবেশ)

পৌর্ণমাসী। কি আনন্দের ব্যাপার! রাধা-মাধবের পাণিগ্রহণের কথা

কৃষ্ণাপাঙ্গ-তরঙ্গিত-দ্যুমণিজা-সম্ভেদ-বেণীকৃতে
রাধায়াঃ স্মিতচন্দ্রিকাসুরধুনীপুরে নিপীয়ামৃতম।
অন্তস্তোষ-তুষার-সংপ্লব-লবব্যালীঢ়-তাপোচ্চয়া
ক্রান্তাঃ সপ্ত জগন্তি সংপ্রতি বয়ং সর্ব্বোর্দ্ধমধ্যাস্মহে ॥ ২৩ ॥

বীজস্য সূচনং কথ্যতে বুধৈরিতি। অত্র রাধাকৃষ্ণয়োরনুরাগবীজ-সূচনমুপক্ষেপঃ। দ্যুমণিজা যমুনা। সম্ভেদবেণীকৃতে মিলনেন যুগ্মত্বং প্রাপিতে। সংপ্লবং মজ্জনম্ ॥ ২৩ ॥

কংস-রাজার ভয়ে স্পষ্ট ভাষায় প্রকাশ করিতে অসমর্থ হইয়াও নৃত্য করিতে করিতে কৌশলে কিরাতরাজকে তাহা বুঝাইয়া দিতে পারিলেন, এমন ধন্য ব্যক্তি কে? তিনি চিন্তায় কাতরা আমাকে পরম আশ্বাস দিলেন।

(পূর্ব্বে নেপথ্য হইতে কথিত উক্তি বলিতে বলিতে প্রবেশ করিয়া তিনি তাঁহার সহচরী গর্গ-দুহিতা নান্দীমুখীকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন) বৎসে গার্গি, শ্রবণ কর—

শ্রীকৃষ্ণের দৃষ্টি-কটাক্ষ-তরঙ্গে চঞ্চল যেন তপন-তনয়া যমুনা নদী, আর রাধার স্মিতহাস্য যেন শুভ্র চন্দ্র-কিরণ তুল্য সুরধুনী-ধারা। এই উভয়ের যুক্তবেণীর পবিত্র তীর্থে অমৃত পান করিয়া আমাদের অন্তরে যে সন্তোষ উদিত হইয়াছে, তাহা তুষার-প্লাবনের ন্যায় আমাদের অন্তরের সমস্ত তাপ বিনাশ করিয়া দিয়াছে। ইহাতে আমাদের মনে হইতেছে, আমরা যেন সপ্ত জগৎ অতিক্রম করিয়া সংপ্রতি সকলের ঊর্দ্ধস্থানে অধিষ্ঠান করিতেছি ॥ ২৩ ॥

গার্গী। অজ্জে অহিমণ্ণুণা রাহাএ উব্বাহো তুএ চ্চেঅ কারিদো তা কিত্তি পুণোবি হরিণা সমং অহিলসিজ্জই ॥ ২৪ ॥

পৌর্ণমাসী। পুত্রি মায়াবিবর্ত্তোঽয়ম্। নচেদ্বিরিঞ্চের্বরামৃতেন সমৃদ্ধৈর্বিন্ধ্যানগস্য তপঃপ্রসূনৈর্গুম্ফিতাং মাধবহৃন্মেদুরতাকারি-মাধুরি-মকরন্দাং রাধিকাবৈজয়ন্তীং কথং পৃথগ্‌জনঃ পাণৌ কুর্ব্বীত ॥ ২৫ ॥

গার্গীতি। আর্য্যে, অভিমন্যুনা সহ রাধিকায়া উদ্বাহস্ত্বয়া এব কারিতঃ। তৎ কিমপি পুনরপি হরিণা সমং অভিলষ্যতে ॥ ২৪ ॥

মায়াবিবর্ত্তঃ (অন্যধর্ম্মস্যান্যত্রারোপো বিবর্ত্তঃ)। সাদৃশ্যজ্ঞানেন শুক্তৌ রজতবন্মায়য়াং শ্রীরাধায়া আরোপোঽয়ং কৃতঃ। চেদ্‌যদি মায়াবিবর্ত্তো ন স্যাত্তর্হি কথং পৃথগ্‌জনো রাধিকাবৈজয়ন্তীং পাণৌ কুর্ব্বীত। পৃথগ্‌জনঃ পামরঃ। পাণিগৃহীত্রীং কুর্য্যাৎ। শ্লেষেণ পাণাবপি কথং কুর্ব্বীত। বিবর্ণঃ পামরো নীচঃ প্রাকৃতশ্চ পৃথগ্‌জন ইত্যমরাৎ। পক্ষে মাধবাৎ পৃথগ্‌জনোঽন্যো জনঃ ॥ ২৫ ॥

গার্গী। আর্য্যে, আপনিই পূর্ব্বে অভিমন্যুর সহিত রাধার বিবাহ সংঘটন করিয়া দিয়াছিলেন। তবে কেমন করিয়া পুনরায় রাধার সহিত কৃষ্ণের মিলন অভিলাষ করিতেছেন? ২৪

পৌর্ণমাসী। বৎসে, এ কেবল মায়ার মতিভ্রম, (মায়ার বশে এক বস্তুতে অপর বস্তু বলিয়া ভ্রম হইতেছে, যেমন শুক্তিতে রজত অথবা রজ্জুতে সর্প-ভ্রম হয়, সেইরূপ) নতুবা বিধাতার বর-রূপ অমৃত দ্বারা সমৃদ্ধ, বিন্ধ্য-পর্ব্বতের তপস্যা-রূপ কুসুমে গ্রথিত, মাধবের হৃদয়ের স্নিগ্ধতা-সম্পাদন-কারিণী মাধুরী-মকরন্দ-স্বরূপিণী বৈজয়ন্তী-মালিকা সদৃশী রাধিকার পাণিগ্রহণ করিতে পৃথক্ বা নীচ ব্যক্তি কেমন করিয়া সমর্থ হইতে পারে? ॥২৫॥

গার্গী। কেরিসং তং বরামিঅং ॥ ২৬ ॥

পৌর্ণমাসী। তদভীষ্টমেব ধূর্জটের্জিত্বর-জামাতৃকং বিন্ধ্য।
গুণবিস্মাপিতভুবনং ভবিতা তব বালিকাযুগলম্ ॥ ২৭ ॥

গার্গী। পুত্তং মুক্কিঅ কণ্ণআ কহং বিঞ্‌ঝস্‌স অহিট্ঠা সংবুত্তা ॥ ২৮ ॥

পৌর্ণমাসী। জামাতৃসম্পদ্‌গর্ব্বিতস্য গৌরীপিতুর্গিরীন্দ্রস্য বিস্পর্দ্ধয়া ॥ ২৯ ॥

গার্গীতি। কীদৃশং তং বরামৃতম্ ॥ ২৬ ॥

পৌর্ণ ইতি। বিন্ধ্যং প্রতি বিরিঞ্চের্ব্বরামৃতং পৌর্ণমাস্যোক্তং ধূর্জটির্নীল-লোহিত ইত্যমরাৎ। ধূর্জটিজিত্বরো জামাতা যস্মাত্তস্মাৎ। জামাতা দুহিতুঃ পতিঃ। জামাতা বল্লভে সূর্য্যাবর্ত্তে চ দুহিতুঃ পত্যাবিত্যভিধানাৎ ॥ ২৭ ॥

গার্গীতি। পুত্রং মুক্ত্বা কন্যকা কথং বিন্ধ্যস্যাভীষ্টা সংবৃত্তা ॥ ২৮ ॥

পৌর্ণ ইতি। গৌরীপিতৃত্বেন গিরীন্দ্রস্য হিমালয়স্য বাঞ্ছিতম্। বিস্পর্দ্ধয়া মাৎসর্য্যেণেত্যর্থঃ ॥ ২৯ ॥

গার্গী। কিরূপ সেই বিন্ধ্য পর্ব্বতের বরামৃত? ॥ ২৬ ॥

পৌর্ণমাসী। বিধাতা বিন্ধ্য পর্ব্বতকে এই বলিয়া বর দিয়াছিলেন যে, হে বিন্ধ্য, তোমার অভিলাষ-অনুযায়ী এমন দুইটি কন্যা হইবেন, যাঁহারা স্বীয় গুণ দ্বারা ভুবনকে বিস্ময়াপন্ন করিবেন, এবং জামাতা ধূর্জটি-বিজয়ী হইবেন ॥ ২৭ ॥

গার্গী। পুত্র-বর পরিত্যাগ করিয়া বিন্ধ্য কি কারণে কন্যালাভে অভিলাষ করিলেন? ॥ ২৮ ॥

পৌর্ণমাসী। জামাতার সম্পদে গর্ব্বিত গৌরীপিতা গিরীন্দ্র হিমালয়ের সৌভাগ্যের প্রতি স্পর্দ্ধা করিয়া ॥ ২৯ ॥

গার্গী। অম্মহে সগোত্তুক্কুরিসং সোঢ়ুং এসো ণ কৃখমো যং পুরা মেরুং জেতুকামো বি কুম্ভজোণিং সম্মাণিঅ উণ ণ বড্ঢিদো ॥ ৩০ ॥

পৌর্ণমাসী। বাঢ়মীদৃগেব স্বভাবো মনস্বিনাম্।

গার্গী। কেণ রাহা বিঞ্ঝাদো গোউলং লব্ভিদা।

পৌর্ণমাসী। জাতহারিণ্যা পূতনয়া ॥ ৩১ ॥

গার্গীতি। আশ্চর্য্যাং স্বগোত্রোৎকর্ষং সোঢ়ুং এষো ন ক্ষমো যৎ পুরা মেরুং জেতুকামোঽপি কুম্ভযোনিং সম্মান্য পুনর্ন বর্দ্ধিতঃ ॥ ৩০ ॥
কেন রাধিকা বিন্ধ্যাতো গোকুলং লম্ভিতা ॥ ৩১ ॥

গার্গী। ও মা! এই বিন্ধ্য সগোত্রের (নিজ জ্ঞাতির ও স্বজাতীয় পর্ব্বতের) উৎকর্ষ সহ্য করিতে কোনও কালেই সক্ষম নহেন, যেহেতু তিনি ইহার পূর্ব্বেও মেরু পর্ব্বতকে জয় করিবার কামনা করিয়া ক্রমাগত বর্দ্ধিত হইতেছিলেন, কুম্ভযোনি অগস্ত্য ঋষিকে সম্মান করিয়া তিনি আর আপনাকে বর্দ্ধিত করিতে পারেন নাই ॥ ৩০ ॥

পৌর্ণমাসী। হাঁ, সত্যই, মনস্বীদিগের স্বভাব এইরূপই হইয়া থাকে।

গার্গী। কোন্ ব্যক্তি বিন্ধ্য পর্ব্বতের নিকট হইতে রাধিকাকে গোকুলে আনয়ন করিল?

পৌর্ণমাসী। জন্মমাত্র শিশুকে হরণ করিয়া লয় যে, সেই জাতহারিণী পূতনা রাক্ষসী ॥ ৩১ ॥

গার্গী। (সভয়ম্) অজ্জে জাদহারিণীহিং কৃখু বালআ ভুঞ্জিঅন্তি তা দিট্‌ঠিআ উব্বরিদা কল্লাণী।

পৌর্ণমাসী। পুত্রি লোকোত্তরাণাং কুমারাণাং সংহারায় কুমারীণাং পুনরপহারায়ৈব কংসেন সা নিযুক্তা॥ ৩২॥

গার্গী। কথং এত্থ উহয়স্মিং রণ্ণা পউত্তং॥

পৌর্ণমাসী। দেব্যাঃ দেবকীবালিকায়া ব্যাহারেণ।

গার্গী। কেরিসো ববাহারো॥ ৩৩॥

গার্গীতি। আর্যে জাতহারিণীভিঃ খলু বালকা ভুজ্যন্তে তদ্দিষ্ট্যা উদ্ধরিতা কল্যাণী॥ ৩২॥

গার্গীতি। কথমত্র উভয়স্মিন্ রাজ্ঞা প্রবৃত্তম্।

পৌর্ণ ইতি। ব্যাহার উক্তির্লপিতং ভাষিতং বচনং বচ ইত্যমরাৎ।

গার্গীতি। কীদৃশো ব্যাহারঃ॥ ৩৩॥

গার্গী। (সভয়ে) আর্যা, জাতহারিণীরা তো বালকদিগকে ভক্ষণ করিয়া ফেলে। সেই জাতহারিণীর কবল হইতে এই কল্যাণী কন্যা যে রক্ষা পাইলেন, ইহা অতিশয় সৌভাগ্যের বিষয়।

পৌর্ণমাসী। বৎসে! অসামান্য কুমারীদিগকে সংহার করিবার ও কুমারী-দিগকে অপহরণ করিবার জন্য কংস কর্তৃক এই পূতনা নিযুক্ত হইয়াছিল॥ ৩২॥

গার্গী। এই উভয় কর্ম্মে রাজা কংসের প্রবৃত্তি কেন হইল?

পৌর্ণমাসী। দেবী দেবকীকন্যার বাক্য অনুসারে।

গার্গী। সেই বাক্য কি? ৩৩॥

পৌর্ণমাসী। যস্তুঙ্গেন পুরোত্তমাঙ্গমহরচ্চক্রেণ তে সঙ্গরে
যং বৃন্দারকবৃন্দবন্দিতপদদ্বন্দ্বারবিন্দং বিদুঃ।
আনন্দামৃতসিন্ধুভিঃ প্রণয়িনাং সন্দোহমানন্দয়ন্
প্রাদুর্ভাবমবিন্দদেষ জগতী-কন্দোহদ্য চন্দ্রোদয়ে ॥ ৩৪ ॥

কিঞ্চ।—

মত্তঃ সত্তমমাধুরীভিরধিকাঃ শ্বো বা পরশ্বোঽথবা,
গন্তারঃ ক্ষিতিমণ্ডলে প্রকটতামষ্টৌ মহাশক্তয়ঃ।

পৌর্ণ ইতি। অরে কংস যং পুরা জিতরূপঃ সন্ কালনেমিরূপস্ত তে তবোত্তমাঙ্গং মস্তকং চক্রেণাহরৎ ॥ ৩৪ ॥

অন্যদপ্যুক্তং দেব্যা তদাহ কিঞ্চেত্যাদিনা। গন্তারঃ গমিষ্যন্তি। অষ্টৌ রাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ভদ্রা। তত্র তাস্বষ্টসু মধ্যে উভে স্বসারৌ রাধা-চন্দ্রাবল্যৌ গুণবৃন্দমন্দিরতয়া বৃন্দিষ্ঠে প্রশস্তবৃন্দযুক্তে। পৃথয়োস্ত যয়োঃ সন্তি কোটিসংখ্যা মৃগীদৃশ ইতি

পৌর্ণমাসী। যিনি তোমার পূর্ব্বজন্মে যুদ্ধক্ষেত্রে উন্নত চক্র দ্বারা (কালনেমি নামক) তোমার মস্তক ছেদন করিয়া ফেলিয়াছিলেন, যাঁহার পদারবিন্দদ্বয় দেবতাবৃন্দ বন্দনা করেন বলিয়া সর্ব্বলোকে সুবিদিত, যিনি জগতের মূলস্বরূপ, তিনি অদ্য আনন্দামৃতসিন্ধুর দ্বারা প্রণয়িগণকে আনন্দ দান করিয়া চন্দ্রোদয়ের সময়ে প্রাদুর্ভূত হইয়াছেন ॥৩৪॥

দেবী আরও বলিয়াছেন—

আমা অপেক্ষা অধিকতর অত্যুত্তম মাধুর্য্যশালিনী অষ্ট মহাশক্তি (রাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ও ভদ্রা) কল্য হউক অথবা পরশ্ব হউক, ক্ষিতিমণ্ডলে প্রকাশিত হইবেন। তাঁহাদের মধ্যে

বৃন্দিষ্ঠে গুণবৃন্দ-মন্দিরতয়া তত্র স্বসারাবুভে
রাজেন্দ্রো ভবিতা হরস্য চ জয়ী পাণৌ গৃহীতা যয়োঃ ॥ ৩৫ ।

গার্গী । কা পউত্তী দুদিএ বহ্‌ণীএ ।

পৌর্ণমাসী । রক্ষোঘ্নমন্ত্রকৃতিনাদ্রিপুরোহিতেন
বিত্রাসবিক্লবমতেঃ সমনুদ্রুতায়াঃ ।
আদ্যা ততঃ করতলাৎ কিল পূতনায়া
নদ্যাঃ প্লবে পরিপপাত বিদর্ভগায়াঃ ॥ ৩৬ ॥

বক্ষ্যমাণনির্দ্দেশাৎ । অথবা বৃন্দারকস্য বৃন্দাদেশ ইষ্ঠে পরে । বৃন্দিষ্ঠে অতিশয়মনোজ্ঞে বৃন্দারকঃ সুরশ্রেষ্ঠে মনোজ্ঞেঽপি চ বাচাবদিতি কোষাৎ । যয়োঃ স্বস্রো রাধাচন্দ্রাবল্যোঃ পাণৌ গৃহীতা ভর্ত্তা রাজেন্দ্রো ভবিতা বাণাসুরযুদ্ধে হরস্য জয়ী ভবিতেত্যর্থঃ ॥ ৩৫ ॥

গার্গীতি । কা প্রবৃত্তিঃ বার্ত্তা দ্বিতীয়ায়া ভগিন্যাশ্চন্দ্রাবল্যাঃ ।

পৌর্ণ ইতি । অদ্রিপুরোহিতেন বিন্ধ্যপুরোধসা ॥ ৩৬ ॥

দুইটি ভগিনী গুণবৃন্দের মন্দিরস্বরূপিণী ও অতিশয় মনোজ্ঞা যূথেশ্বরী হইবেন । যিনি তাঁহাদের পাণিগ্রহণ করিবেন, তিনি রাজেন্দ্র হইবেন এবং যুদ্ধে মহাদেবকেও পরাজিত করিতে (বাণাসুরের সহিত যুদ্ধকালে) সমর্থ হইবেন ॥ ৩৫ ॥

গার্গী । দ্বিতীয়া ভগিনী চন্দ্রাবলীর কি বৃত্তান্ত ?

পৌর্ণমাসী । বিন্ধ্যাচলের পুরোহিত রাক্ষসনাশক মন্ত্র পাঠ করাতে পূতনা ভয়ে ভ্রান্তমতি হইয়া দ্রুত পলায়ন করিতেছিল, তখন তাহার হস্ত হইতে স্খলিতা হইয়া আদ্যা চন্দ্রাবলী বিদর্ভদেশগামিনী নদীর স্রোতে পতিত হইয়াছিলেন ॥ ৩৬ ॥

গার্গী। অজ্জে দুব্বাসসো বরেণ উপ্পণ্ণা বিসহাণুণো ওরসী কণ্ণা রাহি ত্তি কহং সব্বণ্ণোবি তাদো ভণাদি ॥ ৩৭ ॥

পৌর্ণমাসী। চন্দ্রভানুবৃষভান্বরমণ্যোর্গর্ভতঃ কিল বিকৃষ্য নিনায় বালিকে কমলজার্থনয়া তে বিন্ধ্যদারজঠরে হরিমায়া ॥ ৩৮ ॥

গার্গী। (সাশ্চর্য্যম্) কিং পিদরেহিং ইদং জাণীঅদি।

পৌর্ণমাসী। অথ কিং স দুর্ব্বাসাঃ কথং নিজোপকারমনাবেদ্য বিশ্রাম্যতু।

গার্গী। এদং সব্বং তুএ কধং বিণ্ণাদং।

গার্গীতি। দুর্ব্বাসসো বরেণ উৎপন্না বৃষভানোরৌরসী কন্যা রাধেতি কথং সর্ব্বজ্ঞোঽপি তাতো ভণতি ॥ ৩৭ ॥

পৌর্ণ ইতি। কমলজার্থনয়া ব্রহ্মা তস্যার্থনয়া তে চন্দ্রাবলীরাধিকে ॥ ৩৮ ॥

গার্গীতি। পিতৃভ্যাং চন্দ্রভানুবৃষভানুভ্যাং ইদং রহস্যং জ্ঞায়তে।

গার্গীতি। এতৎ সর্ব্বং ত্বয়া কথং বিজ্ঞাতম্।

গার্গী। আর্য্যে, আমার পিতা (গর্গ) সর্ব্বজ্ঞ হইয়াও কেন তবে বলেন যে, রাধা দুর্ব্বাসা মুনির বরে বৃষভানুর ঔরসে উৎপন্না কন্যা ॥ ৩৭ ॥

পৌর্ণমাসী। কমলজন্মা ব্রহ্মার প্রার্থনা অনুসারে হরিমায়া চন্দ্রভানুর ও বৃষভানুর পত্নীদ্বয়ের গর্ভ হইতে আকর্ষণ করিয়া ঐ দুই বালিকাকে বিন্ধ্যগিরির পত্নীর গর্ভে স্থাপন করেন ॥ ৩৮ ॥

গার্গী। (আশ্চর্য্য হইয়া) সেই দুই বালিকার দুই পিতা (চন্দ্রভানু ও বৃষভানু) তাঁহাদের কন্যাদের এই জন্মরহস্য কি অবগত ছিলেন ?

পৌর্ণমাসী। তা বৈ কি। সেই দুর্ব্বাসা নিজের উপকার করার কথা উপকৃতকে না জানাইয়া কি প্রকারে বিশ্রাম করিতে পারেন ?

গার্গী। এই সব কথা আপনি কিরূপে জানিতে পারিলেন ?

পৌর্ণমাসী। গুরোরুপদেশপ্রসাদেন যেনাহং রাধারামাসাঙ্ক্তাস্মি ॥ ৩৯ ॥

গার্গী। ণূণং ণিহদাএ রক্খসাএ সে ক্কোলে এক্কা রাহিআ লদ্ধা ?

পৌর্ণমাসী। ন কেবলং রাধিকা পঞ্চাপ্যপরাঃ ॥ ৪০ ॥

গার্গী। (সবিস্ময়ম্) কাও ক্খু তাও।

পৌর্ণমাসী। রাধাসখীহ ললিতা ললিতাস্যচন্দ্রা
চন্দ্রাবলী-সহচরী রুচিরা চ পদ্মা।
ভদ্রা চ ভদ্রচরিতা শিবদা চ শৈব্যা
শ্যামা চ ধামমুদিতা বিদিতাস্ত্বেমাঃ ॥

পৌর্ণ ইতি। গুরোর্নারদস্য যেন উপদেশেন। আসাঞ্জিতা আসক্তা-ক্তাস্মি॥৩৯॥
গার্গীতি। নিহতায়া রাক্ষস্যাঃ তস্যাঃ ক্রোড়ে একা রাধিকা ত্বয়া লব্ধা ॥৪০॥
গার্গীতি। কাঃ খলু তাঃ।
পৌর্ণ ইতি। ললিত আস্যচন্দ্রো যস্যা সা। ভবেৎ কর্ত্তরি ষষ্ঠী ত্বয়েত্যর্থঃ।

পৌর্ণমাসী। আমার গুরুদেব নারদের উপদেশ-প্রসাদে, এবং তাহাতেই আমি রাধার প্রতি অনুরক্ত হইয়াছি ॥ ৩৯ ॥

গার্গী। নিশ্চয় আপনি নিহতা রাক্ষসার ক্রোড় হইতে একমাত্র রাধিকাকেই লাভ করিয়াছিলেন।

পৌর্ণমাসী। কেবল একা রাধিকা নহেন, অপর পঞ্চজনাকেও আমি লাভ করিয়াছিলাম ॥ ৪০ ॥

গার্গী। (সবিস্ময়ে) তাঁরা আবার কে কে ?

পৌর্ণমাসী। রাধার সখী ললিত-চন্দ্রবদনা ললিতা, চন্দ্রাবলীর সহচরী রুচিরা পদ্মা, ভদ্রচরিতা ভদ্রা, কল্যাণকারিণী শৈব্যা, শ্যামকান্তি-বিশিষ্টা শ্যামা এই পাঁচ জন তুমি জানিবে।

গার্গী। ইমাও কেণ গোইণং সমপ্পিদাও ॥ ৪১ ॥

পৌর্ণমাসী। কুমারীণামাসাম্ নিভৃতমভিতঃ পঞ্চকমহং
বিভজ্যাভীরীভাস্ত্বরিতমথ রাধামধিগুণাম্।
সুতা তে জামাতুর্জরতি বৃষভানোরিতি মুদা
যশোদায়া ধাত্র্যাং রহসি মুখরায়ামঘটয়ম্ ॥ ৪২ ॥

গার্গী। ফুড়ং রাহিএ দুদিআ সহী বিসাহা চ্চেঅ গোউলুপ্পন্না।

গার্গীতি। ইমাঃ কেন গোপীভ্যঃ সমর্পিতাঃ ॥ ৪১ ॥

কুমারীণামিত্যাদি। অথানন্তরং ইত্যুক্তাহং রহসি মুখরায়াং রাধামঘটয়ং অর্পিতবতী। ইতীতি কিম্। হে জরতি হে তব জামাতু-র্বৃষভানোরিয়ম্ ॥ ৪২ ॥

গার্গীতি। স্ফুটং রাধায়াঃ দ্বিতীয়া সখী বিশাখা এব গোকুলোৎপন্না।

গার্গী। ইঁহাদিগকে কে গোপিকাদিগের হস্তে সমর্পণ করিল? ৪১ ॥

পৌর্ণমাসী। এই কুমারীদিগের পাঁচটিকে আমি গোপনে আভীর-রমণীদিগের মধ্যে ত্বরিত বিতরণ করিয়া দিয়া নিভৃতে যশোদার ধাত্রী মুখরাকে বলিলাম—"বুড়ী, এই অধিকগুণশালিনী রাধা তোমার জামাতা বৃষভানুর কন্যা, তুমি ইঁহাকে আনন্দে গ্রহণ কর।" এই বলিয়া অনন্তর তাহার হস্তে রাধাকে সমর্পণ করিলাম ॥ ৪২ ॥

গার্গী। তবে ইহা নিশ্চয় বোধ হইতেছে যে, রাধার দ্বিতীয়া সখী বিশাখাই গোকুলে উৎপন্না।

পৌর্ণমাসী। নহি নহি যদেষা কালিন্দীপূরেণ বাহ্যমানা জটিলয়া লেভে।

• গার্গী। ণ জাণে ণঈপুরেণ বাহিদা সা জেট্ঠা বিঞ্ঝকণ্ণআ কেণ লদ্ধা।

পৌর্ণমাসী। ভীষ্মকেণ।

গার্গী। অব্বো দোণং বহীণীণং বিহড্ঢণকারিণীএ ভবিদব্বাএ ণিট্ঠুরদা॥ ৪৩॥

পৌর্ণমাসী। পুত্রি পুনঃ সঙ্গমকারিণ্যাস্তস্যাঃ করুণা চাবধার্য্যতাম্।

গার্গী। কহং বিঅ।

গার্গীতি। ন জানে নদীপূরেণ বাহিতা সা জ্যেষ্ঠা চন্দ্রাবলী বিন্ধ্যকন্যা কেন লব্ধা। অহো দ্বয়োর্ভগিন্যোঃ বিঘটনকারিণ্যা ভবিতব্যতায়াঃ নিষ্ঠুরতা॥ ৪৩॥

গার্গীতি। কথমিব।

পৌর্ণমাসী। না না, এই বিশাখা যমুনাপ্রবাহে ভাসিয়া যাইতেছিলেন, জটিলা তাঁহাকে লাভ করিয়াছিলেন।

গার্গী। নদীপ্রবাহে বাহিতা বিন্ধ্যপর্ব্বতের জ্যেষ্ঠা কন্যা চন্দ্রাবলীকে কে লাভ করিল, তাহা তো জানিতে পারিলাম না।

পৌর্ণমাসী। (বিদর্ভ দেশের রাজা) ভীষ্মক।

গার্গী। আহা! দুই ভগিনীর মধ্যে বিচ্ছেদসংঘটনকারিণী ভবিতব্যতার কি নিষ্ঠুরতা॥ ৪৩॥

পৌর্ণমাসী। পুত্রি, পুনরায় দুই ভগিনীর যে মিলন সংঘটিত হইল, তাহা উভয়ের মিলনকারিণী ভবিতব্যতার করুণা বলিয়াই জানিও।

গার্গী। সে কি প্রকার?

পৌর্ণমাসী। সৈবেয়ং করালায়া নপ্ত্রী চন্দ্রাবলী যা খলু পাঞ্চবার্ষিকা গোবর্দ্ধনবিন্ধ্যয়োঃ কন্দরাবাস্তবোন জাম্ববতা বিন্ধ্যবাসিন্যা নিদেশেন কুণ্ডিলাদাকৃষ্টা।

গার্গী। (স্বগতম্) সুদং মএ তাদমুহাদো জং চন্দভাণু-পহুদীণং কণ্ণআ ভাস্সপহুদীণং কণ্ণআ একতত্তা অবি বিগ্গহাদীহিং ভিণ্ণা জ্জেব্ব। তা বাঢ়মেক বিগ্গহদা সম্বিহাণং মায়াএ চ্চেঅ প্পবঞ্চিদং। হোদু পচ্চাদো জাণিস্সং কিং ইদাণিং

পৌর্ণমাসী। বিন্ধ্যবাসিনা যশোদাপুত্রী বসুদেবেন গোকুলান্নীতা কংসেন শিলায়াং নিক্ষিপ্তা তদ্ধস্তাদ্বিচ্যুতা সতী বিন্ধ্যাচলে স্থিতা। বিন্ধ্যবাসিন্যা দেবকীকন্যায়াঃ।

গার্গীতি। শ্রুতং ময়া তাতমুখাৎ যৎ চন্দ্রভানুপ্রভৃতীনাং কন্যকা একতত্ত্বা অপি বিগ্রহাদিভিঃ শরীরাদিভির্ভিন্না ইব। তৎ বাঢ়ং একবিগ্রহতাসম্বিধানং

পৌর্ণমাসী। সেই করালার নাতিনী চন্দ্রাবলীর বয়স যখন পাঁচ বৎসর, তখন (যশোদার যে কন্যাকে বসুদেব কৃষ্ণের সহিত পরিবর্ত্তন করিয়া মথুরায় লইয়া গিয়া কংসের হস্তে সমর্পণ করেন ও যাঁহাকে কংস শিলায় নিক্ষেপ করিয়া বধ করিতে উদ্যত হইলে, তিনি আকাশে উত্থিত হইয়া বিন্ধ্যপর্ব্বতে প্রস্থান করেন, সেই) দেবী বিন্ধ্যবাসিনীর আদেশে গোবর্দ্ধন পর্ব্বতের ও বিন্ধ্যপর্ব্বতের গুহাবাসী জাম্ববান কুণ্ডিল নগর (বিদর্ভ নগর) হইতে তাঁহাকে আনিয়াছিলেন।

গার্গী। (স্বগত) আমি পিতার মুখে শুনিয়াছি যে, চন্দ্রভানু প্রভৃতির কন্যারা ভীষ্মক প্রভৃতির কন্যাদের সহিত এক ও অভিন্ন, কেবল তাঁহাদের

তস্স রহস্সস্স উট্টঙ্কণেণ। (প্রকাশম্) ণূণং গোঅড্ঢাদি গোএহিং চন্দাঅলী-পহুদীণং উব্বাহোবি মায়াএ ণিব্বাহিদো ॥৪৪॥

পৌর্ণমাসী। অথ কিং। পতিম্মন্যানাং বল্লবানাং মম তামাত্রাবশেষা কুমারীষু দারতা যদেষাং প্রেক্ষণমপি তাভিরতিদুর্ঘটম্।

গার্গী। অদো ণ ক্খু অচ্চরিঅ অট্ঠাণং কণ্হে গরিট্ঠো অণুরাও।

পৌর্ণমাসী। অস্থানমিতি কিমুচ্যতে গোকুলে কস্যাঃ খলু কুরঙ্গীদৃশস্তত্র নানুরাগঃ ॥ ৪৫ ॥

মায়য়া এব প্রপঞ্চিতং ভবতি পশ্চাৎ জানিষ্যামঃ কিং ইদানীং তস্য রহস্য উট্টঙ্কনেন। নূনং গোবর্দ্ধনাদিগোপৈঃ চন্দ্রাবলীপ্রভৃতীনাং উদ্বাহোঽপি মায়য়া নির্বাহিতঃ ॥ ৪৪ ॥

গার্গীতি। অতো ন খলু আশ্চর্য্যং অস্থানং কৃষ্ণে গারিষ্ঠোঽনুরাগঃ ॥ ৪৫ ॥

শরীরমাত্র ভিন্ন, অতএব ইঁহাদের একশরীরতাসম্পাদন নিশ্চয়ই মায়ার দ্বারাই এই ভ্রান্তি উৎপাদন ভিন্ন আর কিছু নহে। যাহাই হউক, এই বিষয় পশ্চাৎ জানিতে পারিব, এক্ষণে তাহার রহস্য উদ্‌ঘাটন করিবার চেষ্টা করিয়া কোনও ফল নাই। (প্রকাশ্যে) নিশ্চয় তাহা হইলে চন্দ্রাবলী প্রভৃতির সহিত গোবৰ্দ্ধন প্রভৃতি গোপগণের বিবাহও মায়া কর্ত্তৃক নির্ব্বাহিত হইয়া গিয়াছে ॥ ৪৪ ॥

পৌর্ণমাসী। তাহা ভিন্ন আর কি? তবে এই গোপেরা যে নিজদিগকে ঐ সকল কুমারীদিগের পতি ও কুমারীদিগকে আপনাদের স্ত্রী বলিয়া মনে করে, তাহা ঐ মনে করা পর্য্যন্তই শেষ, কেবল ইঁহারা আমাদের স্ত্রী ও আমরা ইঁহাদের পতি, এই মমত্ববোধ ভিন্ন উহাদের মধ্যে আর

গার্গী। সচ্চং ভণাসি জং দাণীং সদুত্তরাইং সোলহাইং গোউল-কণ্ণআ সহস্সাইং। কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি। নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ। এদং মন্তং জপন্তীইং পঞ্চহিং চন্দাঅলী পহুদীহিং সংগমিঅ উণ চণ্ডিঅং অচ্চন্তি।

গার্গীতি। সত্যং ভণসি যদিদানীং শতোত্তরাণি ষোড়শ-কন্যাসহস্রাণি। কাত্যায়নীতি এতন্মন্ত্রং জপন্তীভিঃ পঞ্চভিঃ চন্দ্রাবলীপ্রভৃতিভিঃ সংগম্য পুনঃ চণ্ডিকাং অর্চ্চতি।

পৌর্ণমাসী। পরিচরিতা পূজিতা কামরূপে ক্রীড়তী ॥ ৪৬ ॥

কোনও সম্পর্ক স্থাপিত হয় নাই। কারণ, ঐ সকল কুমারীদিগের প্রতি পত্নীভাবে নিরীক্ষণ করারও সাধ্য ঐ গোপদিগের পক্ষে একান্ত দুর্ঘট।

গার্গী। তবে তো কৃষ্ণের প্রতি এই অষ্ট কুমারীর গভীর অনুরাগও কিছু আশ্চর্য্যের বিষয় নয়।

পৌর্ণমাসী। কেবল অষ্ট কুমারীর কথা কি বলিতেছ, বল তো গোকুলে কোন্ হরিণনয়না রমণীর কৃষ্ণের প্রতি অনুরাগ নাই ? ॥ ৪৫ ॥

গার্গী। সত্যই বলিতেছেন, যেহেতু ইদানী শতাধিক ষোড়শ সহস্র গোকুল-কন্যকারা চন্দ্রাবলী প্রভৃতি পঞ্চকন্যার সহিত গমন করিয়া চণ্ডিকার অর্চ্চনা করিয়া এই বর প্রার্থনা করেন যে, "হে কাত্যায়নি, হে মহামায়ে, হে মহাযোগিনি, হে অধীশ্বরি, হে দেবি, নন্দ গোপের পুত্রকে আমার পতি করুন, আপনাকে আমি প্রণাম করি।"

পৌর্ণমাসী। সা কামান্ পরিচরিতা কুমারিকাভিঃ
কামাখ্যা বিতরতি কামরূপদেবী।
ইতোনাং ব্রজহরিণীদৃশামুপাস্তে
বর্গোঽয়ং গুণবতি গর্গভাষিতেন ॥ ৪৬ ॥

গার্গী। কেণ সূরারাহণে রাহী ণিউত্তা!

পৌর্ণমাসী। তব তাতেনৈব।

গার্গী। অজ্জে সুদং মএ তাদমুহাদো জং কণ্ণাণং ভাবিণা কন্তেণ সঙ্গমো বিপ্পওঅং উপপাদেই ত্তি।

পৌর্ণমাসী। বৎসে সমীচিনমুক্তম্। তেন ময়াপি তে কিশোরিকা

গার্গীতি। কেন সূর্য্যারাধনে রাধা নিযুক্তা?

গার্গীতি। আর্য্যে, শ্রুতং ময়া তাতমুখাৎ যৎ কন্যানাং ভাবিনা কান্তেন

পৌর্ণমাসী। গর্গাচার্য্য বলিয়াছেন যে, কামরূপে প্রকাশিতা কামাখ্যা দেবী যদি কুমারিকাদিগের দ্বারা পরিপূজিতা হন, তাহা হইলে তিনি তাঁহাদিগের সকল কামনা পূরণ করেন। এই কারণে, গর্গবচনানুসারে, হে গুণবতি, ব্রজের সকল হরিণাক্ষী রমণী এই কামাখ্যা দেবীর উপাসনা করিয়া থাকেন ॥ ৪৬ ॥

গার্গী। রাধাকে কে সূর্য্য আরাধনায় নিযুক্ত করিয়াছিলেন?

পৌর্ণমাসী। তোমার পিতাই (গর্গ)।

গার্গী। আর্য্যা, আমি পিতার মুখে শুনিয়াছি যে, ঐ সকল কন্যার সহিত তাহাদের ভাবী কান্তদিগের সঙ্গম তাহাদের মধ্যে বিচ্ছেদ উৎপাদন করিবে।

পৌর্ণমাসী। বৎসে, এ কথা তুমি ঠিকই বলিলে। সেই কারণেই আমি সেইজন্যই কিশোরী-শিরোরত্ন রাধা ও চন্দ্রাবলীকে নিরোধ করিবার জন্য

শিরোরত্নে নিরোদ্ধু মভিমন্যুগোবর্দ্ধনয়োর্জনন্যৌ জটিলাভারুণ্ডে নির্ব্বন্ধেন নিযুক্তে ॥ ৪৭ ॥

গার্গী। কহং দুবে সোঅরে তুমং ণ সংঘডেসি।

পৌর্ণমাসী। সদা সঞ্চরতাং দুষ্টকংসচরাণাং বিতর্কশঙ্কয়া।

গার্গী। ণং অউরুব্বং বুত্তন্তং অগ্নো কোবি জণো জাণই ?

পৌর্ণমাসী। নহি নহি কিন্তু মদুপদেশ-বলাদেব কেবলং হরি-রাময়োর্জনন্যৌ জানীতঃ ॥ ৪৮ ॥

সঙ্গমো বিপ্রয়োগং উৎপাদয়তি। বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ন্যায়াৎ। উক্তং তব তাতেনেতি শেষঃ ॥ ৪৭ ॥

গার্গীতি। কথং দ্বে সহোদরে ত্বং ন সঙ্ঘটয়সি।

গার্গীতি। এতদপূর্ব্ববৃত্তান্তং অন্যঃ কোঽপি জনো জানাতি ॥ ৪৮ ॥

অভিমন্যু ও গোবর্দ্ধনের জননী জটিলা ও ভারুণ্ডাকে আগ্রহের সহিত নিযুক্ত করিয়াছি ॥ ৪৭ ॥

গার্গী। কেন আপনি এই দুই সহোদরাকে একত্র সম্মিলিত করিতে-ছেন না ?

পৌর্ণমাসী। সদা সঞ্চরণকারী দুষ্ট কংসের চরদিগের সন্দেহের আশঙ্কায়।

গার্গী। এই অপূর্ব্ব বৃত্তান্ত আর অন্য কোনও জন কি জানে ?

পৌর্ণমাসী। না না। কিন্তু আমার উপদেশ হইতে কৃষ্ণ-বলরামের জননী দুজন (যশোদা ও রোহিণী) কেবল জানেন ॥ ৪৮ ॥

নেপথ্যে।—মঞ্চাদুত্তিষ্ঠ পদ্মে মুকুটবিরচনং মুঞ্চ পিঞ্ছেন ভদ্রে শ্যামে দামানুবন্ধং পরিহর ললিতে পিংষ্টি মা জাগুড়ানি। শারিপাঠাদ্বিশাখে ব্যুপরম কবরীসংক্রিয়ামুজ্ঝ শৈব্যে পূর্ব্বাং বেবেষ্টি কাষ্ঠাং সুরভিখুরপুটীপাংশুপিষ্টাতপুঞ্জঃ॥

পৌর্ণমাসী। পশ্য পশ্য। হরিমুদ্দিশতে রজোভরঃ পুরতঃ সঙ্গময়ত্যমুং তমঃ। ব্রজবামদৃশাং ন পদ্ধতিঃ প্রকটা সর্ব্বদৃশঃ শ্রুতেরপি॥ ৪৯॥

নেপথ্যে রঙ্গশালায়াম্। নেপথ্যং রঙ্গভূমৌ স্যান্নেপথ্যং চ প্রসাধনে।

সখীনাং পরস্পরোক্তিরিয়ম্। মঞ্চঃ স্যাৎ ক্ষুদ্রখট্টায়ামিতি। দামানুবন্ধং মাল্যরচনম্। জাগুড়ানি কুঙ্কুমানি। দিশস্তু ককুভঃ কাষ্ঠা ইত্যমরঃ। পিষ্টাতঃ গন্ধচূর্ণঃ। পিষ্টাতঃ পটবাসম ইতি কোষাৎ॥ ৪৯॥

(নেপথ্যে)। ওগো পদ্মা, তুমি মঞ্চ হইতে গাত্রোত্থান কর, ভদ্রা, তুমি ময়ূর-পচ্ছ দ্বারা মুকুট রচনা ত্যাগ কর, শ্যামা, তুমি মাল্যবিরচন পরিহার কর, ললিতা, তুমি আর কুঙ্কুম চূর্ণ করিও না, হে বিশাখা, তুমি শালিক পাখী পড়ানো হইতে বিরত হও, এবং হে শৈব্যা, তুমি কবরীসংস্কার করা পরিত্যাগ কর ; ঐ দেখ, গাভীদিগের খুর-সঞ্চারিত সুগন্ধি ধূলি-রাশি আবীরের ন্যায় পূর্ব্বদিক্ একেবারে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে।

পৌর্ণমাসী। দেখ, দেখ,—ঐ ধূলিপুঞ্জ হরিকে উদ্দেশ করিতেছে, অন্ধকার সম্মুখস্থ ঐ হরির সহিত সম্মিলিত করাইতেছে। ইহাতে ব্রজসুন্দরীদের ঐ গমনপথ বা অলৌকিক উপাসনাপদ্ধতি সর্ব্বদর্শী শ্রুতির নিকটও প্রকাশিত হইতেছে না॥ ৪৯॥

গার্গী। সংস্কৃতেন।

হ্রিয়মবগৃহ্য গৃহেভ্যঃ কর্ষতে রাধাং বনায় যা নিপুণা।
সা জয়তি নিসৃষ্টার্থা বরবংশজকাকলী দূতী ॥ ৫০ ॥

(নেপথ্যে) ধন্যে কজ্জলমুক্তবামনয়না পদ্মে পাদোঢ়াঙ্গদা
সারঙ্গি ধ্বনদেকনূপুরধরা পালি স্খলন্মেখলা
গণ্ডোদ্যত্তিলকা লবঙ্গি কমলে নেত্রার্পিতালক্তকা
মা ধাবোত্তরলং ত্বনত্র মুরলী দূরে কলং কূজতি ॥ ৫১ ॥

গার্গীতি। হ্রিয়মিত্যাদি। পরিকর নাম মুখসন্ধ্যং গমিতম্। বীজস্য বহুলীকারো জ্ঞেয়ঃ পরিকরো বুধৈরিতি। অত্র বনাকর্ষাণাদিনা অনুরাগবহুলীকরণাৎ পরিকরঃ। নিসৃষ্টার্থা লক্ষণম্। বিন্যস্ত কার্য্যভারা স্যাদ্‌যুনোরেকতরেণ যা। যুক্ত্যোভৌ ঘটয়েদেষা নিসৃষ্টার্থা নিগদ্যতে ইতি ॥ ৫০ ॥

ধন্য ইত্যাদি সর্ব্বত্র সম্বোধনম্। এবংভূতা সতী নাধবেতি সর্ব্বত্রান্বয়ঃ ॥ ৫১ ॥

গার্গী। (সংস্কৃত ভাষায়) লজ্জা অপহরণ করিয়া গৃহ হইতে রাধাকে যে বনে আকর্ষণ করিতেছে, সেই নিপুণা উত্তম-বংশ-জাতা বংশীর কাকলী যেন প্রেমিক-প্রেমিকা উভয়ের অভিপ্রায় বুঝিয়া মিলনসংঘটনে ও উত্তর-প্রত্যুত্তর করিতে সমর্থা দূতী, তাহার জয় হউক ॥ ৫০ ॥

(নেপথ্যে) হে ধন্যা, তুমি বামনয়নে কজ্জল না দিয়াই, হে পদ্মা, তুমি পদে বাহুর অলঙ্কার অঙ্গদ পরিধান করিয়া, হে সারঙ্গি, তুমি এক পায়ে নূপুরের ধ্বনি করিতে করিতে, হে পালি, তুমি স্খলিত-মেখলা হইয়া, হে লবঙ্গি, তুমি গালে তিলক অঙ্কিত করিয়া, হে কমলা, তুমি নয়নে

গার্গী। নীলাম্বররুইধারী ফুড়িতো গোবোড়ু চক্কবালেণ। সিদ-
গোমণ্ডলমহুরো মাহুরচন্দো পরিপ্‌ফুরই ॥ ৫২ ॥

পৌর্ণমাসী। (সানন্দম্) বিভ্রন্নীলচ্ছবিমবিষমামগ্রহস্তেন যষ্টিং
জুষ্টঃ শ্রোণীতটরুচিরসৌ পীতপট্টাংশুকেন।

গার্গীতি। নীলাম্বররুচিধারী স্ফুরিতো গোপোড়ুচক্রবালেন। সিতগোমণ্ডল-
মধুরো মাথুরচন্দ্রঃ পরিস্ফুরতি। নীলাম্বর আকাশঃ। পক্ষে বলদেবঃ।
রুচিঃ কান্তিঃ পক্ষে অভিলাষঃ। গাঃ কিরণানি পান্তি যান্যুড়ূনি তেষাং
চক্রবালেন মণ্ডলেন। পক্ষে গোপা এব উড়ূনি তেষাং চক্রবালেন
সমূহেন। সিতং শুক্লং যদ্গোমণ্ডলং কিরণসমূহস্তেন মধুরঃ। পক্ষে
সিতং স্নেহবন্ধং যদ্গোমণ্ডলং সুরভীসমূহস্তেন মধুরঃ। মথুরাসম্বন্ধি
চন্দ্রঃ। পক্ষে মধুর ইত্যস্য সংস্কৃতং মাধুর্য্যং তদস্যুক্তশ্চন্দ্রঃ
সুধাংশুঃ ॥ ৫২ ॥

পৌর্ণমাসী। বিভ্রদিত্যাদি। অবিষমাং ঋজ্বীং পীতপট্টাংশুকেন জুষ্টং যং
শ্রোণীতটং তেন রুচির্যস্য সঃ আভীরাণাং প্রেমলক্ষ্মীবিবর্ত্তঃ প্রেমৈব লক্ষ্মীঃ

অলক্তক অর্পণ করিয়া, চঞ্চল হইয়া ধাবিতা হইও না, এখান হইতে
অনেক দূরে মুরলী কূজন করিতেছে ॥ ৫১ ॥

গার্গী। আহা! চন্দ্রের ন্যায় নীলাম্বরশোভী গোপরূপ নক্ষত্রাবলী-পরি-
বেষ্টিত শ্বেতবর্ণ জ্যোৎস্নার ন্যায় শুভ্র গাভীমণ্ডলের মধ্যবর্ত্তী মনোহর
মাথুরচন্দ্র (বলরাম) বিরাজ করিতেছেন ॥ ৫২ ॥

পৌর্ণমাসী। (সানন্দে) হস্তে সরল যষ্টি ধারণ করিয়া ও পীতবর্ণ পট্টবস্ত্রে
কটিতট শোভিত করিয়া, সর্ব্বদিকে বিচ্ছুরিত নীলকান্তির দ্বারা

নিন্দন্নিন্দীবরমবিরলোৎসর্পিভিঃ কান্তিপূরৈ-
র্াভীরীণামিহ বিহরতি প্রেমলক্ষ্মীবিবর্ত্তঃ ॥
তদাবাং যশোদামাসাদয়াব ইতি নিষ্ক্রান্তে ॥ ৫৩

অঙ্কমুখম্ ॥ ৫৪ ॥

ততঃ প্রবিশতি বয়স্যৈরুপাস্যমানঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সখে মধুমঙ্গল পশ্য পশ্য।

অতনুতৃণকদম্বাস্বাদশৈথিল্যভাজা-
মবিরলতরহম্বারম্ভতাম্যন্মুখীয়ম্।

তস্যা বিবর্ত্তো দুগ্ধস্য দধীব পরিণতঃ। যথা বিবর্ত্তশ্চেষ্টা তদ্ধেতুঃ শ্রীকৃষ্ণঃ। আয়ুর্ঘৃতবৎ কারণয়োরভেদঃ ॥ ৫৩ ॥

অঙ্কমুখলক্ষণমাহ বাহিনীপতিঃ। যত্র স্যাদঙ্ক একস্মিন্নঙ্কানাং সূচনাখিলা। তদঙ্কমুখমিত্যাহুর্বীজস্যোত্থাপনং চ যদিতি। বীজমত্র কারণম্॥৫৪॥ অতনুতৃণেত্যাদি। বিচারনাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণম্—বিচার-

ইন্দীবরকেও নিন্দা করিয়া গোপিকাদিগের প্রেমলক্ষ্মীর পরিণতিস্বরূপ শ্রীকৃষ্ণ এখানে বিহার করিতেছেন। অতএব আমরা উভয়ে এক্ষণে যশোদার নিকটে গমন করি। [উভয়ের প্রস্থান ॥ ৫৩ ॥

অঙ্কমুখ ॥ ৫৪ ॥

(অনন্তর বয়স্যগণে পরিবৃত কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। বন্ধু মধুমঙ্গল, দেখ দেখ,—গাভীগণ প্রচুর তৃণগুচ্ছ থাকা সত্ত্বেও তাহা আস্বাদনে শৈথিল্য করিতেছে, অবিরল হম্বা হম্বা রব করিতে করিতে ক্লান্তমুখী হইয়াছে, এবং চঞ্চলনয়নে শোভিত হইয়া

চটুলিতনয়নশ্রীরাবলীনৈচিকীনাং
পথি সুবলিতকণ্ঠী গোকুলোৎকণ্ঠিতাভূৎ ॥ ৫৫ ॥

মধুমঙ্গলঃ। দিট্‌ঠিয়া বচ্ছলাহিং সুরহীহিং কন্তারব্ভমণখিণ্ণে এত্থ বহ্মণে কারুণ্ণং বিরইদং ॥ ৫৬ ॥

রামঃ। পশ্য পশ্য।

গত্বা পুরস্ত্রিচতুরাণি জবাৎ পদানি
পশ্চাদ্বিলোকয়তি হন্ত তিরঃশিরোধি।

স্বৈকসাধাস্য বহুসাধনবর্ণনমিতি। অত্রোৎকণ্ঠিতত্বরূপসাধ্যস্য সাধনানি তৃণাস্বাদশৈথিল্যাদীনি। কশ্চিত্তু বিচারঃ পূর্ববাক্যৈর্যদপ্রত্যক্ষার্থ-দর্শনমিত্যাহ অত্রাপ্যেতদেবোদাহরণম্। অত্তনোর্হতস্তৃণকদম্বস্য শস্যসমূহস্যাস্বাদে শৈথিল্যং ভজন্তি যাস্তাঃ। অবিরলতরা অতিনিবিড়া যা হম্বা তস্যা রবাস্তাসামারম্ভে তামাদধ্যানং মুখং যস্যাঃ সা। চটুলিতানি চঞ্চলানি যানি নয়নানি তৈঃ শ্রীঃ শোভা যস্যাঃ সা ॥ ৫৫ ॥

দিষ্ট্যা বৎসলাভিঃ সুরভীভিঃ কান্তারভ্রমণখিন্নে অত্র ব্রাহ্মণে কারুণ্যং বিরচিতম্ ॥ ৫৬ ॥

রাম ইতি। জবাৎ জবং কৃত্বা। শিরোধি গ্রীবা। বিধুরস্তু পরিক্লিষ্টঃ ইতি ॥৫৭॥

সুবলিত-কণ্ঠী উত্তমা গাভীকুল গোকুলে যাইবার জন্য পথে উৎকণ্ঠিতা হইয়া উঠিয়াছে ॥ ৫৫ ॥

মধুমঙ্গল। পরম সৌভাগ্যের ফলে এই সব স্নেহবৎসলা গাভীগণ বনভ্রমণে ক্লান্ত এই ব্রাহ্মণ বেচারার উপর করুণা বিতরণ করিতেছে ॥ ৫৬ ॥

বলরাম। দেখ দেখ,—সম্মুখে বেগে তিন-চার পা গমন করিয়া ধেনুবৃন্দ পথে গ্রীবা বক্র করিয়া পশ্চাতে দৃষ্টিপাত করিতেছে, নিজেদের

* বৎসোৎকরাদপি বকী-মথনে গরিষ্ঠ-
প্রেমানুবন্ধবিধুরং পথি ধেনুবৃন্দম্ ॥ ৫৭ ॥

কৃষ্ণঃ। (প্রতীচীমবেক্ষ্য)
বিচলিতুমসমর্থং ব্যোম্নি মুক্তপ্রতিষ্ঠে
সময়বিপরিণামাদ্বীর্য্যবিধ্বংসনেন।
শিথিলতরকরেণালম্ব্য ভাণ্ডীরচূড়াং
চরমগিরিশিখায়াং লম্বতে ভানুবিম্বম্ ॥ ৫৮ ॥

রামঃ। পশ্যত পশ্যত।
বিপুলোৎপলিকাকূটৈর্গিরিকূট-বিড়ম্বিভির্নিবিড়ম্।
বয়মভজাম করীষক্ষোদ-পরীতং ব্রজাভ্যর্ণম্ ॥

মুক্তপ্রতিষ্ঠ ইতি মুক্তা প্রতিষ্ঠা আশ্রয়তা যেন তস্মিন্। বিপরিণামাৎ ক্ষয়াৎ। বিধ্বংসনেন বিস্রংসনেন হ্রাসেন ॥ ৫৮ ॥

বিপুলেতি। উৎপলিকা করীষঃ উৎপলা ইতি প্রসিদ্ধা। করীষক্ষোদানি উৎপলিকাচূর্ণানি। কালিন্দীমবগাঢ়াঃ কালিন্দ্যামবগাহং কুর্ব্বন্তঃ ॥ ৫৯ ॥

বৎস-সমূহের প্রতি ইহাদের যে স্নেহাতিশয্য, তাহাকেও অতিক্রম করিয়া কৃষ্ণের প্রতি ইহাদের প্রেমানুবন্ধ ইহাদিগকে ব্যাকুল করিয়া তুলিতেছে ॥ ৫৭ ॥

কৃষ্ণ। (পশ্চিম দিকে দৃষ্টিপাত করিয়া) সময়ের পরিবর্ত্তনে হীনবীর্য্য হইয়া, আশ্রয়শূন্য আকাশে চলিতে অসমর্থ হইয়া, রবিবিম্ব শিথিল করে (মন্দীভূত কিরণ দ্বারা ও শ্লথহস্তে) ভাণ্ডীর বৃক্ষের চূড়া অবলম্বন করিয়া চরম-গিরিশিখরে (অস্তাচলচূড়ায়) ঢলিয়া পড়িতেছে ॥ ৫৮ ॥

বলরাম। তোমরা সকলে দেখ দেখ,—আমরা বোধ হয় ব্রজের

* বৎসোৎকরস্ত চ বকীমথনস্ত চেদম্।—পাঠান্তরম্।

তদদ্য কালিন্দীমবগাঢ়াঃ প্রগাঢ়বিশ্রান্তিমুৎসারয়ামঃ।

ইতি সখিভিঃ সহ নিষ্ক্রান্তঃ ॥ ৫৯ ॥

কৃষ্ণঃ। সখে মধুমঙ্গল পশ্য পশ্য।

দ্রবন্নব-বিধূপল-প্রকরদত্ত-পাদ্যঃ শশী
সরত্নতরলোচ্ছলজ্জলধিকল্পিতার্ঘ্যক্রিয়ঃ।
* উড়ূল্লসিত-দিগ্বধূগণবিকীর্ণপুষ্পাঞ্জলিঃ
স্ফুরত্তনুরুদঞ্চিত-স্মররসোর্ম্মিরুন্মীলতি ॥ ৬০ ॥

দ্রবন্নিত্যাদি। শশী চন্দ্রমা। উন্মীলয়ত্যাদয়তীত্যন্বয়ঃ। দ্রবতা নবীনেন বিধূপলপ্রকরেণ চন্দ্রকান্তসমূহেন দত্তং পাদ্যং যস্মৈ সঃ। সরত্নৈস্তরলৈস্তরঙ্গৈরুচ্ছলতা জলধিনা কল্পিতাহর্ঘ্যক্রিয়া যস্য সঃ। হরিদ্ভির্দিগ্‌ভিরেব পরিজনৈরারিতোহর্পিতঃ স্ফুটতরাণামুড়ূনামেব পুষ্পাণামঞ্জলির্যস্মিন্ সঃ। উদঞ্চিতা স্মররসানামূর্ম্মির্যস্মাৎ সঃ ॥ ৬০ ॥

নিকটবর্ত্তী হইয়াছি, কারণ, চারিদিকে গিরিশিখরতুল্য উন্নত উৎপলিকার (ঘুঁটের) বিপুল স্তূপ ও চতুর্দ্দিকে করীষচূর্ণ বিকীর্ণ দেখিতে পাওয়া যাইতেছে। আজ আমরা কালিন্দী-সলিলে অবগাহন করিয়া প্রগাঢ় পরিশ্রম উপশম করিব। [সখাদিগের সহিত প্রস্থান ॥ ৫৯ ॥

কৃষ্ণ। বন্ধু মধুমঙ্গল, দেখ দেখ,—নবীন চন্দ্রকান্ত-মণি-সকল দ্রব হইয়া যাঁহাকে পাদ্য প্রদান করিতেছে, রত্নাকর উচ্ছলিত তরল সরত্ন-তরঙ্গ দ্বারা যাঁহাকে অর্ঘ্য দান করিতেছে, এবং দিগ্‌বধূগণ সমুল্লসিত নক্ষত্রপুঞ্জ বিকীর্ণ করিয়া যাঁহাকে পুষ্পাঞ্জলি প্রদান করিতেছে, সেই শশী উদ্গত মদনানন্দের রসতরঙ্গে আপ্লুত-তনু হইয়া উদিত হইতেছেন ॥ ৬০ ॥

* হরিৎপরিজনৈরিতস্ফুটতরোড়ুপুষ্পাঞ্জলিঃ।—পাঠান্তরম্। টীকায়াং পাঠমিদং ধৃতম্

মধুমঙ্গলঃ। পিঅবঅস্স কিং ইমিণা বরাএণ কলঙ্কিণা চন্দেণ, পেক্খ লদাজালম্বরে ণিক্কলঙ্কাইং সোলহ চন্দমণ্ডলসহস্সাইং উম্মীলিদাইং ॥ ৬১ ॥

কৃষ্ণঃ। (সমীক্ষ্য) সম্যগাত্থ বহুধা সাম্যেঽপি বাঢ়মেকেন কর্ম্মণাগ্ মুষিতোঽয়মোষধীশঃ ॥ ৬২ ॥

তথাহি—

নবনবসুধাসম্বাধোঽপি প্রিয়োঽপি দৃশাং সদা
সরসিজাবলীং ম্লানাং কুর্ব্বন্নপি প্রভয়া স্বয়া।

মধু ইতি। প্রিয়বয়স্য, কিং অনেন বরাকেণ কলঙ্কিনা চন্দ্রেণ, পশ্য লতা-জালাম্বরে নিষ্কলঙ্কানি ষোড়শচন্দ্রমণ্ডলসহস্রাণি উন্মীলিতানি ॥ ৬১ ॥

একেন কর্ম্মণা সুরঙ্গধরণেন গোপীমুখৈরয়ং চন্দ্রো মুষিতো নির্জ্জিতঃ ॥ ৬২ ॥

বহুধা সমত্বমেককর্ম্ম চ দর্শয়তি তথাহীতি।

নবনবেত্যাদি। অতিশয়নাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণং—বহূন্ গুণান্ কীর্ত্তয়িত্বা সামান্যত্বেন সংশ্রিতান। বিশেষঃ কীর্ত্ত্যতে যত্র জ্ঞেয়ঃ সোঽতিশয়ো বুধৈরিতি। অত্র মুখচন্দ্রয়োঃ সুধাসংবাধোঽপীত্যাদি

মধুমঙ্গল। প্রিয় বয়স্য, এই দীন সামান্য কলঙ্কী চন্দ্রে আবশ্যক কি? দেখ, দেখ, লতাজালরূপ আকাশের গাে ষোড়শ সহস্র নিষ্কলঙ্ক চন্দ্রমণ্ডল প্রকাশিত হইয়াছে ॥ ৬১ ॥

কৃষ্ণ। (নিরীক্ষণ করিয়া) যথার্থই বলিয়াছ। বহু বিষয়ে সমতা থাকি-লেও নিশ্চয় একটি কর্ম্মের দ্বারা এই চন্দ্র পরাজিত হইয়াছেন ॥ ৬২ ॥

ইহার কারণ, শশী ও এই সকল ব্রজবাসিনী মৃগদৃশীদিগের বদন-মণ্ডল নব নব নিবিড় সুধায় পূর্ণ হওয়াতে সকলের প্রিয়দর্শন, স্বকীয়

শুচিরপি কলাপূর্ণোপ্যুচ্চৈঃ কুরঙ্গধরঃ শশী
ব্রজমৃগদৃশাং বক্ত্রৈরেভিঃ সুরঙ্গধরৈর্জিতঃ ॥ ৬৩ ॥

মধুমঙ্গলঃ। ভো বঅস্স জুত্তং উক্কণ্ণোহসি জং দক্খিণেণ কলম্ব-কুড়ুঙ্গং কাবি আঅড্ঢণমন্তং পঢ়েদি ॥ ৬৪ ॥

কৃষ্ণঃ। সেয়ং দীব্যতি শৈব্যায়াঃ পাবিকা বিশ্বপাবিকা।
বেণুর্যদ্বিভ্রমারম্ভে স্তম্ভমালম্বতে মম ॥
ইত্যগ্রতো গত্বা সৌৎসুক্যম্ ॥ ৬৫ ॥

সামান্যগুণকীর্ত্তনানন্তরং মুখে সুরঙ্গত্বকীর্ত্তনং বিশেষ ইতি জ্ঞেয়ম্। নবনব-সুধাভিঃ সম্বাধো নিবিড়োঽপি। শুচিঃ শ্বেতঃ পক্ষে উজ্জ্বলঃ। কলাঃ ষোড়শঃ পক্ষে চতুঃষষ্টিঃ। কুরঙ্গো মৃগবিশেষ এব কুৎসিতরঙ্গস্তং ধরতীতি কুরঙ্গধরঃ ॥ ৬৩ ॥

মধু ইতি। ভো বয়স্য, যুক্তং উৎকর্ণোঽসি যৎ দক্ষিণেন কদম্বকুঞ্জং কাপি আকর্ষণমন্ত্রং পঠতি ॥ ৬৪ ॥

কৃষ্ণ ইতি। পাবিকা ক্ষুদ্রবংশরূপা। বিশ্বপাবিকা বিশ্বশোধিকা যস্যাঃ পাবিকায়া বিভ্রমস্য বাদ্যবিলাসস্যারম্ভে সতি মম বেণুস্তম্ভমালম্বতে ॥৬৫॥

প্রভা দ্বারা পদ্মসমূহকে ম্লান করে, উভয়েই শুচি ও শুভ্রবর্ণ এবং সকল কলায় সম্পূর্ণ, কিন্তু কুরঙ্গধর শশী ব্রজসুন্দরীদিগের সুরঙ্গধর বদনের নিকটে বিশেষভাবে পরাজিত হইয়াছে ॥ ৬৩ ॥

মধুমঙ্গল। হে বয়স্য, তুমি যে উৎকর্ণ হইয়াছ, তাহার উপযুক্ত কারণ আছে, কদম্বকুঞ্জের দক্ষিণদিকে কোনও রমণী আকর্ষণ-মন্ত্র পাঠ করিতেছে ॥ ৬৪ ॥

কৃষ্ণ। ইহা যে শৈব্যার বিশ্ববিমোহিনী বংশের একটি পর্ব্বমাত্রপরিমিতা ক্ষুদ্রা বেণু, যাহার বাদ্যবিলাস আরম্ভ হওয়া মাত্র আমার বেণু স্তম্ভভাব

তুম্বীফলস্তনীয়ং প্রবালসুষমাধরা কলোল্লসিতা।
হরতি ধৃতিং মম ভদ্রা নববল্লরী বল্লকী চাস্যাঃ ॥ ৬৬ ॥

মধুমঙ্গলঃ। বঅস্স অচ্চরিঅং অচ্চরিঅং মজ্ঝে জম্উণং কাবি কচ্ছবী কুণকুণাএদি ॥ ৬৭ ॥

তুম্বীফলেত্যাদি। ভদ্রা নাম যূথেশ্বরী। অস্যা বল্লকী বীণা চ মম ধৃতিং হরতি। তুম্বীফলবৎ স্তনৌ যস্যাঃ সা। প্রবালবৎ সুষমা পরমা শোভা যয়োস্তাদৃশাবধরাবধরৌষ্ঠৌ যস্যাঃ সা। পক্ষে প্রবালস্য নিজদণ্ডস্য সুষমাং ধরতীতি সা। বীণাদণ্ডঃ প্রবালঃ স্যাদিতি কোষাৎ। সুষমা পরমাশোভেত্যমরাৎ। কলাভিরুল্লসিতা। পক্ষে কলেনোল্লসিতা ॥ ৬৬ ॥

মধু ইতি। বয়স্য, আশ্চর্য্যং আশ্চর্য্যং মধ্যে যামুনং যমুনায়া মধ্যে কাপি কচ্ছপী কুনকুনায়তি। কচ্ছপী বীণা পক্ষে কমঠী। কুনকুনশব্দং করোতি কুনকুনায়তি ॥ ৬৭ ॥

অবলম্বন করিল। (এই বলিয়া কয়েক পদ অগ্রে গমন করিয়া ঔৎসুক্যের সহিত) ॥ ৬৫ ॥

এই নববল্লরী তুল্যা ভদ্রা গোপবালিকা ও তাহার রঙ্গমল্লী বীণা উভয়েই রূপে গুণে সমতুল্যা,—উভয়েরই স্তন তুম্বীফল-তুলা, (বীণার দুই প্রান্তে দুই তুম্বীফল স্তনের ন্যায় সংযুক্ত আছে, এবং শৈব্যার স্তন তুম্বীফলের ন্যায় পীনোন্নত) উভয়েই প্রবাল-সুষমা-ধরা (শৈব্যার অধর ও কর-চরণ-তলের সুষমা প্রবাল-তুল্য আরক্ত, বীণার ও বর্ণ আরক্ত, অধিকন্তু তাহাতে তাহার প্রবাল অর্থাৎ বীণাদণ্ড সংযুক্ত আছে), উভয়েই কলভাষণে কলা-কৌশলে উল্লসিতা, অতএব উভয়েই আমার ধৈর্য্য হরণ করিতেছে ॥৬৬॥

মধুমঙ্গল। বয়স্য, কি আশ্চর্য্য! কি আশ্চর্য্য! যমুনার মধ্যে কোনও কচ্ছপী (বীণা) কুন কুন শব্দ করিতেছে ॥ ৬৭ ॥

কৃষ্ণঃ। (সস্মিতম্)

স্মরকেলিনাট্যনান্দীং শব্দব্রহ্মশ্রিয়ং মুহুর্দধতী।
বহতি মুদং মে মহতীমিহ মহিতা শ্যামলা মহতী ॥
(ইতি পরিক্রম্য সহর্ষম্) ॥ ৬৮ ॥

কলশিঞ্জিত-কলয়ারাদবিকলয়া মে প্রমোদকল্লোলম্।
পদ্মা-কলাবিনিলয়া বলয়া কলয়াম্বভূবুরলম্ ॥
ইতি পরিতো দৃষ্টিং ক্ষিপন্।

কৃষ্ণঃ। স্মরকেলীত্যাদি। শ্যামলায়া মহতী বীণা মম মহতীং মুদং বহতি। মহিতা শ্রেষ্ঠা। শব্দাত্মকব্রহ্মণঃ শ্রিয়ং শোভাং প্রপূরয়তী। কীদৃশীম্? স্মরকেলিরূপস্য নাট্যস্য নান্দী মঙ্গলপাঠস্তাম্ ॥ ৬৮ ॥

কলশিঞ্জিতেত্যাদি। পদ্মায়াঃ কলাবী প্রকোষ্ঠৌ নিলয়ৌ যেষাং তে বলয়া মে মম প্রমোদকল্লোলং কলয়াম্বভূবুরুৎপাদয়ামাসুঃ। কয়া কলানি মধুরাণি যানি শিঞ্জিতানি তেষাং কলয়া কৌশলেন। অবিকলয়া পূর্ণয়া।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) এই শ্যামলার মনোহারিণী শ্রেষ্ঠা বীণা কাম-কেলি-নাটকের নান্দী পাঠের দ্বারা মুহুর্মুহু শব্দব্রহ্মের শ্রী ধারণ করিতেছে এবং তাহাতে আমার মনে মহৎ আনন্দ বহন করিয়া আনিতেছে।

(এই বলিয়া পরিভ্রমণ করিতে করিতে সহর্ষে) ॥ ৬৮ ॥

আমার সন্নিকটে পদ্মার মণিবন্ধের বলয়ের পূর্ণ কল-শিঞ্জন আমার প্রমোদকল্লোল প্রবর্দ্ধিত করিতেছে।

(তৎপরে চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিয়া

সখে কথমত্রাস্থ নোন্মীলতি চন্দ্রাবলীপরিমলঃ তদ্বামতঃ করালা গৃহোপান্তবাটিকামাসাদয়াবঃ। ইতি পরিক্রামতি ॥৬৯॥

মধুমঙ্গলঃ। (পুরোঽবলোক্য) এসা উবণন্দ-পুত্তস্স সুহদ্দস্স বহু কুন্দলদিআ ইদো আঅচ্ছদি।

প্রবিশ্য কুন্দলতা। কহ্ণ অআলে প্পফুল্লং বঞ্জুলং কীস ণ সলাহসি ॥ ৭০ ॥

কলাবীতি প্রকোষ্ঠঃ স্যাদিতি হারাবলী কলাভিঃ শিল্পৈরুল্লসিতা। যদ্বা কলা লক্ষ্মী স্তভিতোঽপ্যুল্লসিতা। কলা স্যান্মূলবিবৃদ্ধৌ শিল্পাদাবংশ-মাত্রকে। ষোড়শাংশে চ চন্দ্রস্য কমলা কালমানয়োরিতি মেদিনী ॥ ৬৯ ॥

মধু ইতি। এষা উপনন্দপুত্রস্য সুভদ্রস্য বধূ কুন্দলতিকা অত্রাগচ্ছতি।

কুন্দলতা। কৃষ্ণ, অকালে প্রফুল্লং বঞ্জুলং অশোকং কস্মান্ন শ্লাঘসে ॥ ৭০ ॥

সখা, আজ কেন এখানে এখনও চন্দ্রাবলীর গন্ধ পর্যান্ত পাওয়া যাইতেছে না। তবে চল, আমরা বামদিকে করালার গৃহপ্রান্তে অবস্থিত উপবনে প্রবেশ করি।

(এই বলিয়া পরিভ্রমণ) ॥ ৬৯ ॥

মধুমঙ্গল। (সম্মুখে অবলোকন করিয়া) এই যে উপনন্দের পুত্র সুভদ্রের বধূ কুন্দলতিকা এই দিকেই আসিতেছে।

(কুন্দলতার প্রবেশ)

কুন্দলতা। কৃষ্ণ, অকালে অশোক বৃক্ষ প্রফুল্ল হইয়াছে দেখিয়াও কেন উহার প্রশংসা করিতেছ না? ॥ ৭০ ॥

কৃষ্ণঃ। (দৃশং ক্ষিপন্নাত্মগতম্) নূনং চন্দ্রাবলীচরণচাতুরীচমৎকারোঽয়ম্। ইতি সোৎকণ্ঠমভিনন্দ্য।

এতানি বঞ্জুলবনান্তরুদঞ্চিতানি
কাদম্বকূজিত-কদম্ববিড়ম্বনানি।
মন্ত্রাণি কর্ণকুহরং মম নন্দয়ন্তু
চন্দ্রাবলীকনকনূপুরশিঞ্জিতানি ॥ ৭১ ॥

কুন্দলতা। সুন্দর, ভারুণ্ডাএ গব্ভঘরে নিরুদ্ধাবি চন্দাঅলা মএ চাতুরীপবন্ধেণ কড্‌ঢিদা।

কৃষ্ণঃ। ভারুণ্ডয়া কথমকাণ্ডে কার্কশ্যমারব্ধম্ ॥ ৭২ ॥

কৃষ্ণ ইতি। আত্মগতং মনসি চিন্তিতম্। কাদম্বঃ কলহংসঃ ॥ ৭১ ॥

কুন্দলতা। সুন্দর, ভারুণ্ডায়াঃ গর্ভগৃহে নিরুদ্ধাপি চন্দ্রাবলী ময়া চাতুরীপ্রবন্ধেন কর্ষিতা ॥ ৭২ ॥

কৃষ্ণ। (অশোকবৃক্ষের দিকে দৃষ্টিপাত করিয়া আপন মনে স্বগত) ইহা নিশ্চয় চন্দ্রাবলীর চরণ-চাতুরীর চমৎকার, (অর্থাৎ এই যে অশোক তরুতে অকালে পুষ্পোদ্‌গম হইয়াছে, তাহা নিশ্চয় চন্দ্রাবলীর পদাঘাতের আশ্চর্য্যজনক পরিণাম।) (উৎকণ্ঠার সহিত অভিনন্দন করিয়া) এই অশোককানন হইতে সমুত্থিত চন্দ্রাবলীর কনক-নূপুরের কণকণ শিঞ্জন কলহংসকুলের কূজনকেও পরাজিত করিয়া মন্ত্রের মত আমার কর্ণকুহর আনন্দিত করিতেছে ॥ ৭১ ॥

কুন্দলতা। ওহে সুন্দর, ভারুণ্ডার গর্ভগৃহে নিরুদ্ধ থাকিলেও চন্দ্রাবলীকে আমি চাতুরীচেষ্টায় বাহির করিয়া আনিয়াছি।

কৃষ্ণ। ভারুণ্ডা কেন এমন অকারণে কর্কশ ব্যবহার আরম্ভ করিল? ॥৭২॥

কুন্দলতা। ণ কেঅলং ভারুণ্ডাএ জডিলা পহুদীহিং বি সব্ব বুড্ঢিয়াহিং ॥ ৭৩ ॥

প্রবিশ্য পদ্ময়া চন্দ্রাবলী। সংস্কৃতেন।

রচয়তু মম বৃদ্ধা তর্জ্জনং দুর্জ্জনী সা
　কবলয়তু কুলেন্দুং কোঽপি দুর্ব্বাদরাহুঃ।
সহচরি পরিহর্ত্তুং নাক্ষিভৃঙ্গৌ ক্ষমেতে
　মধুরিপুমুখপদ্মালোকমাধ্বীকলোভম্ ॥ ৭৪ ॥

কুন্দলতা। ন কেবলং ভারুণ্ডয়া জটিলা প্রভৃতিভিরপি সর্ব্ব-বৃদ্ধাভিঃ ॥ ৭৩ ॥

চন্দ্রাবলী। রচয়ত্বিত্যাদি। বৃদ্ধা মম তর্জ্জনং রচয়তু যতঃ সা দুর্জ্জনী। দুর্ব্বাদ এব রাহুঃ মধুরিপোর্ম্মুখমেব পদ্মং তস্যালোক এব মাধ্বীকং তস্মিন যো লোভস্তম্ ॥ ৭৪ ॥

কুন্দলতা। কেবল ভারুণ্ডা নয়, জটিলা প্রভৃতি বুড়ীরা সবাই ॥ ৭৩ ॥

(পদ্মার সহিত চন্দ্রাবলীর প্রবেশ)

চন্দ্রাবলী। (সংস্কৃত ভাষায়) দুর্জনী সেই বৃদ্ধা আমার প্রতি তর্জ্জনই করুক, অথবা অপবাদ-রাহু আমার কুলমর্য্যাদারূপ চন্দ্রকেই কবলিত করুক, তথাপি হে সহচরি, আমার চক্ষু-ভ্রমর মধুরিপুর মুখপদ্ম অবলোকনরূপ মধুমদ্য পানের লোভ পরিহার করিতে সক্ষম হইতেছে না ॥ ৭৪ ॥

কৃষ্ণঃ। (চন্দ্রাবলীমাসাদ্য সানন্দম্)

নীতস্তম্বি মুখেন তে পরিভবং ভ্রূক্ষেপবিক্রীড়য়া
বিভ্যদ্বিষ্ণুপদং জগাম শরণং তত্রাপ্যধৈর্য্যং গতঃ।
আসাদ্য দ্বিজরাজতাং বিজয়িনঃ সেবার্থমস্যোজ্জ্বল-
শ্চন্দ্রোঽয়ং দ্বিজরাজতা পদমগাত্তেনাসি চন্দ্রাবলী ॥ ৭৫ ॥

কৃষ্ণঃ। নীতস্তন্বীত্যাদি। নিরুক্তং নাটকভূষণমিদম্। তল্লক্ষণম্—নিরুক্তং নিরবদ্যোক্তির্নাম্নার্থস্য প্রসিদ্ধয়ে ইতি। অত্র চন্দ্রাবলী নাম নিরুক্তম্। হে তন্বি, অয়ং চন্দ্রস্তে তব মুখেন কর্ত্রা ভ্রূক্ষেপবিক্রীড়য়া করণেন পরিভবং নীতঃ সন্ বিভ্যৎ সন্ বিষ্ণুপদমাকাশং শরণং জগাম তত্রাকাশেঽপি অধৈর্য্যমস্থিরতাং গতঃ সন্ বিজয়িনোঽস্য সেবার্থং দ্বিজরাজতাং দন্তশ্রেণিতামাসাদ্য তত্তাদাত্ম্যং প্রাপ্য দন্তশ্রেণী-ভূত্বোজ্জ্বলঃ সন্ দ্বিজরাজতাপদং চন্দ্রত্বং পক্ষে দন্তেষু রাজত্বপদ-মগাৎ। তেন হেতুনা ত্বং চন্দ্রাবলীদন্তরূপা চন্দ্রাণামাবলির্যস্যাং সাসি ॥ ৭৫ ॥

কৃষ্ণ। (চন্দ্রাবলীর নিকটে উপস্থিত হইয়া সানন্দে) হে তন্বি, এই উজ্জ্বল চন্দ্র তোমার মুখের ভ্রূভঙ্গলীলার নিকট পরাভব স্বীকার করিয়া আকাশের শরণাগত হইয়াছিল, কিন্তু সেখানেও ধৈর্য্য ধারণ করিয়া থাকিতে না পারিয়া বিজয়ী মুখেরই সেবার জন্য দন্তপংক্তির আকারে সে দ্বিজরাজত্ব (দন্তত্ব ও চন্দ্রত্ব) লাভ করিয়াছে, এবং এই জন্যই তুমি চন্দ্রাবলী হইয়াছ ॥ ৭৫ ॥

কুন্দলতা। মোত্তিমসরমজ্‌ঝট্‌ঠিঅ রঅণে অড়িবিম্বদম্ভসম্বলিদা।
তুহ হিঅঅং ণিউণা মে জাআ চন্দাঅলী জাদা।

কৃষ্ণঃ। (স্মিতং কৃত্বা) কুন্দলতিকে, কথং তে যাতা চন্দ্রাবলী ॥ ৭৬ ॥

কুন্দলতা। গোউল-জুঅরাঅ গোঅড্‌ঢণো অস্কা দেঅরো চ্চেঅ সচ্চো ॥ ৭৭ ॥

চন্দ্রাবলী। (সভ্রূভঙ্গমপবার্য্য) ধুট্‌ঠে কুন্দলতা চ্চেঅ ভমরা-কড্‌ঢিণী হোদি ॥ ৭৮ ॥

কুন্দ ইতি। মৌক্তিকহারমধ্যস্থিতরত্নে প্রতিবিম্বদম্বলিতা। তব হৃদয়ং নিপুণা মে যাতা চন্দ্রাবলী যাতা ॥ ৭৬ ॥

কুন্দ ইতি। গোকুলযুবরাজ! গোবর্দ্ধনঃ খলু অস্যাঃ অলীকস্বামী। অস্ম-দ্দেবর এব সত্যঃ ॥ ৭৭ ॥

চন্দ্রাবলী। অপবার্য্য কর্ণে লগিত্বাহ। ধৃষ্টে, কুন্দলতৈব ভ্রমরাকর্ষিণী ভবতি।

কুন্দলতা। হে কৃষ্ণ, তোমার হৃদয়-বিলম্বিত মুক্তামালার মধ্যমণিতে প্রতি-বিম্বিতা হইয়া দর্পিতা ও নিপুণা আমার যাতা দেবরজায়া চন্দ্রাবলী তোমার হৃদয়ে প্রবেশ করিয়াছে।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) কুন্দলতিকা, কিরূপে চন্দ্রাবলী তোমার যা হইল? ॥ ৭৬ ॥

কুন্দলতা। হে গোকুল-যুবরাজ, গোবর্দ্ধন গোপ তো ইহার নামে মাত্র স্বামী, কিন্তু তুমি আমার দেবরটিই তো সত্য স্বামী ॥ ৭৭ ॥

চন্দ্রাবলী। (ভ্রূভঙ্গ করিয়া কুন্দলতার কানের কাছে মুখ ফিরাইয়া) ধৃষ্টে, কুন্দলতাই তো ভ্রমরকে আকর্ষণ করিয়া আনে ॥ ৭৮ ॥

কুন্দলতা। দেঅর এসা ণিউঞ্জঘরিণী কধেদি ছইল্লো ণ কৃখু এসো বুন্দাঅণভমরো জং পপ্‌ফুল্লং পউমালীং ণ পিবেদি ॥ ৭৯ ॥

পদ্মা। অলিআসংসিণি চিট্‌ঠ চিট্‌ঠ জঙ্গলসঞ্চারিণো ভমরস্‌স বিসাহা সহচরী চ্চেঅ সুলহা ণ কৃখু অমি অউপ্পন্না পউমালী ॥৮০॥

কুন্দলতা কুন্দপুষ্পলতা। পক্ষে তন্নাম্নী সুভদ্রস্য বধূস্বম্। ভ্রমরো ভৃঙ্গঃ পক্ষে ভ্রমণশীলঃ কৃষ্ণঃ ॥ ৭৮ ॥

কুন্দ ইতি। দেবর, এষা নিকুঞ্জগৃহিণী কথয়তি ছবিলঃ ন খলু এষো বৃন্দা-বন-ভ্রমরো যং প্রফুল্লং পদ্মালীং ন পিবতি। পক্ষে পদ্মায়া আলীং সখীং চন্দ্রাবলীম্। আলী সখী বয়স্যেত্যমরাঃ। ছবিলঃ বিদগ্ধঃ ॥ ৭৯ ॥

পদ্মেতি। অলীকাশংসিনি, তিষ্ঠ তিষ্ঠ। বিপিনসঞ্চারিণো ভ্রমরস্য বিশাখা সহচরী এব সুলভা। ন খলু অমৃতোৎপন্না পদ্মালী। পক্ষে পদ্মায়া আলীং চন্দ্রাবলীম্। আলী সখী বয়স্যেত্যমরাঃ। পক্ষে পদ্মালিঃ কমলশ্রেণী। পক্ষে বিশাখা শাখারহিতা সহচরী ঝিণ্টী। পক্ষে বিশা-খায়াঃ সহচরী শ্রীরাধা। অমৃতে জলে উৎপন্না পদ্মালিঃ কমলশ্রেণী। পক্ষে সুখোৎপন্না পদ্মায়া আলী চন্দ্রাবলী সুখেন লভ্যা ন তু যত্নলভ্যা ইত্যাত্মনঃ উৎকর্ষাক্ষেপণম্ ॥ ৮০ ॥

কুন্দলতা। ওগো দেবর, এই নিকুঞ্জ-গৃহিণী কহিতেছেন যে, এই বৃন্দাবন-ভ্রমর নিশ্চয়ই রসিক নহেন, যেহেতু, ইনি প্রফুল্ল পদ্মালীর (পদ্মসমূহের ও পদ্মার সখীর) মধুরস পান করিতেছেন না ॥ ৭৯ ॥

পদ্মা। ওগো অলীক-ভয়-শঙ্কিতা, থাকো থাকো, জঙ্গল-সঞ্চারী ভ্রমরের কাছে বিশাখা-সহচরীই (শাখাশূন্য ঝিণ্টীপুষ্প ও বিশাখার সখী রাধা) সুলভ হয়, অমৃতোৎপন্না পদ্মালী (পদ্মশ্রেণী ও পদ্মার সখী চন্দ্রাবলী) কখনই সুলভ নহে ॥ ৮০ ॥

কুন্দলতা। চন্দাঅলি বিদিদা উদাসি কীস লজ্জসি তা অলং করেহি পীণুত্তুঙ্গথণবন্ধুণা অপ্পণো হারেণ হরিবক্খত্থলং ॥৮১।

চন্দ্রাবলী। (সাভ্যসূয়ম্) কুন্দলতিএ, ণিঅকণ্ঠট্ঠিদাএ এক্কাঅলীএ তুমং চ্চেঅ অলং করেহি।

কুন্দলতা। মাহব, থবইণীং করেহি চন্দাঅলীএ কণ্ণলদিঅং।

চন্দ্রাবলী। হলা পিঅজণ-পেক্খণ-পজ্জুস্সুঅস্স বইন্দণন্দণস্স মগ্গে ণ ক্খু পড়িবন্ধিণী হোহি ॥ ৮২ ॥

কুন্দ ইতি। চন্দ্রাবলি, বিদিতাকূতাসি কস্মাল্লজ্জসে তদলং কুরু পীনোত্তুঙ্গস্তনবন্ধুনা আত্মনো হারেণ হরিবক্ষঃস্থলম্ ॥ ৮১ ॥

চন্দ্রেতি। কুন্দলতিকে, নিজকণ্ঠস্থিতয়ৈকাবল্যা ত্বমেব অলঙ্কুরু।

কুন্দেতি। মাধব, স্তবকিনীং কুরু চন্দ্রাবল্যাঃ কর্ণলতিকাম্।

চন্দ্রেতি। সখি! প্রিয়জনপ্রেক্ষণপর্য্যুৎসুকস্য ব্রজেন্দ্রনন্দনস্য মার্গে ন খলু প্রতিবন্ধিনী ভব ॥ ৮২ ॥

কুন্দলতা। চন্দ্রাবলি, তোমার অভিলাষ তো আমি জানি, তবে আর বৃথা কেন লজ্জা করিতেছ? তোমার পীন উত্তুঙ্গ স্তনের বন্ধু হারের দ্বারা হরির বক্ষঃস্থল অলঙ্কৃত কর ॥ ৮১ ॥

চন্দ্রাবলী। (অসূয়া সহকারে) কুন্দলতিকা, তোমার নিজের কণ্ঠস্থিতা একাবলী হার দ্বারা তুমিই তাহাকে অলঙ্কৃত কর।

কুন্দলতা। মাধব, তুমি চন্দ্রাবলীর কর্ণলতিকাকে স্তবকবিন্যস্ত কর (তাহার গণ্ডের নিকটে তোমার মুখ লইয়া গিয়া তাহার কর্ণভূষণের সহিত তোমার কর্ণভূষণ সংলগ্ন কর)।

চন্দ্রাবলী। সখি, প্রিয়জনকে দেখিবার জন্য সমুৎসুক ব্রজেন্দ্রনন্দনের গমনপথে তুমি প্রতিবন্ধক হইও না ॥ ৮২ ॥

কুন্দলতা। সহি, কা অণ্ণা তুঅত্তো ইমসস্ পিআ।
পদ্মা। অই রাহাসহি বিরমেহি ॥ ৮৩ ॥
কৃষ্ণঃ। সরোজাক্ষি পরোক্ষং তে কদাপি হৃদয়ং মম।
  ন স্প্রষ্টুমপ্যলং বাধা রাধা স্বাক্রম্য গাহতে ॥
  (ইতি সশঙ্কম্ বাধা রাধয়োর্বিপর্য্যাসং পঠতি) ॥ ৮৪ ॥

কুন্দেতি। সখি! কা অন্যা ত্বত্তঃ অস্য প্রিয়া।
পদ্মেতি। অয়ি রাধাসখি! বিরময় ॥ ৮৩ ॥
কৃষ্ণ ইতি। সরোজাক্ষীত্যাদি, ভ্রংশনাম নাটকভূষণমিদং, তচ্চ দ্বিপ্রকারম্।
  তত্রোত্তরপ্রকারলক্ষণং, কথয়ন্তি বুধা ভ্রংশং বাচ্যাদন্যতরদ্বচ ইতি।
  আক্রম্য হঠাদিত্যর্থঃ। অথবা রাধাহৃদয়মাক্রম্য ব্যাপ্য বা বর্ত্ততে
  ইত্যস্যাঃ হৃদয়স্পর্শোঽবকাশাভাবঃ সূচিতঃ। বাধেতি বাচো
  রাধেত্যুক্তম্।
অগ্রে রাধাং পশ্চাদ্বাধাং পঠতি ॥ ৮৪ ॥

কুন্দলতা। সখি, কে আবার অন্য জন তোমা অপেক্ষা ইঁহার প্রিয়
  আছে ?
পদ্মা। ওগো রাধার সখী, তুমি বিরত হও ॥ ৮৩ ॥
কৃষ্ণ। হে কমল-লোচনা, তোমার অসাক্ষাতে কদাপি আমার হৃদয়ে
  বাধার লেশমাত্রও থাকে না, রাধাই আমার হৃদয় জুড়িয়া অবস্থান করে।
  (এই কথা বলিয়া ফেলিয়াই শঙ্কিত হইয়া আগে রাধা ও পরে বাধা
  বলিয়া উল্টাইয়া ঐ বাক্যের পুনরুক্তি করিলেন) ॥ ৮৪ ॥

পদ্মা। মহাপুরিসা ক্খু ণ জাদু অসচ্চভাসিণো হোন্তি।

(নেপথ্যে)। কুন্দলতে!

সাহু সাহু, সচ্চং ণ জাণাসি পত্থরপুঞ্জকঠোরং গোঅর্ডণং ॥৮৫॥

কুন্দলতা। হদ্দী হদ্দী! ভারুণ্ডা চণ্ডী চণ্ডিমাণং কুণাদি।

চন্দ্রাবলী। (সত্রাসম্) সহি পউমে সদ্দূলীব্ব গজ্জদি বুড্ঢিয়া তা অপসপ্পক্ষ।

[ইতি পদ্ময়া সহ নিষ্ক্রান্তা।

পদ্মেতি। মহাপুরুষাঃ খলু ন জাতু কদাচিৎ অসত্যভাষিণো ভবন্তি।

(নেপথ্যে) কুন্দলতে, সাধু সাধু, সত্যং ন জানাসি প্রস্তরপুঞ্জকঠোরং গোবর্দ্ধনম্। পর্ব্বতমিব গোবর্দ্ধনমল্লম্ ॥ ৮৫ ॥

কুন্দেতি। হা ধিক্ হা ধিক্! ভারুণ্ডা চণ্ডী চণ্ডিমানং করোতি। চণ্ডিমানং প্রচণ্ডতাং পক্ষে চণ্ডিত্বম্।

চন্দ্রেতি। সখি পদ্মে! শার্দ্দূলীব গর্জ্জতি বৃদ্ধা তৎ অপসর্পাবঃ।

পদ্মা। মহাপুরুষেরা কখনই অসত্যভাষী হন না।

(নেপথ্যে) কুন্দলতা, বেশ, বেশ, সত্যই কি তুমি জানো না যে, গোবর্দ্ধন প্রস্তর-পুঞ্জের ন্যায় কঠোর ॥ ৮৫ ॥

কুন্দলতা। হায় হায়, রণচণ্ডী ভারুণ্ডা ক্রোধে উগ্রচণ্ডা-মূর্ত্তি ধারণ করিয়াছে।

চন্দ্রাবলী। (সভয়ে) সখী পদ্মা, বুড়ীটা ব্যাঘ্রীর ন্যায় গর্জ্জন করিতেছে; অতএব চল, আমরা পলায়ন করি।

(পদ্মার সহিত নিষ্ক্রান্ত হইল)

কুন্দলতা। অহং গোউলেসরীং অণুসরিস্সং।

ইতি নিষ্ক্রান্তা ॥ ৮৬ ॥

কৃষ্ণঃ। (পুরো গত্বা সৌৎসুক্যম্)।

মনস্তুরং সৌমনসস্য ধন্বনস্তনোতি টঙ্কার-কদম্বসম্ভ্রমম্।

অনঙ্গখেলাখুরলীবিশৃঙ্খলঃ স্খলদ্বিশাখাকলমেখলারবঃ ॥

(সব্যতো নিভাল্য।)

সখে! সত্যমাহ কুন্দলতা যদদ্য রাধামাধুর্য্যমপি নানুভূয়তে।

তদহমম্বামেব সংভাবয়ে (অয়মিতি নিষ্ক্রান্তঃ) ॥ ৮৭ ॥

কুন্দেতি। অহং গোকুলেশ্বরীং অনুসরিষ্যামি ॥ ৮৬ ॥

কৃষ্ণ ইতি। মনস্তুরমিত্যাদি, সৌমনসস্যেত্যনেন ধন্বুবঃ কামকার্ম্মুকত্বমানীতম্। অনঙ্গক্রীড়াভ্যাসে নির্গলঃ। খুরলাভ্যাসঃ, অভ্যাসঃ খুরলী যোগেতি ত্রিকাণ্ডশেষাৎ ॥ ৮৭ ॥

কুন্দলতা। আমিও গোকুলেশ্বরী যশোদার নিকট গমন করি।

(নিষ্ক্রমণ) ॥ ৮৬ ॥

কৃষ্ণ। (সম্মুখে গমন করিয়া ঔৎসুক্যের সহিত) কামক্রীড়ার অভ্যাসের জন্য বিশৃঙ্খল হইয়া বিশাখার নিতম্বদেশ হইতে স্খলিত মেখলার কলধ্বনি মনোভবের ধনুর পুনঃপুনঃ টঙ্কারের ন্যায় আমার মনে ভ্রান্তিজনিত ভয় উৎপাদন করিতেছে।

(বামদিকে দৃষ্টিপাত করিয়া) সখা, কুন্দলতা সত্য বলিয়াছে, যেহেতু, অদ্য রাধার মাধুর্য্য পর্য্যন্ত অনুভূত হইতেছে না। তবে যাই, আমি মাকে প্রীত করি। [প্রস্থান ॥ ৮৭ ॥

(ততঃ প্রবিশতি পৌর্ণমাসী গার্গী রোহিণ্যাদিভিরাবৃতা যশোদা ।)

যশোদা । হন্ত সহি রোহিণি ণ জানে কীস বিলম্বই বচ্ছো ॥৮৮॥

প্রবিশ্য কুন্দলতা । (সস্মিতম্) অম্ব মা বিসীদ সো কৃখু সুবি-মাণাহিঃ অম্বরালম্বিণীহিং । বিন্দারঅ-রমণীহিং হসিদপুপ্ফুবরিসেণ উবাসিজন্তো বিলম্বদি ॥ ৮৯ ॥

যশোদেতি । হন্ত সখি রোহিণি ! ন জানে কস্মাৎ বিলম্বতি বৎসঃ ॥ ৮৮ ॥

প্রবিশ্য কুন্দেতি । অম্ব মা বিষাদ, স খলু সুবিমানাভিরম্বরালম্বিনীভির্বৃন্দারকরমণীভির্হসিত-পুষ্পবর্ষেণোপাস্যমানো বিলম্বতে । শোভনানি বিমানানি রথানি যাসাং তাভিঃ । ব্যোমযানং বিমানোহস্ত্রীতি কোষাৎ । পক্ষে বিগতমানাভিস্ত্যক্তপরিমলাভির্বা । অম্বরালম্বিনীভিরাকাশমাশ্রিতাভিঃ, পক্ষে অম্বরাণি বস্ত্রাণি সম্যক্ পরিদধাতীভিঃ । বৃন্দারকরমণীভিঃ, পক্ষে মনোজ্ঞরমণীভিঃ । বৃন্দারকঃ সুরশ্রেষ্ঠে মনোজ্ঞেঽপি চ বাচ্যবদিতি কোষাৎ । হ স্ফুটং সিতানি পুষ্পাণি । যদ্বা, হসিতানি বিকাসিতানি পুষ্পাণি । পক্ষে হসিতান্যেব পুষ্পাণি তেষাং বর্ষেণ উপাস্যমানঃ, পক্ষে সমীপে স্থাপ্যমানঃ ॥ ৮৯ ॥

(পৌর্ণমাসী, গার্গী, রোহিণী প্রভৃতির দ্বারা পরিবৃতা যশোদার প্রবেশ)

যশোদা । হায় সখী রোহিণি, না জানি কেন বাছা আমার ফিরিতে বিলম্ব করিতেছে ॥ ৮৮ ॥

(কুন্দলতার প্রবেশ)

কুন্দলতা । (স্মিতমুখে) মা, আপনি বিষণ্ণ হইবেন না, সুশোভন বিমানে (আকাশে অথবা রথে বা মণ্ডপে) আগতা অম্বরধারিণী (আকাশ-চারিণী বা সুন্দর বস্ত্রে সুসজ্জিতা) বৃন্দারক-রমণীদিগের (দেবরমণী বা

রোহিণী। দিট্ঠং মএ তহিং দিঅহে দোণং কুমারীণং সোন্দেরং পেক্খিঅ-বিন্দারঅ সুন্দরীও অচ্ছরাও বি বিমচ্ছরাও হোন্তি। ৯০ ॥

যশোদা। ভঅবদি চন্দ্রাঅলী ণঅমালিআ রাহা মাহবীঅ সব্বাও মহ আসাও গুণসোরহপূরেণ পূরেই তথবি বচ্ছো বিঅ বচ্ছা লহুঈ ণেত্তভিঙ্গং সোন্দরমঅরন্দেণ আণন্দেই ॥ ৯১ ॥

রোহিণীতি। দৃষ্টং ময়া তস্মিন্ দিবসে দ্বয়োঃ কুমার্য্যোশ্চন্দ্রাবলীরাধয়োঃ সৌন্দর্য্যং প্রেক্ষ্য বৃন্দারকসুন্দর্য্যঃ অপ্সরসোঽপি বিমৎসরা ভবন্তি সৌন্দর্য্যেণ পরাভূতত্বাৎ ॥ ৯০ ॥

যশোদেতি। ভগবতি! চন্দ্রাবলী নবমালিকা রাধা মাধবী চ সর্ব্বা মম আশাঃ গুণসৌরভ্যপূরেণ পূরয়তি, তত্রাপি বৎস ইব বৎসা লঘ্বী রাধা সৌন্দর্য্য-মকরন্দেন আনন্দয়তি আশা দিশঃ। পক্ষে সর্ব্বাভিলাষান্ ॥৯১॥

মনোজ্ঞা রমণী বা বৃন্দাবনবাসিনী রমণীদিগের) হসিত-পুষ্প (প্রস্ফুটিত বা শুভ্র বা হাস্যরূপ পুষ্প) বর্ষণের দ্বারা উপাস্যমান (পূজিত বা সমীপে আকৃষ্ট) হইয়া সে বিলম্ব করিতেছে ॥ ৮৯ ॥

রোহিণী। হাঁ, আমিও একদিন দেখিয়াছি, (রাধা ও চন্দ্রাবলী) এই দুই কুমারীর সৌন্দর্য্য সন্দর্শন করিয়া দেবাঙ্গনাগণ ও স্বর্গের অপ্সরারা পর্য্যন্ত পরাজয়ের গ্লানি অনুভব করিয়া গর্ব্ব ত্যাগ করিয়াছিল ॥ ৯০ ॥

যশোদা। ঠাকুরাণি, চন্দ্রাবলী, নবমালিকা আর রাধা মাধবী-পুষ্প, তাহারা আমার সর্ব্ব আশা (অভিলাষ ও দিক) গুণসৌরভে পরিপূর্ণ করে, তথাপি বৎস কৃষ্ণের ন্যায় কনিষ্ঠা বৎসা রাধা আমার নেত্রভ্রমরকে সৌন্দর্য্য-মকরন্দ দ্বারা আনন্দিত করিয়া থাকে ॥ ৯১ ॥

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি, সর্ব্বেষাং গোকুলবাসিনামীদৃগেব সমুদাচারঃ।

গার্গী। কুন্দলদে, কাস তুহ্মেহিং সদা গোউলেশ্বরী ঘরে রাহী ণিজ্জই ॥ ৯২ ॥

যশোদা। তুএ সক্কিআইং বত্থূইং উবভুঞ্জাণো দীহাউ হোইস্তি দুব্বাসসেণ দিণ্ণবরং রাহিঅং সুণিঅ আআরেমি।

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি, কৃষ্ণমাশঙ্ক্য জটিলা খিদ্যতি ॥ ৯৩ ॥

পৌর্ণেতি। গোকুলেশ্বরি! সর্ব্বেষাং গোকুলবাসিনামীদৃগেব সমুদাচারঃ। সম্যগুৎকৃষ্টাচারঃ। সর্ব্বগোকুলবাসিন এবমেব মন্যন্তে ইত্যর্থঃ।

গার্গীতি। কুন্দলতে! কস্মাৎ যুষ্মাভিঃ সদা গোকুলেশ্বরীগৃহে রাধা নীয়তে ॥ ৯২ ॥

যশোদেতি। যশোদা প্রসঙ্গমবাপ্যাহ, ত্বয়া সংকৃতানি বস্তূনি উপভুঞ্জানঃ দীর্ঘায়ুর্ভবতি। দুর্ব্বাসসা দত্তবরাং রাধিকাং শ্রুত্বা আকারয়ামি আহ্বানং করোমি ॥ ৯৩ ॥

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি, গোকুলবাসী সকলেরই এইরূপ অভিমত।

গার্গী। কুন্দলতা, কেন তোমরা প্রত্যহ গোকুলেশ্বরীর গৃহে রাধাকে লইয়া যাও? ॥ ৯২ ॥

যশোদা। দুর্ব্বাসা রাধাকে বর দিয়াছিলেন যে, তুমি যে দ্রব্য প্রস্তুত করিয়া দিবে, তাহা যে উপভোগ করিবে, সে দীর্ঘায়ু হইবে, ইহহে শুনিয়া আমি রাধাকে আহ্বান করিয়া থাকি।

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি, কৃষ্ণের আশঙ্কায় জটিলা দুঃখিতা হয় ॥ ৯৩ ॥

যশোদা। (বিহস্য) থণন্ধঅম্মি বৎসে কো কৃখু তাএ সঙ্কাএ ওসরো।

কুন্দলতা। (নীচৈঃ) সচ্চং চ্চেঅ থণন্ধও রাউলাণিএ পুত্ত জং গিরীন্দং কন্দুএদি।

পৌর্ণমাসী। (দৃষ্ট্বা সহর্ষম্)।

প্রথয়ন্ জগদণ্ডমণ্ডলী মুকুটারোহণযোগ্যতামসৌ।

স্ফুরতি ব্রজরাজগেহিনী খনিজন্মা পুরতো হরিন্মণিঃ॥

প্রবিশ্য কৃষ্ণঃ।

মাতরুন্মার্জয় সাশ্রুণী লোচনে পুরস্তাদেষোস্মি॥ ৯৪॥

যশোদেতি। স্তনন্ধয়েঽস্মিন্ বৎসে কঃ খলু তস্যাঃ শঙ্কায়াঃ অবসরঃ অবকাশঃ। কুন্দেতি। সত্যমেব স্তনন্ধয় রাজ্ঞ্যাঃ পুত্রঃ যৎ গিরীন্দ্রং কন্দুকয়তি কন্দুকবৎ করোতি॥ ৯৪॥

যশোদা। (হাসিয়া) দুধের ছেলেকে লইয়া তাহার শঙ্কার অবসর কোথায়?

কুন্দলতা। (মৃদুস্বরে) রাণীমার পুত্র সত্যই দুধের ছেলে, তাই গিরীন্দ্র গোবর্দ্ধনকে লইয়া কন্দুকক্রীড়া করে।

পৌর্ণমাসী। (সম্মুখে দৃষ্টিপাত করিয়া সহর্ষে) ব্রজরাজগেহিনী-রূপ খনি হইতে সমুৎপন্ন হরিৎবর্ণ মণি হরি ব্রহ্মাণ্ডমণ্ডলীর মুকুটে আরোহণ করিবার যোগ্যতা প্রকাশ করিতে করিতে ঐ যে সম্মুখে শোভা পাইতেছেন।

(কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। মা, তুমি তোমার অশ্রুপূর্ণ লোচনযুগল মার্জ্জন কর, এই যে আমি তোমার সম্মুখে উপস্থিত হইয়াছি॥ ৯৪॥

রোহিণী। (দীপাবল্যা নিরাজ্য সংস্কৃতেন)

বিন্যস্য বর্ত্মনি গবাং নয়নে কথঞ্চিৎ
নীতাতিদীর্ঘদিবসম্যোত্তরযামযুগ্মান্।
হা বৎস বৎসলতরাং ভবদেকবন্ধুং
সন্ধুক্ষয়স্ব জননীমুপগূহনেন ॥ ৯৫ ॥

কৃষ্ণঃ। (মাতুরুৎসঙ্গে উত্তমাঙ্গমাধায়) অম্ব, দেহি মে মণি-মণ্ডনম্, (ইতি বাল্যবিলাসং প্রপঞ্চয়তি)।

পৌর্ণমাসী। নিচুলিতা গিরিধাতু-স্ফীতপত্রাবলীকা-
নখিলসুরভিরেণূন্ ক্ষালয়ন্তির্যশোদা।

বিন্যস্তেত্যাদি। কথঞ্চিন্নীতং কষ্টেন ক্ষপিতমতিদীর্ঘদিবসম্যোত্তরং যামযুগ্মং যয়া তাম্। সন্ধুক্ষয় সিঞ্চয়। উপগূহনেন সুখেন অর্থাৎ ক্রোড়ারোহণেন আনন্দয় ইতি ভাবঃ ॥ ৯৫ ॥

পৌর্ণেতি। নিচুলেতেত্যাদি। নিচুলিতা আচ্ছাদিতা। গিরিধাতূনাং স্ফীতপত্রাবলী যৈস্তান্।

রোহিণী। (দীপাবলীর দ্বারা নির্ম্মঞ্ছন করিয়া সংস্কৃত ভাষায়) হে বৎস, তোমার জননী গাভীদিগের আগমনপথে নয়নদ্বয় বিন্যাস করিয়া কোনও মতে অতিদীর্ঘ দিবসের শেষ যাম-যুগল যাপন করিয়াছেন, এক্ষণে ত্বদ্গতপ্রাণা স্নেহবৎসলা তাঁহার সর্ব্বস্বধন তুমি তাঁহার ক্রোড়ে আরোহণ করিয়া তাঁহাকে আনন্দরসে অভিসিঞ্চিত কর ॥ ৯৫ ॥

কৃষ্ণ। (মাতার ক্রোড়ে মস্তক ন্যস্ত করিয়া) মা, আমাকে মণিমণ্ডিত অলঙ্কার দাও। (এই বলিয়া বাল্যভাব প্রকাশ করিতে লাগিলেন)

পৌর্ণমাসী। হে কৃষ্ণ, গাভীসকলের খুরোত্থিত যে রেণুকণার দ্বারা তোমার

কুচকলসবিমুক্তৈঃ স্নেহমাধ্বীকমেধ্যৈ-
স্তব নবমভিষেকং দুগ্ধপূরৈঃ করোতি ॥

কুন্দলতা। (সনর্ম্মস্মিতম্)—
কহ্ন পিবেহি রাউলাণী এ থণ্ণামিঅং।
জং কুরঙ্গে বহূণং কেলীণং পসঙ্গেণ কিলিম্মিদোসি ॥ ৯৬ ॥

যশোদা। বৎসে, কীস হসসি, পেক্‌খ অজ্জবি কোমারং ণ অদিক্কমদি তা কো ক্‌খু দোসো থণপাণে।

কুন্দেতি। কৃষ্ণ! পিব রাজ্ঞ্যা স্তনামৃতং যস্মাৎ কুঞ্জে বহূনাং পক্ষে বধূনাং কেলীনাং প্রসঙ্গেন ক্লিষ্টোঽসি ॥ ৯৬ ॥

যশোদেতি। বৎসে! কস্মাৎ হসসি, পশ্য, অদ্যাপি কৌমারং ন অতিক্রামতি তস্মাৎ কঃ খলু দোষঃ স্তনপানে।

গৈরিক ধাতুতে বিরচিত সুস্পষ্ট তিলকাবলী আচ্ছাদিত হইয়াছিল, তাহা তোমার জননী যশোদা স্তন-কলস হইতে নিঃসৃত স্নেহমধুর পরম পবিত্র দুগ্ধধারার দ্বারা প্রক্ষালন করিয়া তোমার নূতন অভিষেক করিতেছেন।

কুন্দলতা। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) কৃষ্ণ, তুমি কুরঙ্গে (কুৎসিত রঙ্গে অথবা কুঞ্জগৃহে) বহু (অনেক অথবা বধূদিগের সহিত) কেলিপ্রসঙ্গে অত্যন্ত ক্লান্ত হইয়া আসিয়াছ, অতএব মহারাণী যশোদার স্তনামৃত পান কর ॥ ৯৬ ॥

যশোদা। বৎসে, তুমি হাসিতেছ কেন, দেখ, আজও ইহার কৌমার-বয়স অতিক্রান্ত হয় নাই, তবে স্তনপানে আর কি দোষ?

কুন্দলতা। ভঅবদি, সচ্চং কধেদি রাউলাণী জং অজ্জ এসো বালানং মণ্ডলেন মহারাসে কীলদে।

যশোদা। ভঅবদি, কো কৃখু মহারাসো নাম?

কৃষ্ণঃ। (সপত্রপং ভ্রূভঙ্গেন কুন্দলতামবলোকতে)।

পৌর্ণমাসী। (স্মিতং কৃত্বা) গোপেশ্বরি, লাস্যলীলাবিশেষঃ।

কুন্দলতা। (অপবার্য্য)

তিণ্হাউলা চওরী পঞ্জরিআ সংজদা চিরং জ্জলই।
পাঅং বঞ্জুলকুঞ্জে তারাহীস প্পসারেহি॥

কুন্দেতি। ভগবতি! সত্যং কথয়তি, রাজ্ঞী যদস্য এষ বালানাং বালকানাং পক্ষে স্ত্রীণাং মণ্ডলেন মহারাসে ক্রীড়তি।

যশোদেতি। ভগবতি! কঃ খলু মহারাসো নাম?

কুন্দেতি। (কর্ণে লগিত্বাহ) তৃষ্ণাকুলা চকোরী পঞ্জরিকা সংযতা চিরং জ্বলতি। পাদং বঞ্জুলকুঞ্জে তারাধীশ! প্রসারয় পাদং কিরণং

কুন্দলতা। ভগবতি, মহারাণী সত্য কথাই বলিতেছেন, যেহেতু, ইনি আজও বালামণ্ডলের (বালকদিগের অথবা রমণীদিগের) সহিত মহারাসে ক্রীড়া করিয়া থাকেন।

যশোদা। ভগবতী কুন্দলতা, মহারাস আবার কাহাকে বলে?

(কৃষ্ণ লজ্জার সহিত ভ্রূভঙ্গী করিয়া কুন্দলতাকে অবলোকন করিতে লাগিলেন)

পৌর্ণমাসী। (ঈষৎ হাস্য করিয়া) গোপেশ্বরি, তাহা একপ্রকার নৃত্যলীলা।

কুন্দলতা। (কৃষ্ণের কানে কানে) তৃষ্ণাকুলা চকোরী পিঞ্জরে বহুক্ষণ

কৃষ্ণঃ। (ভ্রূসংজ্ঞয়া স্বীকারং নাটয়তি) ॥ ৯৭ ॥

(নেপথ্যে)—

ত্বন্মুখেন্দ্বনবলোকনোদ্গত-স্ফার-তাপভর-ধূপিতাত্মনঃ।

এহি বৎস মম দেহি শীতলং ক্ষিপ্রমঙ্গ পরিরম্ভ-চন্দনম্ ॥

কৃষ্ণঃ। পুরস্তাদেষ মস্তাবুকমাশংসন্নাবুকস্তিষ্ঠতি তদেনমানন্দয়ামীতি। (যশোদাদিভিরাবৃতো নিষ্ক্রান্তঃ) ॥ ৯৮ ॥

পক্ষে চরণম্। তারাধীশশ্চন্দ্রঃ পক্ষে তস্মাৎ রাধাধীশঃ। তৃষ্ণাকুলেত্যাদি দূত্যং নাম সন্ধ্যন্তরমিদম্। তল্লক্ষণং,—দূত্যং তু সহকারিত্বং দুর্ঘটে কার্য্যবস্তুনীতি। অত্র জটিলায়াঃ প্রাতিকূল্যেন দুর্ঘটে রাধারঙ্গকার্য্যে কুন্দলতায়াঃ সহকারিত্বং দূত্যম্ ॥ ৯৭ ॥

(নেপথ্যে ব্রজরাজাহ)—

কৃষ্ণ ইতি। ভাবুকং মঙ্গলং ভাবুকং ভবিকং ভব্যমিতি কোষাৎ। ভাবুকো জনকঃ ॥ ৯৮ ॥

আবদ্ধ থাকিয়া জ্বালা ভোগ করিতেছে, অতএব হে তারাপতি (রাধানাথ), শীঘ্র অশোককুঞ্জে পদ প্রসারিত কর।

(কৃষ্ণ ভ্রূসঙ্কেত দ্বারা স্বীকার প্রকাশ করিলেন) ॥ ৯৭ ॥

(নেপথ্যে) বৎস, তোমার মুখচন্দ্র দেখিতে না পাওয়াতে আমার অন্তরে অতিশয় তাপ উদ্গত ও প্রস্ফুরিত হইয়া আমাকে সন্তপ্ত করিতেছে, তুমি দ্রুতপদে আসিয়া এক্ষণে আমাকে আলিঙ্গনরূপ শীতল চন্দন দান কর।

কৃষ্ণ। এই যে সম্মুখে আমার কল্যাণাভিলাষী আমার পিতা দণ্ডায়মান আছেন, আমি ইঁহাকে আনন্দিত করি।

(যশোদা প্রভৃতির দ্বারা পরিবৃত হইয়া প্রস্থান করিলেন) ॥ ৯৮ ॥

কুন্দলতা। (পরিক্রম্য) দিট্‌ঠিআ বাণীরবণে ললিদাএ রাহী আণীঅদি।

(ততঃ প্রবিশতি তথাবিধা রাধা)

রাধা। হলা ললিদে, পসংসীঅদু এসা উবথিদা কৃখণদা জাএ তুহ্মাণং কাবি সুহাসা অঙ্কুরীঅদি ॥ ৯৯ ॥

ললিতা। রঞ্জেদিত্তি রঅণী ভণীঅদি।

কুন্দলতা। (উপসৃত্য) ললিদে, অজ্জ অরণীমুহে ঈসিহসিদেণ কড়কৃখকুবলএণ ফুড়ং তুহ্মেহিং ণ অচ্চিদো কহ্নো।

কুন্দেতি। দিষ্ট্যা বকুলকাননে ললিতয়া রাধা আনীয়তে।

রাধেতি। সখি ললিতে, প্রশংস্যতাং এষা উপস্থিতা ক্ষণদা। যয়া যুষ্মাকং কাপি সুখাশা অঙ্কুরায়তে ॥ ৯৯ ॥

ললিতেতি। রঞ্জয়তীতি রজনী ভণ্যতে।

কুন্দেতি। ললিতে, অদ্য রজনীমুখে ঈষদ্ধসিতেন কটাক্ষকুবলয়েন স্ফুটং যুষ্মাভিঃ ন অর্চ্চিতঃ কৃষ্ণঃ।

কুন্দলতা। (ভ্রমণ করিতে করিতে) কি সৌভাগ্য! ললিতা রাধাকে বকুল-কাননে আনয়ন করিতেছে।

(ললিতার সহিত রাধার বকুল-কাননে প্রবেশ)

রাধা। ওগো ললিতা, উপস্থিত এই রাত্রির প্রশংসা কর, যেহেতু, ইহা তোমাদের একটি সুখের আশা অঙ্কুরিত করিয়া তুলিতেছে ॥ ৯৯ ॥

ললিতা। রঞ্জন করে বলিয়াই তো রাত্রির এক নাম রজনী।

কুন্দলতা। (অগ্রসর হইয়া) ললিতা, আজ রজনী-মুখে তোমরা ঈষৎ

রাধা। (সরোমাঞ্চম্) ললিদে, কো কৃখু কহ্নো ত্তি সুণীঅদি। জেণ কেঅলং কণ্ণস্স চেঅ অদিধী হোন্তেণ উম্মত্তী কিজ্জামি॥১০০॥

কুন্দলতা। সহি এসো লোওত্তরস্স বত্থুণো নিসগ্গ, জং সব্বদএ উপভুজ্যমানংব্বি অভুঅরুব্বো জেব্ব ভোদি।

ললিতা। কুন্দলদে, ন কেঅলং লোওত্তরস্স বত্থুণো গাঢ়াণুরাঅস্স বি জেণ পিঅ গোঅরো জণো কৃখণে কৃখণে অউরুব্বো অউরুব্বো করীঅদি॥ ১০১॥

রাধেতি। ললিতে! কঃ খলু কৃষ্ণ ইতি, যেন কেবলং কর্ণস্যৈবাতিথি-ভবতা উন্মত্তী ক্রিয়েঽহম্॥ ১০০॥

কুন্দেতি। সখি! এষো লোকোত্তরস্য বস্তুনো নিসর্গো যৎ সর্ব্বদা উপভুজ্যমানমপি অভুক্তপূর্ব্বমেব ভবতি।

হসিত কটাক্ষ-কুবলয় দ্বারা কৃষ্ণের অর্চ্চনা কর নাই, ইহা স্পষ্টই বুঝা যাইতেছে।

রাধা। (রোমাঞ্চিতকলেবরে) ললিতা, কে এই কৃষ্ণ; কেবল যার নাম আমার কর্ণের অতিথি হওয়ামাত্র আমাকে উন্মত্তা করিয়া তুলিল?॥ ১০০॥

(তুলনীয়—সই কে বা শুনাইল শ্যাম নাম।

কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ॥
না জানি কতেক মধু শ্যাম নামে আছে গো
বদন ছাড়িতে নাহি পারে।
জপিতে জপিতে নাম অবশ করিল গো
কেমনে পাইব সই তারে॥

রাধা। ললিদে অদিণ্ণুত্তরা, কীস অণ্ণং ভণাসি।

ললিতা। (সংস্কৃতেন)—

নবাম্বুধরমণ্ডলী মদ-বিড়ম্বিদেহদ্যুতি-
র্ব্রজেন্দ্রকুলনন্দনঃ স্ফুরতি কোঽপি নব্যো যুবা।

ললিতেতি। কুন্দলতে! ন কেবলং লোকোত্তরস্য বস্তুনো গাঢ়ানুরাগস্যাপি যেন নিজগোচরো জনো ক্ষণে ক্ষণে অপূর্ব্ব অপূর্ব্ব ক্রিয়তে॥ ১০১॥

রাধেতি। ললিতে! অদত্তোত্তরা কস্মান্ন ভণসি॥ ১০২॥

নাম-পরতাপে যার　　　　ঐছন করিল গো
অঙ্গের পরশে কিবা হয়।
যেখানে বসতি তার　　　　সেখানে থাকিয়া গো
যুবতী-ধরম কৈছে রয়॥
পাসরিতে করি মনে　　　　পাসরা না যায় গো
কি করিব কি হবে উপায়।
কহে দ্বিজ চণ্ডীদাসে　　　　কুলবতী কুল-নাশে
আপনার যৌবন যাচায়॥)

কুন্দলতা। সখি, অলৌকিক বস্তুর স্বভাবই এইরূপ, কারণ, তাহা সর্ব্বদা উপভোগ করিলেও মনে হয় ইহার পূর্ব্বে যেন তাহার কোন আস্বাদই পাওয়া হয় নাই।

ললিতা। হাঁ, যে ব্যক্তির উপর অনুরাগ গাঢ় হয়, তাহাকেও সর্ব্বদা নিজের সম্মুখে দেখিলেও সে ক্ষণে ক্ষণে অপূর্ব্ব অপূর্ব্ব ও নবনবায়মানবৎ প্রতীয়মান হয়॥ ১০১॥

রাধা। ললিতা, আমার প্রশ্নের উত্তর না দিয়া কি অন্য কথা বলিতেছ?

ললিতা। (সংস্কৃত ভাষায়) নব-জলধরের দেহদ্যুতির অহঙ্কার খর্ব্ব

সখি স্থিরপতিব্রতা নিকর-নীবিবন্ধার্গল-
ছিদাকরণকৌতুকী জয়তি যস্য বংশীধ্বনিঃ ॥ ১০২ ॥

রাধা। (সাশ্রং) কুন্দলদে, অবি ণাম ইমস্স একস্স বিহদ-ণেত্তস্স মগ্গং কৃখণং পি আরোহিস্সদি সোমে ধণ্ণস্স কণ্ণস্স অদিধী ॥ ১০৩ ॥

কুন্দলতা। অই তিণ্হাউলে, কল্লি পদোসারম্ভে বিসাহাএ তুমং তিনা সঙ্গমিদাআসি।

রাধেতি। একস্যাপি হতনেত্রস্য মার্গং ক্ষণমপি নারোহিষ্যতি স মে ধন্যস্য কর্ণস্যাতিথিঃ। সমাধাননাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—বীজস্য পুনরাধানং সমাধানমিহোচ্যতে। ইতি। অত্র স্বয়ং রাধয়া পুনরনুরাগস্য বীজাধানং কৃতম্ ॥ ১০৩ ॥

কুন্দেতি। অয়ি তৃষ্ণাকুলে, কল্য প্রদোষারম্ভে বিশাখয়া ত্বং তেন সঙ্গমিতাসি।

করেন, এমন কমনীয়-কান্তি ব্রজেন্দ্র-কুলের আনন্দদায়ক কোনও এক নব্য যুবা শোভমান। সখি, তাঁহার বংশীধ্বনি স্থির-পতিব্রতা রমণী-দিগেরও নীবিবন্ধের গ্রন্থি মোচন করিবার কৌতুকে সদা বিজয়ী ॥১০২॥

রাধা। (অশ্রুপূর্ণ-লোচনে) কুন্দলতা, যিনি আমার ধন্য কর্ণের অতিথি হইলেন, সেই তিনি কি এক ক্ষণের জন্যও আমার একটি পোড়া চোখেরও পথে পথিক হইবেন না (অর্থাৎ যাঁর কথা এইমাত্র শুনিলাম, তাঁহাকে কি একটিবার দেখিতে পাইবার সৌভাগ্য হইবে না)? ॥ ১০৩ ॥

কুন্দলতা। অয়ি তৃষ্ণাকুলা, কালই তো সন্ধ্যাকালে বিশাখা তোমাকে তাঁহার সঙ্গে সম্মিলিত করিয়াছিল।

রাধা। সাহু সুমরাইদং পিঅসহীএ জং এক্কবারং চ্চেঅ বিজ্জুলিআবিঅ তুম্হাণং গোউলজুঅরাও নেত্তচমক্কারআরী সংবুত্তো ইমস্স মন্দভাইণো জণস্স ॥ ১০৪ ॥

(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ)

কলবিঙ্ককলং কলঙ্কয়ন্তী ললিতা কঙ্কণ-ঝঙ্কৃতির্বরেয়ম্।
মম চেতসি বেতসি-নিকুঞ্জং সময়া সঙ্গময়াঞ্চকার রঙ্গম্ ॥

রাধেতি। সাধু স্মারিতম্। প্রিয়সখ্যা যদেকবারমেব বিদ্যুতো বিলাস ইব যুষ্মাকং গোকুলযুবরাজঃ নেত্রচমৎকারী সংবৃত্তঃ। ইমস্য মন্দ-ভাগ্যস্য জনস্য ॥ ১০৪ ॥

কৃষ্ণ ইতি। কলবিঙ্কঃ চটকঃ তস্য স্বরম্। বেতসি-নিকুঞ্জসমীপে মম চেতসি রঙ্গং সঙ্গময়াঞ্চকার রঙ্গং সঙ্গমিতবতী।

রাধা। সখী, ভালো কথা স্মরণ করাইয়া দিলে। প্রিয়সখী একটি-বার বিদ্যুৎ-বিকাশের ন্যায় তোমাদের গোকুল-যুবরাজকে (গোকুলের রাজপুত্র ও গোকুলের সকল যুবার মধ্যে শ্রেষ্ঠ) এই হতভাগিনীকে দেখাইয়া তাহার নেত্র-চমৎকার উৎপন্ন করিয়াছিল ॥ ১০৪ ॥

(কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। কলবিঙ্ক-কুলের কলধ্বনিতে কলঙ্ক লেপন করিতে পারে, এমন মধুর ললিতার কঙ্কণবরের ঝঙ্কার কি আমার কর্ণগোচর হইতেছে। ইহা যে বেতস-নিকুঞ্জের নিকটে আমার চিত্তমধ্যে রঙ্গ সঞ্চার করিয়া দিল।

(পুনরুৎকর্ণো ভবন্ সপুলকম্)

মধুরিম-লহরীভিস্তম্ভয়ত্যম্বরে যা
স্মরমদ-সরসানাং সারসানাং রুতানি।
ইয়মুদয়তি রাধা কিঙ্কিণী-ঝঙ্কৃতির্মে
হৃদি পরিণময়ন্তী বিক্রিয়াড়ম্বরাণি ॥ ১০৫ ॥

রাধা। (সচমৎকারং সংস্কৃতেন)—

কুলবরতনুধর্ম্মগ্রাববৃন্দানি ভিন্দন্
সুমুখি নিশিত-দীর্ঘাপাঙ্গ-টঙ্কচ্ছটাভিঃ।

মধুরিমেত্যাদি। প্রাপ্তিনাম মুখসন্ধ্যাঙ্গমিদম্। তল্লক্ষণং,—প্রাপ্তৈঃ সুখস্য সংপ্রাপ্তিঃ প্রাপ্তিরিত্যভিধীয়তে ইতি। অত্র রাধা কিঙ্কিণী-ঝঙ্কৃতিশ্রবণাৎ কৃষ্ণস্য সুখপ্রাপ্তিঃ। সারসানাং জলচর-পক্ষিবিশেষাণাম্। মে হৃদি বিক্রিয়াড়ম্বরাণি বিকার-প্রাগল্ভ্যানি পরিণময়ন্তীতি পরিণামং প্রাপয়ন্তী ॥ ১০৫ ॥

কুলবরেত্যাদি। পরিভাবনানাম মুখসন্ধ্যাঙ্গমিদম্। তল্লক্ষণং, শ্লাঘৈর্বাশ্চিত্ত-চমৎকারো গুণাদ্যৈঃ পরিভাবনেতি। কুলবরেত্যাদি স এষ কিমিত্যাদি-পদ্যাভ্যাং কৃষ্ণস্য বৈদগ্ধ্য-সৌন্দর্য্যাদিগুণদর্শনেন রাধায়াশ্চমৎকারঃ।

(পুনরায় উৎকর্ণ হইয়া পুলকিতভাবে) মদন-লালসায় সরস সারসপক্ষীদিগের আকাশচারী কলরবকেও স্বীয় মধুরিমা-লহরীর দ্বারা স্তম্ভিত করিয়া এই যে রাধা আমার নয়ন-সম্মুখে সমুদিতা হইতেছেন। তাঁহার কঙ্কণ-ঝঙ্কার আমার হৃদয়ে প্রবেশ করিয়া বহু বিকার সমুৎপাদন করিতেছে ॥ ১০৫ ॥

রাধা। (চমৎকৃতভাবে সংস্কৃত ভাষায়) দীর্ঘ অপাঙ্গচ্ছটারূপ শাণিত প্রশস্ত-মুখ কুঠার দ্বারা শ্রেষ্ঠ কুলধর্ম্ম-রূপ প্রস্তরস্তর-ভেদ এবং লক্ষ

যুগপদয়মপূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈর্গোষ্ঠকক্ষাং চিনোতি ॥ ১০৬ ॥

ললিতা। হলা সো এসো দে পরাণণাধো।

রাধা। (সোন্মাদং পুনঃ সংস্কৃতেন)

এষ কিমু গোপিকা কুমুদিনী সুধাদীধিতিঃ
স এষ কিমু গোকুল-স্ফুরিত-যৌবরাজ্যোৎসবঃ।
স এষ কিমু মন্মনঃ-পিকবিনোদপুষ্পাকরঃ
কৃশোদরি দৃশোর্দ্বয়ীমমৃতবীচিভিঃ সিঞ্চতি ॥ ১০৭ ॥

মরকতমণিতয়াধ্যবসিতৈঃ শ্যামসৌন্দর্য্যপূরৈর্গোষ্ঠকক্ষাং চিনোতি পূর-রতীত্যর্থঃ। কুলবরতনু বরাঙ্গনা, নিশিতঃ শাণিতঃ টঙ্কঃ' পাষাণ-দারণঃ। চিনোতি রচয়তি ॥ ১০৬ ॥

ললিতা। সখি! এষ তে প্রাণনাথঃ।

স এষেত্যাদি। পুষ্পাকরো বসন্তঃ। অমৃতান্যত্র পূর্ব্বোক্তসুধাতীর্থো-দক-মধূনি ॥ ১০৭ ॥

মরকত-মণির শ্যাম-শোভার দ্বারা গোষ্ঠগৃহ পূর্ণ করার কাজ একসঙ্গে করিতেছে, এমন বিচিত্রকর্ম্মা অপূর্ব্ব কোন্ বিশ্বকর্ম্মা আমার সম্মুখে উপনীত দেখিতেছি ॥ ১০৬ ॥

ললিতা। ওগো, এই তো তোমার প্রাণনাথ।

রাধা। (বিহ্বলভাবে সংস্কৃতভাষায়) হে তন্বি, ইনিই কি গোপিকা-কুমুদিনী-দিগের সুধাময়-কিরণশালী চন্দ্র, এই কি সেই গোকুলের উল্লসিত যৌবরাজ্যোৎসব, ইনিই কি আমার মানস-কোকিলের আনন্দদায়ক কুসুমাকর বসন্ত? ইনি যে আমার লোচন-যুগলকে অমৃত-তরঙ্গ দ্বারা অভিষিঞ্চন করিতেছেন ॥ ১০৭ ॥

কৃষ্ণঃ। (সাশ্চর্য্যম্)

অসকৃদসকৃদেষা কা চমৎকারবিদ্যা
মম রসলহরীভিস্তর্ষমন্তস্তনোতি।
বিদিতমহহ সেয়ং ব্যায়তাপাঙ্গলীলা-
মধুরিম-পরিবাহা কাপি কল্যাণ-বাপী ॥ ১০৮ ॥

(পুনর্নিরূপ্য) কথং সত্যমেব।

তথাহি—

যস্যাং শৈবালমঞ্জরী বিরচিতা সঙ্গং রথাঙ্গদ্বয়ং
ফুল্লং পঙ্কজ-পঞ্চকঞ্চ বিসয়োর্যুগ্মং চ মূলেন তম্।

অসকৃদসকৃদিত্যাদি। ইদমপি পরিভবনাম সন্ধ্যঙ্গম্। কৃষ্ণস্য চমৎকারাধায়কত্বাৎ। এষা রাধিকা বিদ্যাত্বেন বাপীত্বেন চাধ্যবসিতা। রসলহর্য্যঃ শৃঙ্গার-পরম্পরা এব জলতরঙ্গাঃ তাভিঃ দীর্ঘাপাঙ্গলীলৈব মধুরিম্নাং পরিবাহ উচ্ছ্বাসো যস্যাঃ সা ॥ ১০৮ ॥

বাপীত্বেন তাং প্রতিপাদয়তি।

যস্যামিত্যাদি। রোমাবলীনাং শৈবালমঞ্জরীত্বেন কুচদ্বয়ো রথাঙ্গ-দ্বয়ত্বেন হস্তদ্বয়-পাদদ্বয়-মুখস্য পঙ্কজ-পঞ্চকত্বেন বাহুলতয়োর্মৃণালত্বেন

কৃষ্ণ। (আশ্চর্য্য হইয়া)—এ কোন্ চমৎকারিণী বিদ্যা—যিনি পুনঃ পুনঃ রস-লহরীর দ্বারা আমার অন্তরের তৃষ্ণা বিস্তারিত করিতেছেন। আহা হা! আমি জানিতে পারিতেছি যে, ইনি দীর্ঘ-অপাঙ্গ-লীলার মধুরিমাবাহিনী কোনও কল্যাণ-দীর্ঘিকা ॥ ১০৮ ॥

(পুনর্ব্বার লক্ষ্য করিয়া) হাঁ, ইহা তো সত্যই, যেহেতু—

যাঁহাতে শৈবাল-মঞ্জরী (লোমাবলী) শোভা পাইতেছে, চক্রবাক দুইটি

উন্মীলত্যতিচঞ্চলঞ্চ শফরীদ্বন্দ্বং ব্রজে ভ্রাজতে
সেয়ং শুদ্ধতরাঽনুরাগপয়সা পূর্ণা পুরো দীর্ঘিকা ॥ ১০৯ ॥

রাধা। হলা ণ জাণে কীস ঘুণ্ণিদম্হি তা দেহি মে হত্থাবলম্বং।

ললিতা। বীসদ্ধা হোহি (ইতি রাধাভুজং স্কন্ধে নিদধাতি) ॥১১০॥

নেত্রয়োঃ শফরীদ্বন্দ্বত্বেনাধ্যবসানাদয়ং প্রথমোক্তিনামালঙ্কারঃ। তল্লক্ষণং—নিগীর্য্যাধ্যবসানঞ্চ প্রকৃতস্য পরেণ যদিতি। শুদ্ধতরানুরাগা এব পয়াংসি বাপীত্যন্বেয়ম্ ॥ ১০৯ ॥

রাধেতি। সখি! ন জানে কস্মাৎ ঘূর্ণিতাস্মি তস্মাদ্দেহি হস্তাবলম্বম্।

ললিতেতি। বিশ্রব্ধা ভব, নাত্র সাধ্বসং কুর্ব্বিত্যর্থঃ ॥ ১১০ ॥

(স্তনদ্বয়) একসঙ্গে বিচরণ করিতেছে, প্রফুল্ল পাঁচটি পদ্ম (করকমল-দ্বয়, চরণকমলদ্বয় ও মুখকমল) ও মূলের সহিত মৃণালদ্বয় (বাহুদ্বয়) বিদ্যমান রহিয়াছে, অতি চঞ্চল শফরীদ্বয়ও (নয়নদ্বয়) প্রকাশিত দেখিতেছি, সেই ইনি শুদ্ধতর অনুরাগ-বারিতে পরিপূর্ণা দীর্ঘিকা পুরোভাগে ব্রজপুরীতে শোভা পাইতেছেন ॥ ১০৯ ॥

রাধা। সখি, কি জানি কেন আমার মস্তক ঘূর্ণিত হইতেছে, তুমি আমাকে হাত দিয়া ধর।

(তুলনীয়)—

সখি, আমায় ধরো ধরো।

ললিতা। সখি, শান্ত হও, ধৈর্য্য ধারণ কর।

(এই বলিয়া রাধার হস্ত নিজ-স্কন্ধে ধারণ করিলেন) ॥ ১১০ ॥

কৃষ্ণঃ। (সন্নিধায়)

সমীক্ষ্য তব রাধিকে বদনবিম্বমুদ্ভাস্বরং
ত্রপাভরপরীতধীঃ শ্রয়িতুমস্য তুল্যশ্রিয়ম্।
শশী কিল কৃশীভবন্ সুরধুনীতরঙ্গোক্ষিত-
স্তপস্যতি কপর্দ্দিনঃ স্ফুটজটাটবীমাশ্রিতঃ॥

(ইত্যুপসর্পতি) ॥ ১১১ ॥

রাধা। (দৃগন্তেনাভিসূচ্য) ললিদে রক্খেহি মং।

সমীক্ষ্যেত্যাদি। বিলোভননাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—নায়কাদি গুণানাং যদ্বর্ণনং তদ্বিলোভনমিতি"। অত্র রাধাসৌন্দর্য্যগুণবর্ণনং বিলোভনম্। উদ্ভাস্বরং দেদীপ্যমানম্। অস্য মুখস্য, উক্ষিতঃ স্নাতঃ। কপর্দ্দিনঃ হরস্য ॥ ১১১ ॥

রাধেতি। অভিসূচ্য কৃষ্ণং দর্শয়িত্বা। ললিতে! রক্ষ মাম্।

কৃষ্ণ। (নিকটে আসিয়া) রাধা, তোমার উজ্জ্বল বদনচ্ছবি দেখিয়া শশী লজ্জায় হতবুদ্ধি হইয়া কৃশ হইয়া যাইতেছে এবং তোমার বদনচ্ছবির তুল্য শ্রী লাভ করিবার জন্য সুরধুনী-তরঙ্গে স্নান করিয়া ও মহাদেবের বিস্তীর্ণ জটা-অটবী অবলম্বন করিয়া তপস্যা করিতেছে।

(এই বলিতে বলিতে নিকটে অগ্রসর হইতে লাগিলেন) ॥১১১॥

রাধা। (নেত্রপ্রান্ত দ্বারা ইঙ্গিতে কৃষ্ণকে দেখাইয়া) ললিতা, আমায় রক্ষা কর।

কৃষ্ণঃ। মীলনং মীলিতেনায়ং বিন্দন্ ফুল্লেন ফুল্লতাম্।
অপাঙ্গেনাতিকৃষ্ণেন কৃষ্ণস্তব বশীকৃতঃ॥

রাধা। (সগদ্গদম্) কুন্দলদে নিবারীঅদু এসো সুন্দরত্তংসো জং গুরুপরাহীণাহ্মি মন্দভাইণী॥ ১১২॥

প্রবিশ্য জটিলা। অরে মহামোহনা ধম্মমগ্গাদো পাড়িদং তুএ সব্বং চ্চেঅ গোউলবালাউলং কেঅলং মহ পুত্ত পুন্নেণ বহুড়িআ উব্বরিদত্থি তা ণাম গহণস্স বি এক্কং রক্খেহি।

(ইতি রাধামাধায় দ্বাভ্যাং সহ নিষ্ক্রান্তা)॥ ১১৩॥

কৃষ্ণ ইতি। ম্লানং ম্লানেন। কৃষ্ণং মমাতিক্রান্তেন অতিশ্যামেন বা।

রাধেতি। কুন্দলতে! নিবার্য্যতাং এষ সুন্দরোত্তংসঃ যং গুরুপরাধীনাস্মি মন্দভাগিনী॥ ১১·॥

জটিলেতি। অরে মহামোহনা! ধর্ম্মমার্গাৎ পতিতং সর্ব্বমেব ত্বয়া গোকুল-

---

কৃষ্ণ। ম্লান হইলে ম্লান করিয়া ও প্রফুল্ল হইলে প্রফুল্ল করিয়া তোমার অতিকৃষ্ণ অপাঙ্গ এই কৃষ্ণকে বশ করিয়া ফেলিয়াছে।

রাধা। (গদ্গদভাবে) কুন্দলতা, এই সুন্দরশিরোমণিকে তুমি নিবারণ কর, যেহেতু আমি গুরুপরাধীনা মন্দভাগিনী॥ ১১২॥

(জটিলার প্রবেশ)

জটিলা। ওরে মহামোহনা, তুই তো গোকুলবালাকুলের সকলকেই ধর্ম্মপথ হইতে ভ্রষ্ট করিয়াছিস, কেবল আমার পুত্রের পুণ্যবলে আমার এই বধূটি মাত্র উদ্বৃত্ত আছে। তাহ গোকুলে সতী নাম গ্রহণ করিবার জন্য অন্ততঃ একটাকে তুই রক্ষা কর্।

(এই বলিয়া রাধাকে ধরিয়া লইয়া ললিতা ও কুন্দলতার সহিত জটিলা প্রস্থান করিল।)॥ ১১৩॥

কৃষ্ণঃ। প্রস্থিতা প্রিয়া তদহং গবাং সম্ভালনায় প্রযামীতি।

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে) ॥ ১১৪ ॥

॥ * ॥ ইতি সায়মুৎসবো নাম প্রথমোঽঙ্কঃ ॥ * ॥

বালাকুলং কেবলং মম পুত্রপুণ্যেন নববধূটিকা উদ্ধৃতাস্তি তস্মান্নাম-গ্রহণায়াপি একাং রক্ষ ॥ ১১৩-১১৪ ॥

॥ * ॥ ইতি প্রথমোঽঙ্কঃ ॥ * ॥

কৃষ্ণ। আমার প্রিয়া প্রস্থান করিলেন, অতএব আমিও গাভীদিগকে সম্মিলিত করিবার নিমিত্ত গমন করি।

[সকলের প্রস্থান ॥ ১১৪ ॥

॥ * ॥ সায়ং-উৎসব নামক প্রথম অঙ্ক সমাপ্ত ॥ * ॥

দ্বিতীয়োঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি বৃন্দা নভোমণ্ডলমবলোক্য)—

ন্যঞ্চন্ কুঞ্চিতকান্তিরিচ্ছতী শশী যস্যাঃ পতির্বারুণীং
প্রাপ্য স্বৈরমগৌরবং গুরুরপি গ্লানিং পরামঞ্চতি।
সর্ব্বোঽপ্যেষ কৃশীভবন্নুডু পরিবারস্তিরোধিৎসতি
যামিন্যাঃ ক্ষয়লক্ষণং বিধিবশাদস্যাঃ স্ফুটং লক্ষ্যতে ॥ ১

এবং সায়ন্তনোৎসবং বর্ণয়িত্বা নৈশান্তিকং তং বর্ণয়তি বৃন্দাদি-বচনেন। বৃন্দাহ, ন্যঞ্চন্নিত্যাদি। ন্যঞ্চন্নধো গচ্ছন্, কুঞ্চিতকান্তিঃ রাত্রেঃ পরিণামত্বাৎ যস্যা যামিন্যাঃ। বারুণীং পশ্চিমদিশং পক্ষে কাদম্বরীং যস্য গুরুরপি বৃহস্পতিঃ। যস্যা উডু এব পরিবারঃ। জাত্যৈকত্বং, অস্যা যামিন্যা বিধিবশাৎ তৎ পত্যাদীনাং বারুণ্যাদিপ্রাপ্তি-লিঙ্গাৎ ক্ষয়চিহ্নং লক্ষ্যতে ইত্যন্বয়ঃ ॥ ১ ॥

(বৃন্দার প্রবেশ)

বৃন্দা। (নভোমণ্ডল অবলোকন করিয়া) যাহার পতি চন্দ্র কান্তি সংগোপন করত পশ্চিমদিক্ অবলম্বন করিয়া অধোভাগে গমন করিতেছেন, গুরু অর্থাৎ বৃহস্পতি অগৌরব প্রাপ্ত হইয়া অতিশয় নিস্তেজ হইয়াছেন, এবং যাহার নক্ষত্রাবলীরূপ পরিবারবর্গ কৃশ হইয়া তিরোহিত হইতেছে, সেই যামিনীর যে বিধিবশে ক্ষয়লক্ষণ উপস্থিত হইয়াছে, তাহা স্পষ্টই দেখা যাইতেছে ॥ ১ ॥

(পরিক্রম্য)—

রজনী-বিপরিণামে গর্গরীণাং গরীয়ান্

দধিমথন-বিনোদাদুদ্ভবন্নেষ নাদঃ।

অমরনগরকক্ষাচক্রমাক্রম্য সদ্যঃ

স্মরয়তি সুরবৃন্দাম্বুধি-মন্থোৎসবস্য ॥ ২ ॥

(পুরো দৃষ্টিং ক্ষিপন্তী)—

করোতি দধিমন্থনং স্ফুটবিসর্পি-ফেনচ্ছটা-

বিচিত্রিতগৃহাঙ্গনং গহন-গর্গরী-গর্জ্জিতম্।

রজনীতি। গর্গরীণাং মন্থনপাত্রাণাং মন্থনী গর্গরী সমে ইত্যমরঃ। কক্ষা-চক্রং প্রকোষ্ঠসমূহম্। স্মৃত্যর্থধাতোঃ কর্ম্মণি ষষ্ঠী ॥ ২ ॥

করোতীত্যাদি। বিপ্রকর্ষণঞ্চ প্রবণতা চ বিপ্রকর্ষণপ্রবণতে মুহুর্ব্বারং বারং যে বিকর্ষণপ্রবণতে তদর্থং ক্রমেণ আকুঞ্চিতঞ্চ প্রসারিতঞ্চ করদ্বয়ং যস্যাঃ সা টীত্বাদীপ্। তথাচ প্রবণঃ ক্রমনিম্নোর্ব্ব্যাং প্রহ্বেনা তু চতুষ্পথে ইত্যমরঃ। দৃষ্টনাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণং,—জাত্যাদি-

---

(পদচালনা করিতে করিতে) রাত্রিশেষে দধিমন্থনক্রীড়াজাত গাগরীর এই গুরুগম্ভীর শব্দ স্বর্গপুরীর প্রকোষ্ঠসমূহকে আক্রমণ করিয়া দেবগণকে সমুদ্রমন্থনোৎসব স্মরণ করাইয়া দিতেছে ॥ ২ ॥

(অগ্রে দৃষ্টিপাত করিয়া) এই যে মালতী দধিমন্থন করিতেছে, মন্থনরজ্জু মুহুর্মুহুঃ আকর্ষণ করিয়া ছাড়িয়া দিবার সময় একবার করদ্বয় প্রসারিত হইতেছে, আবার পুনরায় কুঞ্চিত হইতেছে এবং তাহার ফলে কঙ্কণের শব্দের সহিত গাগরীর গভীর গর্জ্জন-শব্দের মিশ্রণ

মুহুর্গুণবিপ্রকর্ষণপ্রবণতাক্রমাৎ কুঞ্চিত-
প্রসারিত-করদ্বয়ী ক্বণিতকঙ্কণং মালতী ॥ ৩ ॥

(পার্শ্বতো বিলোক্য সস্মিতম্)—

উত্তাম্যন্তী বিরমতি তমস্তোমসম্পৎ-প্রপঞ্চে
ন্যঞ্চন্মূর্দ্ধা সরভসমসৌ স্রস্তবেণীবৃতাংশা ।
মন্দস্পন্দং দিশি দিশি দৃশোর্দ্বন্দ্বমল্পং ক্ষিপন্তীং
কুঞ্জাদ্গোষ্ঠং বিশতি চকিতা বক্ত্রমাবৃত্য পালী ॥

(পুনরন্যতো বিলোক্য সাশ্চর্য্যম্)—

শ্রোণ্যাং নাভীসরোজ-প্রবরসহচরং বিভ্রতীয়ং দুকূলং
শ্রীবৎসোৎসঙ্গসঙ্গং প্রণয়িনমুরসি স্ফারমাসাদ্য হারম্ ।

বর্ণনং ধীরৈর্দৃষ্টমিত্যভিধীয়তে ইতি । অত্র দধিমন্থনক্রিয়া-স্বভাববর্ণনং দৃষ্টম্ । মালতী দধিমন্থনং করোতীত্যন্বয়ঃ ॥ ৩ ॥

উত্তাম্যন্তী দুঃখিতা সতী । তমস্তোম এব সম্পৎ সুখদায়কত্বাৎ । তস্যা বিস্তারে, চকিতা ভীতা সতী । পচি বিস্তারে ।

ইয়ং শ্যামলা শ্রোণ্যাং কট্যাম্ । কৃষ্ণস্য নাভীসরোজ-সহচরং দুকূলং বিভ্রতি উরসি হারমাসাদ্য কর্ণে উত্তংসং ন্যস্য গণ্ডে

সহকারে গৃহাঙ্গনের চতুর্দ্দিক বিক্ষিপ্ত ফেনরাশির দ্বারা চিত্র-বিচিত্র হইতেছে ॥ ৩ ॥

(পার্শ্বে দৃষ্টি করিয়া ঈষৎ হাসিতে হাসিতে) সুখদায়ক অন্ধকারপুঞ্জের বিস্তারের অবসান ঘটায় অত্যন্ত দুঃখিতা পালী-নাম্নী এই গোপী স্রস্ত-বেণীভারে আবৃত-মস্তক লীলাভঙ্গি-সহকারে অবনমিত করত দিকে দিকে ঈষৎ স্পন্দন-সহকারে নয়নযুগল অল্প ক্ষেপণ-পুরঃসর

উত্তংসং ন্যস্য কর্ণে মকর-পরিচিতং পত্রভঙ্গং বহন্তী
গণ্ডে চক্রাঙ্কপাণি-প্রণিহিতময়তে শ্যামলা গোকুলায় ॥ ৪ ॥
(পুনরন্যতঃ সমীক্ষ্য সখেদম্)—
অশিথিলকবরীকা রাগি বিম্বাধরশ্রী-
রুপরি-লুলিতলীলা পত্রবল্লীবিলাসা।
অনুদিতমুখকান্তিঃ সদ্ম পদ্মা প্রপেদে
স্ফুটমিয়মলসাঙ্গী বিপ্রলব্ধা বভূব ॥ ৫ ॥

পত্রভঙ্গং বহন্তী গোকুলায় অয়তে গচ্ছতীত্যন্বয়ঃ। শ্রীকৃষ্ণস্য বক্ষসি দক্ষিণাবর্ত্ত-রোমাবলিঃ ॥ ৪ ॥

বিপ্রলব্ধাং বর্ণয়তি। ইয়ং পদ্মা ঈদৃশী সতী সদ্ম প্রপেদে। অতঃ স্ফুটং বিপ্রলব্ধা বভূবেত্যন্বয়ঃ। কৃত্বা সঙ্কেতমপ্রাপ্তে দৈবাজ্জীবিত-বল্লভে। ব্যথমানান্তরা প্রোক্তা বিপ্রলব্ধা মনীষিভিঃ ॥ ৫ ॥

বদন আবৃত করিয়া চকিতভাবে কুঞ্জ হইতে গোষ্ঠে প্রবেশ করিতেছে। (অন্যদিকে দেখিয়া আশ্চর্য্যান্বিত হইয়া) এই যে শ্যামলাও গোকুলে গমন করিতেছে। এ কি ? এ যে শ্রীকৃষ্ণের নাভিপদ্মের চির-সহচর বসন কটিতে পরিধান করিয়াছে। শ্রীকৃষ্ণের বক্ষস্থিত শ্রীবৎসচিহ্নের ক্রোড়স্থ তাঁহার পরমপ্রিয় রমণীয় হারও এ ধারণ করিয়াছে। তাঁহারই যে মকরাকৃতি কুণ্ডল এ কর্ণে ধারণ করিয়াছে এবং ইহার গণ্ডদেশে শ্রীকৃষ্ণের হস্তরচিত পত্রাবলী শোভা পাইতেছে ॥ ৪ ॥

(পুনর্ব্বার অন্যদিকে দেখিয়া খেদ-সহকারে) এই যে পদ্মাও গৃহে আসিয়াছে—হায় ! ইহার কবরী শিথিল হয় নাই, ইহার বিম্বাধর-শোভা এখনও রক্তবর্ণ, ইহার উত্তমাঙ্গের পত্রাবলী-রচনা বিন্দুমাত্র লুপ্ত

(নেপথ্যে)

ফুল্লত্যাৱাম্নব বিচকিলে কেলিকুঞ্জেঽস্থ ফুল্লা
সেফালীনাং স্খলতি কুসুমে হন্ত চস্থাল বালা।
মীলত্যুচ্চৈঃ কুবলয়বনে মীলিতাক্ষী কিলাসী-
ন্বাচ্যং কিম্বা পরমুপহসীর্মা প্রণামচ্ছলেন ॥ ৬ ॥

পদ্মা-সুহৃদঃ কৃষ্ণং আহুঃ। ফুল্লেতি নবমল্লিকায়াং, সেফালিকা তু সুবহা ইত্যমরঃ। চস্থাল স্খলিতবতী, মীলতি মুদ্রণং প্রাপ্নুবতী সতী। প্রণামচ্ছলেন ইমাং মোপহসীঃ, মাযোগেঽড়ভাবঃ। ক্রোধ নাম সন্ধ্যন্তরমিদম্। তল্লক্ষণং,—ক্রোধস্তু মনসো দীপ্তিরপরাধাদিদর্শনাদিতি। অত্র পদ্মা সখীনাং চরয়ে ক্রোধঃ বাচ্যমিতি অর্থাত্ত্বয়া সহ অপরং বাচ্যং প্রসঙ্গং কিম্। অধুনা তু ত্বয়া সহ বাক্যস্য কিমপি প্রয়োজনং নাস্তীতি ভাবঃ ॥ ৬ ॥

হয় নাই, অথচ ইহার মুখকান্তি বিষাদ-পূর্ণ, নিশ্চয় বোধ হইতেছে, এ সঙ্কেত করিয়াও প্রিয়ের সাক্ষাৎ পায় নাই ॥ ৫ ॥

(নেপথ্যে পদ্মার সখীর উক্তি)—

হে কৃষ্ণ! অদ্য অদূরে যখন মল্লিকাকুসুমাবলী প্রস্ফুটিত হইয়াছিল, তখন আমার সখী কেলিকুঞ্জে প্রফুল্লিতা হইয়াছিলেন, কিন্তু শেফালিকা-কুসুম যখন স্খলিত হইয়া পড়িতেছিল, তখন সেই সুকুমারাঙ্গী ভূমিতলে পতিতা হইলেন। তাহার পর প্রভাতে যখন কুমুদাবলী মুদ্রিত হইতেছিল, তখন তিনি হতাশভরে চক্ষুর্দ্বয় নিমীলিত করিয়াছিলেন; অতএব ইহার পরে আর তোমাকে কি বলিবার আছে? তুমি আর প্রণামচ্ছলে ইঁহাকে উপহাস করিও না ॥ ৬ ॥

বৃন্দা। নূনমসৌ পদ্মনাভে পদ্মাসুহৃদামুপালম্ভঃ।

(নেপথ্যে)—

অহমুল্মুখপুঞ্জ-ধর্ম্মিণা হৃদি চিন্তানিচয়েন চর্চ্চিতা।

ভুবি হন্ত নিবিশ্য জাগ্রতী কথমপ্যক্ষয়ং ক্ষপামিমাম্ ॥

বৃন্দা। কথমিহ ভগবতী পৌর্ণমাসী পুরস্তাদভিবর্ত্ততে।

প্রবিশ্য পৌর্ণমাসী। (অহমুল্মুখপুঞ্জেতি পঠিত্বা) কথমগ্র-

তোঽসৌ বনদেবী ? তদেনমাসাদয়ামি।

বৃন্দা। (প্রণম্য) ভগবতি, কিমিদানীং তব চিন্তা-নিদানম্।

পৌর্ণমাসী। বৎসে, সন্দিষ্টাস্মি নগরাম্মন্ত্রিচক্রচূড়ামণিনা

তেনোদ্ধবেন ॥ ৭ ॥

পৌর্ণেতি। উপালম্ভ ইতি, সনিন্দবাক্যঃ। যঃ সনিন্দ উপালম্ভঃ, উল্মুখ-

পুঞ্জঃ জ্বলৎ-কাষ্ঠপুঞ্জঃ। কথমপি কষ্টেন ॥ ৭ ॥

বৃন্দা। নিশ্চয়ই ঐ বাক্য দ্বারা পদ্মার সখীরা কৃষ্ণকে তিরস্কার করিতেছে।

(নেপথ্যে)—

হায় ! আমি জ্বলন্ত অঙ্গারপুঞ্জ-সদৃশ চিন্তারাজিতে হৃদয়ে চর্চ্চিত হইয়া

ভূমিতলে জাগরণ করিয়া কোনওরূপে এই রাত্রি অতিবাহিত করিলাম।

বৃন্দা। কি আশ্চর্য্য। ভগবতী পৌর্ণমাসী যে সম্মুখে বর্ত্তমান !

পৌর্ণমাসী। (প্রবেশ করিয়া—"আমি জ্বলন্ত-অঙ্গারপুঞ্জ সদৃশ" এই বাক্য

পাঠ করিতে করিতে) কি আশ্চর্য্য ! বনদেবী বৃন্দা সম্মুখে দণ্ডায়-

মানা, অতএব ইঁহার নিকটেই যাইতেছি।

বৃন্দা। (প্রণাম করিয়া) ভগবতি ! এখন আপনার চিন্তার কারণ কি ?

পৌর্ণমাসী। বৎসে ! মথুরানগর হইতে আগত মন্ত্রিচূড়ামণি উদ্ধব

আমাকে বলিল—॥ ৭ ॥

স কিল ভোজকুলকালিমা দুষ্টভূপতিররিষ্ট-কেশিনা-বাহূয় সাদরমাদিদেশ। হন্ত সখায়ৌ কুমারীহারিকা পূতনা নন্দগোকুলে কেনাপি দিব্য-বালকেন মর্দ্দিতেতি সর্ব্বতঃ কিংবদন্তী। তেন কুমারস্য পরমাত্যন্তিকীনাং মমাপদাং নিদানস্য সম্পদাং কিল কুমারিকায়াশ্চ তত্রাবস্থিতিরিতি তর্কয়ামি।

ততশ্চ গোকুলং সংপ্রতি বাঢ়ং বৃন্দাবনমবগাঢ়মিত্যতো ভবদ্ভ্যাং, যত্নেন তত্ত্বমবধারণীয়মিতি ॥ ৮ ॥

স কিলেতি। ভোজকুলকালিমা ভোজকুলাঙ্গারঃ। পরমাত্যন্তিকীনাং সম্পদাং নিদানস্য কুমারিকায়া ইতি কুমারিকা বিশেষণত্বেঽপি নিদানস্য নপুংসকত্বমজহল্লিঙ্গত্বাৎ। বেদাঃ প্রমাণমিতিবৎ, অত্র গোকুলে ইত্যতোঽনাবরণাদ্ধেতোঃ। যত্নেন সাবধানতয়া ॥ ৮ ॥

সেই ভোজকুলকলঙ্ক দুষ্ট-ভূপতি কংস অরিষ্ট ও কেশীকে সাদরে আহ্বান করিয়া আদেশ করিয়াছে—হে সখাদ্বয়! কুমারী-হরণকারিণী পূতনা নন্দ-গোকুলে এক দিব্য বালক-কর্ত্তৃক হত হইয়াছে বলিয়া সর্ব্বত্র কিম্বদন্তী রটিয়াছে। ঐ কারণে সেই কুমারের পরমাত্যন্তিকী সম্পদের নিদান এবং আমার আত্যন্তিক আপদের কারণ-স্বরূপ সেই কুমারিকাও সেই গোকুলে বাস করিতেছে বলিয়া আমার মনে হইতেছে।

এই কারণে গোকুলকে সম্প্রতি বৃন্দাবন নামে অভিহিত করা হইতেছে ; অতএব তোমাদের দুই জনের যত্নপূর্ব্বক ইহার সমস্ত তত্ত্ব নির্ণয় করিতে হইবে ॥ ৮ ॥

বৃন্দা। ততস্ততঃ ?

পৌর্ণমাসী। ততশ্চ রাধামাধবয়োরদ্ভুতানুভাবমনুভূয় লব্ধ-সম্ভাবনেন কেশিনা নিবেদিতযাথার্থ্যঃ পার্থিবো রাধানুরোধেন গোকুলমবরোদ্ধুং স্বয়মুদ্যতোঽভূৎ।

বৃন্দা। (সত্রাসম্) ততস্ততঃ ?

পৌর্ণমাসী। ততশ্চারিষ্টেনানুসৃত্য রাধাপাণিবন্ধপ্রবাদে নিবেদিতে সোঽয়মধুনা শিথিলীকৃতাশঙ্কঃ শঙ্খচূড়াখ্যমাত্মনঃ সুহৃত্তমং দুষ্ট-যক্ষং কুমারীমাহর্তুং নিযুক্তবান্।

বৃন্দা। স্থানে খল্বিয়ং তব চিন্তা, তথ্যমেষা দুষ্টেনাক্রান্তা ত্রিলোকীমেব সন্তাপয়েৎ ॥ ৯ ॥

পৌর্ণেতি। অনুভাবং প্রভাবম্। লব্ধসম্ভাবনেন লব্ধপ্রতীতিনা নিবেদিতম্ যাথার্থ্যং যস্মৈ সঃ ॥ ৯ ॥

বৃন্দা। তাহার পর ? তাহার পর কি হইল ?

পৌর্ণমাসী। তদনন্তর কেশী কর্ত্তৃক শ্রীরাধামাধবের অদ্ভুত প্রভাব অনুভূত হইয়া প্রতীতি সহকারে উহার যাথার্থ্য রাজার নিকট নিবেদিত হইলে, সেই রাজা রাধার অনুরোধে গোকুল অবরোধ করিবার জন্য স্বয়ং উদ্যত হইয়াছিলেন।

বৃন্দা। (ভীত হইয়া) তার পর ? তার পর ?

পৌর্ণমাসী। অনন্তর অরিষ্টাসুর যাইয়া শ্রীরাধার বিবাহের প্রবাদ নিবেদন করিলে, সেই রাজা এখন সংজ্ঞাশূন্য হইয়া নিজের সর্ব্বোত্তম সুহৃৎ শঙ্খচূড়নামক দুষ্ট যক্ষকে কুমারীহরণ করিতে নিযুক্ত করিয়াছে।

বৃন্দা। আপনার এ চিন্তা ঠিকই হইয়াছে, যদি এই শ্রীরাধা দুষ্ট-দ্বারা

যতঃ—

বিদ্যোতন্তে গুণপরিমলৈঃ যাঃ সমস্তোপরিষ্টা-
স্তাঃ কস্যার্ত্তিং দধতি ন খলস্পর্শদগ্ধাঃ কুমার্য্যঃ।
ভূয়ো ভূয়ঃ স্বয়মনুপমাং ক্লান্তিমাসাদয়ন্তী
মন্দাক্রান্তা ভবতি জগতঃ ক্লেশদাত্রী হি চিত্রা ॥ ১০ ॥

বিদ্যোতন্ত ইত্যাদি। হেত্ববধারনাম সন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—নিশ্চয়ো হেতুনাঽর্থমতং হেত্ববধারণমিতি। অত্র চিত্রাদর্শনোপবৃংহিতত্বেন সর্ব্বগণোত্তম-স্ত্রী-দুঃখরূপেণ হেতুনা সর্ব্বজনদুঃখস্য নিশ্চয়াৎ হেত্ববধারণম্। মন্দেন দুষ্টেনাক্রান্তা, পক্ষে মন্দেন শনৈশ্চরেণাক্রান্তা। চিৎ চেতনাং ত্রায়তে ইতি চিত্রা শ্রীরাধা, পক্ষে চিত্রানাম্নী তারা ॥ ১০ ॥

আক্রান্ত হন, তবে তিনি স্বর্গ মর্ত্ত্য পাতাল—এই ত্রিলোকীকেই দুঃখভরে তাপিত করিবেন ॥ ৯ ॥

কারণ, যাঁহারা গুণপরিমলে সমস্ত দিক্ আনন্দিত করিয়া সর্ব্বোপরি শোভা পাইতেছেন, সেই সকল কুমারী যদি খলের স্পর্শ দ্বারা দগ্ধ হন, তবে ইহাতে কাহার মনে না কষ্টের উদয় হয়? অধিক আর কি বলিব, দুষ্ট জন কর্ত্তৃক আক্রান্তা হইলে পুনঃ পুনঃ দুঃখ প্রাপ্ত হইয়া (তাঁহারা) জগতের বিচিত্র ক্লেশদায়িনী হইবেন।

(দ্বিতীয়ার্থ—চিত্রা-নাম্নী তারা মন্দ বা শনির দ্বারা আক্রান্ত হইলে, জগতের ক্লেশদাত্রী হইয়া থাকে; পক্ষান্তরে, চেতনাকে ত্রাণ করেন, এই অর্থে চিত্রা শব্দের অর্থ শ্রীরাধা) ॥ ১০ ॥

প্রবিশ্য সংভ্রান্তা কুন্দলতা। ভঅবদি অচ্চরিঅং অচ্চরিঅং।

পৌর্ণমাসী। কিং তদাশ্চর্য্যম্ ?

কুন্দলতা। দিট্‌ঠো মএ গোঅড্‌ঢণমল্লস্‌স মন্দিরপেরন্তে উজ্জোদন্তো-কিরণমালী ॥ ১১ ॥

বৃন্দা। (সানন্দম্) ভগবতি, মা কুরু চিন্তাং যদেষ রাধায়াশ্চিরমারাধনেন মিত্রস্য বৃষভানোঃ সৌহৃদেন চানুরঞ্জিতো ভানুরেনাং রক্ষিতুমাসেদিবান্।

কুন্দেতি। ভগবতি! আশ্চর্য্যম্ আশ্চর্য্যম্।

কুন্দেতি। দৃষ্টো ময়া গোবর্দ্ধনমল্লস্য মন্দিরপ্রান্তে উদ্যোতমানকিরণমালী সূর্য্যঃ ॥ ১১ ॥

বৃন্দেতি। অকারণে কারণমাহ যদিতি। এষঃ সূর্য্যঃ, অনুরঞ্জিতঃ

(ভীতি সহকারে প্রবেশ করিয়া)

কুন্দলতা। ভগবতি, বড়ই আশ্চর্য্য। বড়ই আশ্চর্য্য!

পৌর্ণমাসী। কিরূপ আশ্চর্য্য ?

কুন্দলতা। দেখিলাম, গোবর্দ্ধনমল্লের গৃহপ্রান্তে সূর্য্যদেব উদিত হইয়াছেন ॥ ১১ ॥

বৃন্দা। (আনন্দিত হইয়া) ভগবতি! চিন্তা করিবেন না, যেহেতু শ্রীরাধিকার দীর্ঘকালব্যাপী আরাধনায় এবং মিত্র বৃষভানুর প্রতি সৌহৃদ্য হেতু অনুরক্ত হইয়া সূর্য্যদেব শ্রীরাধাকে রক্ষা করিবার জন্য আগমন করিয়াছেন।

পৌর্ণমাসী। নায়ং ভানুঃ, কিন্তু স এব কংসস্য পক্ষো যক্ষো ভবিষ্যতি।

কুন্দলতা। ইক্‌খণবিক্‌খোহণেহিং মউহপুঞ্জেহিং দুল্লক্‌খো এসো জক্‌খোত্তি ণ সংভাবীঅদি ॥ ১২ ॥

পৌর্ণমাসী। সাংক্রামিকমিদং ময়ূখচক্রং ন তু নৈসর্গিকম্।

কুন্দলতা। কুদো তং সংকন্তং ?

পৌর্ণমাসী। চূড়ামণিতঃ।

বৃন্দা। কুতস্তন্মহারত্নমবাপ্তম্ ? ॥ ১৩ ॥

অনুরক্তঃ। এনাং রাধাম্।

কুন্দেতি। ঈক্ষণবিক্ষোভণৈঃ ময়ূখপুঞ্জৈঃ দুর্লক্ষ্য এষো যক্ষ ইতি ন সম্ভাব্যতে ॥ ১২ ॥

পৌর্ণেতি। সাংক্রামিকং সাংসর্গিকম্। সংক্রমঃ প্রতিবিম্বঃ, তত্র ভবং সাংক্রামিকম্।

কুন্দেতি। কুতস্তৎ সংক্রান্তম্ ? ॥ ১৩ ॥

পৌর্ণমাসী। ইনি ভানু নহেন, পরন্তু ইনি কংসপক্ষীয় যক্ষই হইবেন।

কুন্দলতা। চক্ষুর বিক্ষোভকারী কিরণমালায় দুনিরীক্ষ্য, এই হেতু ইঁহার যক্ষ হওয়া সম্ভব নহে ॥ ১২ ॥

পৌর্ণমাসী। এ কিরণমণ্ডল সংসর্গজাত, পরন্তু স্বাভাবিক নহে।

কুন্দলতা। কোথা হইতে উহা সংক্রান্ত হইল ?

পৌর্ণমাসী। চূড়ামণি হইতে।

বৃন্দা। কোথা হইতে ঐ মহারত্ন প্রাপ্ত হইল ? ॥ ১৩ ॥

পৌর্ণমাসী। কুবেরস্য মহাকোষমণ্ডলরক্ষিণামধ্যক্ষেণামুনা তদাধারপ্রাণধারকমপনীতম্।

বৃন্দা। আর্য্যে, চণ্ডরশ্মেরদ্য বাসরে তস্য মণ্ডপমবশ্যং গমিষ্যতি রাধিকা, তত্ত্বয়া নিষিধ্যতাম।

কুন্দলতা। বুন্দে, সা মন্দিরাদো চিরং তত্থ চলিদত্থি।

পৌর্ণমাসী। কুন্দলতে, ততস্ত্বয়া তূর্ণমুপায়েনাস্যাঃ সন্নিধৌ নির্ধীয়তামঘভেদী বয়মপি সঙ্কর্ষণং সন্নিকর্ষয়িতুং প্রযাম।

(ইতি বৃন্দয়া সহ নিষ্ক্রান্তা) ॥ ১৪ ॥ বিষ্কম্ভকঃ।

পৌর্ণেতি। অমুনা শঙ্খচূড়েন তং রত্নং আধারস্য ধারণকর্ত্তুঃ প্রাণধারকং প্রাণপোষকং অপনীতং মুষিতম্।

বৃন্দেতি। চণ্ডরশ্মেঃ সূর্য্যস্য।

কুন্দেতি। বৃন্দে! সা মন্দিরাৎ চিরং তত্র চলিতাস্তি।

পৌর্ণেতি। অঘভেদী শ্রীকৃষ্ণঃ ॥১৪॥ বিষ্কম্ভকো ভবেদ্ভূতভাবিবস্তংশসূচকঃ।

পৌর্ণমাসী। কুবেরের মহাকোষমণ্ডলের রক্ষিগণের অধ্যক্ষ হওয়ায় ঐ শঙ্খচূড় রত্নাধারস্বরূপ ঐ প্রাণধারক মণি গ্রহণ করিয়াছে।

বৃন্দা। আর্য্যে, অদ্য রবিবারে শ্রীরাধিকা অবশ্যই সূর্য্যের মণ্ডপে (পূজা করিবার জন্য) গমন করিবেন ; অতএব আপনি তাহা নিষেধ করুন্।

কুন্দলতা। বৃন্দে! বহুক্ষণ পূর্ব্বেই তিনি মন্দির হইতে তথায় গমন করিয়াছেন।

পৌর্ণমাসী। কুন্দলতে, তাহা হইলে শীঘ্রই কোনও উপায়ে শ্রীকৃষ্ণকে শ্রীরাধিকার নিকট লইয়া যাও, আমরাও বলদেবকে নিকটে লইবার জন্য যাইতেছি।

(ইহা বলিয়া বৃন্দার সহিত বহির্গত হইলেন) ॥ ১৪ ॥ বিষ্কম্ভক।

কুন্দলতা। (পরিক্রম্য) জডিলা ললিদা বিসাহাহিং বেঢ়িজ্জন্তী এসা আঅচ্ছদি রাহী।

(ততঃ প্রবিশতি যথানির্দ্দিষ্টা রাধা)—

রাধা। (স্বগতম্) হিঅঅ মা উত্তম্ম এত্থ দুগ্‌ঘটং দে পিঅ-পেক্‌খণং ॥ ১৫ ॥

কুন্দলতা। রাহি মঙ্গলে সঙ্গবে চ্চেঅ সঙ্গদা আসি।

কুন্দেতি। জটিলা-ললিতা-বিশাখাভিঃ বেষ্ট্যমানা এষা আগচ্ছতি।

রাধেতি। হৃদয়, মা উত্তপস্ব উৎকণ্ঠয়া মা ক্ষীণীভব, অত্র দুর্ঘটং তে প্রিয়-প্রেক্ষণম্ ॥ ১৫ ॥

কুন্দেতি। রাধে! মঙ্গলে সঙ্গবে এব সঙ্গতাসি। সঙ্গবঃ কালঃ প্রাতঃ-কালানন্তরং ষট্‌ঘটিকাত্মকঃ।

কুন্দলতা। (বেড়াইতে বেড়াইতে) এই যে শ্রীরাধিকা জটিলা ললিতা ও বিশাখাদির দ্বারা পরিবেষ্টিতা হইয়া এই দিকেই আসিতেছেন!

(অনন্তর পূর্ব্বনির্দ্দিষ্টা শ্রীরাধার প্রবেশ)

রাধা। (স্বগত) হৃদয়, তুমি আর উৎকণ্ঠায় তাপিত হইও না, এ স্থানে তোমার প্রিয়দর্শন নিতান্তই দুর্ঘট ॥ ১৫ ॥

কুন্দলতা। রাধে, মঙ্গলময় সময়েই তুমি আসিয়াছ।

জটিলা। (সরোষম্) চবলে, রাহি রাহি ত্তি মা ফুড়ং ভণাহি, সুণিঅ কহ্নো আঅমিস্সদি।

ললিতা। (সস্মিতম্) সাহু ভণাদি অজ্জা।

জটিলা। ললিদে, সূরমণ্ডবং লেবিদুং অগ্গদো জামি।

(ইতি পরিক্রামতি) ॥ ১৬ ॥

রাধা। কুন্দলদে, অবিণাম জাণাসি, সো অহ্ম দিসীণং দুল্লহ-দংসণো তুহ্ম দেঅরো কহিং ণিবসেদি কহিং বা কিলদিত্তি।

জটিলেতি। চপলে, রাধে রাধে! ইতি মা স্ফুটং ভণ, শ্রুত্বা কৃষ্ণঃ আগমিষ্যতি।

ললিতেতি। সাধু ভণতি আর্য্যা।

জটিলেতি। ললিতে! সূর্য্যমণ্ডপং লেপিতুং অগ্রতো যামি ॥ ১৬ ॥

রাধেতি। কুন্দলতে! অপি নাম জানাসি, কৃষ্ণঃ অস্মদৃশীনাং দুর্ল্লভদর্শনঃ তব দেবরঃ, কস্মিন্ নিবসতি কস্মিন্ বা ক্রীড়তি।

জটিলা। (সক্রোধে) চপলে, রাধে! রাধে! এ কথা স্পষ্ট করিয়া বলিও না, উহা শুনিতে পাইলে কৃষ্ণ আসিয়া পড়িবে।

ললিতা। (মৃদু হাস্য করিয়া) আর্য্যা ঠিক কথাই বলিয়াছেন।

জটিলা। ললিতে! সূর্য্যমণ্ডপ লেপন করিবার জন্য আমি পূর্ব্বেই যাইতেছি। (ইহা বলিয়া প্রস্থান) ॥ ১৬ ॥

রাধা। কুন্দলতে! আমাদের দুর্ল্লভদর্শন তোমার দেবর এখন কোথায় অবস্থান করিতেছেন বা কোথায় ক্রীড়া করিতেছেন, তাহা কি তুমি অবগত আছ?

কুন্দলতা। অই লোলুহে রক্তিন্দিণং জ্জেব্ব তিণা সমং রমসি, তহবি এব্বং উক্কণ্ঠসি ॥ ১৭ ॥

রাধা। হলা অলং ইমিণা উবহাসেণ ধণ্ণাও কৃখু তুম্হে জাহিং অণিআরিদং অচ্ছিপুরাইং ভরিঅ উণ উণ সো অচ্চরিও অমিঅপুরো পীঅদি। অকিদপুণ্ণলেসাণং উণ অম্হাণং সুণিদুং পি সুদুল্লহো এসো।

কুন্দলতা। রাহে, এসো জ্জেব্ব অমিঅসাঅরে ণিমগ গাণং তিহ্নাবহো ববহারো ॥ ১৮ ॥

কুন্দেতি। অয়ি লোলুপে! রাত্রিন্দিবমেব তেন সমং রমসে, তথাপি এবং উৎকণ্ঠসে ॥ ১৭ ॥

রাধেতি। সখি! অলং অনেন উপহাসেন, ধন্যাঃ খলু যূয়ং যাভিঃ অনিবারিতং অক্ষিপুটানি ভৃত্বা পুনঃ পুনঃ স আশ্চর্য্যামৃতপূরো পীয়তে, অকৃতপুণ্যলেশানাং পুনঃ অস্মাকং শ্রোতুমপি দুর্ল্লভঃ এষঃ।

কুন্দেতি। রাধে! এষ এব অমৃতসাগরে নিমগ্নানাং তৃষ্ণাবহো ব্যবহারঃ ॥১৮॥

কুন্দলতা। অয়ি লোলুপে! তুমি রাত্রিদিন তাঁহার সহিত ক্রীড়া করিয়া থাক, তথাপি তুমি এইরূপ উৎকণ্ঠিতা হইতেছ? ॥ ১৭ ॥

রাধা। সখি! আর এরূপ উপহাসে লাভ কি? তোমরাই ধন্য, যেহেতু তোমরা পুনঃ পুনঃ অবাধিতরূপে অক্ষিপুট ভরিয়া সেই আশ্চর্য্যামৃতপূর পান করিতেছ। কিন্তু আমাদের পুণ্যের লেশমাত্রও নাই, অতএব তিনি আমাদের পক্ষে শ্রবণেরও সুদুর্ল্লভ। (অর্থাৎ তাঁহার কথা শ্রবণ করাও আমাদের পক্ষে দুর্ল্লভ)।

কুন্দলতা। রাধে! অমৃতসাগরে নিমগ্ন ব্যক্তিদিগের ব্যবহার এইরূপ তৃষ্ণাবহই বটে! ॥ ১৮ ॥

রাধা। অই পরদুক্খাণহিণ্ণে একং সচ্চং ভণাহি, অবিণাম সো ক্খু ধণ্ণো মুহুত্তো ঘাড়িস্সদি, জহিং সিবিণেবি তস্স ক্খণ দংসণলাহসংভাবণা মে সুলহা হুবিস্সদি। অধবা কিং দুল্লহে অত্থে লালসাএ। কুন্দলদে, পসীদ পসীদ অনুকম্পেহি অনুকম্পেহি অজ্জ সা ক্খু সামলা কোমুদী জেণ পীদা, তং জ্জেব্ব পুণ্ণবন্তং অপ্পণো বামলোঅণঞ্চলং এত্থ খিণ্ণে মন্দভাইণিজণে ক্খণং অপ্পেহি ॥ ১৯ ॥

রাধেতি। অয়ি পরদুঃখানভিজ্ঞে! একং সত্যং ভণ, অপি নাম স খলু ধন্যো মুহূর্ত্তো ঘটিষ্যতি, যস্মিন্ স্বপ্নেঽপি তস্য ক্ষণদর্শনলাভসম্ভাবনা মে সুলভা ভবিষ্যতি। অথবা কিং দুর্লভে অর্থে লালসয়া। কুন্দলতে! প্রসীদ প্রসীদ, অনুকম্পয় অনুকম্পয়, অদ্য সা খলু শ্যামলা কৌমুদী যেন পীতা, তমেব পুণ্যবন্তং আত্মনো বামলোচনাঞ্চলং এতস্মিন্ খিন্নে মন্দভাগিনীজনে ক্ষণং অর্পয়। ধী নাম সন্ধ্যান্তরামদম্। তল্লক্ষণং,—দৃষ্টার্থসিদ্ধিপর্য্যন্তা চিন্তা ধীরিতি কথ্যতে ইতি। যথা—কুন্দলতে! প্রসীদ প্রসীদ ইত্যারভ্য আণেহি একং বিঅক্খণং বন্ধণমিত্যেতৎপর্য্যন্তং বাক্যার্থমুদাহরণম্। অত্র রাধিকায়া উৎকণ্ঠাদর্শনাৎ জটিলাসমক্ষমেব বিপ্রবেশেন কৃষ্ণপ্রবেশে চিন্তনং কুন্দলতায়া ধীঃ॥ ১৯ ॥

রাধা। অয়ি পরদুঃখানভিজ্ঞে! একটি সত্য কথা বল দেখি, যে মুহূর্ত্তে আমার পক্ষে তাঁহার ক্ষণকাল দর্শনলাভ স্বপ্নেও সুলভ হইবে, সেই ধন্য মুহূর্ত্ত কি উপস্থিত হইবে? অথবা দুর্ল্লভ বিষয়ে লালসাতেই বা লাভ কি? কুন্দলতে! প্রসন্ন হও, প্রসন্ন হও, দয়া কর, দয়া কর, অদ্য যদ্দ্বারা সেই শ্যামলা কৌমুদী পান করিয়াছ, সেই পুণ্যময় বামলোচনের প্রান্তভাগ এই মন্দভাগ্য খিন্ন জনের প্রতি ক্ষণকাল অর্পণ কর ॥ ১৯ ॥

কুন্দলতা। (সাভ্যসূয়মিবালোক্য) অলং পরপুরিসে গিজ্ঝন্তীহিং তুহ্মেহিং সহ বাআএবি সম্মীলণেণ। (ইতি ধাবন্তী জটিলামুপেত্য) অজ্জে, কধং পঢ়মং বহ্মণং ণ মগ্গেসি জো ক্খু সূরং পূআবইস্সদি।

জটিলা। বচ্ছে, সচ্চং কহেসি, তা পসীদ আণেহি একং বিঅক্খণং বহ্মণং।

কুন্দলতা। জধা ভণাদি অজ্জা (ইতি নিষ্ক্রান্তা) ॥ ২০ ॥

কুন্দেতি। অলং পরপুরুষে গৃধ্যন্তীভিঃ যুষ্মাভিঃ সহ বাচাপি সম্মিলনেন। (ইতি ধাবন্তী জটিলাং গত্বা) আর্য্যে! কথং প্রথমং ব্রাহ্মণং ন মৃগয়সে যঃ খলু সূর্য্যং পূজয়িষ্যতি।

জটিলেতি। বৎসে! সত্যং কথয়সি, তস্মাৎ প্রসীদ, আনয় একং বিচক্ষণং ব্রাহ্মণম্।

কুন্দেতি। যথা ভণতি আর্য্যা! ॥ ২০ ॥

কুন্দলতা। (যেন অসূয়া সহকারে অবলোকন করিয়া) তোমাদের মত পরপুরুষাভিলাষিণীর সহিত বাক্য দ্বারাও আলাপের প্রয়োজন নাই। (এই বলিয়া জটিলার নিকট দৌড়াইয়া গিয়া) আর্য্যে! যিনি সূর্য্য-পূজা করাইবেন, প্রথমে এমন একজন ব্রাহ্মণের সন্ধান করেন নাই কেন?

জটিলা। বৎসে! সত্যই কহিয়াছ, অতএব আমার প্রতি প্রসন্ন হইয়া এক জন বিচক্ষণ ব্রাহ্মণ আনয়ন কর।

কুন্দলতা। আর্য্যার যে আজ্ঞা, তাহাই করিব। (এই বলিয়া প্রস্থান) ॥ ২০ ॥

ললিতা। হলা রাহি পেক্খ, লেবিদং অজ্জাএ মণ্ডবং, তা বন্দেহি ভঅবন্তং সূরং।

রাধা। (সূর্য্যং প্রণম্য) দেঅ দেক্খাবেহি অহিট্ঠং ॥ ২১ ॥

(ততঃ প্রবিশতি মধুমঙ্গল-কুন্দলতাভ্যাং অনুগমামানো বিপ্রবেশঃ কৃষ্ণঃ।)

কৃষ্ণঃ। (পুরো রাধাং পশ্যন্নপবার্য্য)

বিহারসুরদীর্ঘিকা মম মনঃ করীন্দ্রস্য যা
বিলোচন-চকোরয়োঃ শরদমন্দ-চন্দ্রপ্রভা।

ললিতেতি। সখি রাধে! পশ্য, লেপিতং আর্য্যয়া মণ্ডপং, তস্মাৎ বন্দয় ভগবন্তং সূর্য্যম্।

রাধেতি। সূর্য্যং প্রণম্য, দেব, দর্শয় অভীষ্টম্॥ ২১ ॥

কৃষ্ণ ইতি। বিহার-সুরদীর্ঘিকেত্যাদি। গুণকীর্ত্তননাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণং,—লোকে গুণাতিরিক্তানাং বহুনা যত্র নামভিঃ। একঃ সংশব্দ্যতে তত্তু বিজ্ঞেয়ং গুণকীর্ত্তনমিতি। অত্র সুরদীর্ঘিকাদিশব্দৈ

ললিতা। সখি রাধে! দেখ আর্য্যা মণ্ডপ লেপন করিয়াছেন, তবে ভগবান্ সূর্য্যদেবকে বন্দনা কর॥

রাধা। (সূর্য্যকে প্রণাম করিয়া) দেব! অভীষ্ঠ দর্শন করাও॥ ২১ ॥

(অনন্তর মধুমঙ্গল ও কুন্দলতা কর্ত্তৃক অনুগমামান
বিপ্রবেশধারী কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। (সম্মুখে শ্রীরাধাকে দেখিয়া হস্তাবরণ-পূর্ব্বক)

যিনি আমার মনোরূপ করীন্দ্রের বিহারের স্বর্গগঙ্গা, যিনি আমার লোচনরূপ চকোরদ্বয়ের শারদীয়া বিমল জ্যোৎস্না, যিনি আমার

উরোম্বরতটস্য চাভরণচারু-তারাবলী
মেয়োন্নত-মনোরথৈরিয়মলম্ভি সা রাধিকা ॥ ২২ ॥

রাধা। (দূরতঃ কৃষ্ণমীষদালোক্য জনান্তিকং সংস্কৃতেন।)

সহচরি নিরাতঙ্কঃ কোঽয়ং যুবা মুদিরদ্যুতি-
র্ব্রজ-ভুবি কুতঃ প্রাপ্তো মাদ্যন্মতঙ্গজবিভ্রমঃ।
অহহ চটুলৈরুৎসর্পদ্ভির্দৃগঞ্চল-তস্করৈ-
র্মম ধৃতিধনং চেতঃ কোষাদ্বিলুণ্ঠয়তীহ যঃ ॥

রাধা সংশব্দনং গুণকীর্ত্তনম্। সুরদীর্ঘিকা মন্দাকিনীং, ভেদভাক্ পরম্পরিতা রূপকালঙ্কারোঽয়ম্। আলানাং জয় কুঞ্জরস্যেত্যাদিবৎ, সুরদীর্ঘিকা গঙ্গা ॥ ২২ ॥

রাধেতি। সহচরীত্যাদি। বিধাননাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—সুখ-দুঃখকরং যত্তু তদ্বিধানং বুধা বিদুরিতি। অত্র রাধায়াঃ কৃষ্ণবুদ্ধ্যা বিপ্রবুদ্ধ্যা বা সুখ-দুঃখকথনাদ্বিধানম্। সহচরি! হরিরেবেতি রাধা-বাক্যসমাপ্তিপর্য্যন্তম্। মাদ্যন্ যো মতঙ্গজস্তদ্বদ্বিভ্রমো বিলাসো যস্য সঃ।

বক্ষোরূপ আকাশতটের অলঙ্কার মনোহর তারাবলী বা তন্নামক হার, সেই এই রাধিকাকে আমি উন্নত মনোরথের দ্বারা প্রাপ্ত হইলাম ॥ ২২ ॥

রাধা। (দূর হইতে শ্রীকৃষ্ণকে ঈষৎ অবলোকন করিয়া জনান্তিকে)
হে সখি! মদমত্ত হস্তীর ন্যায় বিলাশশালী নির্ভীক জলদকান্তি এই যুবা কে? কোথা হইতে ইঁহার ব্রজভূমিতে আগমন হইল? হায়! হায়! ইনি যে ইঁহার চঞ্চল অপাঙ্গবীক্ষণরূপ তস্করের দ্বারা আমার চিত্তরূপ কোষাগার হইতে ধৈর্য্যরূপ ধনকে লুণ্ঠন করিতেছেন।

(পুনরবেক্ষ্য ।)—

হদ্ধী হদ্ধী পমাদো পমাদো ললিদে পেক্‌খ পেক্‌খ, ণং ব্রহ্ম-
চারিণং দট্‌ঠুণ্ বিক্‌খুহিদং মে হদহিঅঅং, তা ইমস্‌স মহা-
পাবস্‌স অগ্‌গিপ্‌পবেসো জ্জেব্ব পরাঅচিত্তং ॥ ২৩ ॥

ললিতা । হলা সচ্চং কধেসি, তা ণুণং সবণ্ণত্তুণং ভামেদি ।

রাধা । (পুনর্নিভাল্য সংস্কৃতেন ।)

সহচরি হরিরেষ ব্রহ্মবেশঃ প্রপন্নঃ
কিময়মিতরথা মে বিদ্রবত্যন্তরাত্মা ।

হা ধিক্ হা ধিক্ ! প্রমাদঃ প্রমাদঃ ! ললিতে ! পশ্য পশ্য, এনং
ব্রহ্মচারিণং দৃষ্ট্বা বিক্ষুব্ধং মে হতহৃদয়ং তস্মাৎ অস্য মহাপাপস্য
অগ্নিপ্রবেশ এব প্রায়শ্চিত্তম্ ॥ ২৩ ॥

ললিতেতি । সখি ! সত্যং কথয়, তস্মাৎ নূনং সবর্ণত্বং ভ্রময়তি কৃষ্ণস্য
বর্ণতুল্যমিত্যর্থঃ ।

রাধেতি । অত্র দৃষ্টান্তমাহ, চন্দ্রকান্তমণিতা নির্ম্মিতা ।

(পুনরায় দৃষ্টিপাত করিয়া) হা ধিক্ ! হা ধিক্ ! কি প্রমাদ !
কি প্রমাদ ! ললিতে ! দেখ, দেখ, এই ব্রহ্মচারীকে দর্শন করিয়া
আমার হতহৃদয় বিক্ষোভিত হইতেছে, অতএব অনলপ্রবেশই এই
মহাপাপের প্রায়শ্চিত্ত ॥ ২৩ ॥

ললিতা । সখি ! সত্যই বলিতেছ, অন্ততঃ কৃষ্ণের গাত্রবর্ণের সাদৃশ্যে
নিশ্চয় সবর্ণত্ব ভ্রম হইতেছে ।

রাধা । (পুনর্ব্বার দেখিয়া) সহচরি ! ইনি নিশ্চয়ই ব্রাহ্মণবেশধারী হরি,

শশধরমণিবেদী স্বেদধারাং প্রসূতে
　　　　　ন কিল কুমুদবন্ধোঃ কৌমুদীমন্তরেণ ॥

বিশাখা। হলা মহুরং মন্তেসি মাহবো চ্চেঅ এসো।

কুন্দলতা। অজ্জে জডিলে, এদং সত্থাহিগ্গং পেক্খ বম্হণ-জুগ্গং ॥ ২৪ ॥

মধুমঙ্গলঃ। জডিলে, সূরঅপূআবণে বিঅড্ঢোহ্মি, তা উবণেহি পঢমং খণ্ডলড্ড আইং।

বিশাখেতি। সখি! মধুরং মন্ত্রয়সি, মাধব এব এষঃ।

কুন্দেতি। আর্য্যে ললিতে! এতৎ শাস্ত্রাভিজ্ঞং পশ্য ব্রাহ্মণ-যুগলম্ ॥ ২৪ ॥

মধুমঙ্গলেতি। জটিলে! সূর্য্যপূজাবিধানে বিদগ্ধোঽস্মি, তস্মাৎ উপানয় প্রথমখণ্ডলড্ডকানি।

নতুবা ইনি আমার অন্তরাত্মা দ্রবীভূত করিতে পারিতেন না। চন্দ্রের কিরণ ব্যতীত কখনও কি চন্দ্রকান্তমণি-রচিত বেদী ঘর্ম্মধারা প্রসব করিয়া থাকে?

বিশাখা। সখি! সুন্দর বলিয়াছ, ইনি সত্যই মাধব।

কুন্দলতা। আর্য্যে জটিলে! এই শাস্ত্রাভিজ্ঞ ব্রাহ্মণযুগলকে অবলোকন করুন ॥ ২৪ ॥

মধুমঙ্গল। জটিলে! সূর্য্য-পূজাবিধানে আমি বিচক্ষণ, অতএব অগ্রে খণ্ডলড্ডুক আনয়ন কর।

জটিলা। অরে চঞ্চলবহ্মণা তুমং কহ্নস্স সহ অরোসি, তা ইদো অবেহি এসো চ্চেঅ সোস্সসামলা পইদী বড়ুও পূআবইস্সদি বহুঅং ॥ ২৫ ॥

কৃষ্ণঃ। হন্ত জরদাভীরি তস্য রাজপুরে শ্রূয়মাণস্য দুর্লীলস্য গোপরাজসূনোরেব কিং বটুকোঽয়ং সখা, তদ্যুক্তং অস্য নিষ্কাশনম্।

জটিলা। অজ্জ সিগ্ঘং অগ্ঘাবেহি মিহিরং।

কৃষ্ণঃ। (রাধামপাঙ্গেনালিঙ্গ্য) কল্যাণি কিন্নামাসি ?

জটিলেতি। তস্মাৎ ইতো দূরীভব, এষ সৌম্যশ্যামলা-প্রকৃতির্বটুকঃ, পূজয়িষ্যতি বধূম্ ॥ ২৫ ॥

জটিলেতি। আর্য্য ! শীঘ্রং অর্ঘ্যাপয় মিহিরং পূজয় সূর্য্যমিত্যর্থঃ। অর্ঘ্যঃ পূজাবিধৌ মূল্যে, ইতি মেদিনী।

জটিলা। আরে চঞ্চল বামুন ! তুই কৃষ্ণের সহচর, অতএব তুই এখান হইতে দূর হ', এই সৌম্য শ্যামলপ্রকৃতি ব্রাহ্মণবালক আমার বধূকে পূজা করাইবে ॥ ২৫ ॥

কৃষ্ণ। হায় বৃদ্ধগোপিকে ! রাজপুরে বিখ্যাত দুষ্টস্বভাব সেই রাজ-পুত্রের কি এই ব্রাহ্মণবালক সখা ? তাহা হইলে এখনই তাহাকে বাহির করিয়া দেওয়া উচিত।

জটিলা। আর্য্য ! তুমি শীঘ্রই সূর্য্যদেবের পূজা করাও।

কৃষ্ণ। (অপাঙ্গ দ্বারা শ্রীরাধাকে আলিঙ্গন করিয়া) কল্যাণি ! তোমার নাম কি ?

জটিলা। (কৃষ্ণস্য কর্ণে) এব্বণ্ণেদং।

কৃষ্ণঃ। (সাদ্ভুতমিব) হন্ত সৈব খল্বিয়ং পুণ্যবতী, তর্হি শ্রুতমস্যাঃ পাতিব্রত্যম্।

জটিলা। এক্কাএ মম বহুড়িয়াএ জ্জেব্ব রক্‌খিদা গোউলস্‌স কিত্তী ॥ ২৬ ॥

কৃষ্ণঃ। পতিব্রতে, তাম্রপুটীং গৃহাণ, মন্ত্রমুদাহরামি।

রাধা। (সোৎকম্পং তথা করোতি)

কৃষ্ণঃ। নিভৃতমরতিপুঞ্জভাজি রাধে

ত্বদধর-বর্দ্ধিত চপলে চলাক্ষি।

চটুলয়-কুটিলাং দৃগন্তভঙ্গী-

ময়ি কৃপণে ক্ষণমোঁ নমঃ সবিত্রে ॥

জটিলেতি। এবং নেদম্।

জটিলেতি। একয়া মম বধূটিকয়া এব রক্ষিতা গোকুলস্য কীর্ত্তিঃ ॥ ২৬ ॥

কৃষ্ণ ইতি। অর্থাত্তব কটাক্ষলবায় সবিত্রে নম ইত্যভিপ্রায়ঃ। অথবা মনুষ্য-লীলয়া উক্তমেতৎ অন্যথা সূর্য্যস্য বন্দনীয়ঃ কৃষ্ণ ইতি প্রসিদ্ধের্দোষাপত্তিঃ।

জটিলা। (কৃষ্ণের কর্ণে) ও কথা বলিও না।

কৃষ্ণ। (যেন আশ্চর্য্যান্বিত হইয়া) আহা! ইনিই বুঝি সেই পুণ্যবতী, সেই জন্যই ইঁহার পাতিব্রত্যের কথা শুনিয়াছি।

জটিলা। আমার বধূই একাকিনী গোকুলের কীর্ত্তি রাখিয়াছে ॥ ২৬ ॥

কৃষ্ণ। হে সাধ্বি, তাম্রকুণ্ড গ্রহণ কর, আমি মন্ত্র পাঠ করাইতেছি।

রাধা। (উৎকম্পের সহিত সেইরূপ করিলেন)।

কৃষ্ণ। রাধে! নিভৃতে তোমার বিরহ-দুঃখরাশি ভোগকারী আমার সেই

জটিলা। কুন্দলদে, অস্সুদপূব্বা কেরিসী রিজ্জা বডুএণ পচি-
জ্জই।

মধুমঙ্গলঃ। (সাট্টহাসম্) বুড্ঢিএ, আহীরী মুদ্ধিআ তুমং রীরী গীদ
চ্চেঅ জাণাসি অম্মাবেঅস্স তুমং কাপি। তা সুণাহি, কোসু-
মেসবীএ সাহাএ তইবগ্গস্স ললণাসুহঙ্কারী রিজ্জা এসা ॥২৭॥

জটিলেতি। কুন্দলতে! অশ্রুতপূর্ব্বা কীদৃশী ঋক্ বটুকেন পঠ্যতে?

মধুমঙ্গলেতি। বৃদ্ধে! আভীরী মুগ্ধা, ত্বং রীরীশব্দমেব জানাসি,
অস্মদ্বেদস্য ত্বং কাসি। তস্মাচ্ছৃণু, কৌসুমেষব্যাঃ শাখায়াস্তৃতীয়বর্গস্য
ধর্ম্মাদিষু তৃতীয়স্য কামস্য ললনাশুভকরী ঋচৈষা। প্রত্যুৎপন্নমতির্নাম
সন্ধ্যাঙ্গমিদম্। তল্লক্ষণং,—তাৎকালিকী চ প্রতিভা প্রত্যুৎপন্নমতি-
র্মতেতি। অত্র মধুমঙ্গলস্য প্রতিভা ॥ ২৭ ॥

দুঃখ তোমার অধর দর্শনে আরও বৃদ্ধি পাইয়াছে, অতএব হে
চঞ্চলাক্ষি! হে কঠিনহৃদয়ে! আমার প্রতি ক্ষণকালমাত্র কুটিল
অপাঙ্গভঙ্গী বর্ষণ কর—সূর্য্যদেবকে নমস্কার।

জটিলা। কুন্দলতে! এই ব্রাহ্মণ-বালক কি প্রকার অশ্রুতপূর্ব্ব ঋগ্-
মন্ত্র পাঠ করিল?

মধুমঙ্গল। (অট্টহাস্য করিয়া) বৃদ্ধে! তুমি মূর্খ গোয়ালিনী, তুমি
কেবল (ধেনু তাড়াইবার) রী রী গীত জান, আমাদের বেদমন্ত্রের
তুমি কে? অতএব শ্রবণ কর, যাহা পাঠ হইল, ইহা কৌসুমেষবী
শাখার তৃতীয় বর্গের ললনা—শুভকরী ঋক্ বা মন্ত্র। (কুসুমেষু—কন্দর্প
কৌসুমেষবী, কন্দর্প-সম্বন্ধীয়া, তৃতীয় বর্গ ধর্ম্মার্থকামের মধ্যে
"কামই" তৃতীয় বর্গ; ললনাশুভকরী—স্ত্রীগণের মঙ্গলদায়িনী, এইভাবে
শ্লিষ্টার্থ করিতে হইবে।) ॥ ২৭ ॥

সর্ব্বাঃ। (স্মিতং কুর্ব্বন্তি)।

জটিলা। (সলজ্জম্) হোদু সুট্ঠু পূআবেহি পুত্তও গোকোডী-
সরো হোদু।

কৃষ্ণঃ। অর্চ্চিতার্চ্চাধুনা ধন্যে ত্বমর্ঘ্যং কুরু ভাবতঃ।
অম্বরোদ্ভাসিনে গাঢ়মুদা রাজীববন্ধবে ॥ ২৮ ॥

রাধা। (সংভ্রমং নাটয়তি।

কুন্দলতা। (সংস্কৃতেন)

জটিলেতি। ভবতু সুষ্ঠু পূজয় পুত্রো যেন গোকোটীশ্বরো ভবতু।

কৃষ্ণ ইতি। অর্চ্চা প্রতিমা অর্চ্চিতা ত্বয়েতি শেষঃ। অম্বরমাকাশং, পক্ষে
বস্ত্রং পীতবস্ত্রং পূর্ব্বস্মিন্ ভাসিতং শীলং যস্য সঃ। পরেণোদ্ভাসিত ইতি স
তস্মৈ। রাজীববন্ধবে সূর্য্যায় পক্ষে জীববন্ধবে জীবনমিত্রায় মহ্যম্।
গাঢ়মুদা অতিহর্ষেণ, পক্ষে গাঢ়ং যথা স্যাত্তথা উদারা ত্বং ভাবতোঽর্ঘ্যং
পূজাবিধিং কুরু ॥ ২৮ ॥

কুন্দেতি। কন্যারাশেঃ, পক্ষে কন্যাসমূহস্য। মিত্রায় সূর্য্যায়, পক্ষে

সকলে। (মৃদু মৃদু হাস্য করিতে লাগিলেন)।

জটিলা। (সলজ্জভাবে) হউক, তুমি ভাল করিয়া পূজা করাও—যাহাতে
আমার পুত্র কোটি গাভী লাভ করিতে পারে।

কৃষ্ণ। ধন্যে! প্রতিমা-পূজা ত অধুনা করা হইল, এখন গগন-প্রকাশক
পদ্মবন্ধু সূর্য্যের জন্য পরমভক্তি-সহকারে হর্ষযুক্ত হইয়া অর্ঘ্য রচনা কর।
(পক্ষে—পীতবস্ত্রধারী জীবন-সখা আমার জন্য প্রগাঢ় উদারভাবে
প্রীতিযুক্ত পূজাবিধান কর) ॥ ২৮ ॥

রাধা। (সম্ভ্রম দেখাইতে লাগিলেন)

কুন্দলতা। (সংস্কৃত ভাষায়)

সংপ্রতি কন্যারাশেরুপভোগং কুর্ব্বতে পুরস্থায়।
মিত্রায় চিত্রমর্ঘ্যং কুরু সুস্মিত-পুণ্ডরীকেণ ॥

রাধা। (দৃগন্তেন হরিং পশ্যতি) ॥ ২৯ ॥

কৃষ্ণঃ। সবিতুঃ সমাপ্তিঃ পূজাবিধিরেষ সুষ্ঠু কল্যাণি।
ইষ্টং নন্দয় দেবং সরাগসুমনোবরাঞ্জলিনা ॥

রাধা। (বন্ধূককুসুমাঞ্জলিং ক্ষিপতি)।

কৃষ্ণায় মহ্যম্। সুস্মিতং কমলং তেন, পক্ষে সুস্মিতমেব পুণ্ডরীকং তেন ॥ ২৯ ॥

কৃষ্ণ ইতি। সবিতুঃ সূর্য্যস্য, ইষ্টং দেবং সূর্য্যম্। পক্ষে ইষ্টং স্বানুকূল্যবিষয়ং দেবং ক্রীড়াপরং মাম্। সরাগাঃ সুমনোবরাঃ পুষ্পশ্রেষ্ঠাস্তেষা-মঞ্জলিনা। পক্ষে সানুরাগঃ সুষ্ঠু মনসো বরাঞ্জলিনা।

সংপ্রতি—কন্যারাশি ভোগকারী পুরোবর্ত্তী সূর্য্যদেবকে প্রস্ফুটিত পদ্মপুষ্পের দ্বারা বিচিত্র অর্ঘ্য প্রদান কর। (অপর পক্ষে—কন্যা-সমূহের ভোগকারী সম্মুখস্থ সখাকে হাস্যরূপ কমল দ্বারা মনোহর অর্ঘ্য প্রদান কর।)

রাধা। (নেত্রপ্রান্তের দ্বারা হরিকে দেখিতে লাগিলেন) ॥ ২৯ ॥

কৃষ্ণ। কল্যাণি! সূর্য্যদেবের পূজাবিধি সুন্দররূপেই শেষ হইল, এখন তুমি উৎকৃষ্ট সরাগ রক্ত পুষ্পের অঞ্জলি দ্বারা ইষ্টদেবের আনন্দ-বিধান কর।

(শ্লিষ্টার্থ—ইষ্টদেব—অভীষ্ট শ্রীকৃষ্ণ ; সরাগ—অনুরাগের সহিত)।

রাধা। (বাঁধুলী পুষ্পের অঞ্জলি নিক্ষেপ করিতে লাগিলেন)।

মধুমঙ্গলঃ। জটিলে, মিট্ঠং পক্কণ্ণং দক্খিণা দিজ্জউ অম্হে অচ্ছিদ্দং বাহরেম্হ ॥ ৩০ ॥

কৃষ্ণঃ। পাত্রে সমিতবাচাট বটো! তিষ্ঠ গোকুলবাসিনাং মৈত্রী-লাভ এব মে দক্ষিণা।

জটিলা। (সহর্ষম্) ভো বডুরাঅ, মম ঘরং সমাঅচ্ছ তত্থ ইট্ঠ-ভোঅণং ভুঞ্জাবিঅ মণিমুদ্দিআ মএ দাদব্বা।

মধুমঙ্গলঃ। (সহর্ষম্) অজ্জে সুদবক্করা হোহি জং ইট্ঠভোঅণং বম্হাণাণং দাদুকামাসি।

মধুমঙ্গলেতি। জটিলে! মিষ্টং পক্বান্নং দক্ষিণা দীয়তাম্। বয়ং অচ্ছিদ্রং ব্যাহরামঃ ॥ ৩০ ॥

কৃষ্ণ ইতি। পাত্রে সমিতভোজনমাত্রতৎপরঃ পেটুক ইতি নীচোক্তিঃ। স পাত্রে সমিতোৎপন্নভোজনান্মিলিতো নয়েত্যমরাৎ।

জটিলেতি। ভো বটুরাজ! মম গৃহং সমাগচ্ছ, তত্র ইষ্টভোজনং ভুঞ্জয়িত্বা মণিমুদ্রিকা ময়া দাতব্যা।

মধুমঙ্গলেতি। আর্য্যে! সুতপস্করা ভব, সপ্ত-পুত্রবতী সপ্তসুঃ সুতপস্করেতি কোষাৎ। যদ্ ইষ্টং ভোজনং ব্রাহ্মণানাং দাতুকামাসি ॥ ৩১ ॥

মধুমঙ্গল। জটিলে! সুমিষ্ট পক্বান্ন দক্ষিণা দান কর, আমরা অচ্ছিদ্র অবধারণ করিতেছি ॥ ৩০ ॥

কৃষ্ণ। ওহে পেটুক বাচাল ব্রাহ্মণ-বালক! থাম, গোকুলবাসিগণের মিত্রতালাভই আমার দক্ষিণা।

জটিলা। (সহর্ষে) ওহে বটুরাজ! আমার গৃহে চল, সেখানে আমি অভীষ্ট ভোজ্য ভোজন করাইয়া মণিমুদ্রিকা দান করিব।

মধুমঙ্গল। (আনন্দ সহকারে) আর্য্যে! যখন ব্রাহ্মণদিগকে অভীষ্ট

কৃষ্ণঃ। বৃদ্ধে, ভোজয়ামুং বটুকম্ অহং তু পৌর্ণমাসীমাসাদ্য গুরোর্গর্গস্য সন্দিষ্টমাবেদয়িষ্যামি ॥ ৩১ ॥

কুন্দলতা। কীরিসং তং ॥

কৃষ্ণঃ। মাতঃ পূর্ণিমে, যা ভবত্যাঃ প্রেমপাত্রী বৃষভানুপুত্রী তস্যাঃ সংশয়োঽস্য মহানিতি কল্পতরুমূলে সা রক্ষোঘ্নমন্ত্রেণাভিমন্ত্র্যতামিতি।

কুন্দলতা। (সব্যথমিবাপবার্য্য) অজ্জে, দিট্ঠিআ গোঅরো এসো কপ্পবুক্খো তা তুমং গদুঅ ভঅবদীং এত্থ পত্থাবেহি

কুন্দেতি। কীদৃশং তং।

কুন্দেতি। কর্ণে লগিত্বাহ। আর্য্যে ! দিষ্ট্যা গোচরঃ এষ কল্পবৃক্ষঃ, তস্মাৎ

ভোজ্য-দ্রব্য প্রদানে তোমার ইচ্ছা হইয়াছে, তখন তুমি সপ্ত-পুত্রবতী হইবে।

কৃষ্ণ। বৃদ্ধে ! এই ব্রাহ্মণবালকটিকে ভোজন করাও, আমি এখন পৌর্ণমাসীর নিকট গমন করিয়া তাঁহাকে গুরু গর্গদেবের আদেশবাণী অবগত করাইতেছি ॥ ৩১ ॥

কুন্দলতা। সে আদেশ কিরূপ ?

কৃষ্ণ। "মাতঃ পূর্ণিমে, আপনার প্রেমপাত্রী বৃষভানুকুমারীর অদ্য মহাবিপদ্ হইবার কথা, অতএব কল্পতরুমূলে লইয়া গিয়া তাহাকে রক্ষোঘ্ন মন্ত্রের দ্বারা অভিমন্ত্রিত করুন।"

কুন্দলতা। (ব্যথিতের ন্যায় হইয়া কাণের কাছে গিয়া) আর্য্যে ! সৌভাগ্যবশেই কল্পবৃক্ষ সম্মুখবর্ত্তী, অতএব আপনি যাইয়া ভগবতীকে

বড়ুং বি ভুঞ্জাবেহি অহ্মে ণং গগ্গসিক্খং ক্খণং রক্খেহ্ম ॥ ৩২ ॥

জটিলা। (বটুনা সহ নিষ্ক্রান্তা)।

কুন্দলতা। (সস্মিতম্) রাহি দেহি পারিতোসিঅং জং সুট্‌ঠু দুল্লহং দে অব্ভত্থিদং মএ ণিব্বাহিদং ॥ ৩৩ ॥

রাধা। (বক্রমবেক্ষ্য) কুন্দলদিএ! কিং মে অব্ভত্থিদং ॥

ত্বং গত্বা ভগবতীং অত্র প্রস্থাপয়। বটুমপি ভোজয়, বয়ং এনং গর্গশিষ্যং ক্ষণং রক্ষামঃ ॥ ৩২ ॥

কুন্দেতি। রাধে! দেহি পারিতোষিকং যৎ সুষ্ঠু দুর্লভং তে অভ্যর্থিতং ময়া নির্ব্বাহিতম্। পরিতোষাদ্দীয়তে যৎ তদুক্তং পারিতোষিকম্। শিরোফা ইতি লোকে ভাষা। এবমঙ্গৈরুপাঙ্গৈশ্চ সুশ্লিষ্টৈরূপকশ্রিয়ঃ। শরীরং বস্ত্বলংকুর্য্যাৎ ষট্‌ত্রিংশদ্ভূষণৈঃ স্ফুটমিতি। নাটকলক্ষণে ষট্‌ত্রিংশৎ ভূষণান্যুক্তানি, তন্মধ্যে উদাহরণং নাম নাটকভূষণমিদম্। তল্লক্ষণং,—বাক্যং যদ্গূঢ়তুল্যার্থং তদুদাহরণমিতি। অত্র জং সুট্‌ঠেত্যাদিবাক্যং গূঢ়তুল্যার্থত্বাদুদাহরণম্ ॥ ৩৩ ॥

রাধেতি। কুন্দলতিকে! কিং মে অভ্যর্থিতম্?

এখানে পাঠাইয়া দিন, এবং ব্রাহ্মণবালকটিকেও ভোজন করান, আমরা এই গর্গশিষ্যকে কিয়ৎকাল রাখিব ॥ ৩২ ॥

জটিলা। (ব্রাহ্মণবালকের সহিত বহির্গমন করিল)।

কুন্দলতা। (মৃদুহাস্য করিয়া) রাধে! যেহেতু তোমার সুদুর্ল্লভ মনোরথ নির্ব্বাহ করিলাম, অতএব পারিতোষিক দাও ॥ ৩৩ ॥

রাধা। (কুটিল কটাক্ষপাত করিয়া) কুন্দলতে! আমার কি মনোরথ?

কুন্দলতা। অই কীস ভুঅং ভঙ্গুরেসি জং সূরারাহণং ভণামি।

কৃষ্ণঃ। কুন্দলতে, দাপয় দক্ষিণাং সাঙ্গোঽস্য পদ্মিনীদয়িতযাগঃ ॥৩৪॥

কুন্দলতা। রাহে, রই কম্মাহিণ্ণে আআরিও তুএ দক্‌খিণাএ অণুরঞ্জীয়দু।

বিশাখা। (স্মিত্বা) কুন্দলদে! দক্‌খিণাদাণাহিণ্ণাএ তুএ চ্চেঅ

কুন্দেতি। অয়ি! কস্মাৎ ভ্রূবং ভঙ্গুরয়সি, যস্মাৎ সূর্য্যারাধনং ভণামি।

কৃষ্ণ ইতি। কুন্দলতে! পদ্মিনীদয়িতস্য সূর্য্যস্য যাগঃ পূজা। পক্ষে পদ্মিনীনাং দয়িতস্য প্রিয়স্য মম পূজা ॥ ৩৪ ॥

কুন্দেতি। রাধে! রবিকর্ম্মাভিজ্ঞ আচার্য্যস্ত্বয়া কত্র্যা দক্ষিণয়া দক্ষিণা-দানেনানুরজ্যতাম্। পক্ষে রতিকর্ম্মাভিজ্ঞ আকারিতঃ, তয়া দক্ষিণয়া সরলয়া ভূত্বা যমনুরজ্যতামনুরাগবিষয়ঃ ক্রিয়তাম্।

বিশাখেতি। কুন্দলতে! দক্ষিণাদানাভিজ্ঞয়া ত্বয়ৈব দীয়তাং দক্ষিণা। যয়া বিচিতাত্মনো দেবরঃ পুরোহিত আহূতঃ। পক্ষে দক্ষিণানাং

কুন্দলতা। সখি! ভ্রূকুটি কর কেন? আমি ত তোমার সূর্য্যারাধনার কথাই বলিতেছি।

কৃষ্ণ। কুন্দলতে! পদ্মিনীপতির পূজা ত' শেষ হইল, এখন দক্ষিণা দেওয়াও। (এ স্থলে পদ্মিনী নারীর পতি শব্দের দ্বারা শ্লিষ্টভাবে নিজেকে লক্ষ্য করিতেছেন) ॥ ৩৪ ॥

কুন্দলতা। রাধে! রবিকর্ম্মাভিজ্ঞ আচার্য্যকে তুমি দক্ষিণা প্রীতি দ্বারা সম্পাদন কর। (অপরপক্ষে প্রাকৃতভাষায় রবি ও রতির উচ্চারণ একই প্রকার—অতএব রতিকর্ম্মাভিজ্ঞ আকারিতের প্রতি দক্ষিণা বা অনুকূলা হইয়া অনুরাগের দ্বারা তুষ্ট কর)।

বিশাখা। (মৃদু হাস্য করিয়া) কুন্দলতে! তুমি দক্ষিণাদানে অভিজ্ঞা,

দিজ্জউ, দক্‌খিণা জাএ বিলিউণ অপ্‌পণো দেঅরো পুরো-
হীদো আহরিদো ॥ ৩৫ ॥

ললিতা। বিসাহে, ণূণং এসো পুআবিদাএ কুন্দলদাএ দিণ্ণাহিট্ঠ দক্‌খিণো আআরিও।

কৃষ্ণঃ। ললিতে, পূজ্যেয়ং প্রজাবতী তদস্যাং নাচার্য্যকমাচার্য্যতে ॥৩৬॥

যোষিতাং দানেঽভিজ্ঞয়া ত্বয়া হ্যত্যৈব দক্ষিণা যোষিদ্দীয়তাম্। বয়ন্তু বামা ন ত্বদধীনা ইত্যর্থঃ। যয়া ত্বয়াত্মনঃ স্বস্য পুরোহিতঃ শৃঙ্গারদানেন প্রথমং হিতকারী পুরা ব্রতিহিণ্ডকত্বে নো হিতো বা বিচিত্যান্বিষ্য বিজ্ঞায় বা আহৃতঃ ॥ ৩৫ ॥

ললিতেতি। বিশাখে! নূনমেব কারিতপূজয়া কুন্দলতয়া দত্তাভীষ্ট-দক্ষিণঃ আচার্য্যঃ। অথবা দত্তাস্যাভীষ্টা দক্ষিণা যস্মৈ সঃ। অথবা দত্তাভীষ্ট-দক্ষিণঃ সন্ আকারিতঃ।

কৃষ্ণ ইতি। ললিতে! প্রজাবতী ভ্রাতৃজায়া পুত্রাদিমতী বা। পক্ষে প্রকৃষ্টজাতৃমতী সত্যভামা ভামেতিবৎ জাতৃশব্দেন চোচ্যতে। আচার্য্য-কমাচার্য্যত্বম্ ॥ ৩৬ ॥

অতএব তুমিই দক্ষিণা দাও। যেহেতু দক্ষিণাযজ্ঞে বিশেষরূপে নিপুণ আপনার দেবরকে পুরোহিত করিয়া আনিয়াছ। (এখানেও শ্লিষ্টার্থ আছে, অভিপ্রায় এই যে, আমরা বামা ও প্রতিকূলা নায়িকা, তুমি দক্ষিণা বা নায়কের অনুকূলা) ॥ ৩৫ ॥

ললিতা। বিশাখে! আকারে বোধ হইতেছে, পূজাকারয়িত্রী কুন্দলতা আচার্য্যকে অভীষ্ট দক্ষিণা দিয়াছে।

কৃষ্ণ। ললিতে! এই ভ্রাতৃজায়া আমার পূজনীয়া—সুতরাং আমি ইহার আচার্য্যত্ব করি নাই ॥ ৩৬ ॥

রাধা। হলা ললিদে, সাহুপূঅণং ণিব্বাহিদং তুম্হেহিং অজ্জবি কিং পরিক্খীঅদি।

কৃষ্ণঃ। স্মরবোধনানুবন্ধী ক্রমবিস্তারিত-কলাবিলাসভরঃ।
ক্ষণদাপতিরিব দৃষ্টেঃ ক্ষণদায়ী রাধিকাসঙ্গঃ॥ ৩৭॥

(নেপথ্যে।)—
দুর্লভঃ পুণ্ডরীকাক্ষ বৃত্তস্তে বিপ্রকর্ষতঃ।

কৃষ্ণঃ। (সব্যথমুচ্চৈঃ) ভোঃ কোঽয়ং দুর্লভঃ।

রাধেতি। সখি ললিতে! সাধুপূজনং নির্ব্বাহিতং যুষ্মাভিঃ, অদ্যাপি কিং প্রতীক্ষ্যতে।

কৃষ্ণ ইতি। ক্ষণদাপতিশ্চন্দ্রঃ ক্ষণদায়ী উৎসবপ্রদঃ॥ ৩৭॥

(নেপথ্যে)—দুর্লভ ইত্যাদি। অর্থস্য তু প্রধানস্য সূচকম্। যদাগন্তুকভাবেন পতাকাস্থানকং হি তৎ। তত্তু দ্বিপ্রকারম্—তুল্যসংবিধানং তুল্যবিশেষণঞ্চ। পূর্ব্বং ত্রিধা, অর্থসম্পত্তিরূপশিষ্টং শ্লিষ্টোত্তরং চ। তত্র শ্লিষ্টস্য লক্ষণং,—বচসাতিশয়ং শ্লিষ্টং কাব্যবন্ধরসাশ্রয়ম্। পতাকাস্থানকমিদং দ্বিতীয়ং পরিকীর্ত্তিতম্। অত্র ভবিষ্যতো রাধাসঙ্গদুর্লভত্বস্য

রাধা। সখি ললিতে! তোমরা ত' সুন্দররূপে পূজা শেষ করিয়াছ, তবে এখন আর অধিক বিলম্ব করিতেছ কেন?

কৃষ্ণ। শ্রীরাধিকার ক্রমবিস্তারিত কলাবিলাসের আধিক্য কন্দর্পবোধকে সুদৃঢ় করিতেছে, কিন্তু ইঁহার সঙ্গে ক্ষণদাপতি চন্দ্রের ন্যায় আমার দৃষ্টির আনন্দবিধান করিতেছে॥ ৩৭॥

(নেপথ্যে)—হে পুণ্ডরীকাক্ষ! বিয়োগহেতু তোমার পথ দুর্ল্লভ হইল।

কৃষ্ণ। (ব্যথিত হইয়া উচ্চৈঃস্বরে) অহে! কে দুর্ল্লভ হইল?

(পুনর্নেপথ্যে ।)—

যত্নাদন্বিষ্যমানোঽপি বল্লবৈঃ পশুমণ্ডলঃ ॥ ৩৮ ॥

কৃষ্ণঃ । ললিতে পশুনাকলয্য, কল্পিত-নিজকল্পো যাবদহমুপসীদেয়ং, তাবত্তত্র রত্নসিংহাসনে প্রিয়াং প্রাপয় ।

(ইতি নিষ্ক্রান্তঃ) ॥

ললিতা । হলা পুরদো পাঅং ধারেহি ।

রাধা । ললিদে, পসীদ পসীদ সুট্ঠু সঙ্কাউলম্হি ।

সূচনাদিদং শ্লিষ্টং নাম পতাকাস্থানকম্ । বিপ্রকর্ষতো বিয়োগতোঽর্থাদ্রাধিকাসঙ্গো দুর্লভো বৃত্তো জাত ইত্যর্থস্ত বল্লবৈর্যত্নাদন্বিষ্যমাণঃ পশুমণ্ডলো দুর্লভো বৃত্ত ইত্যর্থস্যাপি বোধকত্বাৎ ॥ ৩৮ ॥

কৃষ্ণ ইতি । কল্পিত-নিজাকল্পঃ কৃত-নিজবেশঃ, উপসীদেয়ং সমীপমাগচ্ছেয়ম্ ।

ললিতেতি । সখি ! পুরতঃ পাদং বিধেহি ।

রাধেতি । ললিতে ! প্রসীদ প্রসীদ, সুষ্ঠু শঙ্কাকুলাস্মি ॥ ৩৯ ॥

(পুনরায় নেপথ্যে)—যত্নসহকারে গোপগণ অন্বেষণ করিলেও পশুর দল দুর্ল্লভ হইল ॥ ৩৮ ॥

কৃষ্ণ । ললিতে ! আমি যতক্ষণ পশুদল সন্ধান পূর্ব্বক সুসজ্জিত হইয়া আগমন না করিব, ততক্ষণ তুমি প্রিয়তমাকে রত্নসিংহাসনে উপবেশন করাও । (ইহা বলিয়া প্রস্থান করিলেন)

ললিতা । সখি ! অগ্রে পাদনিক্ষেপ কর ।

রাধা । ললিতে ! প্রসন্ন হও, প্রসন্ন হও, আমি অতিশয় ভীতা হইয়া পড়িতেছি । (এই বলিয়া সংস্কৃতে) সখি ! সন্ধ্যা প্রায় গত হইল, গুরুজনেরা আমার চরিত্রের প্রতি আশঙ্কা করিয়া থাকেন, জগতে

(ইতি সংস্কৃতেন।)—

গতপ্রায়ং সায়ং চরিত-পরিশঙ্কী গুরুজনঃ,
পরীবাদস্তুঙ্গো জগতি সরলাহং কুলবতী।
বয়স্যস্তে লোলঃ সকল-পশুপালী সুহৃদসৌ
তদা নম্রং যাচে সখি রহসি সঞ্চারয় ন মাম্ ॥৩৯॥

কুন্দলতা। রাহে জাণে অক্খলিদং তুজ্ঝ সদীব্বতং তা অলং সঅং বিক্খাবিদেণ।

বিশাখা। (সাভ্যসূয়ম্) কুন্দলদে, কা ক্খু অবরা তুমং বিঅ বংসীএ তিস্নি সঞ্ঝং আঅড্ঢীঅদি ॥ ৪০ ॥

কুন্দেতি। রাধে! জানামি অস্খলিতং তব সতীব্রতং তৎ অলং স্বয়ং বিখ্যাপিতেন।

বিশাখেতি। কুন্দলতে! কা খলু অপরা ত্বমিব বংশিকয়া ত্রিসন্ধ্যং আকৃষ্যতে ॥ ৪০ ॥

আমার কলঙ্কও সমধিক প্রচারিত, অথচ আমি নিতান্ত সরলা কুলবতী, তোমার অতিলোভী সখা সকল গোপকুমারীরই বল্লভ; অতএব আমি বিনয়পূর্ব্বক কহিতেছি, আমাকে নির্জ্জন স্থানে লইয়া যাইও না। (অর্থাৎ তথায় কোনও অত্যাহিত ঘটিবার সম্ভাবনা) ॥ ৩৯ ॥

কুন্দলতা। রাধে! তোমার অস্খলিত সতীব্রতের কথা আমি অবগত আছি, অতএব তাহা আর স্বয়ং ঘোষণা করার প্রয়োজন নাই।

বিশাখা। (অসূয়ার সহিত) কুন্দলতে! তোমার মত এমন আর কে আছে যে, ত্রিসন্ধ্যা বংশী তাহাকে আকর্ষণ করিবে? ॥ ৪০ ॥

কুন্দলতা। (সনর্ম্মস্মিতং সংস্কৃতেন)

দদামি সদয়ং সদা বিশদবুদ্ধিরাশীঃ শতং
ভবাদৃশি-পতিব্রতা ব্রতমখণ্ডিতং তিষ্ঠতু।
শ্রুতে নিখিলমাধুরী-পরিণতেঽপি বেণুধ্বনৌ
মনঃ সখি মনাগপি ত্যজতি বো ন ধৈর্য্যং যথা॥

(ইতি সর্ব্বাঃ কল্পদ্রুমমনুসরন্তি)॥ ৪১॥

(প্রবিশ্য কৃষ্ণঃ।)—

সাচি-বিলোচন-তরঙ্গিতভঙ্গী
বাগুড়ামিহ বিতত্য মৃগাক্ষী।

কুন্দেতি। দদামীত্যাদি। ভেদনাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—বীজস্যোত্তেজনং ভেদো। যদ্বা সংখ্যাতভেদনমিতি। অত্র কুন্দলতয়া রাধাপ্রেম্ন উত্তেজনাদ্ভেদনাচ্চাত্মনস্তাভ্যো ভেদঃ॥ ৪১॥

কৃষ্ণ ইতি। সাচিবক্রমালোচনস্য তরঙ্গিতভঙ্গী কটাক্ষপরম্পরা। সৈব বাগুড়া মৃগবন্ধন-পাশবিশেষঃ। বাগুড়া মৃগবন্ধিনীতি, অধিক-স্বরেণ

কুন্দলতা। (পরিহাসপূর্ব্বক হাসিতে হাসিতে) আমি প্রাণ খুলিয়া উদারবুদ্ধিতে তোমাকে আশীর্ব্বাদ করিতেছি যে, তোমার ন্যায় ব্যক্তিতে পতিব্রতা-ব্রত অখণ্ডিতরূপে অবস্থান করুক, যাহাতে নিখিল মাধুরীর সারভূত বেণুধ্বনি শ্রবণ করিয়াও তোমাদের মন যেন বিন্দুমাত্র ধৈর্য্যচ্যুত না হয়।

(অতঃপর সকলে কল্পবৃক্ষের দিকে গমন করিতে লাগিলেন)॥৪১॥

কৃষ্ণ। (প্রবেশ করিয়া) অহো! কুরঙ্গনয়না শ্রীরাধিকা কুটিল নয়নের

রাধিকেয়মধিক-স্বরভঙ্গং
দ্রাক্ ববন্ধ মম চিত্তকুরঙ্গম্ ॥ ৪২ ॥

রাধা। (অপবার্য্য) কুন্দলদে, পেক্‌খ সোহগ্‌গং গুঞ্জাবলীএ।

(ইতি সংস্কৃতেন।)—

কঠোরাঙ্গী কামং জগতি বিদিতা নীরসতয়া
নিগূঢ়ান্তশ্ছিদ্রা ত্বমতিমলিনা চাসি বদনে।
তথাপ্যুচ্চৈর্গুঞ্জাবলি বিহরসে বক্ষসি হরে-
র্জনানাং দোষং বা ন হি কমনুরাগঃ স্থগয়তি ॥৪৩॥

পৌর্ণমাসী। (সানন্দে) সন্দেশবাহক সুনন্দ! তুমি যে সুসংবাদ আনিয়াছ, তাহাতে তুমি আমাদের অতিশয় অভিনন্দনীয়।

সুনন্দ। আর অভিনন্দনে প্রয়োজন নাই, কারণ, দুর্ভাগ্যান্ধ আমার সন্দেশহারিত্ব একেবারে বিফল হইল।

নারদ। (পাঠ করিতে লাগিলেন) স্বভাবতঃই অসিতাপাঙ্গী নিখিল ময়ূরীবৃন্দের সুখবিধান পুরঃসর কৃষ্ণরূপ শোভন মেঘ বিশেষভাবে বৃন্দাবনের ময়ূরীগণকে আনন্দদান করিয়া থাকেন ॥ ১০ ॥

পৌর্ণমাসী। হায়! ইনি যে চন্দ্রাবলী, মাধব তাহা জানেন না।

নারদঃ। সুনন্দ! কুতস্ত্বয়া নাভিব্যক্তমাবেদিতম্?

সুনন্দঃ। কা খলু চন্দ্রাবলী?

পৌর্ণমাসী। দুষ্ট-নৃপেভ্যস্ত্রপমাণেন রুক্মিণা স্বস্রুর্গোকুলনিবাসমত্র নিহ্নুত্য চন্দ্রাবলীত্যভিধা সংবৃতা।

সুনন্দঃ। নূনং সুহৃদামপ্যগোচরোঽয়মর্থস্তত্র মদ্বিধস্য কা কথা?

পৌর্ণমাসী। তর্হি কথমসৌ দর্বীকরারিকেতুর্বিদর্ভানলঙ্কার?

সুনন্দঃ। সুষ্ঠু ভক্তয়োঃ ক্রথকৌশিকয়োঃ সন্দেশসৌন্দর্যেণ।

পৌর্ণমাসী। নৃপাভ্যাং কিমত্র প্রবৃত্তম্?

পৌর্ণেতি। নিহ্নুত্য পিধায়।

পৌর্ণেতি। দর্বীকরাঃ সর্পাস্তেষামরির্গরুড়ঃ স এব বাহনং যস্য।

পৌর্ণেতি। অত্র তদানয়নে।

নারদ। সুনন্দ! কেন তুমি এই বিষয় স্পষ্টভাবে ব্যক্ত কর নাই?

সুনন্দ। চন্দ্রাবলী কে?

পৌর্ণমাসী। দুষ্ট নৃপতিগণ হইতে লজ্জা পাইবে বলিয়া, স্বীয় ভগিনীর গোকুলবাস এ স্থানে গোপন করিয়া চন্দ্রাবলী নামও গোপন রাখিয়াছে।

সুনন্দ। এ ব্যাপার যখন সুহৃদ্গণেরও অগোচর, তখন আমার মত জনের জানিবার সম্ভাবনা কি?

পৌর্ণমাসী। তবে সেই গরুড়বাহন শ্রীকৃষ্ণ কেন বিদর্ভদেশ অলঙ্কৃত করিতে আসিলেন?

সুনন্দ। প্রিয়ভক্ত ক্রথকৌশিকের মনোহর সংবাদে।

পৌর্ণমাসী। নৃপতিদ্বয় এই ব্যাপারে প্রবৃত্ত হইলেন কেন?

সুনন্দঃ। ভগবতো হিরণ্যগর্ভস্য শাসনেন।

তথাহি—

স্বস্তি শ্রীক্রথকৌশিকৌ ! স্বভবনাদম্ভোজগর্ভোহস্তু বঃ
সর্ব্বক্ষ্মাপতি-দুর্ব্যতিক্রম-গিরাবিত্যাদিশতোষ বাম্।
শুদ্ধৈরধ্যবসীয়তাং নৃপতিভিঃ সার্দ্ধং যুবাভ্যাং মুদা
শ্রীরাজেন্দ্রতয়া ক্ষিতৌ যদুপতেঃ পুণ্যাভিষেকক্রিয়া ॥ ১১ ॥

পৌর্ণমাসী। দিষ্ট্যা দ্রষ্টব্যোঽয়ং ময়া মহোৎসবঃ।

সুনন্দঃ। ভগবতি ! নির্ব্যূঢ়োঽয়ম্।

পৌর্ণমাসী। কীদৃগেষঃ ?

সুনন্দ ইতি। সর্ব্বক্ষ্মাপতিভির্দুর্ব্যতিক্রমা গীর্ব্বাণী যয়োস্তৌ। এষোঽম্ভজ-যোনির্বাং প্রতি আদিশতি। শুদ্ধৈর্নৃপতিভিঃ সার্দ্ধং যুবাভ্যাং যদুপতেঃ পুণ্যাঽভিষেকক্রিয়াঽধ্যবসীয়তাম্ ॥ ১১ ॥

সুনন্দ। ভগবান্ হিরণ্যগর্ভের আজ্ঞায়। সেই আজ্ঞা এই—

ওহে ক্রথকৌশিক ! তোমাদের মঙ্গল হউক, স্বভবন হইতে পদ্ম-যোনি তোমাদিগকে এই আজ্ঞা করিতেছেন যে, সকল পৃথিবীপতি তোমাদের আদেশবাক্য অতিক্রম করেন না, সেই শুদ্ধচরিত্র নৃপতি-গণের সহিত তোমরা আনন্দসহকারে যদুপতি শ্রীকৃষ্ণের পৃথিবীতে রাজাধিরাজপদের পুণ্যাভিষেকক্রিয়া সম্পাদন কর ॥ ১১ ॥

পৌর্ণমাসী। মহাভাগা ! এই মহোৎসব আমার অবশ্য দ্রষ্টব্য

সুনন্দ। ভগবতি ! এই কার্য্য শেষ হইয়াছে।

পৌর্ণমাসী। উহা কিরূপ হইল ?

সুনন্দঃ।

বৃংহিষ্ঠে রত্নসিংহাসন-শিরসি বরে সন্নিবিষ্টস্য তুষ্টৈ-
গীর্বাণৈঃ পার্ব্বতীশ-প্রভৃতিভিরভিতঃ স্তূয়মানস্য ভূয়ঃ।
সদ্যঃ সম্পাদ্যমানো নৃপতিভিরখিলৈর্দিব্যকুম্ভাবলীভি-
স্তত্রাঽপূর্ব্বস্তদাসীদ্দনুজবিজয়িনো রাজরাজাভিষেকঃ ॥১২॥

নারদঃ। সিদ্ধং বিন্ধ্যায় বেধসো বরদানম্।

পৌর্ণমাসী। ভগবন্নমুশাধি সাধয়ামি মাধবং সাধিষ্ঠার্থবোধনায়।

(প্রবিশ্যাপটীক্ষেপেণ কঞ্চুকী)

কঞ্চুকী। ভগবতি! বিদর্ভেন্দ্রো নিবেদয়তি।

সুনন্দ ইতি। বৃংহিষ্ঠে বৃহত্তমে ॥ ১২ ॥
(অপটীসূচনং বিনা ঝটিতি, কঞ্চুকী বর্ষবরঃ ক্লীবঃ, খোজেতি বিখ্যাতঃ)

সুনন্দ। অতি বৃহৎ শ্রেষ্ঠ রত্নসিংহাসনশীর্ষে শ্রীকৃষ্ণকে উপবেশন করাইয়া আনন্দিত-চিত্তে পার্ব্বতীনাথ-প্রমুখ দেববৃন্দ পুনঃ পুনঃ চতুর্দ্দিকে তাঁহার স্তব করিতে থাকিলে নিখিল নরপতিগণ দিব্য কুম্ভাবলী দ্বারা দনুজ-বিজয়ী শ্রীকৃষ্ণের অভূতপূর্ব্ব রাজাধিরাজোচিত অভিষেক সদ্যই সম্পন্ন করিয়াছেন ॥ ১২ ॥

নারদ। বিন্ধ্যকে ব্রহ্মার বরদান সার্থক হইয়াছে।

পৌর্ণমাসী। ভগবন্! আদেশ করুন, সর্ব্বোত্তম সদর্থ জ্ঞাপন করাইবার জন্য আমি মাধবের নিকট গমন করিতেছি।

(অকস্মাৎ কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী। ভগবতি! বিদর্ভরাজ ভীষ্মক নিবেদন করিতেছেন—

মদভ্যর্থিতাভ্যাং পার্থিবাভ্যাং রুক্মিণীহরণায় রাজেন্দ্রমাবেদয়িতুং প্রস্থিতং, তদদ্য ভবত্যা তীর্থেন তীর্থপাদং দ্রষ্টুমিচ্ছামীতি।

পৌর্ণমাসী। ভগবন্! মম সাধ্যং সিদ্ধমিবাভূৎ তদনুজানীহি মাম্।

(ইতি দ্বাভ্যাং সহ নিষ্ক্রান্তা)

(নেপথ্যে) বিশ্রান্তে বিষয়াকৃতিং পরিণতিং হিত্বা মুনীনামপি
স্বান্তে নাক্রমতে যদঙ্ঘ্রিনখরোপান্তপ্রভাপ্যল্পিকা।
চিত্রং মদ্বিধপাণি-কুট্মলতটী-সংবাহ্য-পাদাম্বুজো
দেবঃ সোঽয়মলঙ্করোতি করুণঃ কল্যাণপল্যঙ্কিকাম্ ॥ ১৩ ॥

(নেপথ্যে)। নাক্রমতে নোদগাচ্ছতি ॥ ১৩-১৪ ॥

আমা কর্ত্তৃক প্রার্থিত হইয়া ক্রথ ও কৌশিক এই পার্থিবদ্বয় রুক্মিণীহরণের জন্য রাজেন্দ্র শ্রীকৃষ্ণের নিকট আবেদন করিতে গিয়াছেন, অতএব পুণ্যময়ী আপনার সহিত তীর্থপাদ শ্রীহরিকে দর্শন করিতে ইচ্ছা করি।

পৌর্ণমাসী। ভগবন্! আমার অভীষ্টসিদ্ধির ন্যায়ই বোধ হইতেছে, অতএব আমাকে আদেশ করুন।

(ইহা বলিয়া দুই জনের সহিত প্রস্থান করিলেন)

(নেপথ্যে) মুনিগণেরও অন্তঃকরণ বিষয়াকারপরিণতি পরিত্যাগ করিয়া বিশ্রান্ত হইলেও যাঁহার পদনখরের প্রান্তের অল্পমাত্র প্রভাও প্রাপ্ত হইতে পারে না, কি আশ্চর্য্য, আমার ন্যায় ব্যক্তির হস্ত-কলিকা-তটের দ্বারা সেই পরম কারুণিক দেবতার পাদপদ্ম সংবাহিত হইতেছে এবং তিনি আজ কল্যাণময় পর্য্যঙ্কের শোভাবর্দ্ধন করিয়া বিরাজ করিতেছেন ॥ ১৩ ॥

নারদঃ। ক্রথ-কৌশিকয়োঃ সূক্তিরিয়ম্।

(পুনর্নেপথ্যে শঙ্খধ্বনিঃ)

নারদঃ। (বিলোক্য সহর্ষম্)

অহহ !

করযুগলেন গৃহীতং নিধায় বদনাম্বুজে ধমন্ কম্বুম্।
ব্রজরাজ্ঞী-স্তনপান-স্মরণ-স্তিমিতো হরির্জয়তি ॥ ১৪ ॥

(পুনর্নিরূপ্য)

কথং ক্রথ-কৌশিকাভ্যামনুগম্যমানোঽয়ং পুরস্তাৎ পরিক্রামতি।

চঞ্চৎ-কৌস্তুভকৌমুদী-সমুদয়ঃ কৌমোদকী-চক্রয়োঃ
সখ্যেনোজ্জ্বলিতৈস্তথা জলজয়োরাঢ্যশ্চতুর্ভির্ভুজৈঃ।

নারদ ইতি। চঞ্চদ্দীপ্ত। কৌমুদী জ্যোৎস্না। সখ্যেনোজ্জ্বলিতৈঃ সহ ভাবেনান্বিতৈঃ। বিহঙ্গেশিতুর্গরুড়স্য সঙ্গী।

নারদ। এই শোভন উক্তি ক্রথ-কৌশিকেরই।

(নেপথ্যে পুনরায় শঙ্খধ্বনি)

নারদ। (সানন্দে অবলোকন করিয়া) অহহ ! করযুগলে ধৃত শঙ্খ বদনকমলে স্থাপন করিয়া বাদ্য করিতে করিতে ব্রজরাজ্ঞী যশোদার স্তনপানকারী যে হরি, তাহা স্মরণ করিয়া স্তিমিত হইতেছেন, তিনি জয়যুক্ত হউন ॥১৪॥

(পুনরায় নিরূপণ করিয়া) এই যে তিনি ক্রথ-কৌশিকের দ্বারা অনুগম্যমান হইয়া অগ্রে ভ্রমণ করিতেছেন।

যিনি চঞ্চল কৌস্তুভ-কৌমুদীর দ্বারা পরিপূর্ণরূপে উদিত, যাঁহার ভুজ-চতুষ্টয় পাঞ্চজন্য শঙ্খ, কৌমোদকী গদা, সুদর্শন চক্র ও পদ্মে

দিব্যালঙ্করণেন সঙ্কটতনুঃ সঙ্গী বিহঙ্গেশিতু-
র্মামস্মারয়দেষ কংসবিজয়ী বৈকুণ্ঠগোষ্ঠীশ্রিয়ম্ ॥
তদম্বরমারূঢ়ঃ কৌতুকমবলোকয়ামি।

(ইতি নিষ্ক্রান্তঃ)

(ততঃ প্রবিশতি যথা-নির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। হন্ত নৃপেন্দ্রৌ !

হিতৈরমৃতশালিভির্মদভিষেকবারাং ঝরৈঃ
সমৃদ্ধিমুপলভ্য বাং বিমলকীর্ত্তিবল্লী ভুবি।
ব্যতীতসুরকাননা পরমমূর্দ্ধমারুন্ধতী
রমা-শ্রবণ-ভূষণস্তবকরাশিরাসীদসৌ ॥ ১৫ ॥

কৃষ্ণ ইতি। নৃপেন্দ্রৌ !
পরমং বৈকুণ্ঠম ॥ ১৫ ॥

শোভমান, যাঁহার তনু দিব্যালঙ্কারের দ্বারা সুশোভিত, বিহঙ্গপতি গরুড় যাঁহার সঙ্গী, সেই কংসবিজয়ী শ্রীকৃষ্ণ আমাকে বৈকুণ্ঠ-গোষ্ঠীর সম্পদ স্মরণ করাইয়া দিতেছেন। অতএব এখন আকাশে আরোহণ করিয়া কৌতুক দেখি।

(ইহা বলিয়া প্রস্থান)

(যথানির্দ্দিষ্ট কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। হে নৃপতিযুগল ! আমার অভিষেকের জন্য হিতজনক অমৃতময় যে বারিনিষেক করিয়াছ, তদ্দ্বারা তোমরা পৃথিবীমধ্যে বিপুল সমৃদ্ধি লাভ করিবে এবং তোমাদের কীর্ত্তিলতা নন্দনকাননকেও অতিক্রম করিয়া অত্যন্ত ঊর্দ্ধে বৈকুণ্ঠধাম পর্য্যন্ত আরোহণ করিয়া লক্ষ্মীদেবীর কর্ণ-ভূষণের স্তবকরাশি হইয়া রহিয়াছে ॥ ১৫ ॥

নৃপৌ। (সপ্রশ্রয়ম্)

একস্মিন্নিহ রোমকূপকুহরে ব্রহ্মাণ্ড-ভাণ্ডাবলী
যস্য প্রেক্ষয়তে গবাক্ষপদবী ঘূর্ণৎ-পরাণূপমাম্।
কেয়ং তস্য সমৃদ্ধয়ে তব বিভো! রাজেন্দ্রতা-গ্রামটী-
শৌটীর্য্যেণ চমৎকৃতিং তদপি নঃ কামপ্যসৌ পুষ্যতি ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। নৃপেন্দ্রৌ! প্রসন্নোঽস্মি নিজাভীষ্টমভ্যর্থয়েথাম্।

নৃপৌ। দেব! রুক্মিণী সা তপস্বিনী তপস্তথা ন চকার, যেন তে দাস্য-সৌভাগ্য-ভাগধেয়-ভাজনং ভবেদিতি সুপর্ণাদাকর্ণিতং, কিন্তু তথা দেবেনানুগৃহ্যতাং, যথা কথাবশেষা ভীরুরেষা ন স্যাৎ।

নৃপৌ ইতি। গ্রামটী গ্রামাধিপতিঃ। শৌটীর্য্যেণ ক্ষুদ্রপদগর্ব্বেণ ॥ ১৬ ॥
নৃপৌ ইতি। কথৈবাবশেষো যস্যাঃ সা।

নৃপদ্বয়। (অনুগৃহীত হইয়া) হে বিভো! যাঁহার একটিমাত্র রোমকূপ-বিবরে ব্রহ্মাণ্ডভাণ্ডসমূহ গবাক্ষে ঘূর্ণিত পরমাণুর ন্যায় দৃষ্ট হইতেছে, তাঁহার সমৃদ্ধির আর সীমা কি? তথাপি তোমার রাজেন্দ্রতারূপ গ্রামাধিপতিত্বরূপ ক্ষুদ্র পদগৌরব আমাদের কিরূপ অপূর্ব্ব চমৎকৃতি সম্পাদন করিতে লাগিল ॥ ১৬ ॥

কৃষ্ণ। নৃপযুগল! আমি তোমাদের প্রতি প্রসন্ন হইয়াছি, তোমরা স্বাভীষ্ট প্রার্থনা কর।

নৃপদ্বয়। দেব! তপস্বিনী রুক্মিণী এমন কোনও তপস্যা করেন নাই, যাহাতে তিনি আপনার দাসী হইবার সৌভাগ্যের কণা লাভ করিবার পাত্র হইতে পারেন, ইহা আমরা গরুড়ের মুখে শুনিয়াছি, তথাপি আপনি তাঁহাকে এরূপভাবে অনুগ্রহ করুন, যাহাতে এই ভীরু কাহারও নিন্দনীয়া না হন।

কৃষ্ণঃ। কীদৃগনুগ্রহঃ ?

নৃপৌ। দুর্ম্মদ-মাগধাদীনাং পরাভবেনাস্যাঃ কুণ্ডিনাদাকৃষ্টিঃ।
যদদ্য চন্দ্রভাগারাধনায় বহিঃ সাধয়ত্যেষা।

কৃষ্ণঃ। ক্ষিতীন্দ্রৌ ! বাঢ়মাহরিষ্যামি, তদভীষ্টমনুষ্ঠীয়তাম্।

নৃপৌ। (কৃষ্ণং প্রণম্য নিষ্ক্রান্তৌ)

(নেপথ্যে) ভীতা রুদ্রং ত্যজতি গিরিজা শ্যামমপ্রেক্ষ্য কণ্ঠং
শুভ্রং দৃষ্ট্বা ক্ষিপতি বসনং বিস্মিতো নীলবাসাঃ।
ক্ষীরং মত্বা শ্রপয়তি যমীনীরমাভীরিকোৎকা
গীতে দামোদর ! যশসি তে বীণয়া নারদেন ॥ ১৭ ॥

কৃষ্ণ ইতি। তদভীষ্টং অর্থাৎ চন্দ্রভাগারাধনম্।
(নেপথ্যে) ; শ্রপয়তি পচতি, যমীনীরং যমুনাজলম্ ॥ ১৭ ॥

কৃষ্ণ। কিরূপ অনুগ্রহ ?

নৃপদ্বয়। যেহেতু অদ্য চন্দ্রভাগাদেবীর আরাধনার জন্য ইনি অন্তঃপুরের বাহিরে আগমন করিবেন, অতএব দুর্ম্মদ জরাসন্ধাদি রাজাদিগের পরাভবের দ্বারা তাঁহাকে কুণ্ডিন নগর হইতে আকর্ষণ—ইহাই আমাদিগের প্রার্থনা।

কৃষ্ণ। নৃপদ্বয় ! ভাল, আমি সেইরূপেই তাঁহাকে হরণ করিব, আপনারা আপনাদের অভীষ্টের অনুষ্ঠান করুন।

নৃপদ্বয়। (কৃষ্ণকে প্রণাম করিয়া প্রস্থান করিলেন)

(নেপথ্যে) হে দামোদর ! মহর্ষি নারদ বীণাযন্ত্রে তোমার শুভ্র যশোগান করিতে আরম্ভ করিলে, রুদ্রের কণ্ঠ শ্যামবর্ণ না দেখিয়া

সুপর্ণঃ। সোঽয়মম্বরে তুম্বুরুঃ স্তবীতি।

কৃষ্ণঃ। সখে খগেন্দ্র! পশ্য পশ্য,

শুভ্রাতপত্র-পটলী খল-ভূপতীনা-
মভ্রাণি তক্ষক-ফণাকৃতিরাবৃণোতি।
যা মাকলয্য পৃথু বেপথু দোলিতানি
দূরে জগন্তি ভয়-জর্জ্জরতাং ভজন্তি ॥ ১৮ ॥

সুপর্ণঃ। দেব! বাঢ়মাতপত্র-ফণাপটলী-লঘীয়সঃ কিঙ্করস্যাস্য

সুপর্ণ ইতি। তুম্বুরুঃ গন্ধর্ব্বাণাং মুখ্যঃ।

কৃষ্ণ ইতি। আতপত্র-পটলী রাজ্ঞাং ছত্র-সমূহঃ ॥ ১৮ ॥

সুপর্ণ ইতি। লঘীয়সঃ ক্ষুদ্রতরস্য, পর্য্যাপ্তিং যোগ্যতাম্।

গিরিজা ভীতা হইয়া রুদ্রকে ত্যাগ করেন, নীলাম্বর বলদেব নিজ বসনকে শুভ্রবর্ণ দর্শন করিয়া, বিস্মিত হইয়া তাহা ত্যাগ করেন, এবং নীল যমুনাজলকে শুভ্রবর্ণ দেখিয়া উৎকণ্ঠিতা আভীরীগণ তাহাকে দুগ্ধ মনে করিয়া আবর্ত্তন করিতে আরম্ভ করেন ॥ ১৭ ॥

গরুড়। তুম্বুরু আকাশে থাকিয়া স্তব করিতেছেন।

কৃষ্ণ। সখে খগেন্দ্র! দেখ দেখ, খলভূপতিগণের তক্ষকের ফণার স্থায় শুভ্র ছত্রসমূহ মেঘসমূহকে আচ্ছাদন করিতেছে, দূর হইতে ত্রিজগৎ তাহা অবলোকন করিয়া, অত্যন্ত কম্পান্বিত হইয়া, আন্দোলিত হইয়া ভয়ে জর্জ্জরিত হইয়া উঠিতেছে ॥ ১৮ ॥

গরুড়। দেব! এই আতপত্ররূপ ফণাসমূহ আপনার এই নিতান্ত ক্ষুদ্র কিঙ্কর গরুড়ের একবারও বিক্ষেপক্রীড়ার পক্ষে পর্য্যাপ্ত হইবে না,

গরুত্মতঃ সকৃৎ বিক্ষেপ-কেলয়েঽপি ন পর্য্যাপ্তিমেষ্যতি দূরে বিশ্রাম্যতু সখা মে সুদর্শনঃ কল্পান্তকৃশানুঃ।

(নেপথ্যে)

কুণ্ডিণ-ণরবই-পুত্তী অণুরূবা পুণ্ডরীঅণঅণস্‌স।
তহ এসো সহি! তিস্‌সা হা! হদদেব্বং বিলোমেই ॥ ১৯ ॥

সুপর্ণঃ। পুরস্ত্রীণাং বিষাদোক্তিরিয়ম্।

(পুনর্নেপথ্যে)

কহ রুপ্পিণী সুরূবা, কহ দমঘোসস্‌স ণন্দণো মন্দো।
ণ ঘড়ই গদ্দহকণ্ঠে বিমলা ণোঅমালিআ-মালা ॥ ২০ ॥

(নেপথ্যে)। কুণ্ডিন-নরপতি-পুত্রী অনুরূপা পুণ্ডরীকনয়নস্য। অতএব সখি! তস্যা হা! হতদৈবং বিলোময়তি। বিলোময়তি অনানুকূলাং করোতি ॥ ১৯ ॥

(পুনর্নেপথ্যে)। ক রুক্মিণী সুস্বরূপা, ক দমঘোষনন্দনো মন্দঃ। ন ঘটতে গর্দ্দভ-কণ্ঠে বিমলা নবমালিকা-মালা ॥ ২০ ॥

অতএব কল্পান্তকালীন প্রলয়াগ্নিসদৃশ আমার এই সখা সুদর্শন দূরে বিশ্রাম করুন।

(নেপথ্যে) কুণ্ডিন-নরপতি-পুত্রী পুণ্ডরীকনয়নেরই অনুরূপা— তথাপি হে সখি! হতদৈব তাহার প্রতি অনুকূল হইতেছে না ॥ ১৯ ॥

গরুড়। ইহা পুরস্ত্রীগণের বিষাদোক্তি।

(পুনরায় নেপথ্যে)

সুরূপা রুক্মিণীই বা কোথায়, আর এই দমঘোষনন্দন ক্রূরমতি শিশুপালই বা কোথায়, গর্দ্দভের কণ্ঠে কি বিমল নবমল্লিকার মালা শোভা পায়? ॥ ২০ ॥

সুপর্ণঃ। বন্যয়া মালয়া খলু সুলভোঽয়ং কৌস্তুভীকণ্ঠো নান্যয়া।

(নেপথ্যে)

জীয়াদুচ্চৈরখিল-তরুণীমণ্ডলাকৃষ্টি-বিদ্যা-
বৈদগ্ধীনাং নিধিরনবধির্যাদবাম্ভোধি-চন্দ্রঃ।
সংগ্রামান্তঃপুরভুবি পুরো হন্ত! যং প্রেক্ষ্য দূরা-
দস্ত্রীলোকোঽপ্যতনুচকিতঃ স্ত্রীস্বরূপং বিভর্ত্তি ॥ ২১ ॥

কৃষ্ণঃ। (সব্যতো বিলোক্য) কথময়ং মৌক্তিকচূড়ো নাম মাথুরো বন্দী ভোগাবলীং পঠতি?

সুপর্ণ ইতি। বন্যয়া বৃন্দাবনসম্বন্ধিন্যা। কৌস্তুভীকৌস্তুভযুক্তঃ।

(নেপথ্যে)। অস্ত্রীলোকোঽস্ত্রধারী জনঃ, পক্ষে স্ত্রীভিন্নলোকঃ। অতনুচকিতোঽধিকভয়যুক্তঃ, পক্ষে অতনুনা কামেন ভীতঃ ॥ ২১ ॥

কৃষ্ণ ইতি। বিরুদাবলী-প্রভৃতীনামন্যতমা নায়কোৎকর্ষিণী কলিকোৎকলিকাপদ্যযুক্তা ভোগাবলী।

গরুড়। এই কৌস্তুভ-ভূষিত কণ্ঠ বন্যমালিকার পক্ষেই সুলভ, অন্যের পক্ষে নহে।

(নেপথ্যে) যিনি অখিল-তরুণীমণ্ডলীর আকর্ষণ-বিদ্যা-বৈদগ্ধীর নিধিস্বরূপ, সেই অসীম যাদবসমুদ্রের পূর্ণচন্দ্র সর্ব্বোৎকর্ষসহকারে জয়যুক্ত হউন, যাঁহাকে সংগ্রামের অন্তঃপুর-ভূমিতে দূর হইতে দর্শন করিয়া পুরুষও অধিক ভয়যুক্ত হইয়া স্ত্রীরূপ ধারণ করিতেছে ॥ ২১ ॥

কৃষ্ণ। (বামদিকে অবলোকন করিয়া) এই যে মৌক্তিকচূড় নাম মাথুরদেশীয় ভাট, নায়কের শ্রেষ্ঠতা-সূচক স্তবাবলী পাঠ করিতেছে।

(পুনস্তত্ৰৈব)

স্ফুরন্মণিসরাধিকং নবতমালনীলং হরে-

রুদূঢ়-ঘনকুঙ্কুমং জয়তি হারিবক্ষঃস্থলম্।

উড়ুস্তবকিতং সদা তড়িদুদীর্ণ-লক্ষ্মা-ভরং

যদভ্রমিব লীলয়া স্ফুটমদভ্রমুদ্ভাসতে ॥ ২২ ॥

কৃষ্ণঃ। (সব্যামোহম্) হা প্রেয়সি রাধিকে! হা বৃন্দাবন-কল্পবল্লি! হা বিশাখা-সখি! কুত্রাসি?

(ইতি সোৎকম্পং খগেন্দ্রমালম্বতে)

স্ফুরদিতি। স্ফুরতা মণিসরেণাধিকং, পক্ষে স্ফুরন্মণীত্যেকপদম্। তড়িত-উদীর্ণা যা লক্ষ্মাস্তাসাং ভরো ভারো যত্র তৎ, তড়িদিব উদীর্ণা যা লক্ষ্মী-র্লক্ষ্মীরেখা তাং বিভর্ত্তীতি তৎ। ভিন্নপদ-পক্ষে তড়িতং তদুদীর্ণা লক্ষ্মীশ্চ বিভর্ত্তীতি তৎ। অদভ্রং নিরন্তরম্ ॥ ২২ ॥

(পুনরায় সেই দিকে) স্ফুরিত মণিসরোবরের অপেক্ষাও অধিক শোভাশীল, নবতমালের ন্যায় নীলবর্ণ, গাঢ় কুঙ্কুমাবৃত শ্রীহরির মনোহর বক্ষঃস্থল, যাহা নক্ষত্রমালা-বিভূষিত, চকিত বিদ্যুদ্দাম-সৌন্দর্য্যে অলঙ্কৃত মেঘের ন্যায় নিরন্তর লীলাভরে উদ্ভাসিত হইতেছে, তাহা সর্ব্বদা জয়যুক্ত হউক ॥ ২২ ॥

কৃ। (মোহগ্রস্তের ন্যায়) হা প্রেয়সি রাধিকে! হা বৃন্দাবনকল্পলতিকে! হা বিশাখা-সখি! তোমরা এখন কোথায়? (ইহা বলিয়া কাঁপিতে কাঁপিতে গরুড়কে অবলম্বন করিলেন)

সুপর্ণঃ। (স্বগতম্) দুরূহায়াং গম্ভীর-লীলাম্বুধেরস্য কেলি-
বেলায়াং মাদৃশোঽপি নিমজ্জতি কস্তত্রান্যো বরাকঃ।
(প্রকাশম্) দেব! সমাশ্বসিহি সমাশ্বসিহি।

কৃষ্ণঃ। (সমাশ্বস্য নিশ্বসিতি)

(নেপথ্যে) ধাত্রেয়ী-করপুট-সংভৃতাগ্র-হস্তা
পর্য্যস্তাকুল-জরতী দ্বিজাঙ্গনাভিঃ।
দূরেণ প্রচুরভটৈঃ পরীয়মানা
বৈদর্ভী প্রসরতি পার্ব্বতী-গৃহায় ॥ ২৩ ॥

কৃষ্ণঃ। সখে সুপর্ণ! হতাশেন রুক্মিণা দুর্গমং কৃতমেতদ্দুর্গা-
মন্দিরং, তদেহি নটবেশেনাবামন্তঃ প্রবিশাবঃ। (ইতি নিষ্ক্রান্তৌ)

সুপর্ণ ইতি। বেলা স্যাত্তীরনীরয়োরিতি ॥ ২৩ ॥

গরুড়। (স্বগত) এই গম্ভীর লীলা-সমুদ্রের দুরূহ ক্রীড়ারূপ তীরভূমিতে
যখন আমার ন্যায় ব্যক্তিও নিমজ্জিত হইতেছে, তখন অন্য ক্ষুদ্রব্যক্তির
কথা আর কি বলিব? (প্রকাশ্যে) দেব! আশ্বস্ত হউন, আশ্বস্ত হউন।

কৃষ্ণ। (সমাশ্বস্ত হইয়া নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন)

(নেপথ্যে) ধাত্রেয়ীর করপুটে করতলাগ্র স্থাপন করিয়া, ব্যাকুলা
বৃদ্ধা ব্রাহ্মণীগণের দ্বারা পরিব্যাপ্তা হইয়া এবং দূরবর্ত্তী বহুসংখ্যক
অস্ত্রধারী সৈন্যের দ্বারা সুরক্ষিতা হইয়া বিদর্ভ-রাজনন্দিনী (রুক্মিণী)
দুর্গাদেবীর মন্দিরের উদ্দেশ্যে গমন করিতেছেন ॥ ২৩ ॥

কৃষ্ণ। সখে গরুড়! রুক্মী হতাশ হইয়া এই দুর্গামন্দিরকে দুর্গম করিয়া
তুলিয়াছে, অতএব আইস, আমরা নটবেশে অভ্যন্তরে প্রবেশ করি।
(এই বলিয়া দুই জন নিষ্ক্রান্ত হইলেন)

(ততঃ প্রবিশতি যথা-নির্দ্দিষ্টা চন্দ্রাবলী)

চন্দ্রাবলী। হলা মাহবি ! সুদং মএ ভাদুএণ ভদ্দআলী সমারাহণস্স্ কোডিহোমং আরদ্ধম্।

মাধবী। ভট্টিদারিএ ! বক্ষণীও ক্খু এব্বং কধেন্তি।

চন্দ্রাবলী। (স্বগতম্) গহিরং ণং হোমকুণ্ডং সুণিঅ চেঅ পথিদম্হি।

মাধবী। ভট্টিদারিএ ! তথা সিণিদ্ধেণবি পুরীসুত্তমেণ কিন্তি তুমং ণ উদ্দিসীঅসি ?॥ ২৪ ॥

চন্দ্রাবলীতি। সে সখি মাধবি ! শ্রুতং ময়া ভ্রাতৃকেন ভদ্রকালী সমারাধনায় কোটিহোমং আরব্ধম্।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে রাজকন্যে ! ব্রাহ্মণাঃ খলু এবং কথয়ন্তি।

চন্দ্রাবলীতি। গভীরং এনং হোমকুণ্ডং শ্রুত্বা এব প্রস্থিতাস্মি।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে ! তথা স্নিগ্ধেনাপি পুরুষোত্তমেন কিমিতি নোদ্দিশ্যসে ॥ ২৪ ॥

(তাহার পর যথানির্দ্দিষ্টা চন্দ্রাবলী প্রবেশ করিলেন)

চন্দ্রাবলী। সখি মাধবি ! শুনিয়াছি, ভ্রাতা রুক্মী ভদ্র-কালীকে সম্যক্ আরাধনা করিবার জন্য কোটি হোম আরম্ভ করিয়াছে।

মাধবী। রাজকন্যে ! ব্রাহ্মণীরাই এইরূপ বলিতেছেন।

চন্দ্রাবলী। (স্বগত) এই হোমকুণ্ড খুব গভীর হইয়াছে শুনিয়াই ত' আমি আসিয়াছি।

মাধবী। ভর্ত্তৃদারিকে ! সেইরূপ প্রিয় পুরুষোত্তম কি তোমার অনুসন্ধান করিতেছেন না ? ॥ ২৪ ॥

চন্দ্রাবলী। (সংস্কৃতেন)

শরণমিহ যো ভ্রাতুস্তস্য প্রতীপবিধায়িতা
হিতকৃদপি যা দেব্যাস্তস্যাঃ সমগ্রমুপেক্ষণম্।
গতিরবিকলা যো মে তস্য প্রিয়স্য চ বিস্মৃতি-
র্বত হতবিধৌ বামে সর্ব্বং প্রযাতি বিপর্য্যয়ম্ ॥

মাধবী। এদং পাসাদং পবিসিঅ চন্দভাঅং নিবেদহ্ম।

চন্দ্রাবলী। অজ্জে ভগ্গবি! মন্দাবেহি চন্দভাঅং চণ্ডিঅম্।

ভার্গবী। দেবি চন্দ্রভাগে! নন্দয় বিদর্ভনন্দিনীং পরমাভীষ্ট-বরেণ (ইতি বন্দনং কারয়তি)

মাধবীতি। এতং প্রাসাদং প্রবিশ্য চন্দ্রভাগাং নিবেদয়ামঃ।

চন্দ্রাবলীতি। আর্য্যে ভার্গবি! ভৃগুবংশীয়ব্রাহ্মণপুত্রি! বন্দয়স্ব চন্দ্রভাগাং চণ্ডিকাম্।

ভার্গবীতি। বরেণ পত্যা, পক্ষে অভীষ্টদানেন।

চন্দ্রাবলী। (সংস্কৃত ভাষায়) যে ভ্রাতা আমার আশ্রয় ছিলেন, তাঁহার আচরণ এখন প্রতিকূল, যে দেবী হিতকারিণী ছিলেন, তাঁহার এখন সম্পূর্ণ উপেক্ষা, যিনি একমাত্র গতি ছিলেন, সেই প্রিয়ের এখন বিস্মৃতি ঘটিয়াছে, হতবিধি প্রতিকূল হইলে সকলই বিপরীত হইয়া থাকে।

মাধবী। এই মন্দিরে প্রবেশ করিয়া চন্দ্রভাগাদেবীকে নিবেদন করি।

চন্দ্রাবলী। আর্য্যে ভার্গবি! চন্দ্রভাগা চণ্ডীদেবীকে বন্দনা করাও।

ভার্গবী। দেবি চন্দ্রভাগে! পরমাভীষ্ট বরদানের দ্বারা বিদর্ভনন্দিনীর আনন্দবিধান কর। (ইহা বলিয়া বন্দনা করাইলেন)

চন্দ্রাবলী। (সোপলম্ভং সংস্কৃতেন)

আকৌমারং ভগবতি ! ময়া হন্ত ! কৃষ্ণস্য হেতো-

বিশ্রম্ভেণ প্রবণমনসা যত্নমারাধিতাসি।

প্রত্যাসন্নঃ সরভসমসৌ তস্য পাকঃ প্রথায়ান্

মাং দাক্ষিণ্যাদ্‌যাদিহ ভবতী কৃষ্ণবর্ত্মন্যনৈষীৎ ॥ ২৫ ॥

মাধবী। পেক্‌খ পেক্‌খ, পসাদাহিমুহীব্ব সংবুত্তা রুদ্দাণী।

চন্দ্রাবলী। অজ্জে ভগ্‌গবি ! তুম্হে এত্থ সব্বাণীং অব্ভত্থেধ, অহং গদুঅ কুণ্ডত্থিদং ভঅবন্তং পাবঅং পরিক্কমিস্‌সম্।

চন্দ্রাবলীতি। আকৌমারং কৌমারমারভ্য। হে দেবি চন্দ্রভাগে ! তস্যারাধনস্য অসৌ পাকঃ ফলম্। কৃষ্ণবর্ত্মন্যগ্নৌ, পক্ষে কৃষ্ণস্য মার্গে ॥ ২৫ ॥

মাধবীতি। পশ্য পশ্য, প্রসাদাভিমুখী ইব সংবৃত্তা রুদ্রাণী।

চন্দ্রাবলীতি। আর্যে ভার্গবি ! যূয়মত্র সর্ব্বাণীমভ্যর্থয়ধ্বং, অহং গত্বা কুণ্ডস্থিতং ভগবন্তং পাবকং পরিক্রমিষ্যামি।

চন্দ্রাবলী। (আক্ষেপপূর্ব্বক সংস্কৃত ভাষায়) ভগবতি ! হায়, আমি বাল্যকালাবধি একান্ত বিশ্বাস সহকারে শ্রীকৃষ্ণের জন্য ঐকান্তিকভাবে আপনার আরাধনা করিয়াছি, আর আজ কি তাহার এই বিখ্যাত ফল আনন্দসহকারে উপস্থিত হইল যে, আপনি অনুকূল হইয়া আমাকে কৃষ্ণবর্ত্মে (অর্থাৎ অগ্নিমধ্যে, পক্ষান্তরে শ্রীকৃষ্ণের পথে) নিক্ষেপ করিলেন ॥ ২৫ ॥

মাধবী। দেখ দেখ, রুদ্রাণী যেন প্রসন্ন হইয়াছেন, এইরূপ দেখা যাইতেছে।

চন্দ্রাবলী। আর্য্যে ভার্গবি ! আপনারা এখন ভগবতী সর্ব্বাণীর আরাধনা করুন, আমি যাইয়া কুণ্ডস্থিত ভগবান্ পাবককে পরিক্রমণ করিব।

(ততঃ প্রবিশতো নর্ত্তকবেশৌ কৃষ্ণ-সুপর্ণৌ)

কৃষ্ণঃ। পর্য্যশীলিপশুপালঘটায়াং
কেলিরঙ্গঘটনায় ময়া যঃ।
সুষ্ঠু সোহয়মকরোৎ পরদুর্গে
বেশয়ন্ সচিবতাং নটবেশঃ ॥ ২৬ ॥

সুপর্ণঃ। দেব! গাঢ়ং গঞ্জিতানি নটবেশেনারীণাং নেত্রাণি নারীণাস্তু রঞ্জিতানি।

কৃষ্ণঃ। সখে বিহঙ্গপুঙ্গব! পশ্য, প্রাদুর্ভবন্তি ভব্যানি শকুনানি।

কৃষ্ণ ইতি। পর্য্যশীলি সমভ্যস্তঃ। যো নটবেশঃ পরদুর্গে মাং প্রবেশয়ন্নিত্যন্বেয়ম্ ॥ ২৬ ॥

সুপর্ণ ইতি। গঞ্জিতানি তিরস্কৃতানি। রঞ্জিতানি সুখভূতানি।

কৃষ্ণ ইতি। ভব্যানি শুভসূচকানি।

(অনন্তর নর্ত্তকবেশে কৃষ্ণ ও গরুড়ের প্রবেশ)

কৃষ্ণ। কেলি-কৌতুক ঘটাইবার জন্য পশুপাল-গোষ্ঠীতে যাহার অনুশীলন করিয়াছিলেন, পরদুর্গ-প্রবেশে সেই নটবেশই আমার সচিবরূপে সাহায্য করিল ॥ ২৬ ॥

গরুড়। দেব! এই নটবেশের দ্বারা শত্রুগণের নয়ন রঞ্জিত এবং নারীদিগের নেত্র রঞ্জিত হইতেছে।

কৃষ্ণ। সখে বিহঙ্গশ্রেষ্ঠ! দেখ, শুভসূচক লক্ষণসমূহ প্রাদুর্ভূত হইতেছে।

সুপর্ণঃ। নভসি রভসবদ্ভিঃ শ্লাঘ্যমানা মুনীন্দ্রৈ-
র্মহিত-কুবলয়াক্ষী কীর্ত্তি-শুভ্রাংশু-বক্ত্রা।
নৃপকুলমিহ হিত্বা চেদিরাজপ্রধানং
মুরদমন! গমিষ্যত্যুৎসুকা ত্বাং জয়শ্রীঃ ॥ ২৭ ॥

কৃষ্ণঃ। সখে! পশ্য পশ্য,

ক্ষ্বেড়ামখণ্ডসমরাঃ কলয়ন্তি শূরাঃ
সঙ্গীতিনঃ স্বরঘটামনুঘট্টয়ন্তি।
উচ্চৈঃ পঠন্তি শুভসূক্তকুলং দ্বিজেন্দ্রা
রাষ্ট্রাণি কুণ্ডিনপুরী বধিরীকরোতি ॥ ২৮ ॥

সুপর্ণ ইতি। রভসবদ্ভিঃ কৌতুকবদ্ভিঃ। রুক্মিণীপক্ষে মহিতে কুবলয়ে ইবাক্ষিণী যস্যাঃ সা। জয়শ্রীঃপক্ষে কুবলয়স্য ভূমণ্ডলস্য অক্ষিণী যয়া সা, পক্ষে মহিতা চাসৌ কুবলয়াক্ষী চেতি রাজদন্তাদিত্বাৎ পূর্ব্বনিপাতঃ। সমাসোক্তিনামালঙ্কারঃ ॥ ২৭ ॥

কৃষ্ণ ইতি। ক্ষ্বেড়াং সিংহনাদম্। কলয়ন্তি কুর্ব্বন্তি। অনুঘট্টয়ন্তি উচ্চারয়ন্তি। শুভসূক্তকুলং বেদভাগং রাষ্ট্রাণি রাজ্যানি ॥ ২৮ ॥

গরুড়। হে মুরারে! আকাশে কৌতুকবান্ মুনীন্দ্রগণ কর্ত্তৃক পূজিতা নীলকমললোচনা গৌরবময়ী কীর্ত্তিচন্দ্রাননা জয়লক্ষ্মী শিশুপালপ্রমুখ নৃপকুলকে এখনই পরিত্যাগ করিয়া উৎকণ্ঠিতা হইয়া আপনার নিকট গমন করিবেন ॥ ২৭ ॥

কৃষ্ণ। সখে! দেখ দেখ, সমরে অপরাঙ্মুখ বীরগণ সিংহনাদ করিতেছে, সঙ্গীতজ্ঞগণ সুস্বরাবলী উচ্চারণ করিতেছে এবং দ্বিজশ্রেষ্ঠগণ মঙ্গলময় বেদমন্ত্র সকল উচ্চৈঃস্বরে পাঠ করিতেছে—এইরূপে কুণ্ডিনপুরী সমুদয় রাজ্যকে বধির করিয়া তুলিতেছে ॥ ২৮ ॥

সুপর্ণঃ। (পুরো দৃষ্ট্বা) মৃড়াণী-মন্দিরাদেষা কুণ্ডিনেন্দ্রপুত্রী বহির্নিষ্ক্রামতি।

কৃষ্ণঃ। কামমিতঃ পরাঙ্গনা-বিলোকন-দুর্বিলাসান্নিবৃত্তিরেব শ্রেয়সী।

(ইতি মুখং ব্যাবৃত্য)

সখে! ভবতৈব পক্ষাঞ্চলেনাকৃষ্য নৃপাভ্যামিয়ং সমর্প্যতাম্।

সুপর্ণঃ। (নির্বর্ণ্য সবিস্ময়ম্)

সৌন্দর্য্যাম্বুনিধের্বিধায় মথনং দম্ভেন দুগ্ধাম্বুধে-
র্গীর্বাণৈরুদহারি চারুচরিতা যা সারসম্পন্ময়ী।
সা লক্ষ্মীরপি চক্ষুষাং চিরচমৎকারক্রিয়াং চাতুরীং
ধত্তে হন্ত! তথা ন কান্তিভিরিয়ং রাজ্ঞঃ কুমারী যথা ॥ ২৯ ॥

সুপর্ণ ইতি। দুগ্ধাম্বুধের্দম্ভেন ছলেন। উদহারি উত্থাপিতা ॥ ২৯ ॥

গরুড়। (সম্মুখে দেখিয়া) এই যে কুণ্ডিনরাজপুত্রী দুর্গার মন্দির হইতে বাহিরে আগমন করিতেছেন।

কৃষ্ণ। ইচ্ছাপূর্ব্বক এই পরস্ত্রাবিলোকনরূপ দুর্ব্বাসনা হইতে নিবৃত্তিই মঙ্গলজনক।

(ইহা বলিয়া মুখ ফিরাইয়া) সখে! তুমিই পক্ষাঞ্চলের দ্বারা আকর্ষণ করিয়া ক্রথ ও কৌশিক নৃপতিদ্বয়কে এই রাজকুমারী সমর্পণ কর।

গরুড়। (সবিস্ময়ে নিরূপণ করিয়া) আহা! দেবগণ ক্ষীরসমুদ্রমন্থনচ্ছলে সৌন্দর্য্য-সমুদ্র মন্থন করিয়া সুন্দরচরিত্রা সর্ব্বসম্পত্তির সারভূতা যে লক্ষ্মীদেবীকে সংগ্রহ করিয়াছিলেন, সেই লক্ষ্মীদেবীও এই রাজকুমারী যেরূপ কান্তির দ্বারা চক্ষুর চিরচমৎকারিত্ব-চাতুর্য্য বিধান করিতেছেন, তেমন করিতে পারেন না ॥ ২৯ ॥

কৃষ্ণঃ। সখে! ভবতু কিমেতেন, যদেষ রূপমাত্রেণ ন হার্য্যো হরিঃ।

চন্দ্রাবলী। হলা মাহবি! সো বুন্দাবণবীঅসংভূদো মে বউল-
পোদো তুএ পালণিজ্জো।

মাধবী। (সাস্রম্) ভট্টিদারিএ! পসীদ পসীদ, পড়িবালেহি
সুণন্দং জং এত্থ মজ্ঝবট্টিণী ভঅবদী বিহাবরী।

চন্দ্রাবলী। মুদ্ধে! অন্তেউরে ণ ক্খু সুলহং এদং মঙ্গলং
মে অমিঅকুণ্ডম্।

চন্দ্রাবলীতি। সখি মাধবি! বৃন্দাবনবীজসম্ভূতো মে বকুলপোতঃ। পাঠা-
ন্তরে পাদপস্ত্বয়া পালনীয়ঃ।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে রাজকন্যে! প্রসীদ প্রসীদ, প্রতিপালয় সুনন্দং
যদত্র মধ্যবর্ত্তিনী ভগবতী বিভাবরী। ভগবত্যা সা ত্বদভীষ্টং পূরয়িষ্য-
তীতি ব্যঞ্জিতম্। তস্মাদধুনৈবানলকুণ্ডে মা পতেতি প্রতিধ্বনিতম্।

চন্দ্রাবলীতি। মুগ্ধে! অন্তঃপুরে ন খলু সুলভমেতৎ স্নেহমৃতকুণ্ডং, বহ্নে-
রমৃতত্বেনাধ্যবসানং শরীরনাশকারিত্বেন বিরহদুঃখনাশকত্বাৎ।

কৃষ্ণ। সখে! হউক, কিন্তু তাহাতে কি? কারণ, রূপমাত্রে কখনও
হরির মন হরণ করা যায় না।

চন্দ্রাবলী। সখী মাধবি! সেই বৃন্দাবনের বীজ-সম্ভূত বকুলবৃক্ষের চারাটি
তুমি পালন করিও।

মাধবী। (অশ্রুপূর্ণনেত্রে) রাজকুমারি! প্রসন্ন হও, প্রসন্ন হও,
সুনন্দের প্রতীক্ষা কর, যে হেতু ভগবতী বিভাবরী মাত্র মধ্যবর্ত্তিনী
অর্থাৎ রাত্রির পরেই তিনি আসিবেন।

চন্দ্রাবলী। মুগ্ধে! অন্তঃপুরে আমার এই অমৃতকুণ্ডরূপ মঙ্গল সুলভ হইবে না।

(ইতি সাস্রং সংস্কৃতেন)

স্বদ্দিগ্‌বোধেঽপ্যকুশলমতিঃ সঙ্গমষ্য স্বগোষ্ঠে

দূরাদ্বাঢ়ং কিমিতি কৃপয়া পূর্ব্বমঙ্গীকৃতাহম্।

নীত্বা দেশান্তরমিদমুপক্ষিপ্য সঙ্গাদিদানীম্

কিম্বা দামোদর! গুণনিধে হা! ত্বয়া বিস্মৃতাস্মি ॥৩০॥

(নেপথ্যে কল-কলঃ)

কৃষ্ণঃ। পৌর-স্ত্রীণামৌৎসুক্যমিদম্।

সুপর্ণঃ। দেব! পশ্য পশ্য,

বক্ত্রাণি ভান্তি পরিতো হরিণেক্ষণানা-

মারূঢ়-হর্ম্ম্য-শিরসাং ভবদীক্ষণায়।

সঙ্গমষ্য প্রাপয্য ॥ ৩০ ॥

সুপর্ণ ইতি। বক্ত্রাণি। চন্দ্রাবলীরূপেণ পরিচিতানি ব্যাপ্তানি ॥ ৩১ ॥

(ইহা বলিয়া অশ্রুপাতসহকারে সংস্কৃত ভাষায়) হে দামোদর! তোমার রীতিজ্ঞানে অপটুবুদ্ধি হইলেও দূর হইতে নিজ গোষ্ঠী আনয়ন করিয়া আমাকে কৃপাপূর্ব্বক পূর্ব্বে গ্রহণ করিয়াছিলে, এখন নিজ সঙ্গ হইতে দেশান্তরে ক্ষেপণ করিয়া, হে গুণনিধে! এখন কি আমাকে বিস্মৃত হইলে? ॥ ৩০ ॥

(নেপথ্যে কল-কল শব্দ)

কৃষ্ণ। ইহা পৌর-স্ত্রীদিগের ঔৎসুক্য-সূচক শব্দ।

গরুড়। দেব! দেখুন, দেখুন—হরিণাক্ষী সুন্দরীগণ আপনাকে দেখিবার নিমিত্ত হর্ম্ম্যশিরে আরোহণ করিয়াছে, তাহাতেই তাহাদের

যৈর্নির্ম্মিতানি তরসা সরসীরুহাক্ষ-

চন্দ্রাবলীপরিচিতানি নভস্তলানি ॥ ৩১ ॥

কৃষ্ণঃ। (সোৎকণ্ঠম্) হা প্রিয়ে চন্দ্রাবলি! হা পদ্মাসখি! কথং কঠোরেণ ময়া বিস্মৃতাসি? তদদ্যৈব দ্বারবতীমাসাদ্য তবোদ্দেশায় চরানাচরিষ্যামি।

চন্দ্রাবলী। ণং সমিদ্ধং পুরোদো কুণ্ডং পেক্খন্তী ণিব্বুদম্হি।

কৃষ্ণঃ। (সাশঙ্কম্) সখে! কথমনুভূত-পূর্ব্বৈব কাপি শিঞ্জিত-সারণী প্রসর্প্য মামার্দ্রীকরোতি।

সুপর্ণঃ। নিবেদিতমেব দেবস্য, যদত্র জগত্রয়েঽপ্যস্য বাঢ়-মনর্ঘ্যস্য কুমারীরত্নস্য পশ্যামি নান্যমর্ঘ্যহরম্।

কৃষ্ণ ইতি। আচরিষ্যামি প্রস্থাপয়িষ্যামি।

চন্দ্রাবলীতি। এনং সমৃদ্ধং উজ্জ্বলিতং পুরতঃ কুণ্ডং পশ্যন্তী নির্বৃতাস্মি।

কৃষ্ণ ইতি। সারণী তু নদীভেদে, ইতি কোষঃ।

সুপর্ণ ইতি। অর্ঘ্যহরং মূল্যপ্রদম্। মূল্যে পূজাবিধাবর্ঘ্য ইত্যমরঃ ॥ ৩২ ॥

কমল-নেত্র-সমন্বিত বদন, চন্দ্রাবলীরূপে গগনতলে ব্যাপ্ত হইয়া প্রতি-ভাত হইতেছে ॥ ৩১ ॥

কৃষ্ণ। (উৎকণ্ঠা সহকারে) হা প্রিয়ে চন্দ্রাবলি! হা পদ্মাসখি! এই নিষ্ঠুর তোমাকে কিরূপে বিস্মৃত হইয়া আছে? অতএব অদ্যই দ্বারকানগরীতে গমন করিয়া তোমার উদ্দেশে দূতগণকে প্রেরণ করিব।

চন্দ্রাবলী। অগ্রে এই প্রজ্বলিত অগ্নিকুণ্ড দেখিয়া নিশ্চিন্ত হইলাম।

কৃষ্ণ। (আশঙ্কা-সহকারে) সখে! পূর্ব্বে অনুভূত অলঙ্কারাদির শিঞ্জিত-ধ্বনিরূপা নদী প্রসারিত হইয়া আমাকে আর্দ্র করিতেছে।

গরুড়। দেব! ইহা ত পূর্ব্বেই আপনাকে নিবেদন করিয়াছি যে, এই

কৃষ্ণঃ। তর্হি দৃশা পরীক্ষণীয়ম্। (ইত্যপাঙ্গং সঞ্চারয়ন্)

অয়ে! কথং গোকুলবিলাসিনী সাধারণমাধুর্য্যমুদ্রা-মণ্ডিতা কুমারী হৃদয়ং মমোন্মাদয়তি। (পুনঃ সানুরাগং নিরূপ্য) হন্ত! কথং সৈবেয়ং মে প্রাণবল্লভা! (ইতি সম্ভ্রমমভিনীয়)

চেতশ্চন্দ্রমণের্দ্রবং বিরচয়ত্যুচ্চৈঃ স্মরাম্ভোনিধেঃ
সংরম্ভং বিতনোতি নেত্রকুমুদস্যামোদমধ্যস্যতি।
উল্লাসং পরিতঃ প্রপঞ্চয়তি মে রোমৌষধীণাঞ্চ যা
সেয়ং চন্দনপঙ্ক-শীতল-করা লব্ধাদ্য চন্দ্রাবলী ॥ ৩২ ॥

অমূল্য কুমারীরত্নের অর্ঘাহারী অর্থাৎ পাণিগ্রাহক এখানে আমি অন্য কাহাকেও দেখিতে পাইতেছি না।

কৃষ্ণ। অতএব একবার চক্ষু দ্বারা পরীক্ষা করিতে হইল।

(এই বলিয়া নেত্রপ্রান্ত সঞ্চালন করিয়া) হায়! গোকুল-বিলাসিনী-রমণী-সুলভ মাধুর্য্য-লক্ষণে সুশোভিতা এই কুমারী আমার হৃদয়কে উন্মাদিত করিতেছে।

(পুনরায় অনুরাগের সহিত নিরূপণ করিয়া) কি আশ্চর্য্য, ইনিই যে আমার সেই প্রাণবল্লভা!

(এই বলিয়া সমাদর প্রকাশ পুরঃসর) যিনি আমার চিত্তরূপ চন্দ্রকান্তমণিকে দ্রব করিতেছেন, যিনি আমার স্মরসমুদ্রে উচ্চ ক্ষোভ বিস্তার করিতেছেন, যিনি আমার নয়নকুমুদের আমোদ-বিধান করিতেছেন, যিনি আমার রোমাবলিরূপ ওষধি-সমূহের সর্ব্বতোভাবে উল্লাস বিস্তার করিতেছেন, সেই চন্দনপঙ্কের ন্যায় শীতলকরবিশিষ্ট চন্দ্রাবলীকে আমি অদ্য লাভ করিলাম ॥ ৩২ ॥

তদভ্যাসমভ্যুপেত্য মাধুর্য্যমস্যাঃ পর্য্যালোচয়ামি ।

(ইতি পরিক্রামতি)

মাধবী । (কৃষ্ণং বিলোক্য স্বগতম্) কুদো আঅদো এসো তিল্লোঅসুন্দরো ণচ্চঅরাও ?

চন্দ্রাবলী । ভঅবং হব্ববাহ ! তস্স কন্দপ্প-কোড়ি-সুন্দরস্স পআরবিন্দজুঅলস্স পাসে ইমং বহেহি, তদেক্কসরণং জণম্ । (ইতি পাবকং প্রণম্য)

হা ভঅবদি পোণ্ণমাসি ! এত্থ ওসরে কহিং গদাসি ?

অভ্যাসং সমীপম্ ।

মাধবীতি । কুত আগত এষ ত্রিলোকসুন্দরো নর্ত্তকরাজঃ ?

চন্দ্রাবলীতি । ভগবন্ হব্যবাহন ! তস্য কন্দর্প-কোটি-সুন্দরস্য পাদারবিন্দ-যুগলপার্শ্বে ইমং বহ প্রাপয় ইত্যর্থঃ, তদেকশরণং জনম্ ।

হা ভগবতি পৌর্ণমাসি ! অত্রাবসরে কুত্র গতাসি ?

অতএব ইঁহার সমীপে গমন করিয়া, ইঁহার মাধুর্য্য পর্য্যালোচনা করি । (এই বলিয়া গমন করিতে লাগিলেন)

মাধবী । (কৃষ্ণকে দেখিয়া স্বগত) এই ত্রিলোকসুন্দর নর্ত্তকরাজ কোথা হইতে আসিলেন ?

চন্দ্রাবলী । হে ভগবন্ হব্যবাহন ! সেই কোটিকন্দর্পের ন্যায় সুন্দর শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলের পার্শ্বে এই ব্যক্তিকে লইয়া যাও, কারণ, এই ব্যক্তি তাঁহারই একান্ত শরণাগত । (ইহা বলিয়া অগ্নিকে প্রণামান্তে) হা ভগবতি পৌর্ণমাসি ! এই অবসরে আপনি কোথায় গেলেন ?

কৃষ্ণঃ। (সখেদমাত্মগতম্) হন্ত! সত্যমেব মহাসাহসে কৃতাধ্যবসায়া সেয়মাশুশুক্ষণিং প্রদক্ষিণীকরোতি, তদহমুপেত্য ভুজাভ্যামাবৃণোমি ।

চন্দ্রাবলী। (বাষ্পধারামভিনয়ন্তী সবৈক্লব্যম্) হা বহিণি রাহে! ণ জাদু মিলিদাসি, হা পিঅসহি পউমে! কহিং বট্টসি, হা অম্ম গোউলেসবি! ণ দিট্ঠাসি, হা পরাণণাধ সিহণ্ড!

(ইত্যর্দ্ধোক্তে বাক্স্তম্ভং নাটয়ন্তী সব্যামোহম্)

চন্দ্রাবলীতি। হা ভগিনি রাধে! ন জাতু মিলিতাসি, হাঃ প্রিয়সখি পদ্মে! কুত্র বর্ত্তসে, হা অম্বে গোকুলেশ্বরি! ন দৃষ্টাসি, হা প্রাণনাথ শিখণ্ড!

কৃষ্ণ। (খেদ সহকারে স্বগত) হায়! ইনি সত্যই যে মহাসাহসে অর্থাৎ প্রাণত্যাগে কৃতনিশ্চয়া হইয়া এখনই অগ্নি প্রদক্ষিণ করিতেছেন! অতএব আমি ইঁহার নিকটে গিয়া বাহুদ্বয় দ্বারা ইঁহাকে আচ্ছাদন করি।

চন্দ্রাবলী। (অত্যন্ত বিকলতার সহিত অশ্রুপাত করিতে করিতে) হা ভগিনি রাধে! তুমি এখনও আসিলে না? হা প্রিয়সখি পদ্মে! তুমি কোথায় থাকিলে? হা মাতঃ গোকুলেশ্বরি! আপনাকে দেখিতে পাইলাম না। হা প্রাণনাথ শিখণ্ড—

(এই অসমাপ্ত কথা বলিয়া বাক্স্তম্ভ প্রকাশ পুরঃসর মোহ প্রাপ্ত হইয়া)

মন্দস্মিদ-মঅরন্ধে পঅর-মঅর-কণ্ণিআ-সিরী সবণে
তস্মিং চ্চেঅ মুহপউমে ভমরউ মহ পডিভবং ণঅণম্ ॥ ৩১ ॥

কৃষ্ণঃ। (সসম্ভ্রমং কণ্ঠে পরিষ্বজ্য) কুরঙ্গাক্ষি ! মা জ্বালয় জগন্তি ।

মাধবী। (সরোষম্) রে মহাসাহসিঅ ধিট্ঠ-ণচ্চঅজুআণ মুঞ্চ ণং মহারাঅ-পুত্তিঅম্ ।

কৃষ্ণঃ। (সাস্রম্)

অয়ং কণ্ঠে লগ্নঃ শশিমুখি ! জনস্তে প্রণয়বান্
যদপ্রাপ্ত্যা ধন্যাং তনুমতনুরূপাং তৃণয়সি ।

মন্দস্মিত-মকরন্দে প্রবর-মকর-কর্ণিকাশ্রীঃ শ্রবণে তস্মিন্নিব মুখ-পদ্মে ভ্রমরস্তু মম প্রতিভবং নয়নম্ ॥ ৩১ ॥

মাধবীতি। রে মহাসাহসিক ধৃষ্ট নর্ত্তকযুবন্ ! মুঞ্চ এনাং মহারাজ-পুত্রিকাম্ ।

যাঁহার মন্দহাস্য মকরন্দস্বরূপ, যাঁহার কর্ণে শ্রেষ্ঠ মকর-কুণ্ডলের শোভা বিরাজিত, প্রতিজন্ম আমার নয়ন যেন সেই মুখপদ্মে ভ্রমণ করে ॥ ৩১ ॥

কৃষ্ণ। (সম্ভ্রমের সহিত কণ্ঠ আলিঙ্গন করিয়া) হে কুরঙ্গাক্ষি ! ত্রিজগৎকে তাপিত করিও না।

মাধবী। (সরোষে) ওহে মহাসাহসিক, ধৃষ্ট, নটযুবক ! এই মহারাজ-পুত্রীকে পরিত্যাগ কর্ ।

কৃষ্ণ। (অশ্রুপূর্ণ চক্ষে) অয়ি শশিমুখি ! তুমি যাহাকে না পাইয়া এই মদনের আশ্রয়ভূতরূপ-সম্পন্ন এই বরতনুকে তৃণতুল্য তুচ্ছ মনে

প্রসীদাত্ত প্রাণেশ্বরি! বিরমমাস্মিন্ননুগতে
কৃথাঃ পত্যাবত্যাহিতমিদমুরো মে বিদলতি ॥ ৩৪ ॥

চন্দ্রাবলী। (অশ্রুতিমভিনীয়) মাহবি! মুঞ্চ মুঞ্চ, মা কখু দুঃখাবেহি, জং সম্ভাবিদ-বহুপচ্চূহো এসো মুহুত্তো।

(ইতি নিজাঙ্গুলেরাভরণমাকৃষ্য)

হলা! এসা রঅণমুদ্দিআ জধা পুরিস্সুত্তমস্স দিট্‌ঠিমগ্‌গং গহেদি, তধা তুএ কাদব্বম্।

কৃষ্ণ ইতি। অত্যাহিতং মহাভীতিরিত্যমরঃ ॥ ৩৪ ॥

চন্দ্রাবলীতি। মুঞ্চ মুঞ্চ, মা খলু দুঃখাপয়, যৎ সম্ভাবিত-বহু-প্রত্যূহ এষ মুহূর্ত্তঃ।

সখি! এষা রত্নমুদ্রিকা যথা পুরুষোত্তমস্য দৃষ্টিমার্গং গৃহ্লাতি তথা ত্বয়া কর্ত্তব্যম্।

করিতেছ, সেই প্রণয়শালী ব্যক্তি তোমার কণ্ঠে সংলগ্ন হইয়া রহিয়াছে। হে প্রাণেশ্বরি। প্রসন্ন হও, এই অনুগত বল্লভের প্রতি মহাভীতির বিধান করিও না, বিরত হও, ইহাতে আমার হৃদয় বিদীর্ণ হইয়া যাইতেছে ॥ ৩৪ ॥

চন্দ্রাবলী। (ঐ কথা শুনিতে পান নাই, এইভাবে) মাধবি! আমাকে ছাড়িয়া দাও, আর দুঃখ দিও না, কারণ, এই মুহূর্ত্তেই নানারূপ বিঘ্নের সম্ভাবনা। (নিজ অঙ্গুলী হইতে অলঙ্কার মোচন করিয়া) সখি! এই রত্নমুদ্রিকা যাহাতে পুরুষোত্তমের দৃষ্টিপথে পতিত হয়, তুমি তাহার ব্যবস্থা করিও।

(ইতি হরিহস্তাঙ্গুলৌ মুদ্রাং নিবেশয়ন্তী সশঙ্কমাত্মগতম্)

কধং কঢিণো হত্থস্স প্ফংসো।

(ইত্যশ্রুধারামুন্মৃজ্য পশ্যন্তী সোৎক্রোশম্)

কধং সো জ্জেব্ব মে জীবিদেস্সরো, মং পরিরম্ভিঅ বাহাএদি। (ইত্যানন্দমূর্চ্ছাং নাটয়ন্তী ভূতলে পততি)

মাধবী। (সানন্দম্) অম্মহে! অচ্চরিআ বিহিণো চরিআ।

(ততঃ প্রবিশতি ভীষ্মকেণানুরজ্যমানা পৌর্ণমাসী)

পৌর্ণমাসী। উদঞ্চন্মাধুর্য্যং বিকসিত-নবাম্ভোরুহপদং
সুদন্তং সন্তাপানবিহত-রথাঙ্গ-প্রণয়িনম্।

কথং কঠিনো হস্তস্য স্পর্শঃ।

কথং স এব মে জীবিতেশ্বরো মাং পরিরভ্য বাচয়তি!

মাধবীতি। মাতঃ! আশ্চর্য্যম্ বিধেশ্চর্য্যা।

(কৃষ্ণের হস্তাঙ্গুলিতে অঙ্গুরী-সন্নিবেশ করিয়া সন্দেহে স্বগত) এই হস্তের স্পর্শ এরূপ কঠিন হইল কেন? (ইহা বলিয়া অশ্রুধারা মুছিয়া ভাল করিয়া দেখিয়া বিলাপ-পূর্ব্বক) এ কি! এ যে আমার জীবিতেশ্বর! আমাকে আলিঙ্গনপূর্ব্বক কথা বলিতেছেন!

(ইহা বলিয়া আনন্দে মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন)

মাধবী। (সানন্দে) কি আনন্দ! বিধির কি আশ্চর্য্য বিধান!

(ভীষ্মকরাজ কর্ত্তৃক অনুগম্যমানা হইয়া পৌর্ণমাসীর প্রবেশ)

পৌর্ণমাসী। যিনি প্রস্ফুটিত নব কমলের ন্যায় মাধুর্য্যবিশিষ্ট চরণযুগলধারী, যিনি অপরাজেয় চক্র ধারণ করিয়া সর্ব্বসন্তাপ দূর করেন, সম্মুখে বারি-রাশির আধার নিরীক্ষণ করিয়া ভূলুণ্ঠিতা শফরী যেমন আশায় জীবন

অজীবন্মোহান্ধা হরিমনুসরন্তী বরতনু-
র্যথা বারাং পূরং স্থল-বিলুঠদঙ্গী শফরিকা ॥ ৩৫ ॥
(ইত্যুপসৃত্য)
বৎসে চন্দ্রাবলি ! মাধবাদবাপ্ত-প্রসাদয়া ত্বয়া সন্দীপি-
তেয়ং সান্দীপনি-জননী ক্ষণদা, তদুত্থীয়তাম্ ।
(ইতি ভুজাভ্যামুত্থাপয়তি)

চন্দ্রাবলী । (পুরো দৃষ্ট্বা স্বগতম্) কধং এত্থ তাদো মে বিদব্ভণাধো ?
(ইতি লজ্জামভিনীয় পৌর্ণমাসীং অন্তরা করোতি)

পৌর্ণেতি । শফরিকা প্রোষ্ঠী নাম মৎস্যবিশেষঃ ॥ ৩৫ ॥
মাধবাৎ শ্রীকৃষ্ণাৎ, পক্ষে বসন্তাৎ । প্রসাদঃ প্রসন্নতা প্রকাশশ্চ, ক্ষণদা রাত্রিঃ, পক্ষে উৎসবদা ।
চন্দ্রাবলীতি । কথমত্র তাতো মে বিদর্ভনাথঃ ?

ধারণ করে, সেইরূপ এই মোহান্ধা সুন্দরী চন্দ্রাবলী শ্রীহরির অনুসরণ করিয়া জীবন ধারণ করিতেছে ॥ ৩৫ ॥
(ইহা বলিয়া নিকটে গিয়া) বৎসে চন্দ্রাবলি ! তুমি মাধব হইতে প্রসন্নতা লাভ করিয়া এই সান্দীপনি-জননীকে হর্ষান্বিতা করিয়া আনন্দ-দায়িনী করিয়াছ, অতএব এইক্ষণে উত্থিতা হও (এই বলিয়া দুই হস্তে ধরিয়া উঠাইলেন)

চন্দ্রাবলী । (অগ্রে অবলোকন করিয়া স্বগত) এ যে আমার পিতা বিদর্ভ-রাজ ! ইনি এখানে কেমন করিয়া আসিলেন ? (ইহা বলিয়া লজ্জিতভাবে পৌর্ণমাসীর পশ্চাতে গমন করিলেন) ।

কৃষ্ণঃ। (সবিস্ময়ম্) ভগবতি! কথং ত্বমত্রাগতাসি?

পৌর্ণমাসী। হন্ত গোকুলচন্দ্র! চন্দ্রাবলীস্নেহেন।

ভীষ্মকঃ। (সাদরম্)

অবিদিতস্তনয়ামনয়ান্বয়-

ম্ন্ পকৃতিং কৃতবান্ মম জাম্ববান্!

মুনিমনঃপ্রণিধেয়-পদাম্বুজ-

স্ত্বমসি যেন বরো দুহিতুর্বরঃ ॥ ৩৬॥

পৌর্ণমাসী। কুণ্ডিনেন্দ্র! সত্যং পুণ্যবতাং শিখামণিরসি, তদিয়ং সমর্প্যতাং নিজকুলকৈরবচন্দ্রিকা চন্দ্রাবলী রাজেন্দ্রায়।

ভীষ্মক ইতি। অনয়াৎ অন্যায়াৎ, যেন উপকারেণ ॥ ৩৬

কৃষ্ণ। (সবিস্ময়ে) ভগবতি! আপনি এখানে কেমন করিয়া আসিলেন?

পৌর্ণমাসী। হায় গোকুলচন্দ্র! চন্দ্রাবলীর প্রতি স্নেহবশতঃই এখানে আসিয়াছি।

ভীষ্মক। (সাদরে) জাম্ববান্ না জানিয়া অন্যায়ভাবে আমার কন্যাকে লইয়া যাইয়া আমার উপকারই করিয়াছেন, যেহেতু মুনিজন মানসে যাঁহার পদাম্বুজ প্রকৃষ্টরূপে ধ্যান করিয়া থাকেন, সেই সর্ব্বশ্রেষ্ঠ আপনি আমার কন্যার বর হইলেন ॥ ৩৬ ॥

পৌর্ণমাসী। কুণ্ডিনরাজ! সত্যই তুমি আজ পুণ্যবান্‌দিগের শিরোমণি-স্থানীয় হইলে, অতএব নিজ-কুলকুমুদের জ্যোৎস্নাস্বরূপা চন্দ্রাবলীকে রাজাধিরাজ শ্রীকৃষ্ণকে অর্পণ কর।

কৃষ্ণঃ। (স্বগতম্) তাং জীবিতবল্লভামন্তরেণ চন্দ্রাবলীমঙ্গীকর্ত্তুং প্রবর্ত্তমানমপি মানসং মে নাপরাধ্যতি, যদিয়ং তস্যাঃ সোদরা।

ভীষ্মকঃ। (সবিনয়ম্)

অয়মিহ কিল কন্যাবান্ধবানাং নিবন্ধঃ
সমুচিত ইতি লক্ষ্মীকান্ত ! বিজ্ঞাপয়ামি।
মম দুহিতুরনুজ্ঞোল্লঙ্ঘনাদঙ্গনায়াঃ
কথমপি ন পরস্যাঃ পাণিসঙ্গো বিধেয়ঃ ॥ ৩৭ ॥

কৃষ্ণঃ। (পৌর্ণমাসী-মুখমীক্ষতে)

কৃষ্ণ ইতি। নাপরাধ্যতি নাপরাধং মন্যতে।

ভীষ্মক ইতি। নিবন্ধঃ পণঃ। মম দুহিতুশ্চন্দ্রাবলা অনুজ্ঞামুল্লঙ্ঘ্য পরস্যা অঙ্গনায়াঃ পাণিগ্রহণং মা কৃথাঃ। ইতি কন্যাবান্ধবানাং নিবন্ধঃ সময়ঃ, তৎ নিবেদয়ামি ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (স্বগত) আমার সেই প্রাণবল্লভা শ্রীরাধা ব্যতীত এই চন্দ্রাবলীকে অঙ্গীকার করিতে উদ্যত আমার এই মানস কখনও অপরাধী হইবে না, যেহেতু ইনি তাঁহারই সহোদরা।

ভীষ্মক। (সবিনয়ে) হে লক্ষ্মীকান্ত ! কন্যার বান্ধবদিগের এই পণ যথোপযুক্ত, অতএব আমি ইহা নিবেদন করিতেছি যে, আপনি আমার দুহিতার আদেশ অবহেলা করিয়া কোনক্রমে অন্য কোনও অঙ্গনার পাণিগ্রহণ করিতে পারিবেন না ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (পৌর্ণমাসীর মুখের দিকে দৃষ্টিপাত করিলেন)।

পৌর্ণমাসী। মুকুন্দ! গোকুলকুমারীকুলানি চন্দ্রাবলীমাত্র-শেষাণি দুর্বিদগ্ধেন বিধিনা কৃতানি, তত্র কা ক্ষতিঃ ?

সুপর্ণঃ। রাজন্নবধীয়তাম্,

শ্রীনাথে বিনয়ভরেণ নাথিতেঽস্মিন্
বৈদর্ভ্যা নিজ-সুহৃদঙ্গসঙ্গমায়।
তত্রায়ং ভজতি ভয়ঙ্করঃ প্রকামং
বিশ্রামং ক্ষিতিপতিচন্দ্র! তে নিবন্ধঃ ॥ ৩৮ ॥

ভীষ্মকঃ। তথাস্তু। (ইতি সাদরমভ্যুপেত্য)

দেব! কৃপয়া পরিগৃহ্যতামিয়ং পরিচর্যোচিতা কিঙ্করী।
(ইতি চন্দ্রাবলীং সমর্পয়তি)

সুপর্ণ ইতি। বৈদর্ভ্যা নিজ-সুহৃদঙ্গসঙ্গায় অস্মিন্ শ্রীনাথে নাথিতে সতি, অয়ং তে নির্বন্ধো বিশ্রামং ভজতি ভবিষ্যতি ॥ ৩৮ ॥

পৌর্ণমাসী। মুকুন্দ! দৈববিধি গোকুলকুমারীদিগের অবশেষ এই চন্দ্রাবলীকেই রাখিয়াছেন, অতএব ইহাতে আর ক্ষতি কি ?

গরুড়। মহারাজ! শ্রবণ করুন।—বিদর্ভরাজনন্দিনী যখন বিনয়ভরে নিজ সুহৃদের অঙ্গসঙ্গের জন্য শ্রীনাথের নিকট প্রার্থনা করিবেন, হে মহীপতে! তখনই তোমার এই ভয়ঙ্কর পণ বিরামলাভ করিবে ॥৩৮ ॥

ভীষ্মক। তাহাই হইবে।

(ইহা বলিয়া সাদরে নিকটে গমন পূর্ব্বক)।

দেব! কৃপা পুর সর পরিচর্য্যাযোগ্যা এই কিঙ্করীকে পরিগ্রহ করুন। (এই বলিয়া চন্দ্রাবলীকে যথাবিধি দান করিলেন)

কৃষ্ণঃ। (সাদরমঙ্গীকৃত্য) রাজন্নন্নুজানীহি দ্বারকাং প্রযামি।

(ইতি সপরিবারো নিষ্ক্রান্তঃ)

(নেপথ্যে)

সপ্তিঃ সপ্তী রথ ইহ রথঃ কুঞ্জরঃ কুঞ্জরো মে

তূণস্তূণো ধনুরুত ধনুর্ভোঃ কৃপাণী কৃপাণী।

কা ভীঃ কা ভীরয়ময়মহং হা! ত্বরধ্বং ত্বরধ্বম্

রাজ্ঞঃ পুত্রী বত হৃতা হৃতা কামিনা বল্লবেন ॥ ৩৯ ॥

নেপথ্যে)। সপ্তিঃ সপ্তিরিত্যাদি ত্বরয়া বীপ্সা। হয়সৈন্ধবসপ্তয় ইত্যমরঃ ॥ ৩৯ ॥

কৃষ্ণ। (সাদরে গ্রহণ করিয়া) হে রাজন্! আদেশ করুন, দ্বারকায় প্রত্যাগমন করি।

(ইহা বলিয়া সপরিবারে প্রস্থান করিলেন)

(নেপথ্যে) এই যে এখানে আমার অশ্ব, এই আমার অশ্ব, এই যে রথ, এই এখানে আমার রথ, এই আমার হস্তী, এই যে আমার হস্তী, এই আমার তূণীর, এই আমার তূণীর, এই ধনু, এই যে ধনু, ওহে এই—এই যে আমার তরবারি, কিসের ভয়? কি ভয়, এই যে আমি, এই আমি! হায়! কামুক গোপ এই রাজপুত্রীকে হরণ করিল, হরণ করিল, অতএব ত্বরান্বিত হও, ত্বরান্বিত হও ॥ ৩৯ ॥

ভীষ্মকঃ। কথমুপাত্ত-সম্ভ্রমাণাং রাজ্ঞাং কোলাহলঃ প্রথীয়ানভূৎ।

(নেপথ্যাভিমুখমালোক্য)

কথং যদুসৈন্যমাকর্ষন্ সঙ্কর্ষণঃ সমগংস্ত।

(পুনরবধায় সস্মিতম্)

বিলে ক নু বিলিল্যিরে নৃপপিপীড়িকাঃ পীড়িতাঃ
পিনষ্মি জগদণ্ডকং ন ন হরিঃ ক্রুধং ধাস্যতি।
শচীগৃহ-কুরঙ্গ রে! হসসি কিং ত্বমিত্যুন্মদ-
ম্রুদেতি মদডম্বর-স্খলিতচূড়মগ্রে হলী ॥ ৪০ ॥

ভীষ্মক ইতি। উপাত্তঃ সম্ভ্রমো যৈস্তেষাম্।

(নেপথ্যে)। বিলে ইতি। বিলিল্যিরে বিলয়ং প্রাপুঃ। মদাতিশয়েন স্খলিতা চূড়া যত্র তদ্যথা তথা। হলী বলদেবঃ ॥ ৪০ ॥

ভীষ্মক। ভয়াকুলিত নৃপতিগণের কোলাহল এত প্রবল হইয়া উঠিল কেন? (নেপথ্য অভিমুখে অবলোকন করিয়া) যদুসৈন্যকে লইয়া সঙ্কর্ষণ আসিলেন। (পুনরায় দেখিয়া হাসিতে হাসিতে) মদবিহ্বলতা হেতু স্খলিতচূড় হলধর অগ্রবর্ত্তী হইয়া—"আমি ব্রহ্মাণ্ড চূর্ণ করিব, তাহাতে হরি ক্রুদ্ধ হইবেন না—নিশ্চয়ই হইবেন না, রে শচীগৃহের ক্রীড়ামৃগ ইন্দ্র! তুই হাস্য করিতেছিস্, কর্," এই কথা বলিতে বলিতে উপস্থিত হওয়ায় নৃপপীপিলিকা পীড়িত হইয়া কোন গর্ত্তে পলায়ন করিল ॥ ৪০ ॥

(পুনর্নেপথ্যে)

বিক্রোশন্দন্তবক্রঃ কলিত-ভয়ভরো হন্ত ! বক্রঃ কিলাসীৎ
পিণ্ডীশূরঃ শৃগালী স্খলিতরণগতির্মাগধো বাগধোঽভূৎ ।
দূরাদৌজ্‌ঝন্নৃপাণাং কুলমধিসমরং নিষ্কৃপাণাং কৃপাণান্
ধুন্বানে শার্ঙ্গধন্বন্যরি-নিধনধরং হাস্তরঙ্গেণ সার্দ্ধম্ ॥ ৪১ ॥

ভীষ্মকঃ । (সানন্দম্) নিবৃত্তচিন্তোঽস্মি সংবৃত্তঃ ।

(নেপথ্যে) খণ্ডিতেন বিনিবদ্ধবাসসা পণ্ডিতেন রণরঙ্গকর্ম্মণি ।
কেশবেন রচিতার্দ্ধমুণ্ডনঃ কুণ্ডিনেশ্বরসুতো বিড়ম্বিতঃ ॥ ৪২ ॥

(পুনর্নেপথ্যে) । বিক্রোশন্নিতি । পিণ্ডীশূরঃ ভোজনমাত্রপটুঃ । শৃগালী রণাৎ পলায়নপরঃ শৃগালীতি নিগদ্যতে । বাগধো বাক্‌রহিতঃ । নৃপাণাং কুলং সমরমধিকৃত্য কৃপাণানৌজ্‌ঝৎ । কৃপাণী কর্ত্তরী সমে ॥ ৪১ ॥

(নেপথ্যে) । খণ্ডিতেনেতি । বিড়ম্বিতঃ বিড়ম্বং প্রাপিতঃ ॥ ৪২ ॥

(পুনরায় নেপথ্যে) শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণ শত্রুকুলধ্বংসকর ধনু হাস্তরঙ্গের সহিত বিঘূর্ণিত করায় দন্তবক্র ভয়ভরে ব্যাকুল হইয়া চীৎকার করিতে করিতে বক্র হইয়া গেল, ভোজনপটু পলায়নপর মগধরাজ জরাসন্ধ বাক্‌শক্তিরহিত হইয়া পড়িল, নিষ্ঠুর নৃপকুল সমরে অবতীর্ণ হইয়া তরবারি পরিত্যাগ করিল ॥ ৪১ ॥

ভীষ্মক । (সানন্দে) নিশ্চিন্ত হওয়া গেল ।

(নেপথ্যে) রণরঙ্গে পণ্ডিত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক মস্তকের অর্দ্ধেকে মুণ্ডিত হইয়া ও ছিন্ন বস্ত্রের দ্বারা আবদ্ধ হইয়া কুণ্ডিনেশ্বর-পুত্র বিড়ম্বিত হইল ॥ ৪২ ॥

ভীষ্মকঃ। (সশঙ্কম্)

সান্ত্বয়িতুমুচিতোঽয়ং কুলকালিমা কুমারঃ।
কদাচিদ্‌ব্রীড়য়াঽসৌ মনস্বী প্রাণানপি জহ্যাৎ ॥ ৪৩ ॥

(ইতি নিষ্ক্রান্তঃ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে চন্দ্রাবলীলাভো,
নাম পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

ভীষ্মক ইতি। ব্রীড়য়া লজ্জয়া। মনস্বী অহঙ্কারী ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পঞ্চমোঽঙ্কঃ ॥ * ॥

ভীষ্মক। (সভয়ে) কি জানি, এই অহঙ্কারী পাছে লজ্জাবশে প্রাণত্যাগ করে, এই জন্য এই কুলাঙ্গার পুত্রটিকে সান্ত্বনা করা উচিত ॥ ৪৩ ॥

(ইহা বলিয়া প্রস্থান করিলেন)।

(অনন্তর সকলের প্রস্থান)।

ইতি শ্রীললিতমাধব-নাটকে চন্দ্রাবলীলাভ নামক পঞ্চম অঙ্ক ॥ ৫ ॥

ষষ্ঠোঽঙ্কঃ

(ততঃ প্রবিশত্যুদ্ধবঃ)

উদ্ধবঃ। যাচন্তে দনুজব্রজাদভয়তাং যং বজ্রহস্তাদয়ঃ
সোঽয়ং হন্ত! বরাক-মাগধ-ভয়াদ্দুর্গং ভজত্যম্বুধৌ।
বুদ্ধিং যস্য কিলোপজীবতি জগন্মন্ত্রে স গৃহ্ণাতি মাং
কঃ প্রত্যেতু জনঃ সুদুর্গমমতেঃ কৃষ্ণস্য লীলায়িতম্॥ ১॥

(বিমৃশ্য)

অয়ে! সম্প্রতি সচিন্তেন চেতসা দেবর্ষিং দ্রষ্টুমিচ্ছামি।

উদ্ধব ইতি। দনুজব্রজাৎ অসুরসমূহাৎ। বজ্রহস্তাঃ ইন্দ্রাদিদেবাঃ।
লীলায়িতং লীলাচরিতম্॥ ১॥

(অতঃপর উদ্ধবের প্রবেশ)

উদ্ধব। বজ্রধারী ইন্দ্রাদিদেবতা অসুরগণের ভয়ে যাঁহার নিকট অভয়-যাচ্ঞা করিয়া থাকেন, সেই তিনি আজ ক্ষুদ্র মগধরাজ জরাসন্ধের ভয়ে সমুদ্রমধ্যে দুর্গ নির্ম্মাণ করিয়া অবস্থান করিতেছেন, যাঁহার বুদ্ধিকে অবলম্বন করিয়া জগৎ জীবন ধারণ করে, তিনি আমাকে মন্ত্রণায় গ্রহণ করিয়া থাকেন, এইরূপ বুদ্ধির দুরধিগম্য শ্রীকৃষ্ণের লীলা কোন্ ব্যক্তি জানিতে পারে?॥ ১॥

(ভাবিয়া) আহা! আজ যে চিন্তাকুলিত-চিত্তে দেবর্ষিকে দেখিতে ইচ্ছা হইতেছে।

আকাশে। কিং ব্রবীষি? সুধর্ম্মা-সীমনি স ভগবান্ বর্ত্ততে ইতি, ভবতু, তত্রৈবাহং প্রতিষ্ঠমানোঽস্মি। (ইতি পরিক্রম্য)

অয়ে! সত্যমেব পুরস্তাদেষ দেবর্ষিঃ।

(প্রবিশ্য নারদঃ)

নারদঃ। উরীকর্ত্তুং দামোদরহৃদি নবামোদলহরীং
বরীয়স্য প্রেম্নাং জগতি বিবিধাঃ সন্তু গতয়ঃ।
স্তুমস্তং যস্তাসাং স্ফুরতি হৃদি ভাবস্য গরিমা
হৃষীকাণাং হন্ত! প্রভুরপি ন যত্র প্রভবতি ॥২॥

আকাশে। তত্র সুধর্ম্মা-সীমনি, প্রতিষ্ঠমানোঽস্মি প্রস্থানং কুর্ব্বন্নস্মি।
নারদ ইতি। উরীতি। তাসাং ব্রজদেবীনাং প্রভুরপি প্রেরকোঽপি।
যত্র ভাবগরিম্ণি। ন প্রভবতি ন প্রভুর্ভবতি ॥ ২ ॥

(আকাশে) কি বলিতেছ? ভগবান্ নারদ সুধর্ম্মদেবের সভায় অবস্থান করিতেছেন? আচ্ছা, আমি তথায়ই যাইতেছি। (এই বলিয়া ভ্রমণ করিতে করিতে) আহা! সত্যসত্যই যে দেবর্ষি নারদ সম্মুখে উপস্থিত!

(নারদের প্রবেশ)

নারদ। দামোদরের হৃদয়ে যে নিত্য নব আনন্দলহরী উত্থিত হয়, তাহাকে আত্মসাৎ করিবার জন্য জগতে প্রেমের নানাবিধ উৎকৃষ্টা গতি বিদ্যমান থাকিতে পারে, কিন্তু ব্রজদেবীগণের হৃদয়ে যে ভাবগরিমা স্ফুরিত হইয়া থাকে, তাহা এমন গভীর যে, সমস্ত ইন্দ্রিয়ের অধীশ্বর হইয়াও শ্রীহরি তাহার উপর প্রভুত্ব-বিস্তার করিতে পারেন না; অতএব আমি সেই ভাবগরিমারই স্তব করিতেছি ॥ ২ ॥

(পুরো বিলোক্য সানন্দম্)

অয়ং চক্রাদ্যঙ্ক-স্ফুরিত-ভুজমূলস্তিলকবান্
দধৎ কণ্ঠে মালামতুল-তুলসী-কাষ্ঠমণিজাম্।
হরেঃ শেষামঙ্গে শিরসি চ বহন্নুদ্ধবতয়া
গতঃ খ্যাতিং ভক্তিপ্রসর ইহ মূর্ত্তো বিহরতি ॥৩॥

উদ্ধবঃ। ভগবন্নভিবাদয়ে।

নারদঃ। (শুভাশিষা সভাজয়ন্) মন্ত্রিরাজ! কথং বিষণ্ণ ইব বীক্ষ্যমাণোঽসি ?

মূর্ত্তো ভক্তিপ্রসর উদ্ধবতয়া খ্যাতিং গতঃ সন্ বিহরতি। শেষঃ প্রসাদে মাল্যে চ স্ত্রিয়াং শেষো হলায়ুধ ইতি ধরণিঃ ॥ ৩ ॥

উদ্ধব ইতি। দেবর্ষে! নমস্করোমি।

নারদ ইতি। (সভাজয়ন্ প্রশংসয়ন্)।

(অগ্রে দৃষ্টিপাত করিয়া আনন্দভরে)

এই যে যাঁহার ভুজমূলে চক্রাদি-চিহ্ন, যাঁহার ললাটে তিলক, অনুপম তুলসীকাষ্ঠরূপ মণি দ্বারা নিৰ্ম্মিতা মালা যিনি কণ্ঠে ধারণ করিয়াছেন এবং অঙ্গে ও মস্তকে যিনি শ্রীহরির নির্ম্মাল্য বহন করিতেছেন, সেই উদ্ধব নামে খ্যাত ভক্তিবিস্তার যেন মূর্ত্তি ধারণ করিয়া বিহার করিতেছেন ॥ ৩ ॥

উদ্ধব। ভগবন্! প্রণাম করিতেছি।

নারদ। (শুভাশীর্ব্বাদের দ্বারা প্রত্যভিবাদন করিয়া) মন্ত্রিরাজ! তোমাকে বিষণ্ণের মত দেখাইতেছে কেন ?

উদ্ধবঃ। ভগবন্! দেবপাদেষু কৃতেনাপরাধেন।

নারদঃ। উষরভূমিরসি ত্বং সন্ততমপরাধবীজস্য দৈবাদ্বিরূঢ়মপি তদ্বিন্দতি সত্তাং ন গোবিন্দে।

উদ্ধবঃ। ভগবন্! মদীয়া রভসকারিতৈব দেবস্য ভীমারণ্য-সীমায়ামবগাহনে হেতুরভূৎ।

নারদঃ। কীদৃশী সা?

উদ্ধবঃ। ক্ষুদ্রে সত্রাজিতি দেবার্থমভ্যর্থনা।

নারদঃ। কিং তদভ্যর্থিতম্?

উদ্ধবঃ। লোকোত্তরং কন্যারত্নং চিন্তারত্নঞ্চ।

নারদ ইতি। তদপরাধবীজং গোবিন্দবিষয়ে সত্তাং ন বিন্দতি। উদ্ধব ইতি। রভসকারিতা কৌতুককারিতা। অবগাহনে প্রবেশে।

উদ্ধব। ভগবন্! দেবদেব শ্রীহরির নিকট অপরাধ করিবার জন্যে।

নারদ। অপরাধবীজের সম্বন্ধে তুমি সতত উষর-ভূমির স্বরূপ, দৈববশে উহা অঙ্কুরিত হইলেও ভগবান্ গোবিন্দে তাহা সত্তালাভ করিতে পারে না।

উদ্ধব। ভগবন! আমার কৌতুকশীলতা বশতঃই দেবদেবের মহারণ্য-সীমায় প্রবেশের হেতু জন্মিয়াছে।

নারদ। সে কিরূপ?

উদ্ধব। দেবদেব শ্রীকৃষ্ণের জন্য ক্ষুদ্র সত্রাজিতের নিকট প্রার্থনা।

নারদ। কি চাহিয়াছিলে?

উদ্ধব। অলৌকিক কন্যারত্ন ও চিন্তামণি।

নারদঃ। (স্বগতম্) চিত্রং চিত্রম্! অসমীক্ষ্যকারিতাপি শিষ্টানামিষ্টারম্ভপর্য্যবসায়িতামেব ধত্তে।

(প্রকাশম্)

স্ফুটমভ্যর্থিতং সার্থকং নাভূৎ।

উদ্ধবঃ। অথ কিং, প্রত্যুত কষ্টমেব বৃত্তম্।

নারদঃ। নায়মগৃহীত-শাসনোঽপি বাচ্যতামর্হতি সত্রাজিতঃ।

যতঃ—

বিমলহৃদয়ঃ খ্যাতো লোকে সতামুপদেশতো
গুণয়তি গুণশ্রেণীং নাল্পো মলীমসমানসঃ।

নারদ ইতি। অসমীক্ষ্যকারিতা অবিমৃষ্যকারিতা।

নারদ ইতি। অয়ং কৃষ্ণঃ, ন গৃহীতং শাসনং যস্য। বাচ্যতাং নিন্দ্যতাম্।

নারদ। (স্বগত) আশ্চর্য্য! আশ্চর্য্য! অবিমৃশ্যকারিতাই শিষ্টব্যক্তিদিগের অভীষ্ট বিষয়ের আরম্ভে পর্য্যবসিত হইয়া থাকে। (প্রকাশ্যে) স্পষ্টভাবে চাহিলে সে প্রার্থনা সফল হয় নাই।

উদ্ধব। তাহাই বটে, পরন্তু তাহা কষ্টজনকই হইয়াছে।

নারদ। তাঁহার কথা না রাখিলেও সেই শ্রীকৃষ্ণ সত্রাজিতের নিন্দনীয় হইতে পারেন না। যেহেতু—যিনি নির্ম্মল-হৃদয় বলিয়া বিখ্যাত, সেই ব্যক্তিই পৃথিবীতে সজ্জনগণের উপদেশের অনুসরণ করিয়া গুণরাশি বিস্তার করিয়া থাকেন, ক্ষুদ্র ও মলিনচিত্ত ব্যক্তি তাহা করিতে

মুকুলপটলীং সারঙ্গাক্ষী-মুখার্পিত-সীধুভি-

র্বকুল ইব কিং ধত্তে মূর্দ্ধ্না হঠাদটরূষকঃ ॥ ৪ ॥

উদ্ধবঃ। অনর্পিতেন রত্নেন কন্যারত্নেন চাচ্যুতে।

ভ্রাতরং সাধুবাদঞ্চ স স্বকীয়মঘাতয়ৎ ॥ ৫ ॥

নারদঃ। শ্রুতমাখেটকে স দিষ্টান্তমবাপ।

উদ্ধবঃ। অথ কিম্।

বিমলেতি। শুণগতি বিস্তারয়তি। সারঙ্গাক্ষ্যা অর্থাৎ পদ্মিনীমুখার্পিত-মধুভিঃ বকুলঃ কেশরঃ। অটরূষকঃ বাসকবৃক্ষবিশেষঃ ॥ ৪ ॥

উদ্ধব ইতি। কন্যারত্নস্য কৃষ্ণেঽদানতঃ সত্রাজিৎভ্রাতরং প্রসেনং লোক-সাধুবাদঞ্চ অনাশয়ৎ। তেনৈব প্রসেনস্য নাশঃ নিন্দা চ অভূদি-ত্যর্থঃ ॥ ৫ ॥

নারদ ইতি। আখেটকে মৃগয়ায়াং স প্রসেনঃ দিষ্টান্তং মৃত্যুম্ অবাপ প্রাপ্ত-বান্ ইতি শ্রুতম্।

পারে না, মৃগনয়নীদিগের মুখার্পিত মধুরাশির দ্বারা বকুলতরুই মুকুল ধারণ করিয়া থাকে, কিন্তু বাসকতরু কি কখন তাহাতে হঠাৎ মুঞ্জরিত হইয়া থাকে? ॥ ৪ ॥

উদ্ধব। যাহা হউক, সেই সত্রাজিৎ অচ্যুতকে কন্যারত্ন ও সেই রত্ন দান না করায় সে তাহার নিজ ভ্রাতাকে এবং লোকের নিকট স্বকীয় সুখ্যাতিকেও বিনষ্ট করিয়াছে ॥ ৫ ॥

নারদ। শুনিয়াছি, মৃগয়ায় তাহার ভ্রাতা মৃত্যুমুখে পতিত হইয়াছে।

উদ্ধব। তাহাই বটে।

নারদঃ। স্ফুটং প্রসেনমন্বেষ্টুং প্রস্থিতো রথাঙ্গী।

উদ্ধবঃ। অথ কিং, যদেষ জগত্তমঃ-প্রমাথি-চরিত্রবিরোচনে চাণূরদ্বিষি কাঞ্চিত্তমঃকলামুদীরয়তি, তেনাস্মি খিন্নো ভবত্তঃ ক্ষেমমাশংসে।

নারদঃ। হন্ত! পুণ্ডরীকাক্ষ-ভক্তিমঞ্জরী-চঞ্চরীকঃ রভসারব্ধোঽপি ভক্তিমদ্ভিরর্থঃ, কংসহরস্য হর্ষহেতুতামেব প্রতিপদ্যতে কিমুত প্রেষ্ঠেন ভবাদৃশা, তদদ্য মহোৎসবঃ ক্রিয়তাম্। তেষাং লোকোত্তরচমৎকৃতীনাং বৃন্দাটবীবিলাসানাং বিলোকনায় রমণীয়স্তে সময়োঽয়মুপস্থিতবান্।

নারদ ইতি। রথাঙ্গী কৃষ্ণঃ।

উদ্ধব ইতি। এবঃ সত্রাজিৎ, আশংসে পৃচ্ছামি। বিরোচনে সূর্য্যে।

নারদ ইতি। চঞ্চরীকঃ ভ্রমরঃ। রভসা কৌতুকেন।

নারদ। প্রকাশ্যে প্রসেনকে অন্বেষণ করিতেই শ্রীকৃষ্ণ গমন করিয়াছেন।

উদ্ধব। তাহাই সত্য, কিন্তু যেহেতু জগতের অন্ধকার-হারী-চরিত্র সূর্য্য-স্বরূপ চাণূরমর্দ্দন শ্রীকৃষ্ণের চরিত্রে কলঙ্ক অর্পণ করিতেছে, সেই জন্য খেদপ্রাপ্ত হইয়া আপনার নিকট হইতে মঙ্গলের আশা করিতেছি।

নারদ। সে কি! তুমি পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের ভক্তিমঞ্জরীর ভ্রমর-স্বরূপ। ভক্তিমান্ ব্যক্তিরা যখন কৌতুক হেতু কোনও বিষয় আরম্ভ করিলে তাহাও কংসারির আনন্দের কারণ হইয়া থাকে, তখন তোমার ন্যায় প্রিয়তমের কথা আর কি বলিব? যাহা হউক, অদ্য মহোৎসবের অনুষ্ঠান কর, যেহেতু, অলৌকিক চমৎকারিতার আকর সেই সকল বৃন্দাবন-লীলা দর্শনের উপযুক্ত রমণীয় অবসর তোমার উপস্থিত হইয়াছে।

উদ্ধবঃ। ভগবন্! জানন্নপি কিং মাং মুধা প্রলোভয়সি? যদদ্য কেনাপি শোকশঙ্কুলাশঙ্কুলস্য দেবস্য কুতো নববৃন্দাবনাবগাহনেঽপি সম্ভাবনা।

নারদঃ। কঃ শোকশঙ্কোরুপাধিঃ?

উদ্ধবঃ। (কনিষ্ঠেত্যর্দ্ধোক্তে বাক্স্তম্ভং নাটয়তি)

নারদঃ। (বিহস্য)

অপি লব্ধাঙ্গুলীসঙ্গাং যদি নষ্টেতি দৃষ্টিমান্।
মুদ্রাং শোচতি রোচিষ্ণুং তত্র কিং করবামহে ॥ ৬ ॥

নারদ ইতি। উপাধিঃ কারণম্।

উদ্ধব ইতি। রাধেতি বক্তব্যে কনিষ্ঠা ইত্যর্দ্ধোক্তে সতি।

নারদ ইতি। দৃষ্টিমান্ চক্ষুষ্মান্ ॥ ৬ ॥

উদ্ধব। ভগবন্! জানিয়াও আমাকে কেন বৃথা প্রলুব্ধ করিতেছেন? যেহেতু, আজ কোন শোকশেলের দ্বারা সেই দেবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের হৃদয় বিদ্ধ হওয়ায় তাঁহার নববৃন্দাবন-লীলায় প্রবৃত্ত হওয়ার সম্ভাবনা কোথায়?

নারদ। শোকশেলের কারণ কি?

উদ্ধব। কনিষ্ঠা—(শ্রীরাধিকার উদ্দেশ্যে ঐ কথা বলিয়া তাঁহার বাক্যস্তম্ভ ঘটিল)

নারদ। (হাস্য পূর্ব্বক) চক্ষুষ্মান্ ব্যক্তিও যদি নিজ অঙ্গুলীতে শোভিতা সমুজ্জ্বলা অঙ্গুরী না দেখিয়া তাহার জন্য শোকে প্রবৃত্ত হয়, তাহা হইলে আমরা তাহার আর কি করিতে পারি? ॥ ৬ ॥

উদ্ধবঃ। (সবিস্ময়ানন্দম্) ভগবন্! কিঞ্চিদুচ্ছ্বসিতা তে বাগ্বল্লরী ব্যাকুলয়তি মে মনোমধুপম্। তদভিব্যক্তীক্রিয়তাং, সত্যমেব কিমায়ুষ্মতী কনিষ্ঠাদেবী ?

নারদঃ। আয়ুষ্মতীতি কিমুচ্যতে ? সা দ্বারবতীমেবালঙ্কুর্ব্বতী বর্ত্ততে।

উদ্ধবঃ। (সরোমাঞ্চম্) কথমিয়মত্রাগতা ?

নারদঃ। অক্ষীণং বিভবং প্রজাঞ্চ পরমামভ্যর্থ্য সর্ব্বাত্মনা
কুর্ব্বাণায় নিষেবণং বিরহিতাপত্যায় সত্যার্চ্চনঃ।
সার্দ্ধং দুর্দ্ধরশঙ্খচূড়মণিনা তাং সত্যভামাখ্যায়া
বিখ্যাতাং প্রণয়ন্দদৌ দিনমণির্মিত্রায় সত্রাজিতে ॥ ৭ ॥

উদ্ধব ইতি। উচ্ছ্বসিতা বিকশিতা।

নারদ ইতি। বিভবং স্যমন্তকম্। দুর্দ্ধরঃ দুর্দ্দান্তঃ। তাং রাধাম্, প্রণয়ন্ কুর্ব্বন্ ॥৭॥

উদ্ধব। (বিস্মিত ও আনন্দিত হইয়া) ভগবন! আপনার বাক্যলতা কিয়ৎপরিমাণে পুষ্পিতা হইয়া আমার মনোমধুকরকে ব্যাকুল করিতেছে। অতএব স্পষ্ট করিয়া বলুন, সত্যই কি কনিষ্ঠাদেবী শ্রীরাধিকা জীবিতা আছেন ?

নারদ। জীবিতা আছেন কি বলিতেছ ?—তিনি এখন দ্বারকাপুরী অলঙ্কৃত করিয়া বিদ্যমান।

উদ্ধব। (রোমাঞ্চ সহকারে) কিরূপে তিনি এখানে আসিলেন ?

নারদ। সর্ব্বতোভাবে নিষ্ঠা সহকারে অর্চ্চনা পুরঃসর অক্ষয় বিভব ও সর্ব্বোৎকৃষ্ট অপত্য কামনা করায় নিঃসন্তান পরমমিত্র সত্রাজিৎকে দিনমণি দুরন্ত শঙ্খচূড়ের মণির সহিত সত্যভামা নামে বিখ্যাতা শ্রীরাধাকে প্রীতিভরে দান করিয়াছিলেন ॥ ৭ ॥

সস্নেহমব্রবীচ্চৈনম্—

প্রণেষ্যতি যশঃ পরং জগতি নারদানুজ্ঞয়া
বরায় বরকীর্ত্তয়ে সুতনুরর্পিতেয়ং তব।
স্যমন্তকমণিশ্চ তে মহিত-মূর্ত্তিরষ্টৌ মহান্
প্রসোষ্যতি দিনং দিনং নন্ু হিরণ্য-ভারানয়ম্ ।৮॥

উদ্ধবঃ। কথমম্বরমণিমণীন্দ্রেঽস্মিন্নধিকারী সংবৃত্তঃ ?

নারদঃ। রবিলোকগতয়া রাধিকয়ৈব তস্মৈ পুষ্পাঞ্জলিনা কল্পিতঃ।

উদ্ধবঃ। কথমস্যাস্তরণিলোকস্যাধিরোহণমাসীৎ ?

প্রণেষ্যতি করিষ্যতি॥ ৮ ॥

উদ্ধব ইতি। অম্বরমণিঃ সূর্য্যঃ। কল্পিতঃ দত্তঃ।

তৎকালে সূর্য্যদেব উঁহাকে সস্নেহে এই কথা বলিয়াছিলেন—এই সুন্দরী কন্যা নারদের আদেশানুসারে শ্রেষ্ঠ কীর্ত্তিশালী বরে সমর্পিতা হইলে জগতে তোমার অনুপম যশ বিস্তারিত হইবে, আর এই মহান্ সুন্দর স্যমন্তক মণি তোমার দ্বারা উপাসিত হইলে প্রতিদিন নিশ্চিত অষ্টভার স্বর্ণ প্রসব করিবে॥ ৮ ॥

উদ্ধব। দিনমণি কি প্রকারে এই মণিশ্রেষ্ঠের অধিকারী হইলেন ?

নারদ। শ্রীরাধিকা সূর্য্যলোকে যাইয়া এই মণি পুষ্পাঞ্জলিরূপে তাঁহাকে দিয়াছিলেন।

উদ্ধব। শ্রীরাধার কি প্রকারে সূর্য্যলোকে আরোহণ ঘটিয়াছিল ?

নারদঃ। মোক্ষত্যাদ্যতনূমনীক্ষিত-হরিঃ সন্ধ্যামুখে তে সখী
তূর্ণং পুত্রি ! ততঃ সমানয় মমাভ্যর্ণে বিশীর্ণামিমাম্।
ইত্যাজ্ঞাং পিতুরাকলয্য চতুরা সা চণ্ডধাম্নঃ সুতা
সৌরং বিম্বমলম্ভয়দ্বিলপিতোদ্গারাধিকাং রাধিকাম্ ॥ ৯ ॥

উদ্ধবঃ। বিশাখায়াঃ কা বার্ত্তা ?

নারদঃ। গোবিন্দেন সমং সম্বন্ধাদাত্মানং পূর্ণকামং কর্ত্তুকামস্তু তামরসবন্ধোরিচ্ছয়া ধর্ম্মরাজানুজৈব গোকুলে বিশাখাখ্যামবাপ।

নারদ ইতি। অনীক্ষিতঃ ন ঈক্ষিতো হরির্যয়া সা। বিশীর্ণাং অতিক্ষীণাং চণ্ডধাম্নঃ সূর্য্যস্য। বিলাপিতোদ্গারাধিকাং বিলপিতস্যোদ্গারেণাধিকাম্ ॥ ৯ ॥

নারদ ইতি। তামরসবন্ধোঃ সূর্য্যস্য।

নারদ। "শ্রীকৃষ্ণকে না দেখিতে পাইয়া অদ্য সায়ংকালে তোমার সখী শ্রীরাধিকা দেহত্যাগ করিবেন, অতএব হে পুত্রি! তুমি বিরহশীর্ণা ইঁহাকে শীঘ্র আমার নিকটে লইয়া আইস" পিতা সূর্য্যদেবের এই আজ্ঞা প্রাপ্ত হইয়া চতুরা কন্যা কালিন্দী অতিশয় বিলাপকারিণী শ্রীরাধাকে সূর্য্যমণ্ডলে আনয়ন করিয়াছিলেন ॥ ৯ ॥

উদ্ধব। বিশাখার সম্বাদ কি ?

নারদ। গোবিন্দের সহিত সম্বন্ধ স্থাপন করিয়া আপনার বাসনা পূর্ণ করিবার অভিলাষে সূর্য্যদেবের ইচ্ছায় ধর্ম্মরাজের কনিষ্ঠা ভগ্নীকে গোকুলে বিশাখা নামে স্থাপন করিয়াছিলেন।

উদ্ধবঃ। নূনং বিশাখা-সখ্যেন রাধিকায়ামনুরজ্যতে যমরাজমাতা।

নারদঃ। অথ কিম্, সংজ্ঞায়া বিজ্ঞাপনাদেব তৎপিত্রা শিল্পাচার্য্যেণ নববৃন্দাবনং দ্বারবত্যামাবিষ্কৃতম্।

তথাহি—

কালিন্দীকলিতোপকণ্ঠমভিতঃ শৈলশ্রিয়ালঙ্কৃতং
ভাণ্ডীরোজ্জ্বলমাবৃতং ব্রততীভিস্তাভির্দ্রুমৈস্তৈরপি।
সাঙ্গং দ্বারবতী-পুরে জগদলঙ্কর্ম্মীণ নির্ম্মায় তাং
রাধামাধবমাধুরী সরিদুপস্যন্দায় বৃন্দাবনম্॥ ১০॥

নারদ ইতি। সংজ্ঞায়াঃ সূর্য্যস্ত্রিয়ঃ। শিল্পাচার্য্যেণ বিশ্বকর্ম্মণা।

কালিন্দীতি। কালিন্দ্যা কলিতমুপকণ্ঠং সামীপ্যং যস্য তৎ! হে পিতঃ বিশ্বকর্ম্মন্! কর্ম্মক্ষমেঽলঙ্কর্ম্মীণঃ। রাধামাধবমাধুরী সরিতো রূপস্য স্রবায়॥ ১০॥

উদ্ধব। শুনিয়াছি, বিশাখার সখী বলিয়া যমরাজ-মাতা শ্রীরাধিকাকে অতিশয় ভালবাসিতেন।

নারদ। তাহাই বটে, সূর্য্যপত্নী সংজ্ঞার আবেদন অনুসারে তাঁহার পিতা শিল্পাচার্য্য বিশ্বকর্ম্মা দ্বারকাধামে নববৃন্দাবন রচনা করিয়াছেন। সেই প্রার্থনা যথা—হে জগন্নির্ম্মাণে পটু পিতঃ! আপনি শ্রীরাধামাধবের মাধুর্য্য-নদী প্রবাহিত করিবার জন্য দ্বারকাধামে এমন একটি বৃন্দাবন নির্ম্মাণ করুন, যাহা কালিন্দীর কলনাদশালী তীরভূমির দ্বারা শোভিত হয়, যাহা তদ্রূপ গোবর্দ্ধনাদি শৈলরাজের সৌন্দর্য্যে অলঙ্কৃত হয়, যাহা সমুজ্জ্বল ভাণ্ডীরবনে আবৃত হয় এবং যাহা অবিকল বৃন্দাবনের লতা ও বৃক্ষাবলীতে পরিপূর্ণাঙ্গ হয়॥ ১০॥

উদ্ধবঃ। শিল্পীন্দ্রনন্দিনী কথমত্র প্রবৃত্তা ?

নারদঃ। রাধিকা-নিবেদনেন।

উদ্ধবঃ। কীদৃশমিদম্ ?

নারদঃ। পশ্যন্তী পশুপালমণ্ডলশিরোমালস্য লীলাস্থলী-
র্যত্রাহং নিরবাহয়িষ্যমভিতঃ স্বান্তস্য সন্তর্পণম্।
সদ্যঃ পামরকর্ম্মণো হতবিধেরুদ্দামবিস্ফূর্জ্জিতৈ-
র্নিধূ্র্তাস্মি ততোঽপি দূরমধুনা হা হন্ত! বৃন্দাবনাৎ ॥১১॥

উদ্ধবঃ। দেবি! দিষ্ট্যা রক্ষিতাঃ স্মো বয়ং ত্রিলোকী-চক্ষুষা মিত্রেণ।

উদ্ধব ইতি। শিল্পীন্দ্রনন্দিনী সংজ্ঞা, অত্র বৃন্দাবননির্ম্মাণে।

নারদ ইতি। নিরবাহয়িষাং নির্ব্বাহং করিষ্যামি, নির্ধূতাস্মি ক্ষিপ্তাস্মি ॥ ১১ ॥

উদ্ধব। বিশ্বকর্ম্মনন্দিনী এ কার্য্যে প্রবৃত্ত হইলেন কেন ?

নারদ। শ্রীরাধিকার প্রার্থনায়।

উদ্ধব। সে কিরূপ ?

যশোদেতি। পারী দুগ্ধস্য ভাণ্ডে স্যাদিতি কোষঃ। শার্দ্দূলবিক্রীড়িতমিতি

কৃষ্ণ। (মৃদু হাসিয়া) আর্য্যে মুখরে ! আপনি আমার মনের কথাই বলিয়াছেন, কিন্তু আশীর্ব্বাদ করুন, যাহাতে আমি পুনরায় আপনাদের সেই প্রকার মঙ্গলভাজন হইতে পারি।

পৌর্ণমাসী। বহুকাল পরে আমার সৌভাগ্যবীজ অঙ্কুরিত হইয়াছে, যেহেতু আজ যশোদার ক্রোড়ে উপবিষ্ট মাধবকে দেখিতে পাইলাম।

কৃষ্ণ। মা ! আমি যে পশুপক্ষিসমূহকে সম্বর্দ্ধিত করিয়াছিলাম, তাহারা আপনাদের সুখ বৃদ্ধি করিতেছে ত ?

পৌর্ণমাসী। মুকুন্দ ! "দুঃখ" এই কথার পরিবর্ত্তে 'সুখ' বলিতেছ কেন ?

যশোদা। (সংস্কৃত ভাষায়) তুমি মাতৃবিয়োগদুঃখিত যে হরিণশিশুকে স্নেহভরে ভাণ্ডে করিয়া দুগ্ধপান করাইয়া পরিপুষ্ট করিয়াছিলে, সে

ত্বামপ্রেক্ষ্য স কাতরঃ প্রতিদিশং মুক্তার্ত্তনাদস্তুদ-

ন্মর্ম্মাণি ব্রজবাসিনাং বিতনুতে শার্দ্দূলবিক্রীড়িতম্ ॥ ১৫ ॥

পৌর্ণমাসী।

কস্তান্ পশ্যন্ ভবদুপহৃত-স্নিগ্ধপিঞ্ছাবতংসান্

কংসারাতে! ন খলু শিখিনঃ খিদ্যতে গোষ্ঠবাসী।

উন্মীলন্তং নব-জলধরং নীলমভ্যাপি মত্বা

যে ত্বামস্তমুদিতমভয়ন্তন্বতে তাণ্ডবানি ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। (ক্ষণং তূষ্ণীং স্থিত্বা) ভগবতি! কচ্চিদমী স্বস্তিমন্তো মম বয়স্যাঃ?

ত্বমিত্যস্য শার্দ্দূলবিক্রীড়িতং নাম ছন্দঃ সূচিতম্। তল্লক্ষণং, তর্কাশ্বৈর্যদি মঃ সজৌ সততগাঃ "শার্দ্দূলবিক্রীড়িত"মিতি ॥ ১৫ ॥

পৌর্ণেতি। ভবতে উপহৃতাঃ স্নিগ্ধাঃ পিঞ্ছরূপা অবতংসা যৈস্তান্ শিখিনঃ ॥ ১৬ ॥

কৃষ্ণ ইতি। কচ্চিদিতি প্রশ্নে। স্বামত্বং প্রশ্নয়ামীত্যর্থঃ।

তোমাকে দেখিতে না পাইয়া কাতর হইয়া উচ্চ আর্ত্তনাদে ব্রজবাসিগণের মর্ম্মভেদ করিয়া শার্দ্দূলের ন্যায় ক্রীড়া বিস্তার করিতেছে ॥ ১৫ ॥

পৌর্ণমাসী। কংসারে! যে সকল ময়ূর তোমাকে স্নিগ্ধ পিঞ্ছরূপ কর্ণভূষণ উপহার দিয়াছিল, তাহাদিগকে দেখিয়া কে দুঃখিত না হইতেছে? ঐ ময়ূরগুলি আকাশে সমুদিত নীলবর্ণ নবীন মেঘকে দেখিয়া, তুমি উদিত হইয়াছ মনে করিয়া নৃত্য করিতে থাকে ॥ ১৬ ॥

কৃষ্ণ। (ক্ষণকাল মৌনী থাকিয়া) ভগবতি! আমার সখাদিগের মঙ্গল ত?

পৌর্ণমাসী। ভবদ্বিলোকনোৎকণ্ঠয়া তে ব্রজেন্দ্রেণ সার্দ্ধং সুধর্ম্মামধ্যাসতে তত্তস্ত্বরয়া পূর্ণকামাঃ ক্রিয়ন্তাম্।

কৃষ্ণঃ। যথাদিশন্তি, তত্রভবত্যঃ।

(ইতি পরিক্রম্য স্বগতম্)

মাতুর্বন্দনায় ললিতা-পদ্ময়োরুপসক্তিরত্রোচিতা।

(ইতি নিষ্ক্রান্তঃ)

চন্দ্রাবলী। উবসপ্পণস্স এসো ওসরো।

(ইতি তথা করোতি)

পৌর্ণমাসী। (সহর্ষম্) গোষ্ঠেশ্বরি! পুরস্তাদিয়ং চন্দ্রাবলী।

(ইত্যুপপাদ্য ভুজাভ্যামাবৃণোতি)।

কৃষ্ণ ইতি। মাতুর্যশোদায়াঃ। উপসক্তিঃ সমীপাগতিঃ।

চন্দ্রাবলীতি। উপসর্পণস্য এষোঽবসরঃ।

পৌর্ণমাসী। তাহারা তোমাকে দেখিবে বলিয়া গোপরাজের সহিত সুধর্ম্মা-প্রাসাদে অপেক্ষা করিতেছে, অতএব শীঘ্রই তাহাদের অভিলাষ পূর্ণ কর।

কৃষ্ণ। আপনার যাহা আজ্ঞা, তাহাই করিতেছি। (ভ্রমণ করিতে করিতে স্বগত) মাতার বন্দনার জন্য ললিতা ও পদ্মার এ স্থানে আগমন করা উচিত। (এই বলিয়া প্রস্থান)

চন্দ্রাবলী। নিকটে যাইবার এই অবসর। (নিকটে গমন)

পৌর্ণমাসী। (আনন্দভরে) গোষ্ঠেশ্বরি! এই চন্দ্রাবলী আপনার সম্মুখে।

(ইহা শুনিয়া চন্দ্রাবলী নিকটে যাইয়া বাহুযুগলের দ্বারা যশোদাকে আবৃত করিলেন)

যশোদা। (সস্নেহম্) বচ্ছে! দিট্‌ঠিয়া পুণোবি দিঠ্‌ঠাসি।
(ইতি কণ্ঠে গৃহ্লাতি)

চন্দ্রাবলী। (যশোদামভিবাদ্য সাস্রম্) অম্ম! ইদোবি ভূইট্‌ঠো দেঅল্লো কো ক্‌খু কারুণ্ণবিলাসো, জং অপ্পণো পাঅপ্‌ফংস-সোহগ্‌গাণং ভাঅণী কিদম্হি।

যশোদা। বচ্ছে! অবি ণাম ণ বিস্সুমরিদো সো অহ্ম গোউলবাসো।

যশোদেতি। বৎসে! দিষ্ট্যা পুনরপি দৃষ্টাসি।

চন্দ্রাবলীতি। মাতরিতোঽপি ভূয়িষ্ঠস্তে অন্যঃ কারুণ্যবিলাসঃ, যৎ আত্মনঃ পদস্পর্শসৌভাগ্যানাং ভাগিনী কৃতাস্মি।

যশোদেতি। বৎসে! অপি নাম বিস্মৃতঃ সোঽস্মদ্গোকুলনিবাসঃ?

যশোদা। (সস্নেহে) বৎসে! সৌভাগ্যবশেই পুনরায় তোমাকে দেখিতে পাইলাম। (এই বলিয়া কণ্ঠে গ্রহণ করিলেন)

চন্দ্রাবলী। (যশোদাকে অভিবাদন করিয়া অশ্রুপূর্ণ চক্ষে) মাতঃ! আপনার কারুণ্যবিলাসের ইহাপেক্ষা আর কি প্রাচুর্য্য থাকিতে পারে? যেহেতু আপনি আমাকেও আপনার পদস্পর্শের সৌভাগ্যভাগিনী করিলেন?

যশোদা। বৎসে! আমাদের সেই গোকুলবাসের কথা কি তুমি ভুলিয়া গেলে?

চন্দ্রাবলী। অম্ম! মাদু-কোড়ি-সিণিদ্ধাও, জহিং তুম্হে বসেধ, তথাবত্থাণং কল্লাণং কা ণাম পামরী অবি স্সুমরেদি।

মুখরা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) হা রাহি! চিরাদো তুমং চ্চেঅ ণ দিট্‌ঠাসি।

(ইতি মুক্তকণ্ঠং রোদিতি)।

যশোদা। (সব্যথম্) হন্ত ধত্তি! পথুদা কীস এসা সোঅ-ণঅরগ্‌গলকুঞ্চিআ রাহিত্তি অক্‌খরজুঅলী ?

চন্দ্রাবলীতি। অম্ব! মাতৃ-কোটি-স্নিগ্ধা, যত্র যূয়ং বসথ, তত্রাবস্থানং কল্যাণং কা নাম পামরী অপি ন স্মরতি ?

মুখরেতি। হা রাধে! চিরাৎ ত্বং ন দৃষ্টাসি।

যশোদেতি। হন্ত ধাত্রি! প্রস্তুতা কস্মাৎ এষা শোকনগরার্গলকুঞ্চিকা কুঞ্জি ইতি প্রসিদ্ধিঃ। রাধেতি অক্ষরযুগলী।

চন্দ্রাবলী। মাতঃ! কোটি কোটি মাতার ন্যায় স্নেহময়ী আপনি যেখানে বাস করিতেছেন, সে স্থানে বাসের সৌভাগ্য কোন্ পামরী: ভুলিয়া থাকিতে পারে ?

মুখরা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) হা রাধে! বহুকাল তোমাকে দেখিতে পাই নাই।

(ইহা বলিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন)

যশোদা। (ব্যথা সহকারে) হায় ধাত্রি! তুমি কেন শোকনগরের অর্গলমুক্ত করিবার কুঞ্চিকাস্বরূপ 'রাধা' এই অক্ষরযুগল প্রকাশ করিলে ?

চন্দ্রাবলী। হা বহিণীএ! অহ্ম্মি মন্দভাইণী, জাএ একবারম্মি ণ দিট্‌ঠা তুমং।

রোহিণী। হা তিল্লোঅসুন্দরি বচ্ছে! কহি গদাসি?

পৌর্ণমাসী। হন্ত। শতকোটি-কঠোরাস্মি, যদদ্যাপি জীবামি।

রোহিণী। (সধৈর্য্যম্) পিঅসহি জসোএ! তপ্পই বাঢ় চন্দাঅলী, তা সোঅং মুক্কিঅং আস্সাসিঅদু।

চন্দ্রাবলীতি। হা ভগিনি! কোঽস্মার্থে কঃ, কনিষ্ঠেত্যর্থঃ। যয়া একবারমপি ন দৃষ্টা ত্বম্।

রোহিণীতি। হা ত্রিলোকসুন্দরি বৎসে! কুত্র গতাসি?

পৌর্ণেতি। শতকোটি-কঠোর-জনতঃ কঠোরাস্মি, অথবা বজ্রাদপি। শতকোটিঃ স্বরুঃ শম্ভোদম্ভোলিরশনিদ্বয়োরিত্যমরঃ।

রোহিণীতি। প্রিয়সখি যশোদে! তপ্যতে বাঢ়ং চন্দ্রাবলী, তৎ শোকং মুক্ত্বা আশ্বাস্যতাম্।

চন্দ্রাবলী। হায় কনিষ্ঠভগিনি! আমি এমনই মন্দভাগিনী যে, একবারও তোমাকে দেখিতে পাইলাম না।

রোহিণী। হায়, ত্রিলোকসুন্দরি বৎসে! তুমি কোথায় গেলে?

পৌর্ণমাসী। হায় হায়! আমি বজ্র হইতেও কঠিনা, যেহেতু শ্রীরাধাকে হারাইয়া আমি এখনও পর্য্যন্ত জীবিতা আছি।

রোহিণী। (ধৈর্য্যসহকারে) প্রিয়সখি যশোদে! চন্দ্রাবলী বড়ই কষ্ট পাইতেছে, অতএব শোক ত্যাগ করিয়া তাহাকে সান্ত্বনা দান কর।

যশোদা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) অম্ম ! মা ঝীণেহি, অপ্পড়িকাদব্বো এসো অথো।

(ততঃ প্রবিশতঃ কঞ্চুকিনামনুসরন্ত্যৌ বিযুক্তে ললিতা-পদ্মে)।

পদ্মা। (সব্যতঃ প্রেক্ষ্য সাশ্চর্য্যম্) কা এসা অউরুব্বরূবা দিট্‌ঠপুব্বাত্তি পড়িভাদি ?

(ইত্যুপসৃত্য সাস্রম্)

সুন্দরি ! তুমং পেক্‌খিঅ পিঅসহীং ললিদং সুমরন্তী পেম্মঘুম্মিদম্হি।

যশোদেতি। অম্ব ! মা ক্ষীণা ভব, অপ্রতিকর্ত্তব্য এষোঽর্থঃ।

(তত ইতি। বিযুক্তে পৃথগ্‌ভূতে)

পদ্মেতি। কা এষা অপূর্ব্বরূপা দৃষ্টপূর্ব্বা ইতি প্রতিভাতি? সুন্দরি ! ত্বাং প্রেক্ষ্য প্রিয়সখীং ললিতাং স্মরন্তী প্রেম-ঘূর্ণিতাস্মি।

যশোদা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) মা, তুমি দুঃখ করিও না, এ ব্যাপারের আর প্রতীকারের উপায় নাই।

(অনন্তর কঞ্চুকিদ্বয়ের দ্বারা অনুগম্যমানা ললিতা ও পদ্মার পৃথক্‌ভাবে প্রবেশ)

পদ্মা। (বামদিকে নিরীক্ষণ করিয়া আশ্চর্য্যান্বিত হইয়া) এই অপূর্ব্বরূপা কে? ইহাকে যেন পূর্ব্বে দেখিয়াছি মনে হইতেছে।

(নিকটে যাইয়া অশ্রুপূর্ণ চক্ষে)

সুন্দরি ! তোমাকে দেখিয়া প্রিয়সখী ললিতাকে মনে করিয়া প্রেমভরে বিকল হইতেছি।

ললিতা। (সগদ্গদম্) সহি ! অবি ণাম পোম্মাসি !

পদ্মা। (সাবেগম্) হন্ত ! কধং ললিতা জ্জেব্ব ?

(ইতি ভুজাভ্যাং গৃহ্লাতি)।

ললিতা। (গাঢ়ং পরিষ্বজ্য সাস্রম্) পিঅসহী চন্দাঅলী কীস দে বিজুত্তা ?

পদ্মা। সহি! মন্দভাইণীহ্মি।

কঞ্চুকী। ইদং ভগবত্যা রোহিণ্যা মন্দিরম্, তদত্র প্রবিশতাং ভট্টিন্যৌ।

ললিতেতি। সখি ! অপি নাম পদ্মাসি

পদ্মেতি। হন্ত ! কথং ললিতৈব।

ললিতেতি। প্রিয়সখী চন্দ্রাবলী কস্মাত্তে বিযুক্তা ?

পদ্মেতি। সখি ! মন্দভাগিনী অস্মি।

কঞ্চুকীতি। রাজপুত্রিকে ! দেবী কৃতাভিষেকায়ামিতরাস্তু তু ভট্টিনীতি কোষঃ।

ললিতা। (গদ্গদ ভাষায়) সখি ! তুমি কি পদ্মা ?

পদ্মা। (আবেগভরে) হায় ! এ যে ললিতা।

(ইহা বলিয়া দুই বাহু দ্বারা বেষ্টন করিলেন)

ললিতা। (গাঢ়রূপে আলিঙ্গন করিয়া সজলনয়নে) প্রিয়সখী চন্দ্রাবলী তোমাকে ছাড়িলেন কেন ?

পদ্মা। সখি ! আমি অতি মন্দভাগা।

কঞ্চুকী। এই যে ভগবতী রোহিণীর মন্দির, অতএব কর্ত্রী ঠাকরুণদ্বয় এই স্থানে প্রবেশ করুন।

উভে। ণূণং রাউলাণীএ বন্দণস্স আণীদহ্ম।

রোহিণী। ভঅবদি! কা ক্খু এসা ললিদা-বিব্ভমং উপ্পাদেহি?

পৌর্ণমাসী। (সবৈয়গ্র্যম্) হন্ত! পশ্যত, সৈবেয়ং রাধিকায়াঃ প্রাণসখী।

(ইতি সর্ব্বাঃ পুরো ধাবন্তি)।

ললিতা। অহ্মহে! কধং গোউলেস্সরীপ্পমুহং এদং সব্বং জ্জেব্ব গোউলবন্ধুউলং?

(ইতি বিক্রোশন্তী সর্ব্বাসাং পাদান্তেষু পততি)।

উভে ইতি। নূনং রাজপত্ন্যা বন্দনায় আনীতে স্ম।

রোহিণীতি। ভগবতি! কা খলু এষা ললিতাবিভ্রমমুৎপাদয়তি?

ললিতেতি। আশ্চর্য্যম্! কথং গোকুলেশ্বরীপ্রমুখং এতৎ সর্ব্বমেব গোকুল-বন্ধুকুলম্?

উভয়ে। নিশ্চয়ই রাজ্ঞীকে বন্দনা করিবার জন্য আমাদিগকে আনয়ন করা হইয়াছে।

রোহিণী। ভগবতি! এ কে! ইহাকে দেখিয়া যে ললিতা বলিয়া ভ্রম হইতেছে।

পৌর্ণমাসী। (ব্যগ্রতা সহকারে) হায় হায়, দেখ, এই সেই রাধিকার প্রাণসখী।

(ইহা শুনিয়া সকলে সম্মুখে ধাবিত হইলেন)

ললিতা। ও মা! কি আশ্চর্য্য! গোকুলেশ্বরী প্রমুখ গোকুলের সকল বন্ধুই যে এখানে!

(ইহা বলিয়া কাঁদিতে কাঁদিতে সকলের পাদপ্রান্তে পতিত হইলেন)

সর্ব্বাঃ। (সাক্রন্দমুত্থাপ্য কণ্ঠে গৃহ্নন্তি)

চন্দ্রাবলী। হা সহি ললিদে! পরাণং ধারেসি?

(ইত্যালিঙ্গতি)

ললিতা। (সহর্ষাদ্ভুতম্) কধং পিঅসহী চন্দাঅলী।

(ইত্যালিঙ্গ্য)

এসো অমিঅসাঅরে দিব্ব-চিন্তামণিলাহো জো ক্খু গোউলকুড়ুম্বেসু তুম্হ সঙ্গমো।

চন্দ্রাবলী। ললিদে! তুমং জ্জেব্ব সা বহিণী লদ্ধাসি।

চন্দ্রাবলীতি। হা সখি ললিতে! প্রাণং ধারয়সি?

ললিতেতি। কথং প্রিয়সখী চন্দ্রাবলী।

এষ অমৃতসাগরে দিব্যচিন্তামণিলাভঃ, যঃ খলু গোকুলকুটুম্বেষু যুষ্মৎসঙ্গমঃ।

চন্দ্রাবলীতি। ললিতে! ত্বমেব ভগিনী লব্ধাসি। মহেতি শেষঃ।

সকলে। (কাঁদিতে কাঁদিতে উঠাইয়া কণ্ঠে ধারণ করিলেন)

চন্দ্রাবলী। হায় সখি ললিতে! বাঁচিয়া আছ?

(ইহা বলিয়া আলিঙ্গন করিলেন)

ললিতা। (আনন্দভরে আশ্চর্য্যান্বিত হইয়া) এ যে প্রিয়সখী চন্দ্রাবলী।

(ইহা বলিয়া আলিঙ্গন করিয়া)

ইহা যে অমৃতসাগরে স্বর্গীয় চিন্তামণিলাভ, যেহেতু গোকুলবন্ধুর সহিত তোমাদিগের সঙ্গলাভ হইল।

চন্দ্রাবলী। ললিতে! আমি তোমাকেই সেই ভগিনীরূপে লাভ করিলাম।

ললিতা। হা সহি রাহে! তুমং চ্চেঅ দুল্লহদংসনা সংবুত্তা।

(ইতি মুখরামালিঙ্গ্য রোদিতি)।

পদ্মা। (চন্দ্রাবলীমালিঙ্গ্য) হা পিঅসহি! দিট্‌ঠিআ দিট্‌ঠাসি।

পৌর্ণমাসী। পশ্যেয়ং রুক্মিণীমূর্ত্তিঃ, পদ্মামাশ্লিষ্য বাষ্পৈর্বিদ্রবন্তীব লক্ষ্যতে।

ললিতা। (সবিস্ময়ম্) ভঅবদি! পিঅসহী চন্দাবলী জ্জেব্ব কিং ক্খু রুপ্পিণীত্তি সুণীঅদি।

পৌর্ণমাসী। অথ কিম্।

ললিতেতি। হে সখি রাধে! ত্বমেব দুর্লভদর্শনা সংবৃত্তা।

পদ্মেতি। হা প্রিয়সখি! দিষ্ট্যা দৃষ্টাসি।

পৌর্ণেতি। রুক্মিণী নাম মূর্ত্তিঃ। পক্ষে, স্বর্ণময়ী মূর্ত্তিঃ। বাষ্পৈরশ্রুভিঃ। পক্ষে, উষ্মভিঃ।

ললিতেতি। ভগবতি! প্রিয়সখী চন্দ্রাবলী এব কিং খলু রুক্মিণীতি শ্রূয়তে।

ললিতা। হা সখি রাধিকে! তোমার দর্শনই দুর্লভ হইল।

(ইহা বলিয়া মুখরাকে আলিঙ্গন করিয়া রোদন করিতে লাগিলেন)

পদ্মা। (চন্দ্রাবলীকে আলিঙ্গন করিয়া) হায় প্রিয়সখি! ভাগ্যক্রমেই তোমাকে দেখিতে পাইলাম।

পৌর্ণমাসী। দেখ, এই রুক্মিণীমূর্ত্তিধারিণী পদ্মাকে আলিঙ্গন করিয়া নয়নজলে বিগলিতা হইতেছেন বলিয়া বোধ হইতেছে।

ললিতা। (বিস্ময় সহকারে) ভগবতি! প্রিয়সখী চন্দ্রাবলীকেই কি রুক্মিণী বলিয়া শুনা যাইতেছে?

পৌর্ণমাসী। তাহাই বটে।

ললিতা। তদো সূরদিণ্ণা অব্বাইণা সচ্চভামা ণাম কুমরী কধং ইমাএ দুক্খণিদাণং ত্তি পসিদ্ধী ?

পৌর্ণমাসী। বৎসে চন্দ্রাবলি! তালাঙ্কমাতুর্মুখাদস্মাভিরপি ভবাধিরাকর্ণিতঃ, তদত্র মা চিন্তয়।

যশোদা। বচ্ছে! রাহীট্ঠাণে তুমং বট্টসি, তা দাণীং অহ্মাণং পুরদো কা দে চিন্তা ণাম ?

চন্দ্রাবলী। সহি ললিদে! সুণাহি।

(ইতি সংস্কৃতেন)।

ললিতেতি। তদা সূর্যাদত্তা অর্ব্বাচীনা সত্যভামা নাম কুমারী, কথমস্যাঃ দুঃখনিদানমিতি প্রসিদ্ধিঃ ?

পৌর্ণেতি। আধির্মনঃপীড়া।

যশোদেতি। বৎসে! রাধাস্থানে ত্বং বর্ত্তসে, তদিদানীম্ অস্মাকং পুরতঃ কা তে চিন্তা নাম।

চন্দ্রাবলীতি। সখি ললিতে! শৃণু।

ললিতা। তবে সূর্যাদত্তা অর্ব্বাচীনা সত্যভামা নামে কুমারী ইহার দুঃখের নিদান, এ কথা প্রচারিত হইল কেন ?

পৌর্ণমাসী। বৎসে চন্দ্রাবলি! বলদেব-জননী রোহিণীর মুখে তোমার দুঃখের কারণ শুনিয়াছি, অতএব চিন্তা করিও না।

যশোদা। বৎসে! তুমিই রাধিকার স্থানে বর্ত্তমান, অতএব আমরা থাকিতে তোমার চিন্তা কি ?

চন্দ্রাবলী। সখি ললিতে! শ্রবণ কর।

(সংস্কৃত ভাষায়)

অপি প্রাণেভ্যো মে ভবিতুমুচিতো যঃ প্রিয়তমঃ
স সৌন্দর্য্যালোকঃ ক্ষণমপি যযৌ নাক্ষিপদবীম্।
দুরাস্তাধিশ্রেণীবিতরণবিধৌ যঃ খলু কৃতী
স সাক্ষাদত্রাসীদহহ! সহবাসী মম পরঃ ॥ ১৭ ॥

(প্রবিশ্য সম্ভ্রান্তা বকুলা)

বকুলা। দেই! মএ পুণো পুণো ণিবারিদাবি সপ্পভীসণং কালিঅদহং সপ্পদি সচ্চা।

অপীতি। যো মে প্রাণেভ্যোঽপি প্রিয়তমো ভবিতুমুচিতঃ। সৌন্দর্য্যালোকঃ সৌন্দর্য্যস্যালোকঃ ক্ষণমপি অক্ষিপদবীং ন যযৌ। সৌদর্য্যালোক ইতি পাঠে সৌদর্য্যায়া ভগিন্যা আলোকোঽস্ত দুরন্তাধিশ্রেণীবিতরণবিধৌ যঃ কৃতী সোঽপরঃ অসৌ সৌন্দর্য্যালোকঃ সাক্ষাদত্র সহবাসী আসীদিত্যন্বয়ঃ ॥ ১৭ ॥

বকুলেতি। দেবি! ময়া পুনঃ পুনর্নিবারিতাপি সর্পভীষণং কালিয়হ্রদং সর্পতি সত্যা।

হায়! হায়! যিনি আমার প্রাণাপেক্ষাও প্রিয়তম হইবার উপযুক্ত, সেই সৌন্দর্য্যালোক ক্ষণকালের জন্যও আমার নয়নপথের পথিক হইল না, কিন্তু যিনি দুরন্ত মনোবেদনা প্রদানে দক্ষ, তিনিই আমার শ্রেষ্ঠ সহবাসিরূপে সাক্ষাৎ এই স্থানে বাস করিতে লাগিলেন ॥ ১৭ ॥

(ব্যস্তভাবে বকুলার প্রবেশ)

বকুলা। দেবি! আমি পুনঃ পুনঃ নিষেধ করিলেও সত্যা ভীষণ সর্পে পরিপূর্ণ কালিয়হ্রদে প্রবেশ করিতেছে।

পৌর্ণমাসী। দিষ্ট্যা পদ্মিনী-হৃদুত্তাপিকা শীতবাতাবলী ব্যালানামা-
ননবিলে বিলীনা।

বকুলা। দিট্ঠিং মএ, ণঅবুন্দা-বিব্ভন্তো ভট্টা ভেম্ভলো বিঅ ণং
সচ্চা অণুসংপদি!

সর্ব্বাঃ। অলং বিলম্বারম্ভেণ, ফণি-বাসং গচ্ছামঃ।

(ইতি স্খলন্ত্যো নিষ্ক্রান্তাঃ)

(ততঃ প্রবিশতি পিঙ্গলয়াভ্যর্থমানা রাধা)

রাধা। (সংস্কৃতেন)

পরতন্ত্রতয়া সমন্ততো, মম রঙ্গায় ন শার্ঙ্গিসঙ্গমঃ।
ধিগিহাপি পুনর্বিয়োগভীর্মৃতিরেবাস্তু গতির্বিনিশ্চিতা॥ ১৮॥

পৌর্ণেতি। শীতবাতাবলী শীতকালীনবাতশ্রেণী।
বকুলেতি। দৃষ্টং ময়া, নববৃন্দাবিভ্রান্তঃ ভর্ত্তা বিহ্বল ইব এনাং সত্যামনুসর্পতি।
রাধেতি। ইহাপি শার্ঙ্গিসঙ্গমেঽপি॥ ১৮॥

পৌর্ণমাসী। সৌভাগ্যেরই কথা। পদ্মিনী হৃদয়ের উত্তাপজনক শীতল
মারুৎ সর্পগণের আননবিবরে বিলীন হইল।

বকুলা। দেখিলাম, নবৃন্দা ভর্ত্তাকে এই কথা জানাইলে তিনি বিহ্বল-
ভাবে এই সত্যার অনুসরণ করিতেছেন।

সকলে। আর বিলম্বে কাজ নাই। চল সেই সর্পাবাসে যাওয়া যাউক।

(এই বলিয়া স্খলিতগতিতে সকলের প্রস্থান)।

(অতঃপর পিঙ্গলাকর্ত্তৃক অভ্যর্থমানা রাধার প্রবেশ)

সর্ব্বতোভাবে পরাধীনা থাকায় শ্রীকৃষ্ণের সঙ্গ আমার পক্ষে
সুখজনক হইল না, এই দুঃসময় মিলনেও আবার বিচ্ছেদের ভয়, অতএব
এখন মরণই আমার একমাত্র গতি—ইহা স্থির করিলাম॥ ১৮॥

পিঙ্গলা। ভট্টিদারিএ! ণ ক্খু এদং সাহসং দে জুত্তং।

রাধা। (সাবজ্ঞম্)।

আলি! কালিঅদহেণ দিট্‌ঠিণো

রঞ্জণং ঘনতরঙ্গভঙ্গিণা।

সামলোচ্ছলভুঅঙ্গমণ্ডলী-

সঙ্গিণা মহ চিরেণ কিজ্জই ॥ ১৯ ॥

(ইতি বামাক্ষিস্পন্দনমভিনীয় সোপালম্ভং সংস্কৃতেন)

মদ্বাম-দৃষ্টিলূতা, পরিস্ফুরন্তী সমন্ততঃ কৃপণা।

আশাবন্ধং তনুতে, প্রাণপতঙ্গোপরোধায় ॥ ২০ ॥

পিঙ্গলেতি। ভর্ত্তৃদারিকে! ন খলু এতৎ সাহসং তে যুক্তম্।

রাধেতি। আলি! কালিয়হ্রদেন দৃষ্টেঃ রঞ্জনং ঘনতরঙ্গভঙ্গিনা শ্যামলোচ্ছলভুজঙ্গমণ্ডলীসঙ্গিনা মম চিরেণ ক্রিয়তে ॥ ১৯ ॥

মদ্বাম-দৃষ্টিরেব লূতা। লূতা স্ত্রী তন্তুবায়োর্ণনাভমর্কটকাঃ সমা ইত্যমরঃ। প্রাণ এব পতঙ্গো মক্ষিকা তস্যোপরোধায়াশাবন্ধং তনুতে ॥ ২০ ॥

পিঙ্গলা। রাজকন্যে! তোমার এরূপ সাহস করা উচিত হইতেছে না।

রাধা। (অবজ্ঞাভরে) সখি! কালিয়হ্রদ ঘন তরঙ্গভঙ্গী সহকারে সঞ্চার্য্যমাণ কৃষ্ণভুজঙ্গমণ্ডলীর দ্বারা আমার নয়নের আনন্দবিধান করিতেছে ॥ ১৯ ॥

রাধা। (সংস্কৃত ভাষায়) (ইহা বলিয়া বামনেত্র স্পন্দনের অভিনয় করিয়া তিরস্কার পূর্ব্বক সংস্কৃত ভাষায়) আমার বামদৃষ্টিরূপা লূতা (মাকড়সা) কৃপণা হইলেও স্ফুরিত হইয়া প্রাণপতঙ্গকে ধারণের জন্য চারিদিকে আশাজাল বিস্তার করিতেছে ॥ ২০ ॥

পিঙ্গলা। আসণ্ণমঙ্গলসংসি, এদং মুহূত্তং তা পড়িবালেহি।

রাধা। দিট্‌ঠিমক্কডীএ আস্‌সাসে কো মে বীস্‌সাসো?

(ইত্যবতারণং নাটয়তি।

(ততঃ প্রবিশতি নববৃন্দয়া সহ কৃষ্ণঃ)

কৃষ্ণঃ।

গতির্জাতা যা মে চিরবিরহিণঃ প্রাণশকুনে-
ঘনচ্ছায়ামেতাং পরিমলবতীং মূর্ত্তিলতিকাম্।
ক্ষিপন্তী সন্থস্তং ফণিবিষকৃশানৌ কৃশতরাং
কঠোরে! নাকার্ষীর্ময়ি কিমনুকম্পালবমপি॥ ২১॥

পিঙ্গলেতি। আসন্নমঙ্গলশংসি, এতৎ মুহূর্ত্তং তৎ প্রতিপালয়।

রাধেতি। দৃষ্টিমর্কট্যা আশ্বাসে কো মে বিশ্বাসঃ?

কৃষ্ণ ইতি। যা মূর্ত্তিলতিকা মে প্রাণশকুনের্গতির্জাতা এতাং মূর্ত্তিলতিকাং ফণিবিষমেব কৃশানুরগ্নিস্তস্মিন্ সদ্যঃ ক্ষিপন্তী সতী, হে কঠোরে! ময়ি কিমনুকম্পালবমপি নাকার্ষীরিত্যন্বয়ঃ॥ ২১॥

পিঙ্গলা। ইহাতে অদূরবর্ত্তী মঙ্গলের সূচনা করিতেছে, অতএব মুহূর্ত্ত কাল অপেক্ষা কর।

রাধা। দৃষ্টিমর্কটীর আশ্বাসে আমার বিশ্বাস নাই।

(এই বলিয়া অবতরণ করিতে লাগিলেন)

(অনন্তর নববৃন্দার সহিত কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। হে কঠোরহৃদয়ে! শীতল-ছায়াসমন্বিতা সৌরভময়ী এই যে তনুলতা—যাহা আমার চিরবিরহী প্রাণপক্ষীর একমাত্র আশ্রয়স্থল, তাহাকে তুমি অধিকতর কৃশ করিয়া সদ্যই সর্পবিষরূপ অগ্নিতে নিক্ষেপ করিতেছ, হায়, তুমি আমার প্রতি বিন্দুমাত্রও দয়া প্রকাশ করিলে না॥ ২১॥

(ইতি হ্রদাবগাহমভিনয়তি)

নববৃন্দা। দেব! সর্ব্বানর্থহরোহয়ং মণীন্দ্রঃ।

(ইতি হরের্ম্মণিবন্ধে মণিং বধ্নাতি)

রাধা। হদ্ধী হদ্ধী। কধং মন্দভাইণং ইমং জণং দন্দসূআ অবি ণ ডংসন্তি।

(ইতি সর্পানমুসর্পতি)

কৃষ্ণঃ। (সসম্ভ্রমেণোপসৃত্য) মহাসাহসিনি! কিমেতদসৌষ্ঠবমনুষ্ঠিতম্?

(ইতি পৃষ্ঠতো ভুজাভ্যাং কণ্ঠং গৃহ্লাতি)

রাধেতি। হা ধিক্ হা ধিক্! কথং মন্দভাগিনম্ ইম্ জনং দন্দশূকা অপি ন দংশন্তি?

কৃষ্ণ ইতি। অসৌষ্ঠবং গর্হ্যম্।

নববৃন্দা। দেব! এই মণীন্দ্র সর্ব্ব অনর্থ হরণ করিয়া থাকে। (ইহা বলিয়া শ্রীকৃষ্ণের মণিবন্ধে মণি বন্ধন করিলেন)

রাধা। হা ধিক্! হা ধিক্! এই হতভাগিনীকে কেন সর্পেও দংশন করিতেছে না?

(ইহা বলিয়া সর্পের নিকট গমন করিলেন)।

কৃষ্ণ। (ত্রস্তভাবে নিকটে গমন করিয়া) মহাসাহসিনি! এ কি অন্যায় কার্য্য করিলে? (ইহা বলিয়া পৃষ্ঠদিক হইতে ভুজদ্বয়ের দ্বারা কণ্ঠদেশ ধারণ করিলেন)

রাধা। (শোকাদশ্রুতিমভিনীয় সানন্দম্) দিট্‌ঠিআ ভুঅঙ্গ-
জুঅলেণ বেঢ়িদম্হি।

(ইতি স্পর্শসুখমভিনীয়)

ঠাণে সমএ অবআরি সব্বং পিঅং হোদি, জং পন্নঅপ্-
ফংসোবি সুহাবেদি।

(ইতি সংস্কৃতেন)

কৃষ্ণভুজঙ্গমিতাহং বিধিনাভিমতং কিলানুকূলেন।
চিররাত্রায় কৃতেঽয়ং যাত্রা মম যাতনাবলিভিঃ ॥ ২২ ॥

রাধেতি। দিষ্ট্যা ভুজঙ্গযুগলেন বেষ্টিতাস্মি।

স্থানে যুক্তমিত্যর্থঃ। সময়ে অপকারি সর্ব্বং প্রিয়ং ভবতি, যৎ পন্নগস্পর্শো-
ঽপি সুখাপয়তি।

কৃষ্ণভুজঙ্গমিতি। অনুকূলেন বিধিনা অভিমতং মদাঞ্ছিতং কৃষ্ণভুজঙ্গমহমি-
তাস্মি। সরস্বতী তু তন্মুখেন তদভীষ্টং বাচয়তি। যথা, বিধিনা কত্রা২হং
কৃষ্ণভুজঙ্গমিতাস্মীতি। মম যাতনাবলিভিঃ চিররাত্রায় চিরাং যাত্রা
কৃতেত্যন্বয়ঃ। চিরায় চিররাত্রায় চিরস্যাস্যাশ্চিরার্থকা ইত্যমরঃ ॥ ২২ ॥

রাধা। (শোকভরে কোনও কথা শুনিতে না পাইয়া, আনন্দভরে) কি
ভাগ্য, দুইটি ভুজঙ্গেই আমাকে বেষ্টন করিয়াছে। (ইহা বলিয়া
স্পর্শসুখ অনুভবের অভিনয়) উপযুক্তকালে অপকারী বস্তু সকলও
প্রিয় হইয়া থাকে, যেহেতু এই সর্পের স্পর্শেও সুখবোধ হইতেছে।
(ইহা বলিয়া সংস্কৃত ভাষায়) অনুকূল বিধাতা এত দিন পরে আমার
চিরবাঞ্ছিত সাধন করিলেন—এত কাল পরে আমি কৃষ্ণভুজঙ্গকে প্রাপ্ত
হইলাম—বোধ হয়, এখন আমার যাতনা সকল চিরকালের জন্য দূর
হইল ॥ ২২ ॥

নববৃন্দা। দিষ্ট্যা। কৃষ্ণভুজাভিজ্ঞানমস্যাঃ সম্বভূব।

রাধা। (দৃশং দরোন্মীল্য) অব্বো! মণিকন্তিকিন্মীরিদ-
মথওবি এসো ভুঅঙ্গো মং ণ ডংসদি।

নববৃন্দা।

চক্রাঙ্কিতস্য নির্ম্মলমলয়জপরিশীলিনো মণিং দধতঃ।
কৃষ্ণভুজগস্য সুভগে! কৃষ্ণভুজস্য চ গতো ভেদঃ॥ ২৩॥

কৃষ্ণঃ। ত্রাসিতেন্দীবরমন্দমাধুরী-কন্দলৈর্বপুরপূর্ব্বমুজ্ঝতী।
বন্ধুরাঙ্গি! জগদেব কিং বৃথা বন্ধ্যনেত্রমসি কর্ত্তুমুদ্যতা॥২৪॥

নববৃন্দেতি। দিষ্ট্যা! কৃষ্ণভুজমাভিলক্ষীকৃত্যাস্যা জ্ঞানং সম্বভূব।

রাধেতি। আশ্চর্য্যম্! মণিকান্তিকির্ম্মীরিতমস্তকোঽপ্যেব ভুজগো মাং
ন দংশতি।

নববৃন্দেতি। হে সুভগে! কৃষ্ণভুজগস্য কৃষ্ণভুজস্য চ ভেদো গতো ভেদো
নাস্তি, চক্রাঙ্কিতেত্যাদি তৃতীয়বিশেষণসাম্যাদিতি জ্ঞেয়ম্। পক্ষে, গতো
গকারাদ্ভেদঃ॥ ২৩॥

কৃষ্ণ ইতি। ইন্দিরা লক্ষ্মীঃ। বন্ধুরাঙ্গি মনোহরাঙ্গি॥ ২৪॥

নববৃন্দা। কি সৌভাগ্য! ইহার কৃষ্ণের বাহু, এই জ্ঞান হইয়াছে।

রাধা। (চক্ষু ঈষৎ উন্মীলিত করিয়া) কি আশ্চর্য্য! মণিকান্তির দ্বারা
ভূষিতমস্তক হইয়াও এই ভুজঙ্গ আমাকে দংশন করিতেছে না।

নববৃন্দা। হে সৌভাগ্যবতি! নির্ম্মল মলয়বায়ুসেবী চক্রাঙ্কিত মণিধারী
কৃষ্ণ-ভুজঙ্গের ও কৃষ্ণভুজের—এই উভয়ের কিছুমাত্র ভেদ নাই॥ ২৩॥

কৃষ্ণ। হে মনোহরাঙ্গি! তোমার যে সৌন্দর্য্যমাধুর্য্যসমূহে লক্ষ্মী পর্য্যন্ত
ভীতা হন, সেই অপূর্ব্ব শরীরকে পরিত্যাগ করিয়া জগৎকে বিফলনেত্র
করিতে উদ্যতা হইয়াছ কেন?॥ ২৪॥

রাধা। (সাচিকন্ধরমবেক্ষ্য) হদ্ধী ! হদ্ধী ! হদাবি সুট্‌ঠু জেব হদহ্মি, জং ইমাএ বরাগীএ কিদে এসো তিল্লোঅসোক্‌খআরী অপ্পা সপ্পদহে তুএ পক্‌খিত্তো ?

কৃষ্ণঃ। (তীরমাসাদ্য রাধাহস্তে রত্নমাবধ্নন্ সোপালম্ভস্মিতম্)

ভজন্তী নিরূপে রাগাদ্ভোগিনাং স্বয়মাশিষঃ।
ভোগিনং মাং কিমাশীর্ভ্যস্ত্বং রারয়িতুমুদ্যতা ॥ ২৫ ॥

তদেহি, মাধবীমণ্ডপং প্রযাব।

(ইতি পিঙ্গলয়া সহ নিষ্ক্রান্তৌ)

রাধেতি। হা ধিক্ হা ধিক্ ! হতাপি সুষ্ঠু এব হতাস্মি, যদস্যাঃ বরাকাঃ কৃতে এষ ত্রিলোকসৌখ্যকারী আত্মা সর্পহ্রদে ত্বয়া প্রক্ষিপ্তঃ।

কৃষ্ণ ইতি। হে নিরূপে ! রাগাদ্ভোগিনাং সর্পাণামাশিষো বিষদস্তান্ স্বয়ং ভজন্তী, ত্বং কিং ভোগিনং ভোগাভিষিক্তং মমাশীভ্যঃ কামেভ্যো বারয়িতুমুদ্যতাসি। স্ত্রী আশীর্হিতাশংসাহিদংষ্ট্রয়োরিত্যমরঃ ॥ ২৫ ॥

রাধা। (বক্রগ্রীবায় দেখিয়া) হা ধিক্ ! হা ধিক্ ! আমি নিহতা হইয়া আরও বিশেষরূপে হত হইলাম, যেহেতু, এই নগণ্য ব্যক্তির জন্য আপনি আপনার এই ত্রিলোকসুখবর্দ্ধনকারী শরীর কালিয়-হ্রদে নিক্ষেপ করিলেন।

কৃষ্ণ। (তীরে উপস্থিত হইয়া শ্রীরাধিকার হস্তে স্যমন্তক মণি বন্ধন করিয়া মৃদু হাস্যসহকারে তিরস্কার-পূর্ব্বক) হে নিষ্ঠুরে ! তুমি অনুরাগভরে স্বয়ং সর্পকুলের বিষদন্ত ভজনা করিয়া ভোগাভিলাষী আমাকে কামনার বস্তু সকল হইতে নিবারণ করিতে উদ্যতা হইয়াছ কেন ? ॥ ২৫ ॥

অতএব আইস, আমরা মাধবীকুঞ্জে গমন করি।

(ইহা বলিয়া পিঙ্গলার সহিত উভয়ের প্রস্থান)

(ততঃ প্রবিশতি পৌর্ণমাস্যাদিভিরনুগম্যমানা বিক্রোশন্তী যশোদা)

যশোদা। হন্ত হন্ত! অদিক্কন্তোবি সো হদাসো কালিও মহ মন্দভাইণীএ কিদে পুণোবি পরাবুত্তো।

নববৃন্দা। (স্বগতম্) রাধাপারবশ্যবাধানিরোধায় ময়া প্রণীতেয়ং চাতুরী সিদ্ধা বভূব।

(প্রকাশম্)

হন্ত! পরমার্য্যাঃ! সমাশ্বসিত সমাশ্বসিত, খেদং মুঞ্চত, যদেষ সত্যামুত্তার্য্য তটীমবাপ নাগারিকেতুঃ।

যশোদেতি। হন্ত হন্ত! অতিক্রান্তোঽপি স হতাশঃ কালিয়ো মম মন্দভাগিন্যাঃ কৃতে পুনরপি পরাবৃত্তঃ।

নববৃন্দেতি। চাতুরী সর্ব্বেষামানয়নরূপা ক্রিয়া সিদ্ধা রাধাপারবশ্যনিরোধকারিণী বভূব। নাগারিকেতুর্গরুড়ধ্বজঃ।

(অনন্তর পৌর্ণমাসী প্রভৃতির অগ্রবর্ত্তিনী হইয়া কাঁদিতে কাঁদিতে যশোদার প্রবেশ)

যশোদা। হায় হায়! সেই কালিয় হতাশ হইয়া গমন করিলে এই মন্দভাগিনীর জন্য পুনরায় ফিরিয়া আসিল।

নববৃন্দা। (স্বগত) রাধিকার পারবশ্যরূপ বাধা নিবৃত্ত করিবার জন্য আমি যে কৌশলের অবতারণা করিয়াছিলাম, তাহা সুসিদ্ধ হইল।

(প্রকাশ্যে) কি কষ্ট! হে পূজনীয় আর্য্যাগণ, আপনারা শান্ত হউন, খেদ পরিত্যাগ করুন, যেহেতু, এই গরুড়ধ্বজ সত্যভামাকে উত্তোলন করিয়া তীরে উঠিয়াছেন।

সর্ব্বাঃ। (সগদ্গদম্) বাঢ়ং মঙ্গলং মঙ্গলম্ ।

(ইতি ধৈর্য্যং নাটয়ন্তি)

(নেপথ্যে)।

ত্রিভুবনগুরুমগ্রেকৃত্য রাজীবযোনিং
কলয়িতুমধিমৌলিং সত্বরঃ সাত্বতানাম্ ।
বিশতি পুরমপর্ণাপূর্ণপার্শ্বঃ পুরস্তাদ্-
বৃষবরমধিরূঢ়ঃ খণ্ডশীতাংশুচূড়ঃ ॥ ২৬ ॥

নববৃন্দা। পশ্যত পশ্যত, গিরীন্দ্রনন্দিনাজীবিতবন্ধোরানন্দায় মুকুন্দঃ পুরস্তাদয়ং সাধয়তি ।

(নেপথ্যে)। খণ্ডশীতাংশুরর্দ্ধচন্দ্রশ্চূড়ায়াঃ মস্তকে যস্য সঃ। মহাদেবো বৃষবরমধিরূঢ়ঃ সন্ ত্রিভুবনগুরুং রাজীবযোনিং ব্রহ্মাণমগ্রেকৃত্বা সাত্বতানামধিমৌলিং শ্রীকৃষ্ণং দ্রষ্টুং দ্বারকাং বিশতীত্যন্বয়ঃ ॥ ২৬ ॥

সকলে। (গদ্গদ ভাষায়) বেশ বেশ! মঙ্গলের কথা। (ইহা বলিয়া ধৈর্য্যধারণ করিলেন)

(নেপথ্যে) দুর্গাদেবীকে পার্শ্বে লইয়া শ্রেষ্ঠ বৃষে আরোহণ পূর্ব্বক অর্দ্ধ-চন্দ্রচূড় মহাদেব ত্রিভুবনগুরু পদ্মযোনি ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া শ্রীকৃষ্ণের দর্শনার্থ শীঘ্র দ্বারকাপুরীতে প্রবেশ করিতেছেন ॥ ২৬ ॥

নববৃন্দা। দেখ দেখ, গিরীন্দ্রনন্দিনীর বল্লভ শঙ্করের আনন্দ-বর্দ্ধনের জন্য মুকুন্দ তাঁহার অগ্রে আসিয়া উপস্থিত হইলেন।

সর্ব্বাঃ। (কৃষ্ণং দূরতঃ সমীক্ষ্য হর্ষং নাটয়ন্তি)।

পৌর্ণমাসী। নববৃন্দে! ক তে প্রাণসখী সত্যা?

নববৃন্দা। পুরস্তাদ্বাসন্তীমণ্ডপে।

পৌর্ণমাসী। হরেঃ পরোক্ষমেব সত্যাং সত্বরং কুণ্ডিনে প্রেষয়ামঃ।

মুখরা। অম্মু গদুঅ ণং জাণেমি।

(ইতি পরিক্রামতি)

(প্রবিশ্য পিঙ্গলয়া সহ রাধা)

রাধা। হলা। কাও এত্থ জপ্পন্তি?

মুখরেতি। অহং গত্বা এনামানয়ামি।

রাধেতি। সখি! কা অত্র জল্পন্তি?

সকলে। (দূর হইতে কৃষ্ণকে দর্শন করিয়া আনন্দপ্রকাশ করিতে লাগিলেন।)

পৌর্ণমাসী। নববৃন্দে! তোমার প্রাণসখী সত্যা কোথায়?

নববৃন্দা। অগ্রবর্ত্তী মাধবীমণ্ডপে।

পৌর্ণমাসী। শ্রীকৃষ্ণের অজ্ঞাতসারে সত্যাকে শীঘ্রই কুণ্ডিননগরে প্রেরণ করিতেছি।

মুখরা। আমিই যাইয়া তাহাকে লইয়া আসিতেছি।

(ইহা বলিয়া ভ্রমণ করিতে লাগিলেন)

(পিঙ্গলার সহিত রাধার প্রবেশ)

রাধা। সখি! কাহারা এ স্থানে কথোপকথন করিতেছে?

পিঙ্গলা। মিলিদাইং দেঈএ রূপ্পিণীএ কুড়ুম্বাইং তুমং আক্খিবন্তী।

রাধা। হা! মরণং বি মে দুল্লহং।

(ইতি বক্ত্রমাবৃত্য রোদিতি)

মুখরা। (দূরতঃ প্রেক্ষ্য সচমৎকারং পরাবর্ত্ততে)

পৌর্ণমাসী। মুখরে! কিং নিবৃত্তাসি?

মুখরা। ভঅবদি! কিম্পি বত্তুকামাবি সঙ্কেমি।

পৌর্ণমাসী। মুগ্ধে! কৃতং শঙ্কয়া, বিশ্রব্ধমুচ্যতাম্।

মুখরা। (সাস্রগদ্গদং কর্ণে) এব্বং ণেদং।

পিঙ্গলেতি। মিলিতানি দেব্যাঃ রুক্মিণ্যাঃ কুটুম্বানি ত্বাং আক্ষিপন্তি।

রাধেতি। হা! মরণমপি মে দুর্লভম্।

মুখরেতি। ভগবতি! কিমপি বক্তুকামাপি শঙ্কে।

মুখরেতি। এবমেতৎ।

পিঙ্গলা। দেবী রুক্মিণীর কুটুম্বগণ মিলিত হইয়া তোমাকে নিন্দা করিতেছে।

রাধা। হায় হায়! মরণও আমার দুর্লভ হইল!

(ইহা বলিয়া মুখ ঢাকিয়া কাঁদিতে লাগিলেন)

মুখরা। (দূর হইতে অবলোকন করিয়া ফিরিয়া আসিলেন)

পৌর্ণমাসী। মুখরে! ফিরিয়া আসিলে কেন?

মুখরা। ভগবতি! কিছু বলিতে ইচ্ছা করিতেছি, কিন্তু ভয় হইতেছে!

পৌর্ণমাসী। মুগ্ধে! ভয় কি? বিশ্বস্তচিত্তে বল।

মুখরা। (অশ্রুপূর্ণ গদ্গদকণ্ঠে কাণে কাণে) এইরূপ।

পৌর্ণমাসী। (সোপালম্ভম্) প্রলাপিনি! তূষ্ণীং ভব, কুতস্তে তাদৃশং ভাগধেয়ম্?

যশোদা। ভঅবদি! কিং ভণাদি এসা?

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি! বাঢ়মসম্ভাব্যম্।

মুখরা। (পুনঃ কর্ণে লপতি)

পৌর্ণমাসী। মূঢ়ে! জ্ঞাতম্ জ্ঞাতং, মহারত্নেনৈব ভ্রান্তাসি কৃতা।

মুখরা। ণত্তিণি ললিদে! তুমং আঅচ্চিঅ পেক্খ।

ললিতা। (পৌর্ণমাসীমুখমীক্ষতে)

পৌর্ণমাসী। গচ্ছামস্তত্র কো দোষঃ।

(ইতি সর্ব্বাঃ পরিক্রামন্তি)

যশোদেতি। ভগবতি! কিং ভণতি এষা?

মুখরেতি। নপ্ত্রি, ললিতে! ত্বমাগতা পশ্য।

পৌর্ণমাসী। (তিরস্কার পূর্ব্বক) প্রলাপিনি! চুপ কর, তোমার তেমন ভাগ্য কোথায়?

যশোদা। ভগবতি! তুমি এ কি বলিতেছ?

পৌর্ণমাসী। গোকুলেশ্বরি! সে অসম্ভাবনীয় কথা।

মুখরা। (পুনরায় কাণে কাণে কহিতে লাগিলেন)

পৌর্ণমাসী। মূঢ়ে! জানি জানি, মহারত্ন হেতু তুমি এইরূপ ভুল করিয়াছ।

মুখরা। নাতিনি ললিতে! তুমি একবার আসিয়া দেখ।

ললিতা। (পৌর্ণমাসীর মুখের প্রতি তাকাইলেন)

পৌর্ণমাসী। তথায় যাইতেছি, তাহাতে দোষ কি?

(সকলে যাইতে লাগিলেন)

পৌর্ণমাসী। (ললিতা-মুখরাভ্যাং সহ কিঞ্চিদগ্রে গত্বা সৌৎসুক্যম্) কথমলক্ষ্যমাণসর্ব্বাঙ্গাপি বরাঙ্গী মদন্তরে কারুণ্যমুন্মীলয়ন্তী কঞ্চিৎ চমৎকারমারোপয়তি।

ললিতা। (সন্নিধায় সগদ্গদম্) অই মন্দোঅরি! কিং রোঅসি?

রাধা। (মুখাদঞ্চলমপাস্য সবিক্রোশম্) হা হা! কধং পিঅসহী মে ললিদা? হা! কধং বচ্ছলা ভঅবদী? হা! কধং অজ্জিআ মুহরা?

(ইত্যানন্দেন ঘূর্ণন্তী ভূমৌ স্খলতি)

পৌর্ণেতি। অলক্ষ্যসর্ব্বাঙ্গত্বমস্যা বস্ত্রাবৃতত্বাদ্ রশ্মিতত্বাচ্চ।

ললিতেতি। অয়ি মন্দোদরি! কিং রোদিষি?

রাধেতি। অপাস্য ত্যক্ত্বা। হা হা! কথং প্রিয়সখী ললিতা? হা! কথং বৎসলা ভগবতী? হা! কথং আর্য্যা মুখরা?

পৌর্ণমাসী। (ললিতা ও মুখরার সহিত কিঞ্চিৎ অগ্রে গমন করিয়া ঔৎসুক্য সহকারে) যদিও এই সুন্দরীর সর্ব্বাঙ্গ দেখা যাইতেছে না, তথাপি এই সুন্দরী আমার অন্তরে করুণার সঞ্চার করিয়া আমাকে অপূর্ব্বভাবে চমৎকৃত করিলেন।

ললিতা। অয়ি ক্ষীণোদরি! কাঁদিতেছ কেন?

রাধা। (মুখ হইতে অঞ্চল অপসারণ করিয়া কাঁদিতে কাঁদিতে) হায় হায়! প্রিয়সখী ললিতা কোথা হইতে আসিলে? স্নেহময়ী ভগবতীই বা কোথা হইতে, আর্য্যা মুখরাই বা কোথা হইতে আসিলেন?

(ইহা বলিয়া আনন্দে ঘূর্ণিতা হইয়া ভূমিতে পতিত হইলেন)

ললিতা। (বিচিত্রং কূজন্তী রাধামালিঙ্গ্য প্রমোদমূর্চ্ছাং নাটয়তি)

পৌর্ণমাসী। অহহ ! ভোঃ ! কথং বৎসৈব সা মে রাধিকা ?

(ইত্যুচ্চৈরাক্রন্দতি)

মুখরা। ণত্তিণি ! পুণোবি লদ্ধাসি।

(ইত্যুন্মাদং নাটয়তি)

যশোদা। (রোহিণ্যা সহ ধাবন্তী সগদ্গদম্) হা বচ্ছে। জীঅসি ?

(ইতি মুখং চুম্বতি)

মুখরেতি। নপ্ত্রি ! পুনরপি লব্ধাসি।

যশোদেতি। হা বৎসে ! জীবসি ?

ললিতা। (বিচিত্র অস্ফুট বাক্য বলিতে বলিতে রাধাকে আলিঙ্গন করিয়া আনন্দে মূর্চ্ছিতা হইলেন)

পৌর্ণমাসী। অহো ! কি প্রকারে আমার বৎসা রাধিকা এখানে আসিলেন?

(ইহা বলিয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিলেন)

মুখরা। নাতিনি ! আবার তোমাকে পাইলাম।

(ইহা বলিয়া উন্মত্তের ন্যায় আচরণ করিতে লাগিলেন)

যশোদা। (রোহিণীর সহিত ধাবিতা হইয়া গদ্গদ বাক্যে)

হা বৎসে ! জীবিত আছ ?

(ইহা বলিয়া মুখচুম্বন করিলেন)

চন্দ্রাবলী। (সোৎকম্পম্) কিং কৃখু মম বহিণী রাহা চ্চেঅ এসা ?

(ইতি স্খলন্তী কণ্ঠে গৃহ্নাতি)

পৌর্ণমাসী। অহো! তীব্রতৃষ্ণার্ত্তানাং মরুজাঙ্গলে পানককুল্যা স্বয়মেবোন্মীলিতা।

রাধা।

(সর্ব্বাসাং পাদানভিবাদ্য সোৎকণ্ঠম্) কুসলিণী কিং বহিণী মে চন্দাঅলী ?

চন্দ্রাবলীতি। কিং খলু মম ভগিনী রাধা এব এষা ?

পৌর্ণেতি। মরুজাঙ্গলে তস্মিন্ দেশে। পানকস্য কুল্যা কৃত্রিমনদী; কুল্যাল্পা কৃত্রিমা সরিদিত্যমরঃ।

রাধেতি। কুশলিনী কিং মম ভগিনী চন্দ্রাবলী ?

চন্দ্রাবলী। (কম্পিতাঙ্গে) ইনি কি আমার ভগিনী রাধিকা ?

(ইহা বলিয়া স্খলিতগতিতে রাধার কণ্ঠ ধারণ করিলেন)

পৌর্ণমাসী। হায় হায়! অতিশয় তৃষ্ণার্ত্তদিগের দুঃখ দূর করিবার জন্য মরুপ্রদেশে স্বয়ং কৃত্রিমনদী আসিয়া উপস্থিত।

রাধা। (সকলের পদবন্দনা করিয়া উৎকণ্ঠা-সহকারে) আমার ভগিনী চন্দ্রাবলীর কুশল ত ?

চন্দ্রাবলী। (গাঢ়ং পরিষ্বজ্য) বহিণি! এসা এসম্হি দুজ্জণী হদচন্দাঅলিআ।

(ইতি রোদিতি)

রাধা। (সানন্দসম্ভ্রমং পাদয়োঃ পতন্তী) হদ্ধী হদ্ধী! বিড়ম্বিদম্হি হদ দেব্বেণ।

(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ)

কৃষ্ণঃ। (সানন্দম্) চিরেণাদ্য গোকুলবাসিনমিবাত্মানমভিমন্য-মানঃ প্রমোদমুগ্ধোঽস্মি।

চন্দ্রাবলীতি। ভগিনি! এষা এষাস্মি দুর্জ্জনী হতচন্দ্রাবলিকা।

রাধেতি। হা ধিক্ হা ধিক্! বিড়ম্বিতাস্মি হতদৈবেন।

চন্দ্রাবলী। (গাঢ় আলিঙ্গন করিয়া) ভগিনি! এই দুর্জ্জনই হতভাগিনী চন্দ্রাবলী।

রাধা। (সানন্দে সম্ভ্রম সহকারে পদে পতিত হইলেন) হা ধিক্! হা ধিক্! হতদৈব কর্ত্তৃক আমি প্রতারিত হইলাম।

(অনন্তর কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। (আনন্দভরে) বহুকাল পরে নিজেকে গোকুলবাসিরূপে মনে করিয়া আনন্দে মুগ্ধ হইয়াছি।

যশোদা। (কৃষ্ণমভিমৃশ্য) জাদ! দিট্‌ঠিআ বহূদুদিও সপ্প-
দুহাদো কথেমী ণিকস্তোসি।

নববৃন্দা। গোকুলেশ্বরি! মায়াময়ী সেয়ং ভুজঙ্গসন্ততিঃ।

(ইতি শৃণ্বন্তঃ সর্ব্বে স্মিতং কুর্ব্বন্তি)

ললিতা। হলা রাহে! কহিং বিসাহা?

নববৃন্দা। পশ্যেয়ং বিশাখা নিজনির্ঝরাদুত্থায় সানন্দমায়াতি।

সর্ব্বাঃ। (প্রত্যুদ্গম্য বিশাখামালিঙ্গন্তি)

যশোদেতি। (কৃষ্ণং অভিমৃশ্য আলিঙ্গ্য) জাত! দিষ্ট্যা বধূদ্বিতীয়ঃ
সর্পত্রদাৎ ক্ষেমী নিষ্ক্রান্তোঽসি।

ললিতেতি। সখি রাধে! কুত্র বিশাখা?

যশোদা। (কৃষ্ণকে আলিঙ্গন করিয়া) পুত্র! বড় সৌভাগ্যের
বিষয় যে, বধূকে লইয়া তুমি সর্পমুখ হইতে নিষ্ক্রান্ত হইতে
পারিয়াছ।

নববৃন্দা। গোকুলেশ্বরি! সেই ভুজঙ্গের দল সকলই মায়াময়।

(ইহা শুনিয়া সকলে মৃদুহাস্য করিতে লাগিলেন)

ললিতা। সখি রাধে! বিশাখা কোথায়?

নববৃন্দা। এই যে স্বীয় নির্ঝর হইতে বিশাখা উঠিয়া সানন্দে
আসিতেছেন।

সকলে। (প্রত্যুদ্গমন করিয়া বিশাখাকে আলিঙ্গন করিলেন)

বিশাখা। (গুরূণাং পাদানভিবন্দ্য রাধামালিঙ্গতি)

ললিতা। হা সহি বিসাহে! কধং পুণোবি দিট্‌ঠাসি।

(ইত্যুভে গাঢ়মালিঙ্গতঃ)

চন্দ্রাবলী। (জনান্তিকম্) ভঅবদি! বহিণীএ করং গেহ্লিদুং মহ বঅণেণ অব্ভত্থীঅদু অজ্জউত্তো।

পৌর্ণমাসী। বৎসে! দাক্ষিণ্যভাজাং মূর্দ্ধন্যাসি, তদাকর্ণয়,—

এষা সাধ্বী চিরমুদয়তে দেবি! দৈবী প্রসিদ্ধি-
বিন্যস্তায়াং মধুরিপুকরে রাধিকায়াং ভবত্যা।

ললিতেতি। হা সখি বিশাখে! কথং পুনরপি দৃষ্টাসি। ময়েতি শেষঃ।

চন্দ্রাবলীতি। ভগবতি! ভগিন্যাঃ রাধায়া ইত্যর্থঃ। করং গ্রহীতুং মম বচনেন অভ্যর্থ্যতাং আর্য্যপুত্রঃ।

পৌর্ণেতি। দাক্ষিণ্যভাজাং সরলানাম্। দক্ষিণে সরলোদারাবিতি কোষঃ। হে দেবি! এষা সাধ্বী দৈবী প্রসিদ্ধিশ্চিরমুদয়তে। তাং প্রসিদ্ধিমাহ, বিন্যস্তায়ামিত্যাদিনা ভবত্যা। মধুরিপুকরে রাধিকায়াং

বিশাখা। (গুরুজনগণের পাদবন্দনা করিয়া রাধাকে আলিঙ্গন করিলেন)

ললিতা। হা সখি বিশাখে! সৌভাগ্যক্রমেই পুনরায় তোমাকে দেখিতে পাইলাম। (ইহা বলিয়া উভয়ে পরস্পরকে গাঢ় আলিঙ্গন করিতে লাগিলেন)

চন্দ্রাবলী। (জনান্তিকে) ভগবতি! আমার কথামত আর্য্যপুত্রকে ভগিনী শ্রীরাধার পাণিগ্রহণের জন্য নিবেদন করুন।

পৌর্ণমাসী। বৎসে! তুমি পতিব্রতাগণের শীর্ষস্থানীয়া, অতএব শ্রবণ কর —হে দেবি! তুমি মধুরিপুর করে শ্রীরাধাকে সমর্পণ করিলে

ধিন্বন্ ভাবী ভুবনমনযোঃ প্রেমসৌভাগ্যঘণ্টা-

নির্ঘোষাখ্যঃ পরিণয়বিধৌ রত্নধারাভিষেকঃ ॥ ২৫ ॥

চন্দ্রাবলী। (সহর্ষম্) অজ্জে! মাহবি এসো চ্চেঅ কামো, তা গোউলেসরীএ সমং সম্পাদীঅদু।

পৌর্ণমাসী। (যশোদামাবেদয়তি)

যশোদা। জাদ! বচ্ছা অন্দাঅলী কিম্বি অব্ভত্থেদি।

বিক্তস্তায়াং সত্যাম্। অনয়োঃ পরিণয়বিধৌ রত্নধারাভিষেকো ভুবনং ধিন্বন্ ভাবী ভবিষ্যতি। প্রেম-সৌভাগ্যঘণ্টায়া নির্ঘোষমাখ্যাস্তি যস্তাদৃশ ইত্যন্বয়ঃ ॥ ২৫ ॥

চন্দ্রাবলীতি। আর্যে! মমাপি এব এব কামঃ, তৎ গোকুলেশ্বর্যা সমং সম্পাদ্যতাম।

পৌর্ণেতি। (তং কামং যশোদাং প্রত্যাবেদয়তি)

যশোদেতি। জাত! বৎসা চন্দ্রাবলী কিমপি অভ্যর্থয়তি।

ইঁহাদের পরিণয়বিধিতে রত্নধারাভিষেকে প্রেমসৌভাগ্যরূপ ঘণ্টা-ধ্বনিতে ত্রিজগতের হর্ষবিধান করিবে এবং ইনি যে সাধ্বী, এই দৈব-প্রসিদ্ধি চিরকাল উদিত হইয়া থাকিবে ॥ ২৫ ॥

চন্দ্রাবলী। (আনন্দভরে) আর্যে! আমারও এইরূপ ইচ্ছা, অতএব উহা গোকুলেশ্বরীর সহিত সম্পাদিত করুন।

পৌর্ণমাসী। (যশোদাকে নিবেদন করিলেন)

যশোদা। পুত্র! বৎসা চন্দ্রাবলী কিছু নিবেদন করিতেছে।

কৃষ্ণঃ। অম্ব! কথয় কমস্যাঃ পরিপূরয়িষ্যাম্যভিলাষম্ ?

যশোদা। এবমেবেদং।

কৃষ্ণঃ। অম্ব! যথাজ্ঞাপয়তি।

(ইত্যুপসৃত্য জনান্তিকম্)

দেবি! দুর্ব্বহোঽয়ং গরীয়ান্মহাভারঃ তদিতোঽন্য-দাজ্ঞাপয়।

চন্দ্রাবলী। (সপ্রণয়েৰ্ষম্) ঠাণে বিজ্ঝসি, জং লদ্ধকাণ্ডোসি।

কৃষ্ণ ইতি। অস্যাঃ ভীষ্মকসুতায়াঃ।

যশোদেতি। এবমেতৎ।

কৃষ্ণ ইতি। মাতঃ! যথাজ্ঞাপয়সি, তথা করিষ্যামীত্যর্থঃ।

(জনান্তিকং কর্ণে লগিত্বাহ, কৃষ্ণ ইত্যর্থং বোধয়তি)

দেবি! মহাভারঃ রাজ্যো বরদানাং।

চন্দ্রাবলীতি। স্থানে বিভেষি, যং লব্ধকাণ্ডোঽসি লব্ধসময়োঽসি। পক্ষে, লব্ধবাণোঽসি। কাণ্ডোঽবসরবাণয়োরিতামরঃ।

কৃষ্ণ। মাতঃ! আজ্ঞা করুন, ইঁহার কোন্ অভিলাষ পূর্ণ করিব ?

যশোদা। এইরূপ।

কৃষ্ণ। মাতঃ! যেরূপ আজ্ঞা করিলেন, তাহাই হইবে।

(ইহা বলিয়া নিকটে যাইয়া জনান্তিকে দেবীর প্রতি)

দেবি! এই গুরুতর মহাভার অত্যন্ত দুর্ব্বহ, অতএব ইহা ভিন্ন অন্য কিছু আদেশ কর।

চন্দ্রাবলী। (প্রণয়সহিত ঈর্ষা সহকারে) উপযুক্ত সময় পাইয়া ভয় করা তোমার পক্ষে ভালই হইতেছে।

(ইতি রাধাং করে ধৃত্বা)

পুণ্ডরীককখ! এসা মে বহিণী, অহ্ম সআসাদোবি তুএ পউরপ্রেম্মেণ সংভাঅণিজ্জা।

(ইতি কৃষ্ণপাণৌ সমর্পয়তি)

কৃষ্ণঃ। (নীচৈঃ) দেবি! কস্তে প্রসাদং নাভিনন্দতি?

(ইতি সাদরং গৃহ্লাতি)

(নেপথ্যে) উদ্দিশ্যমানসরণির্নন্ রৈবতেন
গোবর্দ্ধনস্য করসম্ভৃতবামপাণিঃ।
ভল্লুকমল্লবদনাদুপলভ্য বার্ত্তাং
বিন্ধ্যো মুকুন্দনগরীং নগরাড়ুপৈতি ॥ ২৬ ॥

পুণ্ডরীকাক্ষ! এষা মে ভগিনী, অস্মৎসকাশাদপি ত্বয়া প্রচুরপ্রেম্না সম্ভাবনীয়া। নেপথ্যে। রৈবতেন পর্ব্বতেনোদ্দিশ্যমানা সরণিঃ পন্থাঃ যস্মিন সঃ। গোবর্দ্ধনস্য পর্ব্বতস্য করেণ সম্ভৃতো বামপাণির্যস্য সঃ। নগরাট্ নগরাজঃ ॥ ২৬ ॥

(ইহা বলিয়া শ্রীরাধার কর ধারণ পূর্ব্বক)

পুণ্ডরীকাক্ষ! এই আমার ভগিনী, আমার অপেক্ষাও আপনি প্রচুরতর প্রেমে ইহাকে আদর করিবেন। (ইহা বলিয়া শ্রীকৃষ্ণের হস্তে সমর্পণ করিলেন)।

কৃষ্ণ। (মৃদুস্বরে) দেবি! তোমার অনুগ্রহ কে না অভ্যর্থনা করে? (ইহা বলিয়া সাদরে গ্রহণ করিলেন)।

(নেপথ্যে)। জাম্ববানের মুখ হইতে বৃত্তান্ত অবগত হইয়া পর্ব্বতরাজ বিন্ধ্য পথপ্রদর্শক রৈবতক পর্ব্বতের সহিত বামহস্তে গোবর্দ্ধনের কর গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণের নগরে প্রবেশ করিতেছেন ॥ ২৬ ॥

পৌর্ণমাসী। পশ্যত পশ্যত,

ধৃত-হলধরপাণিঃ পর্ব্ববেদীমপূর্ব্বাং
প্রবিশতি বসুদেবো বৃষ্ণিবীরৈঃ পরীতঃ।
যদুকুলরমণীনাং শ্রেণীভিঃ সেব্যমানা
সদয়মুপনয়ন্তী রেবতীং দেবকী চ ॥ ২৭ ॥

নববৃন্দা। পশ্যত পশ্যত,

ভদ্রায়া দক্ষিণং পাণিং শৈব্যায়াঃ সব্যমুৎসুকা।
করাভ্যাং গৃহ্নতী শ্যামা পুরস্তাদিয়মাযযৌ ॥২৮॥

পৌর্ণেতি।

পর্ব্ববেদীং বিবাহোৎসববেদীম্। সদয়ং যথা স্যাত্তথা দেবকী চ রেবতী-মুপনয়ন্তী সতী পর্ব্ববেদীং প্রবিশতীত্যন্বয়ঃ ॥ ২৭-২৮ ॥

পৌর্ণমাসী।

দেখ দেখ, বৃষ্ণিবংশীয় বীরগণে পরিবৃত হইয়া বসুদেব হলধরের হস্তধারণ করিয়া অপূর্ব্ব বিবাহবেদীতে প্রবেশ করিলেন। এদিকে যদুকুল-রমণীদিগের দ্বারা সেবিতা হইয়া দেবী দেবকী রেবতী দেবীকে সদয়ভাবে গ্রহণ করিয়া উপস্থিত হইলেন ॥ ২৭ ॥

নববৃন্দা। দেখ দেখ, শ্যামা উৎকণ্ঠিতা হইয়া দুই হস্ত দ্বারা ভদ্রার দক্ষিণ হস্ত ও শৈব্যার বামহস্ত গ্রহণ করিয়া ঐ অগ্রে আগমন করিতেছেন ॥ ২৮ ॥

(নেপথ্যে) বিনীতে রাধায়াঃ পরিণয়বিধানাস্নুমতিভিঃ

স্বয়ং দেব্যা তস্মিন্ পিতুরিহ নিবন্ধে মৃদিতয়া।

কুমারীণাং তাসাময়মুপনয়ন্ ষোড়শ কৃতী

সহস্রাণি স্মেরঃ প্রবিশতি শতাঢ্যানি গরুড়ঃ ॥ ২৯ ॥

যশোদা। অম্মহে! দেব্বস্স একদা সব্বদোমুহী অণুউলদা।

পৌর্ণমাসী। পশ্যত পশ্যত,

দক্ষিণতঃ শ্রীদাম্না বামতঃ সুবলেন সব্যতঃ স্ফুরতা

উপচিত-পরমানন্দঃ প্রবিশত্যয়মগ্রতো নন্দঃ ॥ ৩০ ॥

নেপথ্যে। তস্মিন পিতৃভীষ্মকস্য নিবন্ধে তৎ রাধাপরিণয়বিধৌ মৃদিতয়া দেব্যা স্বয়ং বিনীতে বিগতং নীতে সতি। অয়ং গরুড়ঃ স্মেরঃ সন্ তাসাং কুমারীণাং শতাঢ্যানি ষোড়শসহস্রাণি উপনয়ন্ সন পর্ব্ববেদীং প্রবিশতি। ২৯ ॥

যশোদেতি। আশ্চর্য্যম্! দৈবস্যৈকদা সর্ব্বতোমুখ্যানুকূলতা।

পৌর্ণেতি। দক্ষিণতঃ স্ফুরতা শ্রীদাম্না বামতঃ সব্যতঃ স্ফুরতা সুবলেন বর্দ্ধিতো নন্দোঽগ্রতঃ প্রবিশতীত্যন্বয়ঃ। ৩০ ॥

(নেপথ্যে): শ্রীরাধার বিবাহবিধানে অনুমতিদানের দ্বারা হৃষ্টা দেবী স্বয়ং পিতার পণ খণ্ডন করায় কার্য্যদক্ষ গরুড় মৃদুহাস্য-পুরঃসর সেই কুমারীদিগের ষোড়শ-সহস্র একশতকে আনয়নপূর্ব্বক পর্ব্ববেদীতে প্রবেশ করিতেছেন ॥ ২৯ ॥

যশোদা। কি আশ্চর্য্য! দৈবের এককালে সর্ব্বতোভাবে অনুকূলতা।

পৌর্ণমাসী। দেখ দেখ, দক্ষিণদিকে শ্রীদামের সহিত এবং বামদিকে সুবলের সহিত সুশোভিত হইয়া পরমানন্দযুক্ত হইয়া নন্দ পুরোভাগে প্রবেশ করিলেন ॥ ৩০ ॥

(প্রবিশ্য যথানির্দ্দিষ্টো নন্দঃ)

নন্দঃ। ভগবতি! চরিতার্থোঽস্মি, চিরসম্ভৃতস্য মনোরথস্য পূরণেন।

(কৃষ্ণমালিঙ্গতি)

ভগিন্যৌ।

(পৌর্ণমাসীমন্তরাকৃত্য গোপেন্দ্রং প্রণমতঃ)

নন্দঃ।

বৎসে! পরস্পরস্য প্রাণাধিক্যং ভজন্ত্যৌ সৌভাগ্যবত্যৌ ভূয়াস্তাম্।

ভগিন্যৌ রাধা-চন্দ্রাবল্যৌ। (পৌর্ণমাস্যাঃ পশ্চাৎ তিরোধায়েত্যর্থঃ)
নন্দ ইতি। প্রাণাধিক্যং মধ্যমপুরুষদ্বিবচনাৎ যুবামিত্যধ্যাহার্য্যম্।

(ঐরূপভাবে নন্দের প্রবেশ)

নন্দ। ভগবতি! চিরপোষিত মনোরথ পূর্ণ হওয়ায় আমি চরিতার্থ হইয়াছি। (কৃষ্ণকে আলিঙ্গন করিলেন)

ভগিনীদ্বয়। (রাধা ও চন্দ্রাবলী পৌর্ণমাসীর অন্তরালে থাকিয়া গোপরাজ নন্দকে প্রণাম করিলেন)।

নন্দ। বৎসে! পরস্পরকে পরস্পরের প্রাণ অপেক্ষাও অধিক মনে করিয়া সৌভাগ্যবতী হও।

পৌর্ণমাসী ।

নিখিল-সতীনাং বৃন্দৈররুন্ধতীয়ং নিরুন্ধতী পদবীম্ ।
অনবাপ্তব্রতলোপা লোপামুদ্রাপ্যসৌ মিলতি ॥ ৩১ ॥

নববৃন্দা ।

গীর্ব্বাণাধিপতিঃ পুলোমতনয়ামৃদ্ধিং সখা ধূর্জটে-
র্ধূমোর্ণামরবিন্দবান্ধবসুতো গৌরীমপামীশ্বরঃ ।
ত্বাষ্ট্রীং চণ্ডরুচিঃ শিবাং মরুদসৌ স্বাহাং কৃশানুস্তথা
চন্দ্রঃ পশ্যত রোহিণীমুপনয়ন্ প্রাপচ্ছ দ্বারকাম্ ॥ ৩২ ॥

পৌর্ণেতি । অরুন্ধতী বশিষ্ঠভার্য্যা নিখিলসতীনাং বৃন্দৈঃ সহ পদবীং মার্গং নিরুন্ধতী সতী মিলতি । লোপামুদ্রাপি অগস্ত্যভার্য্যা অনবাপ্তব্রতলোপা সত্যসৌ মিলতীত্যন্বয়ঃ ॥ ৩১ ॥

নববৃন্দেতি । ইন্দ্রঃ পুলোমতনয়াং শচীমুপনয়ন্ দ্বারকাং প্রাপচ্ছত । কুবেরঃ ঋদ্ধিং স্বভার্য্যাম্ । অপামীশ্বরঃ বরুণঃ । ত্বাষ্ট্রীং বিশ্বকর্ম্মপুত্রীং সংজ্ঞাম ॥ ২ ॥

পৌর্ণমাসী । নিখিল সতীবৃন্দের সহিত বশিষ্ঠপত্নী অরুন্ধতী পথরোধ করিয়া এবং ঐ অখণ্ডিতব্রতা অগস্ত্যপত্নী লোপামুদ্রাও আসিয়া মিলিত হইলেন ॥ ৩১ ॥

নববৃন্দা । দেখ দেখ, দেবরাজ ইন্দ্র পুলোমতনয়া শচীকে লইয়া, কুবের স্বীয় ভার্য্যা ঋদ্ধিকে লইয়া, পদ্মিনীবান্ধব সূর্য্যসুত যম ধূমোর্ণাকে লইয়া, বরুণ গৌরীনাম্নী ভার্য্যাকে লইয়া, চণ্ডকিরণ সূর্য্য স্বীয় পত্নী বিশ্বকর্ম্মাপুত্রী সংজ্ঞাকে, বায়ুদেব শিবাকে, অগ্নিদেব স্বীয় পত্নী স্বাহাকে, চন্দ্রদেব রোহিণীকে লইয়া দ্বারকায় আসিলেন ॥ ৩২ ॥

(নেপথ্যে)

সৈরিন্ধ্রীয়ং সুগন্ধান্ প্রণয়তি বিবিধানঙ্গরাগপ্রবন্ধান্
দামান্যগ্রে সুদামা মুদিতমতিরসৌ ভূরিশো নির্ম্মিমীতে।
ভঙ্গীভির্বায়কোঽয়ং রুচিমিহ রচয়ত্যম্বরাণাং বরাণাং
পূর্ণানন্দাভিঘূর্ণৎ পরিজনগহনা দ্বারকোল্লালসীতি ॥ ৩৩ ॥

ললিতা। বিসাহে! বাঢ়ং কিদত্থাসি, পুণোবি দোণং সঙ্গম-মহূসবদংসণেণ।

পৌর্ণমাসী। যশোদামাতঃ! উপস্থিতোঽয়ং সর্ব্বাভিষেকসম্ভারঃ,

নেপথ্যে। পরিজনৈর্গহনা নিবড়া দ্বারকা অতিশয়ং বিরাজতে ॥ ৩৩ ॥

ললিতেতি। বিশাখে! অতিশয়ং কৃতার্থাস্মি, পুনরপি দ্বয়োঃ সঙ্গমমহোৎ-সবদর্শনেন।

পৌর্ণেতি। যশোদামাতঃ। ইত্যত্র বহুব্রীহৌ মাতৃশব্দস্য মাতাদেশো বিহিতঃ।

(নেপথ্যে)।

এই সৈরিন্ধ্রী নানাপ্রকারের সুগন্ধ অঙ্গরাগ সকল প্রস্তুত করিতেছে, অগ্রে আনন্দিতমনে সুদামা প্রচুর মালা গ্রন্থন করিতেছে, তন্তুবায় বিবিধ উৎকৃষ্ট বস্ত্রের শোভা রচনা করিতেছে, এই প্রকারে আনন্দাতিশয্যে বিকলচিত্ত পরিজনগণে পরিপূর্ণা হইয়া দ্বারকানগরী অতিশয় উল্লাস প্রকাশ করিতেছে ॥ ৩৩ ॥

ললিতা। বিশাখে! পুনরায় শ্রীরাধা ও কৃষ্ণ এই উভয়ের সঙ্গম-মহোৎসব দর্শন করিয়া তুমি অতিশয় কৃতার্থ হইয়াছ।

পৌর্ণমাসী। হে যশোদামাতঃ! অভিষেকের সমস্ত বস্তুই উপস্থিত,

তদলংক্রিয়তাং প্রথমং রাধয়া সহ পর্ব্ববেদী, ততঃ ক্রমেণ কুমারীভিশ্চ।

কৃষ্ণঃ। (সর্ব্বমভিনন্দ্য জনান্তিকম্) প্রাণেশ্বরি রাধে! প্রার্থয়স্ব কিমতঃপরং প্রিয়ং করবাণি?

রাধা। (সানন্দং সংস্কৃতেন)

সখ্যস্তা মিলিতা নিসর্গমধুরপ্রেমাভিরামীকৃতা
যামীয়ং সমগংস্ত সংস্তববতী শ্বশ্রূস্ত গোষ্ঠেশ্বরী।
বৃন্দারণ্য-নিকুঞ্জধাম্নি ভবতা সঙ্গোৎসবায়ং রঙ্গবান্
সংবৃত্তঃ কিমতঃ পরং প্রিয়তরং কর্ত্তব্যমত্রাস্তি মে ॥৩৪॥

রাধেতি। স্বভাবমধুরপ্রেম্নাভিরামীকৃতা সুন্দরীকৃতাঃ। সমগংস্ত সঙ্গতবতী। যামী স্বস্কুলস্ত্রিয়ানিতামরঃ। সংস্তবো প্রস্তাবধ্বনিতামরঃ। যদ্বা, সংস্তবঃ স্যাৎ পরিচয় ইত্যমরঃ। পরিচয়বতীত্যর্থঃ॥ ৪ ॥

অতএব সর্ব্বপ্রথমে শ্রীরাধার সহিত ও পরে কুমারীদিগের সহিত বিবাহবেদী অলঙ্কৃত কর।

কৃষ্ণ। (সকলকে অভিনন্দন পূর্ব্বক নির্জ্জনে) প্রাণেশ্বরি রাধে! অতঃপর তোমার আর কি প্রিয় আচরণ করিব তাহা বল?

রাধা। (আনন্দভরে সংস্কৃত ভাষায়) স্বাভাবিক মধুর প্রেমে মনোহারিণী সেই সখীগণ আসিয়া মিলিতা হইলেন, পরিচিতা এই ভগিনী চন্দ্রাবলী ও শ্বশ্রূ গোষ্ঠেশ্বরীকে প্রাপ্ত হইলাম, এই বৃন্দাবনের নিকুঞ্জধামে আপনার সহিত নানারসসম্পন্ন মিলনোৎসবও সম্পন্ন হইল, অতএব ইহার পর আমার আর কি প্রিয়তর কর্ত্তব্য অবশিষ্ট থাকিল? ॥ ৩৪ ॥

তথাপীদমস্তু,—

চিরাদাশামাত্রং ত্বয়ি বিরচয়ন্তঃ স্থিরধিয়ো
বিদধ্যুর্যে বাসং মধুরিমগভীরে মধুপুরে।
দধানঃ কৈশোরে বয়সি সখিতাং গোকুলপতে!
প্রপদ্যেথাস্তেষাং পরিচয়মবশ্যং নয়নয়োঃ ॥ ৩৫ ॥

কিঞ্চ—

যা তে লীলাপদ-পরিমলোদ্গারিবন্যাপরীতা
ধন্যা ক্ষৌণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ।

চিরাদিতি। মধুপুর ইত্যুপলক্ষণম্, মথুরামণ্ডল ইত্যর্থঃ। সখিতাং সখ্যতাম্ অর্থাৎ শ্রীদামাদীনাম্। পরিচয়ং গোচরম্ ॥ ৩৫ ॥

কিঞ্চেতি। লীলাপদানাং লীলাস্থানানাম্। পরিমলোদ্গারিণী যা বন-সমূহস্তয়া পরীতা ব্যাপ্তা। মাথুরী মথুরাসম্বন্ধিনী মাধুরীভির্মাধুর্যৈর্বৃতা।

তথাপি ইহাই হউক, যে সকল স্থিরবুদ্ধি ব্যক্তিগণ বহুকাল হইতে তোমাতে আশামাত্র ধারণ করিয়া মাধুর্যময় মধুপুরে বাস করিতেছেন, হে গোকুলপতে! কৈশোর বয়সের সখ্যতা ধারণ করিয়া তোমাকে অবশ্যই তাঁহাদের নয়নপথের পথবর্ত্তী হইতে হইবে ॥ ৩৫ ॥

আরও—তোমার লীলাস্থান-সমূহের সৌরভবিস্তারকারী বনসমূহে পরিব্যাপ্ত যে মাধুর্য্যসমূহে পরিবেষ্টিতা মথুরানামক ধন্যা ভূমি

তত্রাস্মাভিশ্চটুলপশুপীভাবমুগ্ধান্তরাভিঃ

সম্বীতস্ত্বং কলয় বদনোল্লাসিবেণুর্বিহারম্ ॥ ৩৬ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে! তথাস্তু।

রাধা। কথম্বিঅ?

কৃষ্ণঃ। (স্থগিতমিবাপসব্যতো বিলোকতে)

(প্রবিশ্য গার্গ্যা সত্রাপটীক্ষেপেণ একানংশা)

একানংশা। সখি রাধে! নাত্র সংশয়ং কৃথাঃ, যতো ভবত্যঃ শ্রীমদ্গোকুলে তত্রৈব বর্ত্তন্তে, কিন্তু ময়ৈব কালক্ষেপার্থমন্যথা

তত্র ক্ষৌণ্যাং চটুলো যঃ পশুপীভাবো গোপীনাং মাধুর্য্যং তেন মুগ্ধ-মন্তরমন্তঃকরণং যাভিস্তাভিঃ সম্বীতো বেষ্টিতঃ সন্। বন্যা বনসমূহে স্থাদিত্যমরঃ ॥ ৩৬ ॥

কৃষ্ণ ইতি। (অপসব্যতো দক্ষিণতঃ)

(অপটীক্ষেপেণ ঝটিতীত্যর্থঃ। একানংশা যশোদোদ্ভূতা। বিন্ধ্যাপর্ব্বতবাসিনী অত্রৈব মথুরাভূমিবিহারে)

বিরাজ করিতেছে, তাহাতে গোপীভাবে মুগ্ধচিত্তা আমাদের সহিত পরিবেষ্টিত হইয়া প্রফুল্লবদনে উল্লাসময় বেণুবাদন করিতে থাক ॥ ৩৬ ॥

কৃষ্ণ। প্রিয়ে! তাহাই হইবে।

রাধা। কি প্রকারে?

কৃষ্ণ। (স্থগিতের ন্যায় দক্ষিণদিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন)

(সত্বর গার্গীর সহিত একানংশার প্রবেশ)

একানংশা। সখি রাধে! কিছুমাত্র সংশয় করিও না, যেহেতু, তোমরা সেই শ্রীমদ্গোকুলেই বর্ত্তমান আছ, কিন্তু আমি কালক্ষেপণের জন্য

প্রপঞ্চিতম্, তদেতন্মনস্যনুভূয়তাম্, কৃষ্ণোঽপ্যেষ তত্র গত এব প্রতীয়তাম্।

গার্গী। (স্বগতম্) ফলিদং মে দাদমুহাদো সুদেণ।

রাধা। (প্রণিধায় বৈবশ্যং নাটয়তি)।

গার্গী। সহি ! সমস্সসাহি সমস্সসাহি।

রাধা। (সমাশ্বস্য তির্য্যক্ কৃষ্ণমবলোকতে)।

কৃষ্ণঃ। প্রিয়ে! ভূয়ঃ কিন্তে প্রিয়ং করবাণি ?

রাধা। (স্মিতং কৃত্বা) বহিরঙ্গজনালক্ষ্যতয়া শ্রীগোকুলমপি স্বস্বরূপৈরলঙ্করবামেতি।

গার্গীতি। ফলিতং মে তাতমুখতঃ শ্রুতেন।

গার্গীতি। সমাশ্বসিহি সমাশ্বসিহি।

রাধেতি। বহিরঙ্গজনৈরলক্ষ্যতয়া তদীয়ৈঃ স্বরূপৈঃ স্বস্য চ স্বরূপৈ-রিত্যর্থঃ।

অন্য প্রকারে এই লীলাবিস্তার করিয়াছি, অতএব ইহাই মনে মনে অনুভব কর, শ্রীকৃষ্ণও সেই গোকুলে আসিয়া অবস্থান করিতেছেন, ইহা বিশ্বাস কর।

গার্গী। আমি পিতার মুখ হইতে যাহা শুনিয়াছিলাম, তাহা সফল হইল।

রাধা। (সমস্ত শ্রবণ করিয়া আনন্দে বিহ্বল হইলেন)

গার্গী। সখি ! শান্ত হও, স্থির হও।

রাধা। (শান্ত হইয়া বক্রদৃষ্টিতে শ্রীকৃষ্ণকে দেখিতে লাগিলেন)

কৃষ্ণ। প্রিয়ে ! তোমার আর কি প্রিয় সাধন করিব ?

রাধা। (মৃদুহাস্যপূর্ব্বক) আমরা বহিরঙ্গজন কর্ত্তৃক অলক্ষিত হইয়া শ্রীগোকুলকে স্বীয় স্বীয় রূপে বিভূষিত করিয়া থাকিব।

কৃষ্ণঃ। প্রিয়ে! তথাস্তু, তদেহি স্বস্বস্তবাভ্যর্থনামবন্ধ্যাং করবাম। (ইতি সর্ব্বৈরাবৃতৌ নিষ্ক্রান্তৌ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পূর্ণমনোরথো নাম দশমোঽঙ্কঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

নাটকে সমুচিতামপীশ্বরঃ স্বৈরমপ্রকটয়ন্নুদাত্ততাম্।
অত্র মন্মথমনোহরো হরির্লীলয়া ললিতভাবমাযযৌ ॥

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবাখ্যং নাটকং সমাপ্তম্ ॥ * ॥

কৃষ্ণ ইতি। তব স্বসুশ্চন্দ্রাবল্যা অভ্যর্থনাং যুষ্মৎপাণিগ্রহণরূপাম্ অবন্ধ্যাং সফলাম্।

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবনাটকে পূর্ণো গোপীনাং কৃষ্ণকর্ত্তৃক স্বপরিণয়-রূপো মনোরথো যত্র সঃ। পূর্ণমনোরথো নাম দশমোঽঙ্কঃ ॥ * ॥

নাটকেতি। উদাত্ততাং উদাত্তনায়কতাম্। ললিতং লালিত্যম্।

॥ * ॥ ইতি শ্রীললিতমাধবাখ্যনাটকটিপ্পনী সম্পূর্ণা ॥ * ॥

কৃষ্ণ। প্রিয়ে! তাহাই হইবে, তবে এখন আইস, তোমার ভগিনীর প্রার্থনা সফল করা যাউক।

(ইহা বলিয়া সকলের দ্বারা বেষ্টিত হইয়া উভয়ের প্রস্থান)

(সকলের প্রস্থান)

ইতি শ্রীললিতমাধব নাটকে "পূর্ণমনোরথ" নামক দশম অঙ্ক সমাপ্ত ॥১০॥

এই নাটকে মন্মথমনোহারী শ্রীহরি স্বীয় ইচ্ছানুরূপ সমুচিত উদাত্ত-নায়কতা প্রকাশ করিয়া লীলা দ্বারা ললিতভাব প্রাপ্ত হইয়াছেন।

ইতি শ্রীললিতমাধব নামক নাটক সমাপ্ত।

পরিশিষ্ট

পূর্ণং কলাচতুঃষষ্ট্যা লক্ষণৈর্ভূষণৈরপি।
ভজন্তু শ্রিতগান্ধর্ব্বং ধীরা ! ললিতমাধবম্।
নন্দেষুবেদেন্দুমিতে * শকাব্দে
শুক্রস্য মাসস্য তিথৌ চতুর্থ্যাম্।
দিনে দিনেশস্য হরিং প্রণম্য
সমাপয়ং ভদ্রবনে প্রবন্ধম্।

পূর্ণমিতি। পূর্ব্বোক্তয়া কলাচতুঃষষ্ট্যা লক্ষণৈর্নাটকলক্ষণৈঃ। পক্ষে, দ্বাত্রিংশল্লক্ষণৈঃ। ভূষণৈঃ নাটকভূষণৈঃ। পক্ষে, কৌস্তুভাদিভূষণৈঃ। শ্রিতাঃ গান্ধর্ব্বাশ্চতুর্থী নাটকোক্তা যেন স তম্ পক্ষে, শ্রিতা গান্ধর্ব্বা রাধা যেন তৎ।

নন্দেতি। চতুর্দ্দশশতোনষষ্টিশাকে। জ্যৈষ্ঠমাসস্য চতুর্থ্যাং তিথৌ সূর্য্যবারে প্রবন্ধং গ্রন্থম।

হে ধীরগণ! চতুঃষষ্টি কলা দ্বারা পরিপূর্ণ, সমস্ত নাটক-লক্ষণের দ্বারা ও অলঙ্কারের দ্বারা ভূষিত গান্ধর্ব্ববিদ্যা-পরিপূর্ণ এই ললিতমাধব নাটকের অনুশীলন করুন। পক্ষান্তরে, হে ভক্তগণ! আপনারা চতুঃষষ্টি কলা-পরিপূর্ণ সমস্ত সল্লক্ষণে ও কৌস্তুভাদি ভূষণে ভূষিত শ্রীরাধিকার সহিত মিলিত ক্রীড়াশীল শ্রীকৃষ্ণের ভজনা করুন।

চতুর্দ্দশ শত উনষাট্ শকাব্দে, জ্যৈষ্ঠ মাসের চতুর্থী তিথিতে রবিবারে শ্রীহরিকে প্রণাম করিয়া আমি ভদ্রবনে এই নাটক সমাপ্ত করিলাম।

* নন্দাঙ্গবেদেন্দুমিতে, ইত্যপি পাঠঃ।

তটস্থেনাপি গম্ভীরে রসস্রোতসি যন্ময়া।
সর্ব্বতোমুখমাকীর্ণং তৎ ক্ষমধ্বং মনীষিণঃ

তটস্থেতি। গম্ভীরে রসস্রোতসি তটস্থেনাপি ময়া যৎ সর্ব্বতোমুখং জলম্। কবন্ধমুদকং পাথঃ পুষ্করং সর্ব্বতোমুখমিত্যমরঃ। পক্ষে, সর্ব্বত্র স্রোতসি মুখমাকীর্ণং নিক্ষিপ্তমিত্যর্থঃ।

হে মনীষিগণ! এই গম্ভীর রসস্রোতের তটে অবস্থিত থাকিয়া আমি সর্ব্বতোমুখ হইয়া যাহা বর্ণনা করিলাম, অথবা এই গম্ভীর রসস্রোতের তীরে থাকিয়া যে জল নিক্ষেপ করিলাম, তাহা ক্ষমা করুন।

সমাপ্ত